

প্রথম খণ্ড

( ১২৯৩-৯৬ সালের ডায়েরী )



শ্রীমদাচার্য্য শ্রীশ্রীবিজয়কুফ গোস্বামীজীউর দেহাশ্রিত অবস্থার

কতক্ষময়ের দৈনন্দিন রুত্তান্ত।

্দীয় কুপাভাজন

ঐাকুলদানন্দ ব্রসাচারী কর্তৃক স্থাস্থভাবে লিখিত।

> কলিকাতা, বড়বালার, ২০ নং দর্মাহাটা ষ্ট্রীট হইতে শ্রীমহানন্দ নন্দী কর্ত্তৃক প্রকাশিত।

> > 20591

কুশুলীন প্রেস, ৬১ নং বৌবাদ্ধার ষ্টাট, কলিকাতা ; শ্রীপূর্ণচন্দ্র দাস দ্বারা মুদ্রিত।



# শুদ্দিপত্ৰ

<b>ৰ্ম</b> ছা	<b>প</b> ঙ্ক্তি	স <b>ং</b> দ	শুব্দ
ર	20	চ <b>তুঃ</b> পাৰ্যে	চতুম্পার্যে
8	२२	<b>আ</b> ণ্ডিণ	আ গুন
<b>\$</b> >	હ	আ গুণ	জাগুন
. <b>?</b> \$	₹ ৫	দেবে1	দেবঃ
३ २	>	<b>খাখ</b> তায়	শাৰতায়
२२	: 0	সাধনে	শাধনের
૨૭	b "	. ভাবোচ্ছাদ	ভাবোচ্ছাদ
२४	ર ૧	র ওয়না	রওনা _
<b>ミ</b> レ	٠ ٩	আসিবার	আসিবার পর
ć \$ ?		>২ই মাঘ	১১ই মাব
٥.	20	মিলিয়।	মেশিয়া
<b></b>	` २ ०	অ[মর	আমার
ಎಎ	20	भू <b>भू</b>	মুমূর্
89	2 •	পুরান	প্রাণ
¢ •	25	পাড়	পার
¢ 8	ર હ	প্রান	পুরাণ
¢ &	<b>₹</b>	স্জনি	স্বৰ্জনি
er-	: ৬	কত	কতক
৬১	₹.8	নিরাপদ	নিরাপৎ
·&b	•	গোঁসাই	গোঁসাইকে
90	۲	অন্তৰ্হিত 🛴 📜	অস্তৰ্শিহিত
۹۶	२०	'মাত্র	শাত্ৰ,

পৃষ্ঠা	পঙ্কি	<b>অণ্ড</b> দ্ধ	<b>***</b>
<del>७</del> २	36	শড়ে	পারে
৮৬	<b>૨</b> •	থামকে	খামকে
66	₹ @	নি <b>≖</b> চয়	নি <b>শ্চি</b> ড
৯৬	50	<b>ত্রিস্থ</b> তি	<b>ত্রিস্থ</b> তি
>••	>0	আয়ন্তাধীন	আয়ন্তাধীন
200	<i>چ</i> ز	মুসলমনান	মুসলমান
>>5	<b>૨</b> ૭	পুরান	পুরাণ
>>9	<b>૨</b> ૯, ૨૧	নাড়	নাড়ু
>>¢	٥٠	অস্তবে ক্রিয়ের	অন্তরিক্রিয়ের
১২৬	>>	পড়-শুনা	পড়া-ভনা
3:9	٠.	অপরীসীম	অপরিদীম
<b>১৫</b> ২	٥٤	পৃস্তকে	পুস্তকে
,500	₹8	বদ্ধিষ্ট	বর্দ্ধিষ্ণু
399	ર⊙, રહ	সংস্কীর্ত্তন	সঙ্গী <b>ত</b> ন
১৬৯, ১৭০	₹ <b>&gt;</b> , ₡	পাড়	পার
১৭৩	२५ -	প্রধর্মোভয়াব্য:	প্রধর্মো ভয়াবহ
200	১৬	পাড়ে	পারে
>9¢	₹ @	<b>অন্ত</b> ৰ্মণী	ञश्रम् थी
727	ь	অসাধরণ	অসাধারণ
১৯২	ર	নিরাপদ	নিরাপৎ
<b>५</b> ०२	24	<u> চ</u> ্ধ	<b>ত</b> ংধর
400	NT.		





আমার পরমারাধ্য গুরুদেব ভগবান্ ঐ শীবিজয়রুফ গোরামী প্রভূ এদেশে স্থপরিচিত। তিনি ১২৪৮ সালে শুভ ৮ ঝুলন-পূর্ণিমাতে প্রীধামশান্তিপুরের বিশুদ্ধ অবৈত-বংশে পরম ভাগবত পণ্ডিতপ্রবর শীমং-আনক্ষিণোর গোরামী প্রভূব পুত্ররূপে জন্মগ্রহণ করিয়া-ছিলেন।

বালাজীবনে তাঁহার বেদমন্ত স্বাভাবিক সদ্গুণ ও অদুত ক্রিয়াকলাপ দর্শন করিয়া তাঁহার আ্যীয় স্বন্ধন ও শান্তিপুরবাদীরা এক সময়ে বিশ্বিত হইয়াছিলেন, দে সকল সাধারণের শ্রুতিগোচর করা আমার এই পুতকের উদ্দেশ্য নয়।

যৌবনকালে, সরল বিখাসে ত্রাক্ষধর্ম অবলম্বনপূর্বক, পরতঃথে কাতর হইয়া, তাৎকালিক ছনীতি-ছরাচার-দ্রীকরণার্থে এবং সময়োচিত ধর্মসংস্থাপনের জন্ত, বিষম অত্যাচার উৎপীজন ভোগ করিয়াও, যে ভাবে তিনি অদমা উৎসাহে দেশের পুনকুখানের জন্ত কার্য্য করিয়াছিলেন, ঠাকুরের জীবনের দেই সময়ের ঘটনাসকল অনুসন্ধান করিয়া প্রচার করাও আমার এ পুত্তকের অভিপ্রায় নয়।

শুধু বিমল বিশুদ্ধ ধর্মমতে এবং অনাদি অনন্ত সত্যস্বরূপ প্রমেখরের অন্তিন্ধাত্র-ধ্যানে পরিতৃষ্ট না হইয়া, প্রত্যক্ষ ভাবে জীবনে সেই পরম বস্তু লাভ করিবার জন্ম যে ভাবে তিনি বিভিন্নধ্যাসম্প্রদায়ের উপাসনাপ্রণালী অবলধনপূর্ব্ধক তীব্র তশস্তা ও কঠোর সাধন ভলন করিয়াছিলেন, এবং তাহাতেও নিজ লক্ষ্য বস্তু ভগবান্কে সাক্ষাং রূপে লাভ করিতে না পারিয়া, যে অবস্থায়, হুর্গম পাহাড়-পর্বতে ও বন-জন্মলে, অনাহারে অনিদ্রায়, সদ্গুরুর অনুস্কানে উন্মত্তের মত ছুটাছুট করিয়াছিলেন, সে সমস্ত বিবরণ ভাঁহারই শ্রীমুধে শুনিয়া অবাক্ হইয়াছি ও লিথিয়া রাথিয়াছি।

অবলেষে, তাঁহার প্রৌঢ়াবদ্বায়, আশ্চর্যা প্রকারে গ্রা-পাহাড়ে, অকমাৎ আবিভূতি হইয়া মানসমরোবর-নিবাসী খ্রীখ্রীপ্রকানন্দ প্রমহংসন্ধী, তাঁহাকে শক্তি-সঞ্চার পূর্বক দীকা প্রদান করতঃ, মুহুর্তমধ্যে অন্তহিত হইলেন। সেই সমন্বহতৈ তিনি, তাঁহার চিরাভীপ্রিত

#### শ্রীশ্রীসদগুরুসম্ম।

বু দুর্ফিনা রূপ ভারনেকে সাক্ষাৎ রূপে প্রত্যক্ষভাবে লাভ করিয়া, যে অবং তার্নিষ্ট দিন লাল করিয়া, সময়ে প্রায় তের চৌদ বৎসর কাল তাঁহার মধুর সঙ্গ লা তাই প্রত্যক্ষিত্র করিয়া, সময়ে সময়ে মুগ্ধ ও গুন্তিত হইয়াছি। হায়, কিছুকাল । মই ভিত্তাবিশাহন প্রস্থানারম ব্যবহারের ছবিটমাত্র আমাদের সম্মুথে রাথিঃ তালিক লালিক ভক্তগণে প্রাণারাম, সামাদের দেই লিগ্ধ-স্থভাত্বর তবহুত্তি-প্রভাকর অক্সাৎ অন্তমিত হইলেন ঘার কৃষ্ণা হাদনীর প্রথম অন্ধকারে হতভাগ্য ভক্তগণের মন্তকোপরি অমনি আচন্ধি অশনি পতিত হইল। সেই ভীষণ ছদিনের হৃদয়বিদারক দৃশ্য অন্ধিত করিয়াই, আমা ভাষেরীর শেষ পৃষ্ঠা চিরকালের মত শেষ করিয়া রাথিয়াছি।

চেলেবেলায়. প্রায় দশ বৎসর বয়সহইতে, আমার ডায়েরী লিখার অভ্যাস ছিল। স্ততর ঠাকুরের আশ্রয় গ্রহণ ক্রিয়া তাঁহার চিব্লস্মাধিগ্রহণের দিন প্র্যান্ত আমার ডায়ের লিখা রহিয়াছে। ঠাকুরের নিকটে সর্বনা একটি লোক থাকা আবশুক হইত বলিয়া সে কার্য্যভার আমারই উপরে অর্পিত ছিল। আমি আহার নিদ্রার সময় ব্যতীত প্রায় নিয়**ু** ভাঁহারই সম্মুখে বসিয়া থাকিতাম। ঠাকুরের নিকটে সাধন পাইয়া প্রায় তের চৌ বংসর কাল অবিচেছদে তাঁহার সঙ্গ করি। সে সময়ে তাঁহার কথাবার্ত্তা, আচারবাবহার ক্রিয়াকলাপ যেদিন যেমন দেখিয়াছি ও গুনিয়াছি, আমার সাধ্যমত যথায়থ ও বিস্তারিতক্সণে ভায়েরীর সেই সেই তারিখে সে সব লিখিয়া রাখিয়াছি। আমার ভায়েরীতে বিশেষ ভায়ে আমারই জীবনের নানাপ্রকার ছরবস্থা ও আকম্মিক ছর্দশায় ঠাকুরের অনুশাসন, উপদেশ, · দয়া ও সহামুভতির সঙ্গে সঙ্গে, তাঁহার অপার্থিব জীবনের আ\*চর্য্য ঘটনাবলীর নিদর্শন—যাহা তিনি সময়ে সময়ে প্রকাশ করিয়াছেন-সরল ভাবে ও অকপটে, যেমন যেমন পাইতাম, শিথিয়া রাখিতাম। তবে, নিয়ত একতা থাকার দকণ ঠাকুরের সেই সেই সময়ের নিভাসঙ্গী আমার শ্রদ্ধেয় গুরুত্রাতাদের তাৎকাশিক কোন কোন ঘটনার সহিত আমার বিশেষ সম্বন্ধ থাকা হেত. এবং সে সকলের সহিত ঠাকুরের আদেশ উপদেশ ও ব্যবহারের সংস্রব বিশেষ ভাবে-থাকাবশতঃ, ঐ সমন্তও আমার ডায়েরীর অন্তর্গত হইয়া রহিয়াছে। আমরা যদি সকলে সাধু, শাস্ক, জিতেক্রিয়, নিম্বলক জীবন লইয়াই ঠাকুরের আশ্রয় গ্রহণ করিয়া থাকি, তাহা ছটলে **ভাঁহার রূপা ও মহিমার পূর্ণ নিদর্শন কিরুপে পাইব** ৪ ভাঁহার পতিতপাবনতাই বা কিরপে সমাক্ প্রিম্টিত হইবে? এক দিকে উৎপীড়নের আধিকা প্রকাশ না হইলে অপর দিকে ক্রমার বিশেষত্ব বুঝা যায় না। এক দিকে যেমন অত্যাচার ও অবাধ্যতা অপর

#### निद्वप्तन ।

দ্বিংক তেমনই ধৈর্ঘ ও সহিষ্ণুতা, এক দিকে হীনতা ও অধোগতি অপর দিকে দরা ও সহায়ভূতি। এমত ঠাকুরের অসাধারণ রূপা ও অহুত জীবনের বিন্দুমাত্র পরিচয় স্মৃতিতে রাথিবার অভিপ্রায়ে তৎসাময়িক নিতাসদী গুক্ত নাতাদের সাধারণ ব্যবহার, এবং বিশেষ ভাবে আমার নিজ জীবনের গলদ, যে দিনকার যেমন, এই ডায়েরীতে লিথিয়া রাথিয়াছি।

আমার ডায়েরী লিখা অভ্যাস গুরুলাতারা অনেকেই জানেন। স্কুতরাং শুকু শুত গুরুত্রাতা ঠাকুরের অন্তর্দ্ধানের পর হইতে এপর্যান্ত, ঠাকুরের একথানি জীবনচরিত লিখিতে আমাকে অনুবোধ করিতেছেন। কিন্তু ঠাকুরের সঙ্গে এই তের চৌদ্ধ বৎসর থাকিয়া তাঁহার যে দকল ব্যাপার দেথিয়াছি, তাহাতে তাঁহার জীবনচরিত লেখা বা দেই বিষয়ে চেষ্টা করাও নিতান্তই অসম্ভব মনে হয়। আমার সরল বিশ্বাস, তাঁহার সম্পূর্ণ জীবনী ছইতে পারে না। ভাষায় যাহা প্রকাশ করা যায় না, তাঁহার জীবনের সেইস্কল অতীন্ত্রিয় তরাসভতির কথা ধরিয়া আমি ইহা বলিতেছি না। অতি নিমুস্তরের যোগৈখুর্যালক শক্তিপুঞ্জের যেদকল ক্রিয়া ও কলামুভূতি তাঁহার পাঞ্চতীতিক দেহে দর্মদা হইতে দেখিয়াছি এবং দেবতা ও সিদ্ধনহাপ্রক্ষণণসম্বন্ধীয় সাধারণের বিশ্বাদের অতীত যেসকল অলৌকিক ঘটনাবলী নিয়তই প্রত্যক্ষ করিয়াছি. সে সমস্ত মনে করিয়াও আমি এই কথা বলিতেছি না। আমার ইহা পরিকার ধারণা যে ঠাকুরের জীবনে এমন কতকগুলি সাধারণের বিশ্বাস্যোগ্য এবং বোধগ্য ঘটনা নানাস্থানে নানা অবস্থায় সাধারণ লোকচক্ষর অগোচরে সংঘটিত হইয়াছে যে তাহা তিনি তাঁহার নিতাসঙ্গী শিশ্যগণের নিকটেও প্রকাশ করিতে অবসর পান নাই: আবার কথনও কোনও ঘটনা কথাপ্রসঙ্গে অপরের নিকটেও প্রকাশ করিয়াছেন। স্নতরাং, এ সকল জানিয়া গুনিয়া, তাঁহার একথানি স্থল জীবনী প্রকাশ করিতে যাওয়া আমার পক্ষে কতদর তঃসাহদের কার্যা, সকলেই বঝিবেন। এদকল কারণে আমার এপ্রকার পরিকার ধারণা ঠাকুরের কথা যতই লিখি না কেন. তাহাদারা তাঁহার সমাক পরিচয় প্রদান অসম্ভব। এজন্ত ঠাকুরের অন্তর্জানের পর এতকাল আমি এ বিষয়ে কোন চেষ্টাই করি নাই: কেন না তাঁহার প্রেরণাভিন্ন তদীয়ঞ্জীবনীসঙ্কলনে আমার সাহস হয় না। ভবিশ্বতে তাঁহার প্রেরণা ও সহায়তা লাভ করিলে সে .বিষয়ে প্রবত্ত হইতে পারি।

গত ১০২০ সালে কলেরা রোগে যথন আমি একেবারে মরণাপন হইমাছিলাম, তথন আমার জীবনসম্বন্ধে সকলেই হতাশ হইমাছিলেন। আমার ডায়েরীগুলি প্রকাশ হইল না ভাবিরা, ঐ সময়ে অনেকে অত্যন্ত আক্ষেপ করিয়াছিলেন। ঠাকুরের ক্লপার্ম আমার আরোগ্য-

#### শ্রীশ্রীসদগুরুসঙ্গ।

ণাভের পর, আমার শ্রদ্ধেয় গুরুত্রতাদের সম্বেহ অন্তরোধ ও নির্বন্ধ আবার আমার উপরে পতিত হইল। আমি, তাহা অগ্রাহ্য করিতে না পারিয়া, আমার ঐ বিস্তৃত চৌদ্দ বৎসরের ডায়েরী প্রকাশ করিতে সঙ্কল্প করিলাম। কিন্তু একবারে তাহা হওয়া অসন্তর। এজন্ত ১২৯৮ সালের ডায়েরীথানা নিতান্ত জীর্ণ কাগজে পেন্সিলে লেখা বিলুপ্তপ্রায় অবস্থায় রহিয়াছে দেখিয়া, ক্রমবিকৃদ্ধ হইলেও, সর্ব্বপ্রথমে সেথানাই প্রকাশ করিয়াছিলাম।

এবার আমার দীকার সময়হইতে ক্রম অফুসারে ১২৯৩ হইতে ১২৯৬, সালের ডায়েরী প্রথম থণ্ড, এবং ১২৯৭ সালের ডায়েরী দ্বিতীয় থণ্ড নামে মুদ্রিত হইল।

ঠাকুরের কথা শ্বরণ রাখিয়া, অতি সাবধানতার সহিত এবং স্থলবিশেষে সংক্ষিপ্ত করিয়া, ইহা প্রকাশ করিলাম। এই কথা বলার তাৎপর্যা এই যে ঠাকুর অন্তর্জানের কয়েক দিন পূর্ব্বে একদিন আমাকে বলিয়াছিলেন—" ব্রহ্মচারি, প্রভাক্ষ সত্যও যাকে তাকে বলতে নাই। যদি বলতে হয়, চোখে আফুল দিয়ে তাঁকে প্রমাণসহিত দেখাতে হবে। না হ'লে শ্রীমন্ত সওদাগরের দশা ঘট্রে; এটি মনে রেখো।" তাই সবক্ষা আমার লিখার যো নাই. বোবার স্বপ্ন দেখার মত।

্ আমি, যে অবহার থাকিয়া, যে ঘটনায় পড়িয়া, ঠাকুরের আশ্রম লাভ কবিলান, এবং তাহার পর তাঁহার অবিচ্ছেদ সঙ্গলাভের প্রতিকূলে যে সকল শুলালাবদ্ধ আপদ বিপদ্ আমার সেই সময়ে ঘটিয়াছিল, সে সমস্ত শুধু তাঁহারই কুপা মনে করি। এজন্ত নিজ জীবনের তাৎকালিক ঘটনার অতি সংক্ষেপ ছ'তিনটি বিবরণ এখানে একটুনা দিয়া ভৃপ্তিলাভ করিতে পারিতেছিনা। আমার এই নির্লজ্জ্তা সকলে দ্যা করিয়া ক্ষমা করিবেন, এই প্রার্থনা।

আমার প্রায় ছয় বৎসর বয়েস একদিন বাড়ীর ধারে ময়দানে সমবয়য় ছেলেদের সম্পে অপরাত্নে গেলা করিতেছিলাম, কে আমাকে হঠাৎ ডাকিয়া বলিল "ভরে, ভোদের বাড়ী গোঁসাই এদেছেন, শীঘ্র যা।" আমি ঐ কথা শুনামাত্র এক দৌড়ে বাড়ীতে আসিয়া দেখি, ঠাকুরখরের ধারে, শেফালিকা গাছের নীচে, আমাদের আত্মীয়, ব্রাক্ষধর্মাবলধী ৬নবকাস্ত চেট্টাপাধ্যায় মহাশরের সহিত এক ব্যক্তি দাড়াইয়া আছেন। হাতে তাঁর মোটা লাসি, পায়ে জুতা, গায়ে একটি জামা ও ময়ুরপাজ্জী রলের জামিয়ার; শরীরটি প্রকাণ্ড। উলল অবস্থায় দৌড়িয়া আমি তাঁহার সয়ুথে গিয়া থম্কিয়া দাড়াইছেই, তিনি মেহদৃষ্টিতে ঈয়ৎ হাসিমুথে আমাকে খুব পরিচিতের মত বলিলেন—"কি থেলা কর্ছিলে 
প্রেশা কর গিয়ে" এই বলিয়া তিনি নবকাস্ত বাবুর সহিত ময়দানের দিকে

চুলিলেন; যাইতে যাইতে মুথ ফিরাইয়া তিনি এক-এক বার আমার দিকে চাহিতে লাগিলেন। তাঁহার সেই আকৃতি ও সঙ্গেহ চাহনীটি আজ পর্যান্তও আমি ভূলিতে পারি নাই। কেহ গোসাই শক্ষাট বলিলে আমি এই গোঁদাইকেই বুঝিতাম।

আমাদের পাডায় একটি বন্ধ ব্রাহ্মণ প্রতাহ ক্তিবাসের রামায়ণ স্কর করিয়া প্রতি-তেন। গুনিতে বড ভাল লাগিত। প্রতিদিন আমি গ্রামের অপর প্রান্তে আহারের পর ঘাইয়া সন্ধাপ্র্যুত্ত দেখানে থাকিতাম. তাঁহার মুখে রামের কথা ভুনিতাম। রামকে আমার ব্ড ভাল লাগিত বাম বেন আমাদের পরিবাবেরই কেহ, আমাদের ছাডিয়া বনে বনে ঘরিতেছেন—মনে করিয়া রামের জন্ম কাদিতাম। ছেলেদের সঙ্গে থেলা করিতে বনে-জঙ্গলে গোলে দেখানে রাম আছেন কি না, চারিদিকে দেখিতাম। রামের বর্ণ দর্কার মত : তাই আগ্রহের সহিত দুর্ব্বার দিকে চাহিয়া থাকিতাম। দুর্ব্বায় পা পড়িলে, রামের গায়ে লাগিল ভাবিয়া দেখানে লুটাইয়া পড়িতাম, রামকে নমস্বার করিতাম। তীরধফু সর্বনো হাতে রাথিতাম। একথানা ছেঁড়া রামায়ণ পাইয়া সারাদিন উহা সঙ্গে রাথিতাম, রাত্রিতে উহা মাথার নীচে রাখিয়া শুইতাম। এ সময়ে আমি শিশুশিক্ষাও পড়ি নাই। পরে. পাঠ-শালায় ও ছাত্রবজি কলে বোধোদয় পর্যান্ত পড়া হইলে, মেজ দাদা (শ্রীযক্ত বরদাকান্ত বল্লোপাধ্যায় মহাশয় ) আমাকে লেথাপড়ার জন্ত ঢাকা তইয়া গেলেন। এ সময়ে আমশর বয়স দশ বংসর। মেজ দাদা যত্ন করিয়া আমাকে ডায়েরী লিখিতে শিকা দিলেন। সারাদিনে কয়টি মিথ্যাকথা বলিতাম, কার সঙ্গে ঝগড়া করিতাম, কি কি দোষ করিতাম. প্রতাহ ঠিক ঠিক এই ডায়েরীতে লেখা হইত। এইসময়হইতে ডায়েরী লেখা আমার অভাগস।

আমার আত্মীয় বন্ধন অনেকেই প্রান্ধ । আমার জ্যেষ্ঠ সংহাদরেরাও সকলেই প্রান্ধনতালম্বী ছিলেন । ক্রমে মেঞ্চ দাদ। প্রতিরবিবারে আমাকে প্রান্ধসমাঞ্জে লইয়া যাইতেন । প্রান্ধনের উপসনাপ্রণালীতে অল দিনের মধ্যেই আমি অত্যন্ত আরুই হইয়া পড়িলাম । প্রতিদিন ছবেলা নিয়মিত রূপে প্রার্থনা করিতে লাগিলাম । প্রার্থনা করিয়া যে দিন না কাদিতাম, উপাসনা হইল না ভাবিয়া সারাদিন উদ্বেগ কাটাইতাম । কপট্যাও অসত্য ব্যবহার মহা অপরাধ জানিয়া, প্রকাশ ভাবে উপবীত তাগে করিয়া প্রান্ধের্মে দীক্ষা প্রহণ করিব তির করিলাম । আত্মীয় বন্ধনের ভিতরে ইহা লইয়া মহা "হৈ চৈ" পড়িয়া গেল । এই সময়ে ঢাকা-প্রান্ধসমাজে গোষামী মহাশয় আচার্য্য ছিলেন । গোষামী মহাশয়ের অসাম্প্রান্ধিক ভাবে হলয়স্পনী প্রার্থনা ও উপাসনাতে এবং প্রত্যহ সংকীপ্রনি উহার মহাভাবে

হিন্দু, মুসলমান, এটান সম্প্রানায়ের ধর্মাথিগণও আরুট হইয়া ব্রাহ্মসমাজে আসিডে, লাগিলেন। প্রতিদিন ব্রাহ্মসমাজে লোকে লোকারণা। প্রতিরবিবারেই মহা উৎসব হইতে লাগিল। জীবস্তধর্মের জাগ্রত ভাবে, সম্প্রদায় ও জাতিনির্কিশেষে, সকলেই অভিভূত হইতে লাগিলেন। জীবনে এমন্টি আর দেখি নাই।

১২৯৩ সালে, আখিন মাসে, শারণীয় উৎসবে আমি আকাধর্মে দীকাওাহণ করিব প্রত্যাশায় অস্থির হইয়া ঐ দিনের প্রত্যক্ষা করিতে লাগিলাম। এইসময়হইতে আমার যে ডায়েরী রহিয়াছে তাহাই এইবার মুদ্রিত হইল। ইতি—

জ্জীয়া বাবার সমাধি, ) প্রী।

শ্রীকুলদানন্দ ব্রহ্মচারী।



বিষয়						পৃষ্ঠ
		ভাদ্র, ১২	৯৩।			
অবত <b>রণিক</b> ।	•••					>
ঢাকা ব্ৰাহ্মসমা <b>জে</b> গো	<b>শাই</b>	•••	•••			- ء
গোঁদাইয়ের ব্রাহ্মদমার	দ্বিক্ত কাৰ্য্যে	র প্রতিবাদ			•••	
ব্রাহ্মধর্মে দীক্ষিত হইব			•••			8
অপূর্ব স্বল্ল – গোসাই			•••			æ
		আশ্বিন, ১:	২৯৩।			
সাধনপ্রাপ্তির তীত্র অ	ক <b>াজ্ঞা</b>			•••		٩
সাধ <b>নপ্রাপ্তির বাধা</b> —।	ছোট দাদা		•••			ь
	কার্ত্তি	ক ও সগ্ৰহা	য়ণ, ১২৯৩	t		
অকপট বিশ্বাদে অব্যৰ্থ	শক্তি		•••	•••		>>
সাধনপ্রাপ্তির বা্ধা—ে	মেজ দাদা		•••			১৩
হতাশার আখাস		•••	•••	•••		28
সাধনশাভে বড় দাদার	সম্বতি	•	•••			2 @
ব্রাহ্মসমাজে সাংবৎরিক	<b>উৎ</b> সব	•••	•••	•••		35
গোসাইয়ের উপদেশ 🕏	ার্থনার প্রকা	রভেদ	•••	•••		>9
সাধনলাভে মায়ের অসু	<b>ম</b> তি	•••		•••		25
		পোষ, ১২	৯৩।			
আমার দীকা				•••	•••	ર•
সাধনে বৈঠক		•••	•••	··· ·*	•••	२२
ইহা কি যোগ শক্তি ?		•••	•••	•••		₹8

विय <b>ष्ट्र</b>				,	পৃষ্ঠা
*	মাঘ, ১	২৯৩।			
মালোৎসবে ছভিন্ব ব্যাপার	•••	•••	•••		2 40
ভোঞ্চনকালে ভাষ্ট্ৰচিত্ৰ্য।অপূৰ্	ৰ উপাসনা		•••		২৯
অব্যক্ত বক্তৃতা	•••	•••			૭૨
আসননমস্বাবে কুসংস্কার	•••	•••	•••		೨
ব্ৰাহ্মসমাজে আন্দোলন—গোঁ/সাইয়ে	র পদত্যাগসকঃ	ī			<b>9</b> 8
	ফাল্পন, ১২	୍ରଥ ।			
বারদীর ব্রহ্মচারীর কথা	• • •		•••	•••	૭૯
•	टेकार्छ, : २	.≽8 I			
ছারভাঙ্গায় গোসাইয়ের প্রাণসংশয়					৩৬
আকাশপথে ব্ৰহ্মচারীর দারভাঙ্গায়			•••	•••	৩৭
গোঁদাইয়ের দারভাঙ্গাপ্রভৃতি স্থানে					৩৮
ব্যাধিমুক্তির অন্তত বিবরণ	•••				8 •
***************************************	আষাঢ়, ১	5591			
ধর্ম ও নীতি সম্বন্ধে উপদেশ					
पत्र अन्ता अन्यक्त अन्यन		•••	•••	• • •	8 3
	≛াবিণ, ১	<b>२</b> ৯८।			
ত্রাটক সাধনের প্রণাশী			•••	•••	8 (
গোঁদাইয়ের বকুতা দানে অসমতি				•••	8 9
সাধু-অবজ্ঞার সাজা				•••	8 9
গোপনে প্রাণায়াম এবং উচ্চিষ্টের	মাপত্তিতে উপ	দেশ		•••	8 5
क्छक	•••		•••		87
ঢাকার জনাট্মীর মিছিল					œ e
আৰশচৰ্য্য ফকির	•••		•••		æ a
বাক্ষনমাজে শাস্তীয় ব্যাখ্যাও ৎরিদ	ংকীর্তুন। ত্রা	ক্ষগণের আন্দো	লন		e s
গোস্বামী মহাশুয়ের দৈনন্দিন আচর			•••		œ 8
গোঁদাই-শিশ্বদের কথা		•••			¢ •

# সূচীপত্র।

বিষয় বিলুপ্ত মন্ত্ৰ-শক্তি,উদ্ধানের উপায়নির্দেশ শক্তি-হরণ ...



#### অগ্রহায়ণ, ১২৯৪।

	,				
সাংবৎসরিক উৎদ <b>রে ম</b> হাসংব	কীর্ত্তন—ভাবাবেশের ক <sup>র</sup>			• • • • • • • • • • • • • • • • • • • •	৬২
কতিপয় আশ্চর্য্য ঘটনার স্ত্র		•••			৬৪
আমার অসাধ্য ব্যাধি	•••				৬৫
অবোধ্যাগমনের সক্ষয় ও গো	দাইয়ের আদেশ	•••			ઝ૧
	পৌষ, ১২১	<b>ə</b> 8 I			
স্বপ্ন – অংগত ভাব – গোঁসাই	য়ের রুপা		• • •	• • •	৬৮
প্রার্থনার ব্যর্থতা বোধ	•••		• · ·		৬৯
ইষ্ট নামের উৎপত্তি অন্তভূতি	•••		• • •		95
ভারুকভায় গোসাইয়ের শাস	ন …	• • •	•••		9 2
	মাগ, ১২৯৪	<b>;</b> 1			
অনুগতের বিরুদ্ধতা · · ·	•••		•••		9.5
মাঘোৎসবে উপাসনা	***	•••			90
অবিচারে ব্রাক্ষদীকাদানে প্র	তিবাদ •••	• • •	• • •	•••	9 @
সাধনামভূতিতে উৎসাহদান।	ভক্ত মালাকারের বাঞ্	<b>পূ</b> ৰণ			95
ইছাপুরা গ্রামে গোঁসাই ও ল	াল। মহোৎসবে মলবে	শে নৃত্য	•••		96
চক্ৰতাহণ		•••	•••	• • •	b ३
	ফান্ধন ও চৈত্ৰ,	) २ <b>৯</b> ८ ।			
সাধনের সঙ্গল	•••	•••			৮৩
জ্যোতিৰ্দৰ্শনে সংজ্ঞাবিলোপ	<u>***</u>	•••	•••		60
ঢাকার টর্নেডো	•••		•••		be
ব্রহ্মচারীর সঙ্গ। বিচিত্র জী	বনকাহিনী; অজ্ঞাত ভূ	গোণ-যুক্তান্ত		•1•	b9

194					
no Z	শ্ৰীসদ্গু	রুসঙ্গ ।			
- वियम				পূৱা	
A Section of	टेनार्छ, ১२	<b>७८।</b>			
আমার প্রিক ত্রুব্রু ও মান্সিক হ	ৰ্গতি		•••	৯৬	
হিরোজ্জনভৌতিদাওল-দর্শন	4.,	• • •	•••	<i>ه</i> ه	
	শ্রাবণ, ১২	136			
জ্যোতিহারা ···	•••		•••	> • •	
	ভাদ্র, ১২	ac ।			
পতিত জনে অ্যাচিত দল			•••	১.১	
বিচিত্ৰ স্বপ্ন—পথ প্ৰদৰ্শন		•••		১०२	
মহাপুরুষ চিনিবার উপায়	•••			১٠৫	
ধর্মের মহাস্রোত—আবার সেই সতা	যুগ	•••	•••	১•৬	,
গেণ্ডারিয়ার আংশ্রমে প্রবেশ	•••	•••	•••	১০৮	
আব্রেম-সঞ্চার উৎসব \cdots			•••	১০৮	
मर्गनामिमस्टक डैशसमा। आमोकिक	রূপে চরণামৃ	হলা <b>ভ</b>		۵۰۵	
প্রারকক্ষয়ের উপায়নির্দেশ			•••	>>0	
নগেব্র অসাম্প্রদায়িক উপদেশ			•••	\$\$\$	
সত্যনিষ্ঠার উপদেশ	•••			\$\$8	
	সাধিন, ১	২৯৫।			
মন্ত্রশক্তির প্রমাণ		•••	•••	১১৩	
আহারসম্বন্ধে উপদেশ – আনুষঙ্গিক ব	থা		•••	>>8	
চরণামৃতলাভ ও তদ্বিয়ে উপদেশ	•••	•••	•••	>>৬	,
	অগ্রহায়ণ,	१ अद ६८			
বারদীর ব্রহ্মচারীর সৃদ্ধ , মহাপুরুষের	ব বিচিত্ৰ উপৰে	দশ ও অনাধা	রণ আহাচরণ	১১৬	,
ব্ৰহ্মচারীর সঙ্গমানা	•••	•••	•••	«دد	)
বড় দাদার অধাচিত দীক্ষালাভে আম	ার আংকেপ।	ঠাকুরের সা	इना मान	>>.	,
এক মাসে সিদ্ধিলাভের উপায় নির্দেশ	ł	•••	•••	••• >२२	
গেণ্ডাবিয়া-আশ্রমে ঠাকুরের কুটীর	•••	•••	•••	১২৩	,

.

market and a second

2021(1) 向中国 1 ENT 11 内の RP (中国 , 52.50 ) 日本 (中国 , 52.50 ) 日本 (日本 ) 日本 (日本

		•	# O	~ /.	- 11
সাধকের পক্ষে প্রাত্যহিক ও			1 40 11	9 <b>5</b> / 🛪	A) a
স্থলের পড়াত্যাগ ও পশ্চিমে	যাওয়ার আদেশ	ণ। ধ্যান ও ভ	गर्मक उत्सन	b Estal	) ১૨৬
গুরুশিশ্য সম্বন্ধ। এক গুরু	শক্তিই সমস্ত বিধ	খেব্যাপ্ত	6.00		772
স্বপ ।সাধন পাইতে মেজ	দাদার ব্যস্ততা				১৩৩
মুক্লের যাইতে আদেশ		•••			200
একটি মেমের মহত্ত					১৩৪
<b>শতীশের প্রতি গোঁসাই</b> য়ের	কুপা …				>0c
আদেশ-লত্যনে হুর্ভোগ · · ·	• • • • • • • • • • • • • • • • • • • •				559
২ম স্বপ্ন-কটহারিণীর ঘাটে	র সংলগ্ন ওপ্ত প	থের রহ্ভ	•••		3.515
পীরপাহাড় ও সীতাকুণ্ড \cdots	• • • • • • • • • • • • • • • • • • • •			·	\$80
স্বপোর সাফল্য। মুঙ্গের আগ	ামনের সাথ্⊄ভা	। মেজ দাদার	সাধনপ্ৰাৰ্থনা ও		
গোদাইয়ের দম্মতি		•••		•••	\$83
২য় <b>স্বপ্র—ফুলগাছের</b> অস্বাভ	ানিক মৃত্যু			•••	\$80
	মাং	ष, ३२३७।			
্য স্থাস গঙ্গাসাগরসঙ্গমে য	তো। গুরুনিষ্ঠ	ার উপদেশ	•••		884
কটহারিণীও মুক্তের নামের	সার্থকভা ···				\$ 8 °5
৪র্থ স্বপ্ল- গুরুর আদেশ পা	লনে সংক্ষাচ	•••			289
মুক্তেরের বিশেষত	• • •				\$89
	ফাল্পন ও	চৈত্র, ১২৯৫	1		
ভাগলপুরে অবস্থান · · ·					\$ 8b-
	 বৈ≃াা	খ. ১২৯৬।		• • • • • • • • • • • • • • • • • • • •	
	64 11				
অযোধ্যায় গমন। সাধুসক	•••	***	•••	•••	\$85
	শ্ৰাব	ণ, ১২৯৬।			
কলিকাভায় গোঁসাইদর্শন।	সাধুমহাত্মাদের	সঙ্গবিবরণ			484
नग्रना वावा		•••	•••	•••	۰ ۵ د

Victo	<i>শ্রীশ্রীস</i> দৃগুরুসঙ্গ

বিষয়						পৃষ্ঠ
পতিতদাস বাবাজী	•••	•••	•••	•••		১৫৩
গোপালদাস বাবা		•••	•••		•••	2 <b>6</b> 8
তুলসীদাস বাবা	• • •	•••	•••	•••	•••	> ¢ ¢
অন্ধ বাবালী	•••	•••	•••	•••	•••	> ¢ a
যোগদীবন ও শান্তিস্থ	ধার পরিণয়োৎসং	•••	•••	•	•••	১৫৬
শ্রীধরের পাগলামী ও	ঠাকুরের শাসন	•••	•••	•••	•••	> ৫ १
ধুলটোৎসব	•••	•••	•••	•••	•••	> ৫৮
		মাঘ,	ı			
লালের যোগৈশ্বর্যা গু	কলাভূগণের মুগ্ধত	1	•••	•••	•••	১৬১
ভাগৰ পুরে পুনরাগমন		•••	•••		•••	>6>
বছদিল পৰে ভায়েরী	লেখার প্রবৃত্তি	•••		•••	•••	295
সংস্কৃষাভ। গ্লামা	াহাত্ম ও তপণে ং	মান্তা	***	•••	•••	১৬২
তক্রাথেশে চক্রশক্তির	অহুভৃতি		•••	•••	• • •	3 & C
অপূর্ব স্থ্যমণ্ডল দর্শন	···		•••	•••	• • •	760
সাধনে অক্ষমতাহেতু	কৌশলবৃদ্ধি	•••	•••	•••		১৬৭
তাটক সাধনে দশনের	কিম	•••	•••	•••		১৬৮
তপ্ৰে ছায়াক্ৰপ দৰ্শন,	, কুকুকের কাও		• • •	•••	•••	7.22
ভাগশপুরে সাধু পার্ব	তী বাবু। ইষ্টদেব	কে হুন্থ রাথাই	সাধন ও সদাচ	বের উদ্দেশ্য	• • •	590
কৰ্মই ধৰ্ম						>92
		কান্তুন, ১২৯:	৬।			
পাগলা <b>নাধু</b> র নিজাম	কশ্ম					198
নিকাম কৰ্মই ধৰ্ম						>90
জ্যোতিদ'ৰ্শন					٠	399
কর্মত্যাগই ধর্ম	,					১৭৬
দশনবিষয়ে বিচার						\$60
অনাদলৈ ৰূপের অন্তর্গ	र्कान	•••				১৮०

	সূচীপ	ত্র।		helo
विवय				পৃষ্ঠা
লালের প্রভাব ও যোটগর্মব্য	•••	•••	•••	১৮২
আমার প্রতি শালের উপদেশ	•••	•••	•••	<b>٠٠٠ ، ١</b> ١ه
স্বপ্ন ।—বাক্যসংধ্য · · ·	•••	•••	•••	مرمرد
	বৈশাখ, ১	<b>2</b> 591 -		
স্বগ ।সর্গাদের অবস্থা সম্বন্ধে উ	भटनम		•••	১৮৮
	टेकार्छ, ३३	२৯१ ।		
পাপপুরুষের আক্রমণ				>>>
কে ভূমি ?	•••	•••		ودد

2 ) जी जी छ करमवां स्व नमः । अव देश हो। अव

# শ্রীশ্রীসদৃগুরুসঙ্গ

## ( 선생기 확행 )

## অবতরণিকা।

শ্রীযুক্ত গোস্বামী মহাশন্স, মানস-সবোৰবনিবাসী প্রমহংসঞ্জীর নিকটে প্রাকালের শ্রীমন্নারায়ণপ্রবর্তিত দেবর্ধি ও ব্রদ্ধবিগণের পরম আদরের ছর্লিভ যোগধর্মে দীক্ষালাভ করিয়া, নির্জ্জন পাহাড়ে-পর্বতে কিছুকাল তীব্র সাধন-ভব্জনে অতিবাহিত করিলেন। লোকালয়ে প্রত্যাগত হইবার সম্ভন্ন তাঁহার একেবারেই ছিল না। কিন্তু তাঁহার গুরুদেব, অক্সাথ একদিন আবিভূতি হইয়া, বিশেষ কতকগুলি প্রয়োজন সাধনার্থে, তাঁহাকে দেশে ফিরিডে আদেশ করিলেন। তাহাতে গোসাই প্রভূ বলিলেন—

"এখনও প্রচারাদি কার্য্যের ভার আমারই উপরে দিয়া আমাকে সংসারে রাখিতে চাহেন ? এ সকল কার্য্য আপনি নিজে করিলে তে। আরও ভাল হয়।" তাহাতে পরমহংসলী কহিলেন—"ইহা আমার কার্য্য নহে। এই কার্য্য হোমার দ্বারাই হইবে, তুমি আচার্য্য-সন্ধান, স্বয়ং আচার্য্য। তোমার উপদেশ লোকে থেরপ শ্রদার সহিত গ্রহণ করিবে, আমার বাক্য সেরপ গ্রহণ করিবে না। জগংকে, দেশকে শিক্ষা দিবার অধিকার তোমারই, আমার নহে। তুমি পুর্ব্ধে থেরূপ পরিবারমধ্যে বাস করিতেছিলে, এখনও সেইরূপই থাক। তাহাতে তোমার সাধন-ভল্নের কোনই ব্যাঘাত হইবে না।"

গোস্থামী মহাশর গুরু-বাক্য শিরোধার্য করিয়া কলিকাতায় আসিয়া উপন্থিত হইলেন। তাঁলাকে নির্জ্ঞান প্রাণারামসংযোগে যোগ-সাধন, অবিচারে গুরু-বাক্যের অন্তুসরণ, শক্তি-সঞ্চারপূর্বক পাত্রুবিশেষে নিভূতে দীকাদান, এবং বিভিন্নপথাবলধী ধর্মার্থিগণকেও সরল-ভাবে নিষ্ঠার সহিত আপন আপন ধর্মান্তুষ্ঠানে উৎসাহ প্রদান করিতে দেখিয়া, আদ্ধাণের

ঘরে ঘরে ঘোরতর আন্দোলন ও আলোচনা হইতে লাগিল। তওঁকাণীন <u>ব</u>ালসমাজের সাম্প্রদায়িক মত প্রচার না করিয়া সার্কভৌমিক সত্য প্রচার করিলে ত্রান্ধ-সমাক্ষের লোকের আপত্তি ও তঃথের কারণ হইবে জানিয়া, তিনি গত ১০ই চৈত্র (১২৯২ সালে ) কলিকাতা সাধীরণ ব্রাহ্মসমাজের প্রচারকের পদ পরিত)াগ করিয়াছেন। কিন্তু তথনই আবার ঢাক**ি** " পর্ব্ধ-বল্প ব্রাহ্মসমাজের " সভাগণ তাঁহাকে, আচার্যাপদে মনোনীত করিয়া, অবিলয়ে ঢাকার ুআসিবার জন্ম সাগ্রহ অমুরোধ জানাইলেন। কিছুকাল হইল গোম্বামী মহাশয়, ঢাকাতে আগমন করিয়া, ব্রাহ্মসমাজের প্রচারক-নিবাদে অবস্থান পূর্বক নিয়মিতরূপে উপাসনাদি কার্যা করিতেছেন।

আক্কাল গোস্বামী মহাশয়ের আগমনে ব্রাহ্মসমাজে নিতা উৎসবের প্রোত চলিয়াছে। প্রত্যহট অপরাছে প্রচারকনিবাস লোকে লোকারণ্য। নানা শ্রেণীর বাউল বৈষ্ণব ও তান্ত্রিক সাধকদেব সঙ্গে মিলিয়া মিশিয়া, গোস্বামী মহাশয় যে ভাবে আলাপাদি করেন, তাহা কিছেই ব্যান । আর যাহা ব্যান তাহাও ভাল লাগে না। গোলামী মহাশ্যের ভায় নীতিমান. সত্যনিষ্ঠ, আদর্শ সাধুপুরুষ রাধা-ক্লফবিষয়ক স্ত্রী-পুরুষের প্রণয়-ঘটিত সঙ্গীত শুনিয়া অঞ্ ধারায় ভাসিয়া যান, কাঁদিতে কাঁদিতে বিহবল হইয়া সময়ে সময়ে মডিতে হইয়া পড়েন – ইছা দেখিয়া আমি একেবারে অবাক হইয়া যাইতেছি। কিছুদিন পূর্ব্বেও আমাদের বাড়ীর চতুঃপার্ম্বে, পথে ঘাটে মাঠে, চাষা, প্রভৃতি নিম শ্রেণীর লোকদের মূথে এই সব ভাবেরই গান শুনিয়া, হাতে 'ঠেঙ্গা' লইয়া তাহাদের তাড়া করিয়াছি। হায়, হায়, নীতির আদেশস্থান ব্রাক্ষসমাজের আচার্যা গোস্থামী মহাশয়ের এইরপ ভাব। দেখিয়া শুনিয়া অন্তরে ২ড্ট ক্লেশ অমুভব করিঙেছি।

#### কা ব্ৰাহ্মসমাজে গোঁদা ।

আজ্কাল পূর্ববলে স্বৈত্ত গোন্ধামী মহাশয়ের কথা। হিল্পু-সমাজে, প্রাক্ষ-সমাজে, দেশীর খুটানদের মধ্যে, যেথানে সেথানে কেবল গোঁদাইজীরই গুণ-কীর্ত্তন। ভদ্র-গৃহস্থদের পরিবারে, আফিদের বাবুদের ভিতরে, ক্ষুল-কলেজের ছাত্রদের মধ্যে এখন শুধু গোখামী মহাশবের অসামাক্ত সাম্যভাব, অন্তুত ভাবাবেশ, ও অপূর্ব্ব অসাম্প্রদায়িক ধর্মাতুশীলনেরই আলোচনা। হিন্দু-সমাজের সমাজপতি প্রসিদ্ধ বাহ্মণগণ, অধর্ম্ম-নিরত আচারনিষ্ঠ টোলের পণ্ডিতগণ-- বাঁহারা-কিছুদিন পূর্ব্বেও ' ব্রাহ্ম ' শক্টি পর্যান্ত শুনিলে অবজ্ঞার স্ট্রুত, ' রাধামাধ্ব', 'মহাভারত "উচ্চারণ করিতেন,—এখন দেখিতেছি তাঁহারাও অনেকে, ঘরের প্রসা খর্চ

rain বিক্রমপুর, পারজোয়ার প্রভৃতি দূরবর্তি স্থান হইতে প্রতিরবিবারে গোস্বামী মহাশরের উপাসনায় যোগদান করিতে ত্রাহ্ম 'মন্দিরে 'আসিতেছেন। উপাসনার সময়ে অনেক মুদ্রমান এবং খুষ্টানকেও সমাজে ন্থিরভাবে বসিয়া থাকিতে দেখা যায়। ব্রাহ্মদের আ্মানন্দের আর সীমা নাই। তাঁহারা বলেন, "যারা বলে ব্রাহ্মদমাজে কিছু নাই, তারা একবার গোঁসাইকে দেখুক না ? এমন একটি লোক হিন্দুসমাজে বা অভ কোন সমাজে বের করুক দেখি। ব্রাহ্মধর্ম কি বস্তু, ব্রাহ্মসমাজে কি জিনিস তৈয়ার হয়, একবার এসে লোকে গোঁসাইকে দেখে ব্ৰে' নিক।" হিন্দুৱা বলেন,—"গোঁসাই আর ব্রাহ্ম নাই। বস্তু পে'য়ে, জেনে ভনে ব্রাহ্মধর্ম ত্যাগ করেছেন: মাথা মুড়িয়ে, গৈরিক নিয়ে হিন্দু হয়েছেন। তিনি এখন সাকার উপাসনা করেন : রাধা-রুঞ্চ, কালী-চুর্গা নাম শুনলে কেঁদে ফেলেন : ছরি-সংকীর্ত্তনে, গৌর-কীর্ত্তনে গোঁদাইয়ের দশা হয়। এ কি আনে বাজের লক্ষণ স্ত্রাক্ষেরা কি হরি ব'লে নাচে স্ —না. তাদের মধ্যে কথনও এরপ মহাভাবের আবির্ভাব হয় ?" বাহা হউক, সকল সম্প্রদায়ের ধর্মার্থীরাই দেখিতেছি গোঁদাইয়ের প্রতি আরুষ্ট এবং তাঁহার সঙ্গলাভে লালায়িত। ব্রাহ্ম-সমাজে প্রত্যাহই লোকের ভিড: রবিবারে সমাজে স্থান পাওয়া যায় না। স্ক্র্যার প্রক হইতেই দলে দলে লোক আসিয়া বসিবার স্থান অধিকার করে। ভিতর বাহির লোকে পরিপূর্ণ। বেদীর কার্যা শেব না হওয়া পর্যান্ত কাহারও নড়া চড়া নাই। অসাম্প্রদায়িক ভাবে গোঁস্বামী মহাশরের উলোধন, প্রার্থনা, উপাসনা ও উপদেশ সকলকেই বিমোহিত করিরা ফেলিতেছে। গোঁদাই বেদীতে বসিয়া কার্যাারন্ড করার সঙ্গে সঙ্গেই সকলের ভিতরে এক অন্তত ভাবের তরঙ্গ উঠিতে থাকে, চারিদিকে কারার রোল পড়িয়া যায়। মধ্যেই এক মহাকাণ্ড আরম্ভ হয়, অনেকে সংজ্ঞাশভা হইয়া পড়িয়া যান। ভূমিতে সুটাইয়া কেছ কেহ কাতর প্রোণে রোদন করিতে থাকেন। ধন্ত বাক্ষসমান্ত !

## গোঁদাইয়ের ব্রাক্ষদমাজবিরুদ্ধ কার্য্যের প্রতিবাদ।

ব্রাক্ষমাজের অন্তর্ভু ছাত্রসমাজের করেকটি সমবয়ন্তকে গইয়া, ব্রাক্ষসমাজের কর্তৃপক্ষ
শ্রীযুক্ত রক্ষনীকান্ত খোষ, শ্রীযুক্ত নবকান্ত চট্টোপাধ্যায় প্রভৃতির নিকটে গিয়া গোস্বামী
মহাশরের কথা তুলিলাম, গোস্বামী মহাশরের আসন-ঘরে চতুদ্দিকের দেওয়ালে রাধা-রুক্ত,
গৌর নিতাই, হর-পার্ক্তী, নল-যশোদা প্রভৃতির ছবি কেন রহিয়াছে, এবং তিনি বাউল
বৈক্ষবাদি কুসংস্কারাপর ব্যক্তিদিগকে, ধর্মের নামে, শারীরিক বিক্বত তারের উদ্দীপক প্রের-সঙ্গীতাদি করিতে কেন প্রশ্রম ও উৎসাহ দেন—এ বিবরে জিজ্ঞাসা করিলাম।" করেক দিম

ইহা লইমা খুব আলোচনা চলিল। পরে উহারা বলিলেন—" প্রচারকনিবাস এখন গোস্থানী মহাশরেরই বাস-ভবন; স্বতরাং নিজের ঘরে কে কি করেন না করেন, আমাদের তাহা দেখ্বার আবশ্রক নাই। একথানা পঞ্জিকা ঘরে রাণ্লেও সেই সঙ্গে রাধা-ক্ষ্ণ, কালী-হুগার ছবি থাকে। তা'তে আর দোষ কি ? বাউল বৈক্ষবেরা যে ভিক্ষা কর্তে এসে কত কি গান করে; তাতে কি তাদের মুথ চে'পে ধরার কা'রো অধিকার আছে ? এ সবও সেই রকম জান্বে। এপথ্যন্ত গোস্থামী মহাশর যে ভাবে চলিতেছেন, তাহা ব্রাক্ষসমাজ সহিয়া লইতে পারেন। বেশী বাড়াবাড়ি হ'লে তথ্য প্রতিবাদ করা যা'বে।"

কর্তৃপক্ষের এ মীমাংসা শুনিয়া মনে বড়ই হুংথ ছইল। উহাদের মধ্যেই কাহারও কাহারও প্রতি কটাক্ষ করিয়া বলিলাম, "অল্লীল টপ্না, পাঁচালী ও কবিগান সংগ্রহ করিয়া, প্রেম সঙ্গীত নাম দিয়া, দেশে বিদেশে, থরে থরে প্রচার করা যে সকল ত্রাক্ষেরা দোষ মনে করেন না; যাহার মূলই অসত্য এরপ কতকগুলি জরুনা-করুনা বা মিথ্যা ঘটনার ফাঁকা ছবি, উপাধ্যান ও উপন্তাস আকারে প্রচার করিয়া, যাহারা মান্ত্যকে 'অসত্য হইতে টানিরা সত্যের আলোকে লইয়া' বাইত্যে, চান, তাঁ'রা আর গোষামী মহাশরের কার্য্যে প্রতিবাদ করিলে গাড়াইবেন কোথ্যায়" আমার কথা শুনিয়া অনেকেই একটু উত্তেজিত হইলেন। আমার ঘনিষ্ঠ আত্মীয় একগ্রামবাসী শ্রীযুক্ত নবকান্ত চট্টোপাধ্যায় মহাশয় বলিলেন—"জাতিভেদ" তুমি অপরাধ মনে কর, অথচ তা'র চিন্তু ঐ উপবীত ধারণ কর্ছ কেন ? হিন্দু সমাজের সঙ্গে সংশ্রব রাধিয়া পৌত্রলিকতার প্রশ্রম্য তুমিও কি দিছে না ?"

## ব্রাহ্মধর্মে দীক্ষিত হইবার জন্ম ব্যাকুলতা।

উহারা আমাকে যথার্থ কথাই বলিয়াছেন ব্রিয়া, লব্জিত ভাবে, ছংখিত মনে বাসায় ফিরিয়া আদিলাম; সর্কান আমার ভিতরে ঐ কথারই আলোচনা হইতে লাগিল। কিছুকাল যাবৎ আমার ভিতরের হর্কালতা ও কণ্টাচরণের জল্ঞ নিজেই আমি অতিশয় রেল ভোগ করিতেছিলাম। এখন নবকান্ত বাবুর ঐ কথায় আমার অন্তরের আন্তণ আরও অলিয়া উঠিল। আমি আমার বন্ধদের কাছে প্রচার করিলাম—আগামী অগ্রহারণ মাসের সাংবৎসরিক উৎসবের সময়েই আমি উপবীতভাগপূর্কাক প্রকাশে লীক্ষা গ্রহণ করিব। আমার একথা সর্কাত ছড়াইয়া পড়িল। রাক্ষ বন্ধরা আমাকে থুব উৎসাহই দিতে লাগিলেন। কিন্তু চারিদিকে আত্মীয়-অলনের মধ্যে বিষম 'হৈ— চৈ পড়িয়া গেল। আমার বিরুদ্ধে বছর আন্লোলন ইইতে গাগিল, আত্মীয়-অলনের। যতই আমাকে অভ্যাচার উৎপীড়নের ভয়

ুদ্ধাইতে লাগিলেন, উৎসাহ ও নিউকিতা আমার ডতই বাড়িয়া উঠিল। গত ৪া৫ মাস ছইতে, উপাসনার সময়ে, নিত্য হ'টি বেলা প্রাণের জালায় কাঁদিয়া প্রার্থনা করিয়া আসিতেছি—
"প্রভু, উপবীত ধারণ করিয়া এ অসত্যের আবরণে কতকাল আর নিজকে ঢাকিয়া রাখিব ?
কপটাচার হইতে আমাকে উদ্ধার কর। তোমাকে লাভ করিবার যথার্থ পথ তুমিই আমাকে
দেখাইয়া দাও। দয়া করিয়া, আমাকে সরলভাবে নিজপটে সত্যপথে চলিবার শক্তি দাও।"

## অপূর্ব্ব স্বপ্ন—গোঁদাইয়ের আহ্বান।

অক্সান্ত দিনের মত, উপাদনার শেষে আজও এইভাবে প্রর্থনা করিয়া শয়ন করিলাম।

২০শে ভাল শেষ রাজে ( আ টার সময়ে ) একটি অহুত স্বপ্ন দেখিয়া, সহসা জাগিয়া

১২৯০ সাল। ুউঠিলাম। স্বপ্নটি এই।—দেখিলাম, ব্রাহ্মমন্দিরের ছারে আমি উপস্থিত

ইইয়াছি। বাগানে শিউলি গাছের নীচে দাঁড়াইয়া, গোস্বামী মহাশয় সয়েহে ঈষৎ হাতাসুখে
আমাকে, হাত নাড়িয়া, ডাকিয়া বলিলেন—

"ওহে, শীত্র এদিকে চ'লে এস। যে বস্তু তুমি চাও, আমি তোমাকে তাই দিব।"

আমি তথন গোরামী মহাশদের রুপাপূর্ণ দৃষ্টি ও মমতামাথা আহ্বানে আনন্দে বিহবণ হইয়া, ভগবান্কে লাভ করার মানসে, কাঁদিতে কাঁদিতে তাঁহার চরণে যাইয়া লুটাইয়া পড়িলাম; আর অমনি নিদ্রাভঙ্গ হইল। জাগিয়া উঠিয়াও গোরামী মহাশদের সেই সৌম্য-শাস্ত, স্লিগ্ধ-সকরণ পবিত্রমূর্ত্তি চক্ষের সমক্ষে যেন কিছুক্ষণের জ্ঞ দেখিতে লাগিলাম। কাণেও যেন তাঁর সেই শব্দ বারংবার শুনিতে লাগিলাম। বার মনের সংস্কারেরই একটা বিক্তত পরিণাম বা করনারই একটা অলীক ফল—বহুকালের এই নিশ্চিত ধারণা আমার, স্থৃতিতেও আর আসিল না। লাগরিতাবহাতেও কিছুতেই আমি কারার বেগ থামাইতে পারিলাম না। পুন: পুন: কেবলই মনে হইতে লাগিল—গোরামী মহাশ্য আমার জ্ঞ বাগানে অপেক্ষা করিতেছেন। আমি কিছুকাল ধরিয়া বিছনায় পড়িয়া কাঁদিলাম। প্রার্থনা করিলাম—"প্রভু; আমি তোমার সহক্ষে অরু। তোমাকে লাভ করিবার যথার্থ পথে, দরা করিয়া, তুমিই আমাকে শইয়া যাও।" প্রার্থনার সক্ষে আমার অন্তর্গতা আয়ও বাড়িয়া পড়িল। আমি আমি আমি স্বিলা

কিছু দূর অগ্রসর হইয়া দেখি প্রাক্ষমন্দিরের পূর্বাদিকে, দেওয়ালের ধারে সেই শিউলি

গাছের নীচে—অপ্নে বেমনটি দেখিয়াছি, অবিকল সেই ভাবে—মণ্ডিতমন্তক, গৈরিক বসন-পরিছিত, পবিত্রমূর্ত্তি গোত্থামী মহাশয়, দণ্ড-হাতে, থড়ম পায়ে, প্রাফুল দৃষ্টিতে আমার পানে তাকাইয়া আছেন। আমি তাঁহার নিকটবর্ত্তী হইতেই তিনি আমাকে শেফালিকা ফুল দেখাইয়া বলিলেন,—

"দেখ, কি স্থলর ! দুর্ববার উপরে যেন খই ফুটে রয়েছে।"

এতকাল আমি গোস্বামী মহাণয়কে, মন্তক অবনত করিয়া পায়ে পড়িয়া, কথনও নমস্কার করি নাই; উহা ঘোর কুসংস্কার ও অসভ্যতার কার্য্য বলিয়া মনে করিয়া আদিয়াছি; শুধু হন্তোভোলন বা শিরঃ-কম্পন করিয়াই তাঁহাকে সম্মান প্রদর্শন করিয়াছি; কিন্তু আজু আর, কেন জানি না, সে বিষয়ে আমার মনোযোগ বহিল না; ব্যাকুল ভাবে, কাঁদিতে কাঁদিতে ভাঁহার চরণে গিয়া লুটাইয়া পড়িলাম এবং বলিলাম, 'আমাকে আপনি দমা কর্মন'।

গোঁসাই বলিলেন,---

আরও পূর্বের তোমার আসা উচিত ছিল, এখন সময় উত্তীর্ণ হয়ে গেছে। আরও কিছুদিন অপেক্ষা কর।

ু আমি। আমার এখনই সাধন নিতে ইচ্ছা হয়।

গোঁদাই। সে তো থুব স্থাের কথা। এই ই তো সময়, এই সময়েই তো এ সব কর্তে হয়। এখন থেকে নিয়মমত এ সব সাধন-পথে চল্লে, অনন্তকাল এর একটা সুকল ভোগ কর্বে। 'পরে কর্ব'—এ আশায় থাকা ঠিক নয়; পরে কত বিদ্ব ঘট্তে পারে। সম্প্রতি শীত্রই আমি পশ্চিমে ঘাছিছ। পশ্চিম থেকে ঘুরে আসি; আর-ভোমাদেরও তো রুল ছুটি—বাড়ী যাবে। বাড়ী থেকে এস, পরে সাধন হবে। সাধন নিলে এখন অন্ততঃ পনের দিন আমার কাডে ভোমার থাকা আবশ্যক হবে। ভাতে অন্তবিধা আছে।

আমি। বাড়ী গিয়ে কি নিয়মে চল্বো?



শ্রীমদাচায্য শ্রীশ্রীবিজয়কৃষ্ণ গোন্দামী। ১২৯৩ সাল।



ছ্পাবার্ত্তা বলার সময়ে, পথে ঘাটে চল্তে ফির্ছে, সর্বাদাই, ৫৭ মিনিটা অন্তর অন্তর একটু একটু অবসর নিয়ে, ছ'এক মিনিট ভগবানকে শ্বরণ করতে হয়। 'তিনি সর্বাদাই সজে সজে রয়েছেন, আমাকে কন্ত ভালবাসেন, প্রতিক্ষণে আমাকে কন্ত প্রকারে দয়া কর্ছেন—এ সব মনে করে' পুনঃ পুনঃ তাঁকে নমস্কার কর্তে হয়।' এই ভাবে প্রতিকার্গো তাঁকে শ্বরণ করে চল্লে অল্প সময়েই তাঁর কুপালাভ করা যায়। এ সময়ে লেখা-পড়ায় বিশেষ মনোযোগ রাখা কর্ত্তব্য; লেখা-পড়া অগ্রাহ্থ কর্লে পরিণামে সকল দিকেই অনিষ্ট হয়। এখন এই ব্লব কথা মনে রেখে চলতে চেষ্টা কর: উপকার পাবে।

### সাধনপ্রাপ্তির তীত্র আকাঞ্জা।

কয়েকদিন পরেই পূঞা উপলক্ষে আমাদের কুল বন্ধ হইল। ১৬ই আখিন শুক্রবার মধ্যাক্তে আহারাত্তে, প্রশিদ্ধ 'মীরের বেগে' মাঝিদের নৌকা ভাড়া করিয়া, মেজদাদা ছোটদাদা প্রভৃতির সঙ্গে বাড়ীরওনাইইলাম। তালতলার থাল ধরিয়া কিছুদুর যাইয়া মাঝিরা রাভা ভুল করিল। রাত্রি প্রায় সাড়ে নয়টার সময়ে বাড়ী পৌছিলাম। এবারে বর্ষায় পলা নদীর জল অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে। দেশের প্রায় সকলেরই বাড়ী জলে 'ডুবুডুবু'। আমাদের বাজীর উপরেও ৭৮ ইঞ্চি হল উঠিয়াছে। এক ঘর হইতে অবভা ঘরে যাওয়ার জভা ইতিপুর্বেই উঠানের উপর বাঁশ পাতিয়া সাঁকো করিয়া রাথা হইয়াছে। পাড়ার প্রায় স্কল ৰাড়ীতেই ডিন্ধী নৌকা থাকার পরস্পরের দেখা সাক্ষাতে বিশেষ কোনও অস্কবিধা নাই। প্রত্যহ অপরাত্নে ১২।১৪টি সমবরক্ষকে লইরা নবকাস্ত বাবুর বাড়ীতে যাই। সেখানে স্**তীর্ত্ত**ন উপাসনাদি করিয়া রাত্রি প্রায় নয়টায় বাড়ীতে আসি। আমার প্ররোচনায় ছটি বন্ধ ব্রাহ্মধর্ম অবলম্বন করিয়াছেন। কিন্তু, উপবীত না থাকিলেও, তাঁহাদের লইয়া আমাদের সমাজে কোন গোলমাল নাই। পাড়ার বুদ্ধেরা তাঁহাদিগকে উপবীত লওয়ার জন্ত অনেক বঝাইরাও কোন ফল পান নাই। এখন তাঁহারা সে চেষ্টায় নিরাশ হইরা বলিতেছেন, "ওহে আমাদের ফুর্নীতির চিহ্ন গলার দড়ি—তা বেন ত্যাগই করেছ: তোমাদের ব্রাহ্ম সভ্যতার স্থনীতির চিক্ত জামা সার্ট সর্বাদা পরাটা ছাড়লে কেন ? ওগুলো গায়ে রাখলেও বে বাঁচ।" আমি আৰু পৰ্যান্ত উপবীত ত্যাগ করিতে পারিলাম না বলিয়া ব্রাহ্ম বন্ধুরা বড়ই ছঃখিত: সর্বাদী আমাকে সে অন্ত তাঁহারা অমুযোগ করেন, সময়ে সময়ে কাপুরুষওঁ বলেন। এবারে ছুটির পর ঢাকায় ঘাইরা প্রকাশ ভাবেই আক্ষসমান্তে প্রবেশ করিব, সকলে অভুষান করিতেছেন। মাও ভয়ে বড়ই বাত হইয়া পড়িরাছেন। তুলদীগাছের সমূথে নিজ্জনে চুণ করিয়া বিসাম মা কাঁদিতে কাঁদিতে তুলদীকে মনের হঃথ জানান। মা'র বিশাস—তুলদীর রুপা হইলে আমি আর রাজ হইব না। ছুটি শেষ হইলে, ঢাকা রওনা হওরার সময়ে মা আমাকে বলিলেন, "ধর্ম ধর্ম করিয়া পৈওটো ফেলিস্ না। ঠাকুর ভোর মনস্কামনা পূর্ণ কর্বেন। গলায় পৈওটি রেথে তুই ধর্ম-কর্ম কর্—এই প্রার্থনা করে প্রতিদিন আমি দিবের মাথায় বেলপাতা দিই।" এই বলিয়া মা তাঁহার হাতের তিনটি অঙ্গুলী নিজ জিহবার স্পর্ণ করিয়া, পায়ের ধুলা তাহাতে মাথাইয়া, আমার মাথায় ঘবিয়া দিলেন। মা'কে প্রথাম করিয়া আমি ঢাকায় রঙনা হইলাম।

ঢাকার আসিয়া শুনিলাম, গোরামী মহাশর এ পর্যস্ত ঢাকার ফিরেন নাই; তবে, শীঘ্রই আসিবেন। আমি দিন রাত তাঁহার আগমনাকাজকার অভ্রি হইরা কাল কাটাইতে লাগিলাম। উপবীতত্যাগ ও আক্ষধর্মে দীক্ষাগ্রহণ করার ঝোঁক আমার ক্ষিয়া গেল। গোঁসাই আমাকে কি সাধন দিবেন, অর্হনিশি শুধু তাহাই আমি ভাবিতে লাগিলাম।

অগ্রহারণের প্রথম ভাগেই গোস্বামী মহাশয় ঢাকায় আসিয়া উপস্থিত হইলেন। ছাত্র-সমাজে মহা 'ধ্যধাম' পড়িয়া গেল, ব্রাহ্মসমাজে আনন্দের আর সীমা নাই। সকলেরই মুথ প্রাফ্লয়। গোঁসাইয়ের আগমনে আবার দলে দলে লোক ব্রাহ্মমন্দিরে আসিতেছেন। আবার ব্রাহ্মসমাজে নিত্য উৎসবের প্রোত। প্রত্যহ সন্ধ্যা-কীর্ত্তনে ভাবের বিচিত্র বাপারে ও উদ্ধানে সকলেরই চিত্ত গোস্বামী মহাশয়ের প্রতি আরুই হইতে লাগিল। ভানিতেছি, এবারে গোস্বামী মহাশয়, কাকিনিয়া প্রভৃতি স্থানে গমন করিয়া, উপাসনা, বক্তৃতা ও সংকীর্ত্তনোৎসবে জীবস্ত ধর্মের এক অপূর্ক প্রোত প্রবাহিত করিয়া আসিরাছেন।

## সাধনপ্রাপ্তির বাধা—ছোটদাদা।

আগামী শনিবার ছাত্র-সমাজে গোস্থামী মহাশয়কে বক্তৃতা করিবার জন্ত অহলেধ করিতে 
অঞ্চারণ, করেকটি বন্ধকে লইয়া প্রচারক-নিবাসে উপস্থিত হইলাম। বক্তৃতা করিতে 
২য় সপ্তাহ, গোস্থামী মহাশরের আর তেমন উৎসাহ নাই, দেখিলাম। যাহা হউক, 
১২৯৬ সন। পারীর স্বস্থ থাকিলে চেটা করিবেন, বলিলেন। আমার বন্ধ করাট 
একথার পর চলিয়া গেলেন। কিন্ধ, আমি ভাঁহার কাছে বসিয়া রহিলাম। তথন ওখানে 
কেবল প্রীযুক্ত প্রীধর ঘোষ ও অনাথবন্ধ মৌলিক মহাশয় বসিয়া ছিলেন। ভাঁহারা আমাকে

্বলিলেন—"তোমার কি গোপনে কিছু জিজাসা করবার আছে ?" ঐ কথায় গোঁসাই জীমার দিকে চাহিয়া বদিদেন, "কি বলেষে, বল না ? এঁদের কাছে বলতে কোন শক্ষা নাই ; স্বচ্ছেন্দে বল।"

আমি বলিলান-সুলবন্ধের পূর্বে আমি একবার বলেছিলাম।

গোঁদাই। হাঁ, তাই প সাধন নিতে চাও প আচছা, সাধনের নিয়ম প্রণালী সব জান তো গ

'আমি। যভটুকু প্রকাশ আছে ততটুকুই মাত্র স্থানি।

গোঁসাই। এই সাধন নিলে যিনি যে অবস্থার লোক তাঁকে সেই অবস্থার সব কাজ করতে হয়। সংসারীদের সংসারকার্য্যে অবহেলা করলে অন্যায় হয়। সেইপ্রকার ছাত্রদেরও নিয়ম্মত মনোযোগ ক'রে পডাশুনা করতে হবে: না হ'লে অনিষ্ট হয়। এটি গিয়ে বেশ করে বুঝ: পরে, কাল এসে আমাকে ব'লো। আরও যা কিছু বলুবার আছে, কাল বলুব।

গোস্বামী মহাশয়ের কথা শুনিয়া আমি প্রচারক-নিবাস হইতে বাহির হইয়া পড়িলাম। বড়ীগঙ্গার পারে গিয়া, একটি নির্জ্জন স্থানে বসিয়া ভাবিতে লাগিলাম—'এ কি হ'লো ? সাধন পাওয়ার পূর্বেই যে গোঁসাই একেবারে আমার মাথায় লাঠি মারিলেন। ছমাস ধরিয়া প্রতিদিন মনে মনে সঙ্কল করিয়া আসিতেছি---একবার যোগ-সাধন পাইলে লেখা পড়ার বিষম উৎপাত্তইতে নিম্নতি লাভ করিব: কোনও নিভত পাহাড-পর্বতে ঘাইয়া. আপন মনে. মনি ঋষিদের মত দিনরাত উপাসনায় থাকিয়া এ জীবন অতিবাহিত করিব। কিন্ত গোঁসাই আজ এ কি করিলেন ? আমার এতকালের আন্তরিক সঙ্কল্ল একেবারে চূর্ণ করিয়া দিলেন। রাত্রি প্রায় সাড়ে নয়টা পর্যান্ত এই সব ভাবিতে ভাবিতে, অত্যন্ত উদ্বিয় ও চঞ্চল হইয়া উঠিলাম। পরে, আর উপায়ান্তর না দেখিয়া, একান্ত মনে গোঁসাইরের চরণোদ্দেশেই নমস্কার করিয়া জানাইলাম- "গোঁসাই, আমায় দয়া কর। আমি প্রতিজ্ঞাবদ্ধ হইতে পারিব না। 'নিয়মিত' 'মনোবোগ'--- সব কথার আমি রাজী হইতে পারিব না। লেখা-পড়া করিব, ইহাই মাত্র বলিতে পারিব। আমাকে এই আশায় তমি নিরাশ করিও না। প্রাণের ক্লেশ বুঝিয়া দয়া কর-এই তোমার চরণে প্রার্থনা।" গোঁসাই মনের কথা ব্রেন—আমি ইহা একেবারেই বিশাস করি না: কিছ অস্তরের আবেগে এইপ্রকার প্রার্থনা আপনাহইতেই আসিরা পড়িল; চাপিরা রাখিতে পারিশাম না।

প্রদিন সময় ব্ঝিয়া গোস্বামী মহাশন্তের নিকটে উপস্থিত হইলাম। প্রণাম করিয়া ৰসিতেই, তিনি আমাকে বলিলেন—কি পু হহোছে পু

আমি বলিলাম--- 'আজা, হাঁ। লেখা-পড়া কর্ব । গোঁসাই একটু হাসিয়া বলিলেম---্র আছে। আরও একটি কথা আমার বলবার আছে। এখন আর আমার কোনও আপত্তি নাই। শুধু, তোমার অভিভাবকের অনুমতি হ'লেই হ'লো। অভিভাবকের অমতে সাধন দেওয়ার নিয়ম নাই। এক-শ বছরের বুদ্ধেরও যদি কেহ অভিভাবক থাকেন, তাঁর অন্তমতি নিতে হয়। তোমাকে আর কিছই বলবার নাই। অভিভাবকের অন্তমতি পেলেই হবে।

একথা শুনিয়া আমার মাথায় যেন বজ পডিল। ভাবিলাম-- গোঁদাই এ যে আমাকে আরও বিষম সন্ধটে ফেলিলেন'। গোঁদাইকে বলিলাম, 'অভিভাবকের অনুমতি আমি কি প্রকারে লইব ? আমার দাদারা তিনজনেই তো আমার অভিভাবক '।

গোঁসাই বলিলেন---

তা হ'ক: এখানে তোমার যে দাদা আছেন তাঁর একখানা পত্র পেলেই. নিশ্চিন্ত হয়ে, সম্ভ্রম্ট মনে আমি তোমাকে সাধন দিতে পারি। অনেকে মনে করেন, ছেলেপিলেদের এই সাধন দিয়ে আমি নফ্ট করছি। অনুমতি না নিয়ে সাধন দিলে তাঁদের অভিশাপ আমাকে নিতে হয়।

গোঁদাইয়ের একটি শিশ্ব উকিল শ্রীযুক্ত হরিচরণ চক্রবর্ত্তী এই সময়ে জিজ্ঞাদা ুক্রিলেন, "এ কি সাধন পাবে ? "

গোঁসাই বলিলেন---

কাল দেখ লাম ব্যাকুলতা স্থান্দর আছে, এবার অবস্থা বেশ হ'য়েছে। আমাকে বলিলেন---

তুমি অস্থির হয়োনা; সাধন তোমার হবেই। কিছু সময় ধৈর্য্য ধর।

দাদাদের অনুমতি কথনও আমি পাইব না. ইহা নিশ্চর জানি: কিছ গোঁসাইরের এই কথা হ'টি শুনিয়া আমার একটু আশা হইল। স্ক্রার সময়ে বাসায় আসিয়া, ছোট দাদা শ্রীযুক্ত সারদাকান্ত বন্দ্যোপাধ্যায় মহাশ্রকে আমার অভিপ্রায় সমস্ত জ্ঞাপন করিয়া, গোঁদাইরের নিকটে দীকা-গ্রহণের অনুমতি-পত্র চাহিলাম। গোঁদাইরের নিকটে দাধন শইব শুনিষাই তিনি থুব চটিয়া গেলেন, এবং কথনও অমুষতি দিবেন না প্রিফার বলিলেন।

ংছোট দাদার কথা শুনিরা ও শুবগতিক দেখিরা আমার মাথা ঘুরিরা গেল। আমি লেপ মুঁড়ি দিরা শুইরা পড়িলাম। রাত্রি প্রার দশটার সমরে ভিতরের বাতনা আমার এও অস্থ্ ছইল বে আর আমি চাপিরা রাথিতে না পারিরা চীৎকার করিরা কাঁদিরা উঠিলাম। 'মেসের' সমস্ত ছেলেরা তথন "কি হ'ল, কি হ'ল" বলিরা, পড়াশুনা ফেলিরা, সকলে আসিরা আমাকে ঘিরিরা দাড়াইল। ছোট দাদাও আসিলেন এবং আমাকে ডাকিরা বাসার বাহিরে রান্তার লইরা গেলেন। তিনি থুব বিরক্তির সহিত বলিলেন—"আমার কাছে প্রতিজ্ঞা ক'রে বল্—আমাদের মতের বিরুদ্ধে কথনও কোনও কাল কর্বি না; যতকাল লেখাপড়া কর্তে বল্ব, খুব মনোযোগ দিয়ে লেখাপড়া কর্বি; আমাদের পরিবারের যাতে অনিই হয়, এমন কোনও কাল কথনও কর্বি না।" আমি বলিলাম—"আছো; অনুমতিপত্র দিন, যা যা বল্লেন তাই কর্ব।" ছোট দাদা একটু থামিয়া বলিলেন—"আছা, কাল আরও কতকগুলি 'লিই' (ফর্ফ) ক'রে দিব; সেই মত চল্বি প্রতিজ্ঞা কর্লে অনুমতি দিব।" যে রূপেই হ'ক অনুমতি লইতে হইবে ভাবিয়া, আমি ছোট দাদার কথায় সন্মত হইলাম।

সকালে ছোটদাদার নিকটে অর্থতিপত্তের কথা তুলিভেই তিনি, খুব রাগিলা, আমাকে ১০ই অএহারণ, ধনক দিয়া বলিলেন—"সে সব কিছু হবে না। যোগ কর্লে ভয়ানক রবিবার, কোগ জন্ম। মাথাতো একেবারেই নই হ'য়ে যায়। ভাল ভাল লোক ওর ভিতরে গিয়ে চিরকালের মত একেবারে অক্রা। 'ভেড়া' হ'য়ে গেছে। আমি ভো অলুমতি দিবই না; দাদারাও কেহ অর্থতি না দেন, সে জয়্ম তাঁদের চিঠি লিখ্ব।" এই সব বলিয়া আমাকে তিনি খুব গালাগালি করিলেন। ছোট দাদার গালি থাইয়া ' ক্রোধে ও ক্রেশে আমার বুক অলিয়া যাইতে লাগিল। কি আর করিব ? উপায় আর না দেখিয়া গোনাইদের নিকটে উপস্থিত হইলাম। গোনাইকে এই সমন্ত বিবরণ পরিকার করিয়া বলিলাম।

গোঁসাই বলিলেম--

তিনি নিজে অনুমতি নাই দিলেন। দাদাদের একটু লিখ্তে আর আপত্তি কি ?

## অকপট বিশ্বাদে অব্যর্থ শক্তি।

০এই সময়ে প্রচারক-নিবাসে অনেক লোক আসিয়া পড়িল। আঁর কোন কথাই হইল না। আজ রবিবার, সারাদিনই প্রচারক-নিবাসে গোস্বামী মহাশয়ের নিক্টে লোকের

ভিড। অপরায়ে ক্ল-কলেজের ছাত্র, আফিসের বাবু, এবং বাউল, বৈষ্ণব, মুসলমান ও পুষ্টান প্রভতির সমাগ্রম ব্রাহ্মসমাজের অলন লোকে পরিপূর্ণ হইল। গোস্বামী মহাশরের আসন্দরে ক্রফ্রকান্ত পার্চকের "যার যার যেরপ উদর হর মনে, সময়ে সেরপের দেখা মিলে কই ?" এই গানটি অপুর্ব জ্বাট ভাব ধারণ করিল। বাহিরে বাহারা ছিলেন, তাঁহারাও ভাবে অভিভত ছট্ডা পভিতে লাগিলেন। ক্রমে সন্ধা সমাগত হুট্ল। নির্মিত সময়ে বেদির কার্যো ব্যাঘাত ঘটিবে অফুমানে সঙ্গীত থামাইয়া দেওয়া হইল: গোস্বামী মহাশন্ন চোধ-মূথ মুছিরা, সমাজগুহে যাইয়া, উপাসনা করিতে বসিলেন। ঘরে বাছিরে যিনিযে অবস্থায় ছিলেন, প্রথমচুইতে বেদির কার্যা শেষ না হওয়া পর্যান্ত তিনি সেই ভাবেই রহিলেন। গোন্থামী মহাশয়ের উপাসনায় একবার কিছক্ষণের জন্ম কেছ যোগ দিলে শেষপর্যান্ত তাহার আরু না থাকিয়া উপার নাই। আজিকার 'উলোধন' কালের উপদেশগুলি---আমার মনে হইল যেন আমাকেই বলিভেছেন। সরল বিশ্বাদে, যথার্থ কাতর হইয়া. কেছ ভগবানের নিকটে প্রার্থনা করিলে, ভগবান নিক্রয়ই তাহার প্রার্থনা পূর্ণ করেন, ইহার দৃষ্টাস্ত দেখাইতে তিনি একটি ঘটনার উল্লেখ করিলেন। — " একবার ইউরোপে কোন দেশে দীর্ঘকালব্যাপিনী দারুণ অনারৃষ্টি হয়। সর্বাত্ত বৃষ্টির জ্ঞ প্রার্থনা আরম্ভ হইল। সেই সময়ে একটি সহরে, সকলে সমবেত হইরা বৃষ্টির জ্বন্ত প্রার্থনা করিবেন-এই মর্ম্মে বিজ্ঞাপন দেওয়া হইল। নির্দিষ্ট দিনে সন্ধ্যার পূর্ব্বেই নগরবাসী সকলে গিজ্জার উপস্থিত হইতে লাগিলেন। ঐ সময়ে একটি বালক, ছাতা হাতে, উপাসনার স্থলে আদিল। বালকের হাতে ছাতা দেখিয়া সকলে তাহাকে বলিলেন, "কি হে, বালক, তুমি ত বড় বোকা দেখ ছি। এই সময়ে ছাতা কেন १।" বালক বলিল- "আজ বৃষ্টির জন্ম প্রার্থনা ছইবে। ভগবান বৃষ্টি দিবেন, তথন কি কর্ব ? ছাতা না থাকলে যে ভিজে ভিজে বাড়ী যেতে হবে।" সকলে বালকের কথা শুনিয়া অবাক হইলেন। প্রার্থনার পরে ঘণার্থই বৃষ্টি হইল। তথন বালক সকলকে বলিল, "ভগবানের উপর তোমাদের যদি বিখাস থাকতো, ছাতা ফেলে আসতে না। এখন দেখ, তোমরা প'ড়ে রইলে, আমি চলে যাচ্ছি।" এই ঘটনা অবলখনে গোস্বামী মহাশর, অনেককণ ধরিরা, 'সরল বিশ্বাদে কাতরতার সহিত প্রার্থনা' বিষয়ে উপদেশ দিলেন: অতঃপর, উপাসনার শেষ ভাগে করজোতে সকলকে নমস্কার করিতে করিতে বলিলেন---

তোমাদের পায়ে পড়ে বল্ছি, একবার মাকে ডাক। শিশু যেমন মাকে ডাকে, একবার ভেমনই ভাবে, কাতর হ'য়ে, ডাক। মায়ের কত দয়া। আমার মত পাপীকেও যথন মা কৃপা কর্ছেন, তখন কেহই আর বঞ্চিত হবে না। বিশাস ক'রে মাকে ডাক্লে নিশ্চয় মাকে পাবে। আমি শোনা কথা বল্ছি না, কল্পনার কথা বল্ছি না, বথার্থ কথা বল্ছি, নিজ জীবনের দেখা কথা বল্ছি, নিজে প্রত্যক্ষ ক'রে বল্ছি। সরল ভাবে মাকে ডাক্লেই মাকে পাওয়া বাল্ল। একবার মাকে ডেকে দেখ; একটিবার তেমন ভাবে মাকে ডেকে দেখ, নিশ্চয় দ্য়া কর্বেন। আমার মন্তকে পদধ্লি দিয়ে সকলে আশীর্কাদ কর্কশী জয় মা! জয় মা! জয় মা! জয় মা! ভ্রমই সত্য, তুমিই সত্য, তুমিই সত্য।

## সাধনপ্রাপ্তির বাধা— মেজ দাদা।

আজ সুৰ হইতে আদার পরে 'ছোট দানা বলিলেন—" মেজ দানা ( শ্রীযুক্ত বরদাকান্ত বন্দ্যোপাধ্যায় মহাশয় ) ঢাকায় আসিরাছেন; তিনি একরামপুরে তাঁহার ১৫ট অঞ্চায়ণ, মঙ্গলবার, ১২৯৩। শ্বশুর মহাশ্রের বাদার উঠিয়াছেন; কল্য বৈকালে তোমাকে তাঁহার নিকটে যাইতে বলিয়াছেন। "মেজ দাদার কথা ভানিয়াই আমার হুংকম্প উপস্থিত হইল। নিশ্চয়ই সাধনসম্বন্ধে কথা তুলিয়া আমাকে গুরুতর শাসন করিবেন, বুঝিলাম। সারারাত ও পরদিন তঃসহ উরেণে কাটাইয়া, নির্দিষ্ট সময়ে 'তাঐ' মহাশয়ের বাসায় গেলাম। মেজ দাদার নিকটে গিয়া প্রণাম করিয়া দাঁড়াইতেই তিনি একেবারে অগ্নিমর্স্তি ছইয়া গেলেন। অত্যন্ত তীব্রভাষায় কর্কশন্তরে গালি দিতে দিতে যেন কেপিয়া উঠিলেন। চটিজতা ছাতে লইয়া আমাকে প্রহার করিতে হ'চার পা অগ্রদর হইলেন; ভাগাক্রমে তথ্ন বৌদিদির বাধা পাইয়া থামিয়া গেলেন। অবলেবে আমাকে বলিলেন—"'যোগ' শক্ষটি ফের যদি কথনও তোর মুথে শুন্তে পাই, জুতিয়ে পিঠের ছাল চামভা তুলে দিব। আমাদের তো যত প্রকারে অপমান কর্বার কর্ছিদ; এখন মৃত পিতাকেও নরকত্ব করবার চেষ্টা হ'চেছ! তুই মর্লে আমাদের সকল, উৎপাতের শাস্তি হর"— ইত্যাদি। প্রায় অর্দ্ধ ঘণ্টা কাল এইরূপ গালি থাইয়া, কাঁদিতে কাঁদিতে আমি সেই বাসাহইতে বাহির হইয়া আসিলাম। জীলোকের সন্মুথে এই অপমান! 🖛াধে, অভিমানে ও ক্লেশে আমার আত্মহত্যা করিতে ইচ্ছা হইল। আরও একবার যোগসাধন-লাভের চেষ্টা করিয়া দেথিব : বিফল হইলে পশ্চাতে যাহা হয় করিব—স্থির করিলাম। আজ ভগবানকে সাক্ষী করিয়া প্রতিজ্ঞা করিলাম—'যদি তাঁহার ক্লপায় এই সাধন জীবনৈ লাভ হয়,

তবে আমার যোগশক্তি দারুণ বিরুজমতি মেজ দাদার ও পরে ছোট দাদার উপরে সর্ব্বপ্রথমে প্রায়েক করিয়া, ইটাদিগকে গোঁদাইয়ের চরণেই আনিয়া বলি দিব। দীক্ষালাভের পর প্রথমে আমার এই সঙ্করেই সাধন ভব্তন তপস্থা আরম্ভ হইবে'।

#### হতাশায় আশাস।

অভিভাবকদের স্মৃতি লইয়া দীক্ষা-গ্রহণ আমার কথনও হইবে না ব্রিয়া, গোস্থামী মহাশয়ের উপর আমার ভয়ানক অভিমান আসিল। স্থির করিলাম, আর একবার দীক্ষার জ্ঞ বলিয়া দেখি: এবারেও যদি গোস্বামী মহাশ্য পুর্বের ভায় 'পাক দেন' বা ওজর করেন. দম্ভর মত দশ কথা শুনাইয়া আসিব। কেন ? ব্রাহ্মধর্ম্মে সহস্র সহস্র লোককে তিনি ধে দীক্ষা দিয়াছেন, তাহাতে কি কথনও কাহারও অভিভাবকের মতামতের অপেকা করিয়াছেন ৪ তার পরে, যদি কোন এক পরিবারের কর্তা নাস্তিকই হয়, তাহা হইলে কি সে পরিবারত্থ কাহারও আর ভগবানের নাম লওয়ার অধিকার থাকিবে নাণ ্অভিভাবকের সম্মতি লওয়ার প্রয়োজন কি সর্বসাধারণের জন্ম, না. এ ব্যবহা শুধু আমারই পকে १

স্থল ছটির পর, সোজা একেবারে গোস্বামী মহাশয়ের নিকটে গিয়া উপস্থিত হইলাম। দাদাদের অনুমতি পাইলাম না জানাইতেই, তিনি আমাকে ঞ্চিজ্ঞাসা করিলেন---

তোমার বড দাদা কোথায় আছেন গ

আমি বলিলাম—বড় দাদা ( শ্রীযুক্ত হরকান্ত বন্দ্যোপাধ্যায় মহাশয় ) উত্তর-পশ্চিমাঞ্চলে क्यकावारम ग्रामिमहोग्हे मार्कन।

গোদাই। আচ্ছা, তুমি অনুমতির জন্ম তাঁকে লিখে দাও। তিনি ভোমাকে অনুমতি দিবেন। ব্যস্ত হ'য়ো না, সব ঠিক হয়ে আসুবে।

"যদি বড় দাদাও অনুমতি না দেন তবে কি হইবে?" একথা বলিতে আরম্ভ করামাত্রই শ্রীযুক্ত হরিচরণ চক্রবর্ত্তিপ্রভৃতি গোঁসাইয়ের কয়েকটি শিষ্য, আমার সে কথায় বাধা দিয়া, হাতে ধরিয়া আমাকে বাহিরে কইয়া গিয়া বলিলেন—"ও কি ৪ গোঁদাইয়ের কথার প্রতিকাদ কর্ছিলে ! ওতে যে অপরাধ হয়। উনি যা বললেন তাই কর, বড় দাদাকে লিখে দেও। উনি বধন বলেছেন. তথন নিশ্চয়ই তিনি অনুসতি দিবেন।" আমি একথা ভনিয়া অবাক হইলাম: হাসিও পাইল। ভাবিলাম—'হা ভগবান! এমন কুসংস্বাধী লোকও অধ্বার আক্ষমনাজে আসে'! যাহা হউক, কাহাকেও আর কিছু না বলিয়া বাষায় চলিয়া আসিলান ; এবং অস্থমতির জন্ত সমস্ত বিষয় পরিকার করিয়া বড় দাদাকে লিখিরা জানাইলান।

## সাধনলাভে বড় দাদার সন্মতি।

বড় দাদা, আমার পত্র পাইয়াই, কালবিলম্ব না করিয়া উত্তর দিলেন। গোস্বামী মহাশয়ের

য়য়য়য়য়ের নিকটে যোগসাধন গ্রহণ করিব শুনিয়া তিনি সম্ভোয়প্রকাশপুর্বক আমাকে,

মগাভাগ। উৎসাহ দিয়া, অয়মতি প্রদান করিয়াছেন। তবে পজের শেবাংশে তিনি
লিথিয়াছেন—"ভগবান্কে লাভ করিবার জন্ত তুমি ফে পথ অবলম্বন করিতে ব্যস্ত ইইয়াছ
তাহাতে আমার কোন আপন্তিই নাই, বরং সম্ভোম্বের সহিত উৎসাহই দিতেছি। কিন্তু মা
আমাদের বর্তমাম আছেন; স্ক্তরাং এ বিষয়ে শুধু আমাকে জিজ্ঞাসানা করিয়া মা'রও
অয়্মতি লওয়া উচিত।" পর্থানি পড়িয়া, তৎক্ষণাৎ আমি গোস্বামী মহাশয়ের
নিকটে উপস্থিত ইইলাম। দাদার পত্রের মর্ম্ম বলাতে তিনি উহা সকলের সমক্ষেই পড়িয়া
শুনাইতে বলিলেন। শুনিয়া সকলেই দাদার খুব প্রশংসা করিলেন। গোস্বামী মহাশয়

এই পত্রথানা তোমার দলিল, বেশ যত্ন ক'রে রেখে দিও। এবার তোমার প্রায় সমস্তই শেষ হ'য়ে এল। আর একটি কাজ বাকী আছে। কুসটি হলেই সব হয়। তোমার দাদা তোমার মা ঠাক্রণের অন্থমতি নিতে লিখেছেন। এখন তুমি একদিন বাড়ী যেয়ে মা'র অন্থমতি নিয়ে এস। তাহ'লেই হয়।

আমি বলিলাম, যোগের কথা ভন্লে মা আমাকে কথনও অত্মতি দিবেন না। একেই তিনি মনে করেন, আমি ধির্মধর্ম ক'লে সংসার ছেছে চলে যাব "।

গোঁদাই বলিলেন---

তোমার মা'কে যোগ টোগ ৰ'ল না; 'সাধন নিব'—এই শুধু ব'ল। তা হ'লেই তিনি অমুমতি দিবেন।

গোঁসাইরের কথা শুনিয়া ভাবিতে লাগিলাম— এখন কি উপারে বাড়ী যাই ? বাড়ী যাইতে চাহিলেই তো দাদারা জিজ্ঞাসা করিবেন "কেন?"। তাঁহা ভইলেই

তো সব কথা গোপন না রাধিয়া বলিতে হইবে'। বাড়ী যাওয়া যে এ সময়ে আমার পক্ষে কত শক্ত, একবার তাহা গোঁসাইকে জানাইতে ইচ্ছা হইল। এ সময়ে অনেকঞ্জল লোক আসিয়া পড়াতে সে সুযোগ ঘটল না। আমি বাসায় চলিয়া আসিলাম।

## বোক্সসমাজে সাংবৎসবিক উৎসব।

আজ বাংসরিক উৎসব উপলক্ষে ব্রাহ্মসমাজ স্ত্রীলোক পুরুষে পরিপূর্ণ। মন্দিরে ও চতুর্দ্ধিকের প্রাঙ্গণে লোক আর ধরে না। গোস্বামী মহাশয় নিজ আসনহইতে উঠিয়া আসিয়া উপাসনা করিতে বেদিতে বসিলেন। শারদীয় পূজার আগমনে, পূজা আসিতেছে মনে করিয়া, দেশক্ষ লোকের যে কেমন একটা আনন্দ উৎসব ও উল্লাসের উদয় হয় তাহা বর্ণনা করিয়া, তিনি উপাসনার পুর্বেই সকলের ভিতরে একটা আশ্চর্য্য ভাবের সঞ্চার করিয়া দিলেন। উপাসনা করিতে বসিয়া হ'চার কথা বলিয়াই, ভাবে ঢলিয়া ঢলিয়া পছিতে লা গিলেন—

এই মা ৷ এই যে আমার মা এসেছেন ৷ মা আমার আজ তাঁর কাঙ্গাল ছেলেদের খাওয়াতে প্রসাদের থালা হাতে নিয়ে এসেছেন। মা আমাকে প্রসাদ নিয়ে সাধছেন। মা. আজ আমি একা পাব না: সকলকে ভমি হাতে ধরে তোমার প্রসাদ দাও, তবে আমি পাব।

এই সব বলিয়া, ভগবানকে সাক্ষাৎ প্রত্যক্ষ করিয়াই যেন, গদগদ ভাবে, করজোড়ে, কাঁদ কাঁদ খবে গুৰ-শুভি করিতে লাগিলেন। গোখামী মহাশয়ের প্রত্যেকটি কথার, প্রত্যেকটি শদের সঙ্গে সঙ্গে তাঁহার শরীর রোমাঞ্চিত হুইতে লাগিল। অবাক্ত একটা ভাবে সকলকে একেবারে অভিভূত করিয়া ফেলিল। মন্দিরের বাহিরে, ভিতরে, চতুর্দ্দিকে ভাবোচ্ছাদের 'হুঁ হুঁ' শব্দ পড়িয়া গেল। স্ত্রী পুরুষের মধ্যে কারার রোল উঠিল। ঐীযুক্ত ডাক্তার পি, কে, রায়-প্রমুথ হ'চার জন গণ্য মাক্স পদত্ব ব্রাহ্ম, গোলমাল থামাইতে, "থামুন, থামুন, চুপ করুন, চুপ করুন" বলিয়া চীৎকার করিতে আরম্ভ করিলেন। তথন কে আর কার কথা শুনে? বেগতিক দেখিরা শ্রীযুক্ত চক্রনাথ রায় হার্মানির্দে হুর চড়াইরা গান হুক করিরা দিলেন। এদিকে গোস্বামী মহাশন " জৈতা মা, জতা মা" বলিয়া বেদিহইতে লাফাইনা পড়িলেন। উচ্চ

মংকীর্তন আরম্ভ হইল, গোস্থামী মহাশয় নৃত্য করিতে লাগিলেন। চতুদ্দিকে বালক-বৃদ্ধুবিদ্ধা স্থানে স্থানে বৈহঁ দ ইইয় পড়িলেন। ছয়ায় গর্জন ও বিচিত্র ভাবোচ্ছাদের ধবনিতে ব্রাক্ষমন্দির পরিপূর্ণ হইয় উঠিল। ত্রীলোক পুরুষ সকলেই আম্ব এই মহোৎসবে মাতিরা গেলেন। কতকণ এই ভাবে কাটিয়া গেল, জানি না। অবশেবে গোস্থামী মহোশয় "হ্রিত্রোকা, হরিত্রোকা। হিলুর হাত, হিলুর হাত।" বলিয়া হন্তথারা সকলের মন্তক ম্পার্শ করিয়া ঘ্রিতে লাগিলেন। তাঁহার ম্পার্শমাত্র, বাঁহারা নৃত্য করিতেছিলেন বিয়য় পড়িলেন, বাঁহারা চীৎকার করিতেছিলেন শান্ত ইইলেন, এবং বাঁহারা সংজ্ঞা হারাইয়াছিলেন তাঁহাদেরও বাহ্মফুর্তি ইইল। অপুর্বা, আশ্চর্যা দৃশ্রা। দেখিতে দেখিতে ব্রাক্ষমন্দির প্নরায় শান্ত, ন্তর্ক ও গন্তীর ভাব ধারণ করিল। আবার গোস্থামী মহাশয় বেদিতে উঠিয়া বিদিলেন। অন্তকার এই ভাষাতীত, নীরব উপাসনার ভাব ব্যক্ত করিবার উপায় নাই। ভবিয়াতে ম্বরণার্থ এ ব্যাপারের অতি সামান্ত একটু আভাস মাত্র এ স্থলে লিপিবন্ধ করিয়া রাখিলাম। এরূপ ব্যাপার ব্রাক্ষমন্দিরে আমি আর ইতঃপূর্ব্বে কথনও দেখি নাই।

#### গোঁদাইয়ের উপদেশ—প্রার্থনার প্রকারভেদ।

আজ গোস্বামী মহাশয় বেদিতে বসিয়া উপদেশ দিতে লাগিলেন—

ধর্মকে জীবনে দৃঢ়তার সহিত অবলম্বন না করিলে, উহা কথনও টে কৈ না, বেশী দিন স্থায়ী হয় না। পরমেশরকে আমরা এই চারপ্রকার অবস্থায় ডাকি। জল, বায়ু, আহার উন্তাপাদি দ্বারা যেমন এ দেহের রক্ষা হয়, পৃপ্তি হয়; কোনটির অভাব হইলেই যেমন দেহ স্বভাবহইতেই তাহা চায়, না পাওয়া পর্যান্ত স্থির হইতে পারে না; সেইপ্রকার আত্মার কল্যাণের জন্ম, আত্মার উন্নতির জন্ম পরমেশরের উপাসনাও প্রয়োজন হয়। আত্মা স্বভাববশতঃই পরমেশরকে ডাকে, তাঁর উপাসনা করে; না হ'লে দ্বির হ'তে পারে না। পরমেশরের কাছে কোন আশা নাই, প্রার্থনা নাই; মুক্তিও চাই না, ভক্তিও বুঝি না। তিনি প্রাণের প্রাণ, তাঁকে না ডেকে পারি না, তাই তাঁকে ডাকি; এই প্রকার স্বভাবহ'তে যে তাঁকে ড়াকা, ইহা বড়ই তুক্ক ভ এবং ইহাই সর্কোৎক্ষিট।

অভাববোধেও আমরা ভগবানকে ডাকি। কোনও একটা বিষয়ে তেমন অভাববোধ হ'লে, তাহা পুরণ করবার জন্ম যখন কাহাকেও পাই না নিজের অভাব ক্লেশ দর করিতে নিজের বিছা-বৃদ্ধি চেফ্টা-সামর্থ্য যখন একেবারে পরাস্ত হ'র্যে যায়, তখন চারিদিক্ অন্ধকার দেখে তাঁরই শরণাপন্ন হই, তাঁকেই ডাকি। এই ভাবে ভগবানকে ডাকাও ভাল: ইহাতেও জীবনের যথেক্ট কল্যাণ হয়। কিন্তু অভাবে পড়ে তাঁকে ডাক্লাম, অভাব পুরণ হ'ল, আর তাঁর সঙ্গে কোনও সম্পর্কই রইল না: রোগের যন্ত্রণায় পড়ে ডাক্লাম, রোগ আরোগ্য হ'ল, আর তাঁকে ভূলে গেলাম—এই প্রকার হ'লে, এই ভাবে ডাকায়, জীবনের কোন উপকারই হয় না। পরে কুভজ্ঞতা থেকে গেলেই মঙ্গল, না হ'লে সমস্তই বথা।

জিজ্ঞাস্থভাবে সংশয়নিবৃত্তির জন্মও আমরা ভগবানকে ডেকে থাকি। 'শুনতে পাই ধর্মা ব'লে একটা বড়ই আশ্চর্যা জিনিষ আছে; ধর্ম্মকর্মা করলে, ভগবানকে ডাক্লে কোন ক্লেশিই থাকে না, কোনরূপ অশাস্তি নাকি অন্তরকে স্পর্শ করে না। আচ্ছা, একবার ধর্ম্মকর্ম্ম ক'রে, জপ-তপ ক'রে, ভগবান্কে ডেকে দেখাই যাক না কেন, সত্যই তাই কি না। হিন্দুধর্ম অপেক্ষা আক্ষাধর্ম নাকি ভাল। আচ্ছা, দিনকতক সমাজে গিয়ে দেখিই না কেন গ লোকে ধর্ম্ম ধর্ম্ম ক'রে কত স্বার্থত্যাগ করছে, কত অপমান নির্য্যাতন যন্ত্রণা ভোগ করছে! এর ভিতরে একটা কিছু আরামের বস্তু থাক্তেও পারে। আচ্ছা, একবার চেষ্টা ক'রে দেখাই যাক্ না কেন এতে কিছু আছে কি না"—এই ভাবের লোকই আজ কাল অধিক। এদের প্রার্থনা উপাসনাপ্রভৃতি সমস্তই সন্দেহে পরিপূর্ণ। ভগবান্কে পরীক্ষা-করিতে যেন ইহাঁরা আসেন। শ্রন্ধা-ভক্তিশূন্য সংশ্যাপন্ন মনে এসব লোক ভগবান্কে ডেকে কোন ফলই পান না।

অমুকরণের ভাবেও আমরা ভগবান্কে ডেকে থাকি। ' যাঁরা ধার্ম্মিক, লোকে ভাঁদের কেমন একটা সম্মান করে; ধার্ম্মিক লোককে সকলেই কেমন বিশাস করে! একটু ধর্ম কর্মের অমুষ্ঠান কর্লে, ভগবানের নাম নিলে, লোকসমাজে ৰদি একটা প্ৰতিষ্ঠা হয়, ক্ষতি কি ? মামুষ সম্মানলাভের জন্ম কতই তো করে! আঁমি যদি একটু ধর্মের অমুকরণই ক'রে, কীর্ত্তনাদিতে ছ'চারবার 'হরিবোল' ব'লে, চীৎকার কর্লে ও লক্ষ ঝক্ষু দিলে, বা উপাসনাতে একটু চোথের জ্বল ফেলিলেই সেই সমান পাই, লাভ বই লোকসান তো কিছুই নাই। একবার দেখাই যাক্ না, ক'রেই দেখি না ?' এইপ্রকার কপটভাবে ধর্মের অমুকরণ করা অতি নিক্ষট। ইহাতে কল্যাণ তো কিছুই হয় না, বরং আত্মার অনিষ্ট হয়।

#### সাধনলাভে মায়ের অনুমতি।

উৎসবান্তে, একদিন সন্ধার পর ছোট দাদা বলিলেন যে, 'কতকগুলি প্রয়োজনীয় জিনিষ বাডীতে লইয়া যাইতে মেজ দাদা বলিয়া পাঠাইয়াছেন। আগামী কলাই সে সমস্ত লইয়া তোমাকে বাড়ী ঘাইতে হইবে'। আমার প্রতি ভগবানের কি আশ্চর্য্য ক্রপা। প্রদিনই সকালে বাড়ী রওনা হইলাম। এ দিকে বাৎসরিক উৎসবও শেষ হইল। এই উৎসবেই আমি উপবীত ত্যাগ করিয়া প্রাহ্মধর্মে দীক্ষা গ্রহণ করিব, সর্বতে ইহা রাষ্ট্র হইয়া পড়িয়াছিল। শ্রীযুক্ত রন্ধনীকান্ত ঘোষ, ডাক্তার পি কে রায় এবং নবকান্তবাব-প্রভৃতি জনেকে জামাকে উৎসাহ দিয়া বলিয়াছিলেন, " আহ্ম হইলে যদি দাদারা লেখা পড়ার থরচ বন্ধ করেন, আম্মরা ্তোমার সমস্ত বায়ভার বহন করিব।" মাতা ঠাকুরাণীও মনে করিয়া রাথিয়াছিলেন— এবার আমি একটা কিছু করিব। অকলাৎ অসময়ে বাড়ী পৌছিলাম দেখিয়ামা একটু বিশ্বিত ছইলেন। গলায় নজর করিয়া পৈতা দেখিতে পাইয়া ঠাওা হইলেন। অবসরমত, প্রদিম মাতা ঠাকুরাণীর আহ্নিকাত্তে পায়ে পড়িয়া প্রণাম করিয়া বলিলাম—িমা. আমি দীকা মিব. আমাকে অনুমতি দাও।' শুনিয়াই মা কাঁপিয়া উঠিলেন, বলিলেন—' তই কি পৈতা ফেলে ব্রাহ্ম হ'বি १' আমি বলিলাম-"না, মা: আমি গোঁসাইয়ের কাছে সাধন নিব। তুমি আশীর্কাদ ক'রে অনুমতি না দিলে তিনি আমাকে সাধন দিবেন না।" এই বলিয়া, আবার লুটাইয়া পড়িয়া মা'র পা হ'টি জড়াইয়া ধরিলাম। মা তথন আমার মাথায় হাত বুলাইয়া আশীর্কাদ করিয়া বলিলেন—" আমি তো নিজে আর ধর্ম-কর্ম কিছুই কর্তে পারলাম না। তোরা যদি করিস, নিষেধ করব কেন ৪ তুই ধর্ম কর্ম কর, সাধন-উজন কর, আমার তাতে খুব অনুমতি আছে, আমার তাতে খুব আনন্দ। তুই পৈতাটি ফেলিস না. আর.

আমি যতকাল জীবিত আছি, নিরুদেশ হ'রে বাস্ না— এইটি করিস্। সংসারে থেকেই ধর্ণ-কর্ম কর। তগবান তোর মনোবাঞা পূর্ণ কর্বেন। আমিও তোকে এই আশীর্কাদ করি।"

মাতা ঠাকুরাণীর চরণ-ধৃলি লইয়া আমি ঢাকা রওনা হইলাম। বথাকালে গোভামী মহশিয়ের নিকটে পৌছিয়া সমত কথা কানাইলমি। তিনি পুব সভোষপ্রকাশপূর্কক বলিলেন—

বেশ হয়েছে। তুমি বৃহস্পতিবার ভোরে সান ক'রে এস, তা হু'লেই হবে।
এই কথাট গোলামী মহাশয়ের মুধহইতে বাহির হওয়া মাত্র, 'পাছে আবার কোনও
পাকচক্রে ফেলেন' এই ভাবিয়া, আর মুহূর্তমাত্র বিশ্ব না করিয়াই বাসায় চলিয়া
আসিলাম।

#### আমার দীকা।

মনের উদ্বেগে সারারাতি ভাল নিদ্রা হইল না। শেষরাতে আ টার সময়ে উঠিয়া,
হরাপৌষ, মুশতিবার,
কুঞাপঞ্চমী,
উপস্থিত হইলাম। শুনিতে লাগিলাম—গোস্বামী মহাশয় করতাল
১২৯৩। বাজাইয়া ভোর-কীর্তুন করিতেছেন। "জয় জ্যোতির্ম্ময়, জয়পাশ্রার,
জীবগণ-জীবন শ—এই গানটি গাইতে গাইতে, এক একবার ভাবাবেশে তিনি রুদ্ধকণ্ঠ
হইয়া পড়িতে লাগিলেন। আমি কিছুক্ষণ ঘারে বিদয়া রহিলাম। কীর্তুনাতে
গোস্বামী মহাশয় বাহিরে আসিলেন; এবং আমাকে সমূথে দেখিতে পাইয়া হাসি-মুখে

এত ভোরে এসেছ ? তা বেশ হয়েছে। এখন সমাজে গিয়ে ব'সো। একটু বেলা হোক্; পরে, শুভক্ষণ বুঝে তোমাকে ডেকে নিব।

আমি সমাজ-ঘরে আসিয়া বসিলাম। প্রার এক ঘণ্টা পরে গোরামী মহাশর আমাকে ডাকিলেন। গোরামী মহাশরের কাছে উপস্থিত হওরামাত্রই তিনি আসনহইতে উঠিয়া বলিলেন—" ভ্রুলে, উপাত্রে আই ু সেইখালে কাজে হবে।" মানি গোরামী মহাশরের পশ্চাৎ গল্গাং চলিলাম। ত্রীযুক্ত অনাধ্বন্ধ মৌলিক, ত্রীধর ঘোর, স্থামাকাক্ত চট্টোপাধ্যার মহাশরেরাও আমাদের সঙ্গে চলিলেন। দোতলার প্রের ঘরে প্রবেশ ক্রিয়া দেখিলাম, ঐ ঘরের দক্ষিণ-পূর্ক কোণে হুখানা আসম পাতা রহিয়ছে।

গোৰামী মহাশয় দেওয়াল বেঁবিয়া পশ্চিমমুখো হইয়া বসিলেন, এবং তাঁহার সন্মুখে প্রায় থা কট অন্তরে অন্ত আসনে আমাকে বসিতে বলিলেন। গোলামী মহাশয়ের কন্তা শ্রীমতী শান্তিকথা এই সময়ে ধুমুচিতে করিয়া আগুণ আনিয়াদিল। গোসামী মহাশয় ধুপ-ধুনা-গুণগুল-চল্দাদি অগ্নিতে পুন: পুন: নিকেপ করিয়া, করজোড়ে বারংবার নমস্বার করিয়া, স্থিরভাবে বসিয়া রহিলেন। অবিরল ধারে তাঁহার গণ্ড বহিয়া অঞ্জল পড়িতে লাগিল। এখন কিছক্ষণের মত গোস্বামী মহাশয় বাছজ্ঞানশভা থাকিবেন অনুমানে, ব্যাকুল অন্তরে, কাতর ভাবে, আম মনে মনে ভগবানের চরণে প্রার্থনা করিতে বাগিলাম।—" হে জ্ঞানস্বরূপ, জাত্রত পুরুষ, তে সর্কাশকী, সর্কাব্যাপী, দীন-জনের একমাত্র গতি পরমেশ্বর, তে পতিতপাবন দয়াময় প্রাভূ. তোমাকে আমি বিখাস করি আর না করি, ভূমি এখানে আছে. আমার অন্তরের সমস্ত অবস্থাই দেখিতেছ। বহুকালহইতে তোমার চরণলাভ করিবার আকাজ্ঞা বৃদ্ধি করিয়া দিয়া, দিন দিন তুমি আমাকে অন্থির করিয়া তুলিয়াছ, নানা-প্রকার বিম্ন বিপৎ স্বাষ্ট্র করিয়া, ভূমিই দয়া করিয়া তাহাহইতে আবার আমাকে উদ্ধার করিয়াছ। প্রভু, যেমন আশা দিয়াছ, ফলও তেমনই দিও। তোমাকে লাভ করিবার উপায় আমি কিছুই জানি না। প্রভা, তুমি সর্ব্বটে পূর্ণরূপে বর্তমান। আজ গোসাইয়ের ভিতরে ভূমি থাকিয়া আমাকে দীক্ষা দাও। তোমার শ্রীচরণ লাভ করিবার পথ ভূমিই আমাকে বলিয়া দাও। এখন আমি আমাকে তোমার শাস্তিপ্রদ অভয় চরণে সমর্পণ করিলাম। ছে সর্বশক্তিমান, সত্য-স্বরূপ, পুরাণ পুরুষ, এ সময়ে গোস্বামী মহাশয়ের মূপে তুমিই আমাকে সাধন দাও। তাঁর ঐ মুখে তুমিই আমাকে তোমার সর্বাপেক্ষা প্রিয় নাম বলিয়া দাও। এখন গোঁসাইরের মুখের প্রত্যেকটি শব্দ তোমারই অল্রান্ত বাণী বলিয়া আমি গ্রহণ করিব। • তোমার এচরণে আমার এই প্রার্থনা বিষয়ে তুমিই আমার একমাত সাক্ষী রহিলে। স্বয়ং ভূমিই আমাকে আল দীকানা দিলে গোঁদাইলের মূথ অকলাৎ বন্ধ হইয়া পড়ক। আন কি বলিব, ভূমিই আমাকে দয়া কর।"

প্রার্থনান্তে, নমন্বার করিরা, চাহিরা দেখি—গোরামী মহাশর পুন: পুন: শিহরিরা উঠিতেছেন, তাঁর কলেবর কটকিত হইতেছে। করন্বোড়ে গদগদ স্বরে—'নমস্ত স্থৈ নমস্ত স্থানি স্থো করিরা পড়িতেছেন। পরে, করেকবার গার্বার মন্ত্র উচ্চারণ করিরা, ও নমস্তে সতে তে জগৎকার্মশাহ্র, নমস্তে চিতে সর্কাকোকাশ্রহায়। নমোহবৈত্ত জ্বায় মুক্তিপ্রসাহ্রা,

নমো ব্রহ্মণে ব্যাপিনে শ্বাশ্বতায়। ব্রম্কং শরণ্য ক্রমেকং ব্রেণ্য ক্রমেকং জগৎপালকং স্থাকাশম্— এই তবটি পাঠ করিলেন। মতঃপর, "জেয়গুরুত, জেয়গুরুত, জয়গুরুত," কয়েরবার বলিয়া, কাদিতে কাদিতে একেবারে সংজ্ঞাশৃত হইলেন; কতকল এই অবস্থায় থাকিয়া, ভাব-সংবরণ পূর্বক, মাথা ভূলিয়া ধীরে ধীরে আমাকে বলিলেন—

পর্মহৎসজী \* দ্যা ক'রে তোমাকে এই মন্ত্র দিচ্ছেশ—
তুমি প্রহল করা — এই বলিয়া আমাকে অপ্রান্ত হর্লভ মন্ত্র প্রদান করিলেন
এবং নামের অর্থ পরিষার করিয়া ব্রাইয়া দিলেন। তৎপরে, শান্ত্রদন্মত গুরুমুখী প্রাণায়াম
দেখাইয়া দিয়া, বলিলেন, এইরূপ করতো। আমিও ঐপ্রকার করিতে লাগিলাম।
গোঁসাই তথন উল্ভেখ্যে 'জ্যুগুরুহু ক্রুগুরুহু বলিতে বলিতে, ভাবাবেশে
ক্ষম্বর্গ হইয়া সমাধিত্ব হইলেন। সংজ্ঞালাভের পর বলিলেন—প্রতিদ্দিন দুণ্টেলা
এইরূপ করতে চেন্তা কণ্টরো।

আমাকে আর সাধনের কোন উপদেশই দিলেন না। আমিও মনে মনে নাম জপ করিতে করিতে ঘরহইতে বাহির হইয়া আদিলাম। শুনিলাম—এ পর্যান্ত গোস্থামী মহাশয়ের নিকটে আমা অপেকা বয়েদ ছোট কেবলমাত্র ফণিভূষণ থোষ (প্রীযুক্ত কুঞ্জ খোষ মহাশয়ের পুত্র )ও গোস্থামী মহাশয়ের কনিষ্ঠা কয়া 'কুত্বজী' (প্রীমতী প্রেমনথী)—এই হুই জন দীকালাভ করিয়াছেন। আমার দীকার সময়ে প্রীযুক্ত প্রীধর থোষ মহাশয় "আমি বেন বীয়াধারণ করিতে সমর্থ হই" এই সংকলে অতি ঝাকুল ভাবে প্রার্থনা করিলেন। গোস্থামী মহাশয় দীক্ষা প্রদানকালে দীক্ষার্থীর ভিতরে অব্যক্ত এক শক্তি সকার করিয়া থাকেন, সর্ব্রেই এই কথা প্রচারিত আছে; কিন্তু আমার মধ্যে কোনও শক্তি সঞ্চার ও ভাবের অন্ত্র্যায়ী মন্ত্র লাভ করিয়া আমার একটা থুব আনন্দ হইল।

## সাধনে বৈঠক।

দীক্ষাগ্রহণের পরে খন খন গোঝামী মহাশদের কাছে হাইতে লাগিলাম। সুল-কলেজের
হাত্র ও আফিন-আদালতের বাবুরা অনেকেই প্রত্যহ অপরাত্রে গোঝামী
১০১৮ গালের
মহাশদের নিকটে আসিয়া উপস্থিত হন। প্রচারকনিবাদে পূবের
্কোঠা'র উত্তর-পূর্ক কোণে গোঝামী মহাশদের আসন। মধ্যাতে ও

গোরাই'এর গুরুদেব, কৈলাস্ম্মীপন্থ মানস্ক্রোবরবারী ঐলীমৎ ক্রহ্মান্দ গর্মহংস্ত্রী।

বিকালে যথনই যাই, গোৰানী মহাশয় স্বীয় আসনে স্মাথের দিকে অনিমেষ নয়নে চাহিয়া, কর্থনও বা চকু মুদ্রিত করিয়া ধ্যানস্থ অবস্থায়, নিম্পালভাবে বসিয়া আছেন, দেখিতে পাই। শ্রীযুক্ত আশানন্দ বাউল ও শ্রীমৎ রামক্লঞ্চ পরমহংস মহোদয়ের অনুগত ভক্ত শ্রীযুক্ত কেদারবাবু প্রতিদিনই বিকালে গোস্থামী মহাশরের নিকটে আসেন। গোস্থামী মহাশয়ের সম্মধে ও দক্ষিণ পার্ষে উহাদের বসিবার জন্ম নির্দিষ্ট আসন আছে। গোসাই ধ্যানত থাকিলেও উহার। কৃষ্ণকথা আরম্ভ করিয়া দেন: কথনও বা রাধাপ্রেমের গান বা গৌরকীর্ত্তন জড়িয়া দেন। ক্রমে গোস্বামী মহাশয়েরও ধ্যানভঙ্গ হয়। বাউল বৈফাবদের এই সব গানে গোস্বামী মহাশ্যের ভাবোচ্ছাদ দেখিলে, আমাদের তাহা ভাল লাগে না; স্থতরাং একটু ফাঁক পাইলেই আমরাও অমনই উচ্চ কঠে এক্সদংকীতন আরম্ভ করিয়া দেই। বৈফবেরাও ঐ সময়ে ধীরে ধীরে সরিয়া পড়ে। সন্ধাপর্যান্ত এই ভাবেই যায়। স্ক্রার পরে গোস্বামী মহাশয় কয়েক মিনিটের জভ্য শৌচে যান। পরে আসনে আসিয়া ধুপ ধুনা জালিয়া নিজে করতাল বাজাইয়া সন্ধাকীর্ত্তন করেন। এই কীর্ত্তনের পরেই দরজা বন্ধ হয়। গোসামী মহাশয়ের অভুগতশিষ্যগণ-ব্যতীত তথ্ন প্রচারক-নিবাদে অপের কোনও লোক থাকিতে পারেন না। গোস্বামী মহাশ্র মধ্যে মধ্যে আমাকে বৈঠকে\* যোগ দিতে বলিয়াছেন; তদমুদারে আমিও 'বৈঠকে' বদি। প্রাণায়াম আরম্ভ ছওয়ার প্রেইে গোঁদাই আমাকে তাঁহার সমূথে হ'হাত অন্তরে বসিতে বলেন। প্রায় সাড়ে সাতটা আটটার সময়ে প্রাণায়াম আরম্ভ হয়; এবং অবিচেছদে এক ঘণ্টা প্রাণায়ামের পর একটি দঙ্গীত হয়। ইহার পরে আবার প্রাণায়াম চলে। এই প্রকার তিনবার প্রাণায়াম করিতে আমাদের প্রায় আভাই ঘণ্টা কি তিন ঘণ্টা অতিবাহিত হইয়া যায়। তথু প্রাণায়ামে মনোযোগ পড়িলেই গোঁলাই আমাকে নামে চিত্ত স্থির রাখিতে বলেন। বাহিরে প্রাণায়াম, অস্তবে নাম-ইহা কিছতেই আমার হইতেছে না। 'বৈঠকে' গোঁদাইশিশুদের নানাপ্রকার ভাবোচ্ছাদ, এবং গোখামী মহাশয় যে অশ্রপূর্ণ নয়নে ও গদগদ স্বয়ে—জহ্ম বারদীর ব্রহ্মচারীজী। জহ্ম রামরুষ্ণ প্রমহংসজী ৷ জয় মাতাজী ৷ জয় গুরুদেব, জ্বা গুরুত্দেব !—বলিতে বলিতে সমাধিস্থ হইয়া পড়েন তাহা দেখিতে আমার বড ই ভাল লাগে। 'বৈঠকে'র সময়ে ঐ সব মহাত্মাদের নাকি আবিভাব হয়; গোঁসাই-শিত্মগণের মধ্যে কেহ কেহ তাহা দর্শন করিয়া সংজ্ঞাশৃক্ত ইন। আমি কিছ কিছুই দেখি না; তবে গোস্বামী মহাশয়ের মুখের প্রত্যেকটি শব্দে আমার শরীর রোমার্কিত হইরা উঠে:

ভিতরে কেমন যে একটা অবস্থা হয় তাহা প্রকাশ করিতে পারি না। বথার্থই মহাপুরুবদের আবির্ভাব হর কি না, সেম্বন্ধে অনুস্থান নিতে প্রব্দ কৌতুহল জারিল। এই সমরে করেকদিন উপর্যুগরি আমাকে 'বৈঠকে' উপন্থিত হইতে দেখিয়া, গোলামী মহাশর বর্গিলেন—ছাত্রাবাহ্যার মনোহোগা ক'রে পাড়াগুলা করাই সাক্ষপ্রধান কর্তব্য। সপ্তাহে একদিন ভূমি বৈতক যোগ দিপ্তে, তা হ'কোই হবে। গোলামী মহাশরের কথামত সপ্তাহে একদিন মাত্র বৈঠকে যোগ দিতে লাগিলাম।

## ইহা কি যোগশক্তি ?

ছোট দাদার একটি বন্ধুর মাতৃবিয়োগ হইল। তাঁহার নিকট ঘটনাট গোপন রাথিয়া তাঁচাকে বাড়ী পৌচান আবহাক হটল। আমি তাঁচাকে লইয়া তাঁচার বাড়ীতে উপস্থিত হইলাম। মাতার মৃত্য হইয়াছে শুনিয়া, তিনি কাঁদিতে কাঁদিতে মার্চিত হইলেন। বাড়ীর সকলের মরা-কালার রোলে আমার প্রাণ অস্থির হইয়া উঠিল। ভাবিলাম---আমার মাও যদি অকলাৎ মরেন, কি করিব ৪ মা আমার মৃত্যুশ্যায় পড়িয়া আছেন, এইপ্রকার একটা উদ্বেধ্যে আমি ব্যস্ত হট্যা পড়িলাম, এবং মাকে দেখিতে অমনি বাড়ী রওনা হট্যাম। প্রায় পাঁচ ক্রোশ পথ ঠাটিয়া বাজীতে পৌছিয়া দেখি--বিষম ব্যাপার। পাডার প্রায় সমস্ত লোক আমাদের বাড়ীতে আছেন এক একস্থানে হ'চার জন বসিয়া বসিয়া গালে হাত দিয়া কাঁদিতেছেন। আমাকে দেখিয়াই তাঁহারা বলিলেন—'মা তো চললেন। এমেছিস. ভাল হ'য়েছে। একবার গিয়ে মা'কে এ সময়ে দেখে নে'। রাস্তার ক্লেশে শরীর আমার অবস্য, তার উপরে মাকে ছটফট করিতে দেখিয়া একেবারে হতাশ হইয়া আমি কাঁদিতে লাগিলাম। মনে হইতে লাগিল—এ সময়ে গোঁসাই যদি মাকে আমার রক্ষা করেন তবেই ভরসা, না হ'লে আবে আশা নাই। আমি গোঁ<mark>সাইকে শ্বরণ</mark> করিয়া আকুল অন্তরে প্রার্থনা করিতে লাগিলাম। গোঁসাইয়ের নিকটে ছুটিয়া ঘাইতে ইচ্ছা হইল। কিছুক্ষণ যাইতে না যাইতে আমার একটি ভ্রাতৃপুত্রীরও ভেদ-বমি আরম্ভ হইল। ডাক্তার আসিয়া বলিলেন—'মা'র আর আশা নাই, কিন্ত ভ্রাতুপুত্রীর এখনও জীবনের আশা আছে'। কলেরা রোগের কতকগুলি ঔষধের ফর্দ তিনি করিয়া দিলেন; কিন্তু পাড়াগাঁরে তাহা জুটিল না। গোঁসাইয়ের নিকটে উপস্থিত হওয়ার এই **স্থবো**গ ব্রিয়া, ঔষ্ধ আনার উপলক্ষে মাকে ফেলিয়া আমি অবিলম্বেই ঢাকায় রওয়না ত্ইলাম।

ভাকার পৌছিয়া, সোজা একেবারে আদ্মদাজে গোসাইয়ের নিকটে গেলাম। গোঁসাই আমাকে দেখিবামাত্র বলিলেন—কি ? তুমি এ সময়ে এখানে ? বাড়ী যাও নাই ? ওঃ. বাড়ী থেকে এলে বুঝি ?

আমি বলিলাম-এইমাত্র বাড়ী থেকে আস্ছি।

্র গোঁদাই। কেমন, অবস্থা কিরকম 🤊

আমি বলিলাম-মা'র ও একটি ভাইঝির কলেরা হ'য়েছে।

গোঁদাই। ভুমি উষধ নিতে এসেছ ?

আমি। ই।।

গোঁদাই। তা হ'লে তোমার আর বিলম্ব করা উচিত নয়। মেয়েটি কি ছোট ? আমি বলিলাম—সাত আট বংসরের হবে।

গোঁনাই গুনিয়া 'আহা আহা ' করিয়া গুংথপ্রাকাশপূর্ব্বক চোথ বুজিলেন; এবং ক্লেশ-স্টক 'উ: ! উ: !' শব্দ করিয়া গু তিন মিনিট স্থির হট্যা রহিলেন। আমি এই অবসরে মাতা ঠাকুরাণীর আবোগালাভের জভা মনে মনে গোঁনাইবেয়র নিকটে প্রার্থনা করিশাম। গোঁনাই, চোথ মুছিয়া, সমেহে আমার দিকে চাহিয়া বলিলেন—

মা'র জন্ম বাস্ত হ'য়ে। না। ওযুধ নিয়ে যাও; ওতে গ্রামবাদীদেরও উপকার হবে।

আমি তাড়াতাড়ি উষধ লইয়া বাড়ী রওনা হইলাম। সমন্ত পথটি কেবল গোঁদাইয়ের কথাই ভাবিতে লাগিলাম। এ সময়ে আমি বাড়ী ছাড়িয়া রহিয়াছি দেখিয়া গোঁদাই বিশ্বয় প্রকাশ করিলেন কেন ? আর, আমি যে বাড়ী ছইতে আদিয়াছি তাহাই বা তিনি জানিলেন কি প্রকাশ ? 'কেমন ? অবস্থা কি রকম ?'—কিছু না জানিলে, এরূপ প্রশ্নই বা করিবেন কেন ? মেয়েটর কথা শুনিয়া যেরূপ ভাব প্রকাশ করিলেন তাহাতে তো মনে হয় মেয়েট আর নাই। 'উষধে পাড়ার লোকের উপকার ছইবে বলিলেন অথচ মেয়েটর কথা বলিলেন না। ইহাতে এই উষধ যে মেয়েটর আর প্রয়োজনে লাগিবে না, ভাহাই তো প্রকারাশ্তরে জানাইলেন। মা'র জন্ম বাস্ত হইতে বারণ করিলেন। তবে কি মা আমার ভাল ছইবেন? দেখা যা'ক এদর কথা কতদ্র ঠিক হয়। আমি জ্বত-গতিতে বাড়ী পৌছিবামাত্রই শুনিলাম—সকালেই মেয়েট মারা গিয়াছে আরে মা'র অবস্থা এখন ভালর দিকে ফিরিয়াছে।

ঐ দেখ নন্দী ভক্ষী। মনে করেছিলাম, ওরা কেউ নয়। পাগলার সঙ্গে ওরা যে এদিকে আসতে। চমকিত ভাবে হ'চার পা পশ্চাতে সরিয়া, সন্মধের দিকে দৃষ্টি\_স্থির রাধিয়া, করজোড়ে কম্পিত কলেবরে, নম্ফার করিতে করিতে বলিতে লাগিলেন---জারুমা। জারু মা। সকলে দেখা আমার মা এসেছেন। ধন্য মা, ধন্য মা। আহা. কত যোগী. কত ঋষি মা'র চারদিকে নাচছেন! ঐ দেখ. শ্রীচৈতন্ম. বাল্মীকি. নারদ, বশিষ্ঠাদি : আরও কত !—নাম জানি না। আহা, বাড়ীর সামনে সবটা যে ভরে গেল। এঁরা কত আনন্দ করছেন। আমার মাকে নিয়ে আনন্দ করছেন। আহা, ওখানে সকলেই ত আছেন:—আমার পরিচিত কত লোকও যে আছেন। বাঃ, আবার তামাসা দেখ—মাও যে আমার সকলের সঙ্গে নাচছেন। ঐ দেখু মা আমাকে ডাক্ছেন।— এই বলিয়া, খুব বড় বড় লক্ষ দিতে লাগিলেন। পরে মাটিতে পড়িয়া, সাষ্টাঙ্গ প্রণাম করিয়া, ত্বিরভাবে বসিয়া রহিলেন। দর দর ধারে অবিশ্রান্ত চক্ষের জল পড়িতে লাগিল: ক্ষণে ক্ষণে পুর্ববিং থল থল শদে উচ্চ হাস্ত করিতে লাগিলেন। কিছুকণ পরেই সমাধিত হইয়া পড়িলেন। সমস্ত লোক অবাক, শুন্তিত হইয়া রহিলেন। এগারটাপ্যান্ত গোঁদাইয়ের সমাধিভঙ্গ হইল না **८मधिया. धीरत धीरत मकरण उक्तरम निज निज आवारम छ्लिया रशरणन। आधि** वामाय চলিয়া আংসিলাম।

বাসার আসিবার করেক ঘণ্টা ডিন্তটি বেশ সরস ও প্রস্কুল রহিল; পরে ধীরে ধীরে মনের ভিতরে আন্দোলন উপস্থিত হইল। মনে হইল—'গোসাই এসব কি করিতেছেন? নিরাকার ব্রজ্ঞানীদের প্রধান আচার্য্য হইয়া অনায়াসে ব্রাজ-মন্দিরে পাড়াইয়া পৌড়ালিকতা প্রচার করিতেছেন! নন্দী ভূলী, বাগ্লীকি নারদাদির দর্শন ও সময়ে সময়ে উাহাদের তব স্বতি—এসব কি ? শিক্ষিত ভদ্রলোকদের নিকটে, বিশেষতঃ ব্রাজদের সমাজে বিসিয়া, উাহাদেরই সমক্ষে, এ সকল আংল্ তাবল বলা কি স্বাভাবিক মন্তিদের কার্য ? একপ ব্যাপারে ব্রাজেরাও কিছু বলিতেছেন না কেন ?' আমি অত্যন্ত উত্তেজিত, অধীর হইয়া, নবকান্ত বাবু, রজনী বাবু-প্রভৃতির কাছে ঘাইয়া তথনই এসব ক্রথা তুলিলাম। উাহারা বিলেন—'মাঘোৎসব হরে যা'ক, এসব নিয়ে এবার বিষম আন্দোলন হবে। এখন একটা গোলমাল না করাই ভাল'।

# ভোজনকালে ভাববৈচিত্র্য।—অপূর্ব্ব উপাদনা।

আহারাত্তে বেলা প্রায় দেড্টার সময়ে ত্রাক্ষ্মান্তে গেলাম। প্রচারক্ষিত্রির গিয়া আশ্চর্য্য দুখ্য দেখিয়া অবাক হইলামণ গোস্বামী মহাশরের যোগ-পথ্রা-১২ই মাঘ, রবিবার, বলম্বী বহুলোক, ফিফিরটানের কয়েকটি, এবং ব্রাহ্মসমাজের অনেকে বসিয়া 10656 রহিয়াছেন। ইহারা সকলেই আহার করিতে বসিয়াছিলেন। ডাল. ভাত, তরকারী ইত্যাদি আহারের সামগ্রী সকলেরই সম্মত্থে পভিয়া রহিয়াছে। কিন্তু কেইট আহার করিতেছেন না: — সকলেই ভাবে মগ। এীযুক্ত কুঞ্জলাল নাগ নহাশয় একাকী গান করিতেছেন, আর নিজেই থোল বাজাইতেছেন। তাঁহারও বাহজান নাই। সমানে ছ'হাতে তালি থোলের উপরে পড়িতেছে, দৃষ্টি গোঁসাইয়েরই দিকে স্থির, উল্লৈখ্যের গান করিতেছেন, আর মত হইয়া লাফাইতেছেন : খোলে আজ এক অমৃতশক বাহির হইতেছে, গ্রানের তো কথাই নাই। বোধ হইতে লাগিল, যেন বছখোল এক তালে বাজিতেছে, আর বচলোক এক স্বরে গান করিতেছে। এপ্রকার চমৎকার ব্যাপার আর কোথাও দেখি নাই। ৰাহারা আহার করিতে ব্যিষাছিলেন, ছ'চার আদু থাইতে না খাইতে, তাঁহারাও বাহুজ্ঞান হারাইয়াছেন। কাহারও ভাতের গ্রাস হাতেই রহিয়াছে: কেহ আবার পাতের উপরে পড়িয়া আছেন: মুথের ভাত মুধে রাথিয়া কেহ কেহ সংজ্ঞাশূক্ত হইয়াছেন; আবার কিঞিৎ বাহাজ্ঞান হইতেই কেহ কেহ সেই সৰ ভাল, ভাত, তরকারী স্বচ্ছলে সর্বাঙ্গে মাথিতেছেন। কাহারও অবিশ্রান্ত অশ্রধারা বহিতেছে; কেহ বা কম্পিত কলেবরে পুনঃ পুনঃ চমকিয়া উঠিতেছেন। কোন কোন ব্যক্তির ঘন ঘন খাস প্রখাস বহিতেছে; আবার কাহারও কাহারও মুথহইতে এক-একপ্রকার অন্তত শব্দ বাহির হইতেছে। শিক্ষিত ব্রাহ্মদেরও এপ্রকার অসম্ভব ভাব দেখিয়া ভূতের কাও মনে হইতে লাগিল। উচ্ছিষ্ট থালা ও পাতার উপরে কেই কেই গড়াইতেছেন দেখিয়া, তাড়াতাড়ি থালা পাতা সমস্ত সরাইয়া ফেলিলাম। মহাভাবের তরক্ষ আরও বাড়িয়া পড়িল। খোলের ধ্বনি ও গানের শব্দ আরও যেন চতুগুণ বৃদ্ধি পাইল। পার্মবর্ত্তী কোঠার ভিতরে মেয়েরাও মাতিয়া উঠিলেন। তাঁহাদের কালা, চীংকার, 'আচা ' 'উত্ব ' এবং প্রবল ফোঁসফোঁসানিতে এক অন্তত ধ্বনির স্টি হইল। মৃত্যুত: প্রাণায়ামের শব্দে গৃহ পরিপূর্ণ হইরা গেল। আজ আর ভিতর বাহির নাই-- সব একাকার। প্রকাশ্ত স্থানে সর্ববস্থক প্রাণায়ামের 'দফ্ল' চলিতে লাগিল। বারেন্দা ও আঙ্গিনার লোকগুলিরও নানাপ্রকার অবস্থা। কাহারও বাহজ্ঞান আছে

বলিয়া মনে হয় না। কেহ হাসিভেছেন, কেহ কাঁদিভেছেন, কেহ বিকট চীৎকার করিতে-ছেন। আবার কতকগুলি লোক স্তন্তিত হইয়া বসিয়া আছেন। গোম্বামী মহাশ্য বাহুজ্ঞান-শুক্ত হইয়া পুড়িয়া গেলেন। কাঙ্গাল ফিকিরটাদ-আংভৃতিও সাষ্টাক্ত হইয়া পুড়িয়া রহিলেন। কুঞ্জ বাবুর ভিতরে অসামান্ত শক্তি প্রবেশ করিল। তিনি, ভাবোরত ছইয় উচ্চ লক্ষ্ দিতে দিতে, থোল বাজাইয়া গানই করিতে লাগিলেন। চারিদিকে ভাবের ছডাছডি পড়িয়া গেল। এ সময়ে থোলের বা গানের শব্দ কিছুই আর ব্ঝিতে পারিলাম না। একপ্রকার একটা অন্তত, দিগদিগস্তর-ব্যাপী ধ্বনির প্রবল তুফান বহিতে লাগিল: এবং ক্ষণে ক্ষণে তাহারই ঝাপটার আমারও শরীর কাঁপিয়া উঠিতে লাগিল। ভিতরে বাছিরে মহা হৈ চৈ পড়িয়া গেল। আমিও আর কোন দিকে নঞ্জর করিবার অবসর পাইলাম না। এ ভাবে কত সময় চলিয়া গেল জানি না। কতক্ষণ পরে দেখি— বেলা শেষ হইয়াছে, গানও থানিয়াছে। গোসামী মহাশর নিজ আদনে বদিয়া আছেন: মাতালের মত শরীর ছাডিয়া দিয়া, এক একবার দক্ষিণে বামে এবং সম্মুখে চলিয়া চলিয়া পড়িতেছেন; সময়ে সময়ে চোথ মিলিয়া এদিকে ওদিকে তাকাইতেছেন। সমস্ত নিস্তর। গোস্বামী মহাশয় ধীরে ধীরে বলিতে লাগিলেন – অতলস্পর্শ মহাসাগরে এক গণ্ডুষমাত্র জলে আজ গিয়ে পড়েছিলাম। সাগরের যে চেউ। এক ধার্কায় আবার তীরে এনে ফেলেছে। আহা, এই মহাসাগরে যাঁরা একবার গিয়ে পড়েছেন, তরক্ষের সঙ্গে সঙ্গে তাঁরা কত নৃত্য কর্ছেন, কত আননদ কর্ছেন <u>।</u>—ইত্যাদি।

সন্ধ্যা হইতে না হইতে ব্রাক্ষমন্দির ও উহার চতুর্দিকের বারেন্দা লোকে লোকারণ্য হইয়া গেল। গোম্বামী মহাশয় যথাসময়ে প্রচারকনিবাস হইতে, ভাবে বিভোর হইয়া ঢলিতে ফুলিতে, ব্রাহ্মমন্দিরে বেদির উপরে যাইয়া বসিলেন। চক্রনাথ বাবু হারমোনিয়াম বাজাইয়া স্থমধুর স্বরে গান করিলেন। 'উছোধন' আরম্ভ করিয়া ভাবাবেশে গোস্বামী মহাশয়ের কণ্ঠরোধ হইয়া আসিতে লাগিল। চক্রনাথ বাব আবার গান ধরিলেন। প্রার্থনার সময়ে গোস্বামী মহাশয় ভগবানকে অতি কাতরভাবে ডাকিয়া কাঁদিতে লাগিলেন। মলিরের ভিতরে ও বাহিরে সমস্তগুলি লোক যেন অসাড় হইরা রহিল। মনে হইল যেন ভগবানের আবিভাবজনিত জীবত ভাবে সমগ্র আদ্মান্দির ও তাহার চতুর্দিক্ পরিপূর্ণ হইরা পেল! গোস্থামী মহাশয় বলিতে লাগিলেন.-

মা, এনেছ ? আহা, তোমার সঙ্গে কত লোক !— ঐ যে কত মুনি, কত ঋষি.

করছেন! ওখানে আমার পরিচিতও তো কত লোক দেখ্ছি! মা, আমাকে ডাক্ছ কেন ? আমি কি ওখানে যেতে পারি ? তুমি দয়া ক'রে আমার হাতে ধরে নিবে ? আমার যে যাবার ক্ষমতা নাই। আর, আমি যাবই বা কোগায় ? ওখানে ? না, তা কি হয় ? কেন মা, আমায় ফাঁকি দিচছ ? আমার কি সাধ্য ওখানে যেতে পারি, ঐ স্থানে বস্তে পারি ? মা, আমাকে ওখানে বস্তে দিবে, বার বারই বল্ছ কেন ? আমি যে নিতাত পাপী। ঐ সব মুনি ঋষিদের সাম্নে আমি কি ক'রে ব'স্ব, মা ?—এই প্রকার কতক্ষণ বলিয়া গোবামী মহাশয় অজান হইয়া পড়িলেন। গানের পরে গান হইতে লাগিল, গোবামী মহাশয়ের আর চৈতক্ত হইল না। ক্রমে সমাজের কার্য্য বন্ধ হইল, একে একে সকলে চলিয়া গেলেন। গোবামী মহাশয় বিদির উপরে একই ভাবে সংজ্ঞাশ্ভ অবস্থায় বিদিয়া রহিলেন। কতরাত্রি পর্যায় এ ভাবে থাকিলেন, জানি না।

এবার মাংগেৎসেবে অত্ত দৃশ্য দেখিতেছি। সমাজাঙ্গনে তাগণ্য লোকসজ্যের ১২ই দাখ, তার সমাবেশ ইইতেছে না। সকল শ্রেণীর ধর্মাণীরাই গোস্থামী মহাশ্রের সোনবান। প্রতি আরুই ইইতেছেন দেখিয়া আমরা ব্রাজসমাজেরই প্রীবৃদ্ধি ইইতেছে মনে করি, দশটি লোকের সঙ্গে আলাপ আলোচনাতেও আমরা গোসাইকে লইয়াই ব্রাজসমাজের গর্ম্ব করি। কিন্তু আজকাল গোস্থামী মহাশয় যে কি ধর্মের অত্তর্ভান করেন, সাকার কি নিরাকার কোন্ মতের যে পক্ষপাতী, ঠিক পরিকার রূপে তাহার কিছুই বৃঝিতেছি না। প্রকাশ্র কলাত তিনি একবার দাঁড়াইয়া তাঁহার ধর্ম্মত ব্যক্ত করিলে, এ সম্বন্ধে সকলেরই মনের খট্কা চুকিয়া যায়। এই অভিপ্রায়ে, আমরা 'সাকার ও নিরাকার-উপাসনা' বিষয়ে বক্তৃতা করিতে গোস্থামী মহাশয়কে অন্তরোধ করিলাম। কিন্তু তিনি এ বিষয়ে কোন বক্তৃতা করিতে গোস্থামী মহাশয়কে অন্তরোধ করিলাম। কিন্তু তিনি এ বিষয়ে কোন বক্তৃতা করিতে রাজী হইলেন না। 'পোন্তলিকতা ও ব্রহ্মজ্ঞান ' সম্বন্ধেও কিছু বলিতে পারিবেন না বলিলেন। সাম্প্রদায়িক ভাবের কোন কথাই তিনি বলিতে রাজী নহেন। অবশেষে 'ব্রম্যোপাননা' সম্বন্ধে তাঁহার মত বলিবার জন্ত অন্তরোধ জানাইলে তিনি 'ব্রহ্মজ্ঞান ও ব্রহ্মবাদী' বিষয়ে বক্তৃতা করিতে সম্বন্তি প্রকাশ করিলেন। আমরাও অধিকাশে সহরের সর্ব্য বিজ্ঞাপন ছড়াইয়া দিলাম। অন্তর্হ সন্ধ্যার সময়ের বক্তৃতা ইইবে।

# অব্যক্ত বক্তৃতা।

অপরাছে সমাজে যাইয়া দেখি—মন্দিরে ও বারেন্দার আর স্থান নাই। চতুপার্শের বিদ্ধৃত ভূমিও লোকে পরিপূর্ণ হইয়া গিয়াছে। স্থানাভাবে অনেকে, বকৃতা শুনিবার স্থবিধা হইবে না বৃদ্ধিয়া, সমাজহইতে চলিয়া যাইতেছেন। রোম্যান ক্যাগলিক গীর্জার স্থবিখাত পাদরী বার্ণার্ভ সাহেবও আসিয়া এক কোণে চুপ করিয়া বসিয়া রহিলেন। সয়্যার একটুপরে গোস্বামী মহাশয় বকৃতাস্থলে আসিয়া দাঁড়াইলেন। সকলকে করজোড়ে অভিবাদন করিয়া এইপ্রকার বলিতে লাগিলেন—

পুরাকালে বশিষ্ঠ, যাজ্ঞবল্ধা, সনক-সনাতনাদি ব্রহ্মর্থিগণ যে ব্রক্ষের উপাসনা করিয়াছিলেন: শাস্ত্র-পুরাণ-বেদ-বেদান্ধ উপনিষ্দাদি, যে ত্রাক্ষের মহিমার কণিকামাত্র বর্ণন করিতে গিয়া, পার না পাইয়া 'অব্যক্ত অনির্ব্রচনীয়' বলিয়া নিব্বাক হইয়াছেন,—তুচ্ছাদ্পি তুচ্ছ অজ্ঞান আমি—আমার মুখে আজ আপনারা সেই মহান ব্রন্ধাের কথা শুনিতে আসিয়াছেন! ইত্যাদি বলিতে বলিতে বালকের মত 'হাউ-হাউ ' কাদিয়া ফেলিলেন। পুন: পুন: ८৮ ছা করিয়াও, কথা বলিতে গিয়া কালার বেগ চাপিতে পারিলেন না. পরে বসিয়া পড়িলেন। পাঁচ ছয় মিনিট পরে আবার বলিতে আরম্ভ করিলেন। এবারেও মহর্ষিগণের ধাানগমা, পরাৎপর পরব্রন্ধের বিষয়ে ছ'চার কথা বলিতেই কালা আদিয়া পড়িল। এক একবার চেষ্টা করিয়া, বলিতে গিয়া, থামিয়া থামিয়া যাইতে লাগিলেন: পরে ভাবের অদম্য আবেগ আর সংবরণ করিতে না পারিয়া, মুথে কাপড় চাপা দিয়া বসিয়া রহিলেন। কিছুক্ষণ এই ভাবে কাটিলে, উপবিষ্ট অবস্থাতেই কাঁদিতে কাঁদিতে করজোড়ে সকলকে কহিতে লাগিলেন—আজ ুআপনারা আমাকে আশীর্বাদ করুন। আপনারা সকলে দয়া ক'রে আমার মস্তকে পদাঘাত ক'রে আমার অহঙ্কার চুর্ণ করুন। আমি ভয়ানক অভিমানী—তাঁর কথা ব'লব। আমি কি জানি প আমি ছাই! আমি ছাই! এই প্রকার বলিয়া, সেই অনাদি, অনম্ভ একমাত্র অবিতীয়, পুরাণ পুরুষের স্তবের কয়েক শ্লোক পড়িয়াই ভাবাবেশে রুদ্ধকণ্ঠ হইয়া পড়িলেন। অস্ট ভাষায় ভাবমগাবস্থায় শুধু ' বং হি ' বং হি ' বলিতে বলিতে সমাধিস্থ হইলেন।

জনতাপূর্ণ ব্রাক্ষরমাজ একেবারে নিন্তর। গোস্বামী মহাশয়ের ঐ ' ছং হি, ছং, হি 'বলার সঙ্গে সঙ্গে কি যেন একটা হইয়া গেল। সকলেই গোস্বামী মহাশয়ের দিকে উল্লসিত প্রাণে জাকাইয়া কতকণ অবাক্ হইয়া রহিলেন। এ ভাবে ৫।৭ মিনিট অতীত হইল। পরে চক্রনাথ বাবু হারমোনিয়াম বাজাইয়া গান করিতে লাগিলেন। গোসামী মহাশয়ের তৈওঞ ইইল না। ধীরে ধীরে সকলেই উঠিয়া পড়িলেন। দলে দলে লোক সমাজ-পরিবেইনীর ছানে ছানে একত্র হইয়া আলাপ করিতে লাগিলেন। বক্তৃতা শুনিয়া যে উপকার হইত্
আজা গোসামী মহাশয়ের অবস্থা দেখিয়া তাহা অপেকা আমরা অধিক উপকার লাভ করিলাম। ধঞা বাজেবমাজ !

## আসননমস্কারে কুসংস্কার।

গোষামী মহাশয় ময়মনসিংছ পুরিয়া ঢাকায় ফিরিয়াছেন। তাঁহাকে দেখিতে প্রচারক২০শে মাখ, নিবাসে উপস্থিত হইলাম; ভানিলাম তিনি তথন শৌচে গিয়াছেন।
মঙ্গলবার। আমি ঐ ঘরে বসিয়া রহিলাম। একটু পরে শুদ্ধের শ্রীপুক্ত মনোরঞ্জন
গুহুঠাকুরতা নহাশয়ও আসিলেন। তিনি গোষামী মহাশয়ের শুন্ত আসনটির সম্পুথে গিয়া
কপাল ঠুকিয়া নময়ার করিলেন। মনোরঞ্জন বাব্কে উৎসাহী আদ্দ বলিয়াই আমরা সকলে
জানি। তাঁহাকে আজ এভাবে শ্রু আসনকে নময়ার করিতে দেখিয়া আমার চক্ স্থির
হইল। আমি, আর স্থির থাকিতে না পারিয়া, তাঁহাকে জিজ্ঞাসা ক্রিলাম— আফুঠানিক
আক্ষ হ'লে কি গোঁসাইকে নমস্কার করিতে নাই গু'

আমি।—ওথানে গোঁসাই কোথায় ? তিনি ত পায়থানায়।

মনোরঞ্জন বাবু।— "ভা' ছউক্। ওথানে আমি গোঁদাইকেই অরণ করিয়া নম্বার করিয়াছি। এতে কোন দোব ছয়, আমি মনে করি না।"

আমি।— 'এ কথা আপনি আদ্দমাজে বসিয়া বলিতে সাহস করেন ? তা'হ'লে হিন্দুদের আর 'অন্ধ-বিশ্বাসী, কুসংস্থানী' বলেন কেন ?' এ সকল কথা লইয়া মনোরঞ্জন বাবুর সহিত আমার তর্ক বাধিয়া উঠিল।

ইতিমধ্যে গোলামী মহাশগ শৌচংইতে আসিলা, পাশের ঘরে জলবোগ করিতেছিলেন। তিনি আমাদের এই সব কথা কাটাকাটি শুনিয়া, পীর শাশুড়ী ( প্রীযুক্তা মুক্তকেশী
দেবী) 'বুড়োঠাকরুণ'কে বলিলেন— 'শৃদ্য আসনের সামনে আর কেইই নমন্ধার না
করেন, আপনি এদের জ্ঞানায়ে দিবেন। এই নিয়ে আবার আলোচনা, অশাশ্তি
হবে।' আমার আর ওথানে থাকিতে ভাল লাগিল না। নবকান্ত বাবুর বাসায় চলিয়া

আদিলাম। কয়েকটি ব্রাহ্মকে ওখানে পাইয়া, তাঁহাদের নিকটে ঝগড়ার বিবরণ জানাইলাম: ্ এবং, আরও দশটা কথা তলিয়া, প্রচারকনিবাদে যে পৌতলিকতা প্রবেশ করিয়াছে তাহাও জানাইলাম। 'গোস্বামী মহাশরের কাছে যোগধর্মে দীকালাভ করিলেই ভাল ভাল লোক-প্রুলিও বিগড়াইরা যায়, তাঁদের এইরকম ছর্দশা ঘটে '- এইরূপ বলিরা তাঁহারা আমাকে সতর্ক করিয়া দিলেন।

# ব্রাহ্মসমাজে আন্দোলন—গোঁসাইয়ের পদত্যাগ্যস্কল্প।

এবার দেখিতেছি--সভা-সমিতি করিয়া গোস্বামী মহাশারের কার্য্য-কলাপ, সাধন-ভজন-সম্বন্ধে ব্রাহ্মসমাজে তুমুল আন্দোলন আরম্ভ হইয়াছে। "গোস্বামী SRING BIG মহাশয় যে ভাবে চলিভেছেন তাহাতে তাঁহার দ্বারা আর প্রচারকের শেষপর্যান্ত ৷ কার্য চলে না। নির্জ্জনপ্রিয় গোত্থামী মহাশয়ের ধ্যান ধারণা সমাধি আক্রসমাঞ্চের কোন উপকারেই আদিতেছে না। উহাছারা সমাজের আর উন্নতির আশা নাই। বাক্তিগত ভাবে তিনি যাহাই করুন না কেন, প্রকাশ্র ভাবেও যথন তিনি গুরুবাদ স্বীকার ক্রিতেছেন, উন্বিংশ শতাব্দীর উচ্চশিক্ষিত সমাজের নেতা হইয়াও যথন তিনি নিতান্ত অ্যজানের ভাষ 'শাস্ত অভান্ত ' এই কুসংস্কারাপর মতও প্রচার করিভেচেন, তথন তাঁহার হারা এই সমাজের শ্রীর্জির আশা কোথায় ? অসাম্প্রদায়িক ভাবে ধর্মপ্রচার করিলে আর 'রাজধর্ম-প্রচারক' নাম কেন্ গ্রন্থ দেব দেবী, হিন্দুদের আচার-পদ্ধতি, এবং হিন্দুধর্ম্মের প্রাচীন কুসংস্কারের বিরুদ্ধে কিছু না বলিয়া, এখন বরং তিনি সময়ে সময়ে ঐসকলের প্রশ্রেষ্ট দিতেছেন। এইরূপ অবস্থায় গোস্থামী মহাশরের দারা এক্সিসমাকের ভ্যানক অনিষ্টই হইতেছে।" এইরূপ আনেক কথা ব্রান্ধদের ঘরে ঘরে, প্রকাশ সভাস্থলে, এবং বহুলপ্রচারিত ব্রান্ধ-সংবাদপত্রসমূহে আলোচনা হইতেছে। প্রচারকের কার্যা গোস্বামী মহাশয় না করেন, অধিকাংশ ব্রাহ্মরই এখন এই-প্রকার ইচ্ছা জান্মিয়াছে।

ভনিলাম, গোস্বামী মহাশয় নাকি প্রচারকপদ-পরিত্যাগপুর্বক স্বাধীন ভাবে. উদাসীনের মত, অবশিষ্ট জীবন নির্জ্জনে সাধন-ভজন করিয়া কাটাইবেন, অভিপ্রায় প্রকাশু করিয়াছেন। অনতিবিলম্বেই তিনি গ্রার আকাশগলা পাহাড়ে চলিয়া যাইবেন।

#### বারদীর ব্রহ্মচারীর কথা।

আজ রাত্রিতে সাধন-বৈঠকে যোগ দিব মনে করিয়া কুল ছুটির পরেই প্রচারক-নিবাদে উপন্তিত হইলাম। গোস্বামী মহাশয়ের আসনের ধারে একযোড়া খড়ম ফাজন. রহিয়াছে দেখিলাম । গোস্বামী মহাশন্ন তথন আসনে ছিলেন না। এডী I STR CASE যোড়া খুব বড় ও পুৰাতন দেখিয়া, হাতে লইয়া জিজ্ঞানা করিলাম— 'এ খড়ম কার পূ' গোঁসাইয়ের শাশুড়ী ঠাকুরাণী বলিলেন—'ব্রহ্মচারী গোঁসাইকে দিয়াছেন।' আমি বিশলাম—'ব্ললচারী আবার কে ?' তিনি একটু বিশ্বিত হইয়া বিশিলেন—" তুমি ব্রহ্মচারীর কথা ভন নাই ? সমাধির অবস্থায় গোঁসাই জানতে পান যে বারদীতে একজন মহাপুরুষ গোপনে র'য়েছেন। গোসাই তার পর তাঁকে দর্শন করতে গিয়েছিলেন। তাঁর বয়দ এখন ১৫৬ বংদর। ত্রহ্মচারী নিজের পরিচয় দিয়ে বলেছেন. তিনি গোদাইয়ের পিতামহের খুড়া হন। পুর্ব্বপুরুষের চিহ্ন ব'লে তিনি এই খড়ম-যোড়া আর ঐ কম্বলখানা গোঁদাইকে দিয়েছেন। " ব্রহ্মচারীর বিষয় জানিতে আমার বড়ই কৌতৃহল জন্মিল। সাধনবৈঠকে বসিয়া রাত্রে শিশুদের সঙ্গে প্রাণায়াম করিবার সময়ে গোস্বামী মহাশয় প্রায়ই গ্লগ্লভাবে 'জয় ব্রহ্মচারী! জয় রামকৃষ্ণপ্রমহংস! জয় মাতাজী! জয় পরমহংস্কী। জয় গুরুদেব, জয় গুরুদেব '— এইরূপ বলিতে বলিতে স্মাধিত হুইয়া পড়েন। মহাপুরুষদের আবির্ভাবে তথন গুরুজাতাদের ভিতরে আশ্চর্য্য ভাবোচ্ছাুুুুস্ ও অলোকিক অবস্থাদির বিকাদ হইতে দেখি। এই ব্রহ্মচারীই কি সেই সব মহাপুরুষদের মধ্যে একলন ? একলন ভলনশীল ওকলাতাকে ব্ৰহ্মচারীর সম্বন্ধে লিজ্ঞাস। করাতে তিনি বলিলেন — কৈছদিন হইল, সমাধির অবস্থায় গুরুদেব, বারদীতে একটি মহাপুরুষ আছেন জানিতে পান। দেই সময়ে ব্ৰহ্মচারী মহাশয়ও গোস্বামী মহাশয়ের বিষয় জ্ঞাত হইয়া আমাদেরই কোন কোন গুরুলাতাকে বলেন—'গোঁদাই একবার এদে আমাকে দর্শন দিবেন নাণ তিনি না এলে আমাকেই যেতে হবে। ভাল লোক বলিয়া ভানিয়াছি: কোনও বিশেষ সম্বন্ধও থাকিতে পারে। তানা হ'লে তাঁর দিকে প্রাণ এত টানে কেন ?' গোস্বামী মহাশয় শিহাদের মুথে এই কথা শুনিয়া ব্রন্সচারী মহাশয়কে দর্শন করিতে গিয়াছিলেন। সে সময়ের বিবরণ অনুসন্ধান করিয়া আরও বিস্তৃতরূপে জানিতে আমি একান্ত উৎস্থক রহিলাম।

ৰারদীহটতে আসিয়া গোলামী মহাশ্য এই গুপু মহাপুক্ষ ব্লক্ষ্যারীকে স্ক্সাধারণের

নিকটে প্রচার করিতে লাগিলেন। ঢাকা, বিক্রমপুর, মরমনসিংহ, ফরিলপুর-প্রভৃতি স্থান ছইতে দলে দলে শিক্ষিত ভদ্রবোকের। এখন ব্রন্ধচারী মহাশরকে দর্শন করিতে বার্নী যাইতেছেন। করেকদিনের মধ্যেই সমস্ত পূর্ববঙ্গে ব্রন্ধচারীর নাম প্রচারিত হইয়া পড়িয়াছে। কুমাচারী মহাশরের বেসকল ঘটনা ভানিতেছি, তাহা আমি বিখাস করিতে পারিতেছি না। যদি কথনও তাঁহার দর্শন পাই, তাহা হইলে সাক্ষাৎ সম্বন্ধ তাঁহার মুবেই তদীর জীবনের অভ্ত বিবরণ সমস্ত ভানিয়া 'ডায়েরীতে 'লিখিয়া রাখিব আকাজ্ঞা রহিল।

# দারভাঙ্গায় গোঁদাইয়ের প্রাণদংশয় পীড়া।

স্থল ছটি হইতেই বাড়ী আসিয়াছি। অনেকদিন গোল্বামী মহাশয়ের কোন খবর পাই নাই। গুরুলাতাদের নিকটে যাইতে প্রাণ বড়ই অন্থির হইল। ऽला देश के শ্বিবার ৷ ঢাকা রওনা হইলাম। শঙ্করটোলায় গুরুদ্রাতা শ্রীযুক্ত ডাক্তার প্রসারকুমার মজুমদার মহাশয়ের বাসার বিপরীত দিকে আমার একটি বন্ধর বাসায় আসিয়া উঠিলাম। ভোরবেলায় জানালা থুলিয়া বসিয়া আছি, প্রসরবাবুর বাসায় বহুলোকের গোলমাল ভনিতে পাইলাম। রাম মজুমদার মহাশয় আমাকে দেখিতে পাইরা বলিলেন--'আপনি গোঁদাইয়ের কোনও থবর রাথেন ? তাঁর যে বিষম অস্থে'। কথাটা গুনামাত্র আমি ছুটিরা ডাক্তারবাবুর বাসায় গেলাম। পৌছিয়া দেখি---জনেক গুরুভাইভগিনী সে বাসার মানাস্থানে দলে দলে গোঁদাইয়ের কথা বলিতেছেন, কেহ কেহ কাঁদিতেছেন। বিস্তারিত বিবরণ ভনিতে ব্যক্ত হইয়া রাম বাবুকে জিজাসা করায় তিনি বলিলেন — 'হারভাঙ্গাতে গোস্বামী মহাশ্যের ডবল নিউমোনিয়ায় ছইটি ফুদকুদই পচিতে আরস্ত করিয়াছে। অবস্থা থারাপ : গোঁদাইয়ের পরিবার, যোগজীবন, কুজ খোষ, প্রদর্মবাবু, ইহারা গত কলাই দারভাঙ্গার গিয়াছেন। কাল সকালে আমরা এখান হইতে আরজেণ্ট ('জরুরী') টেলিগ্রাম করিয়াও এখনপর্যান্ত সংবাদই পাইলাম না। কি হইয়াছে জানি না। গোলাইয়ের অবভা ভানিলা বুক্টা কাঁপিয়া উঠিল; 'ছ হু' ক্রিয়া কালা আসিয়া পড়িল। বাসায় আসুসিয়া দর্জা বন্ধ করিয়া সাতটাহইতে বেলা প্রায় একটাপ্যান্ত অবিরাম কাঁদিয়া, ভগবানের চরণে ও গোঁসাইরের ওরু পরমহংশলীর নিকটে তাঁহার আরোগ্যের জক্ত প্রার্থনা করিলাম। প্রাণ্টা জ্ঞালরা যাইতে লাগিল। সংসার অন্ধকার মনে হটল। গোঁসাইবের আবেরাগ্য সংবাদের জ্ঞা দিনরাত ছটফট করিয়া কাটাইতে লাগিলাম।

#### আকাশপথে ব্রহ্মচারীর দ্বারভাঙ্গায় গমন।

ছারভালায় এবার যেভাবে গোস্বামী মহাশয় আরোগ্য লাভ করিলেন, দে এক অন্তত বুতাস্ত। শুক্রবার সকালে টেলিগ্রাম আসিল—"গোল্বামী মহাশয়ের অবস্থা ধারাপ. ডবল নিউমোনিয়া হইরা হুটি ফুসফুসই পচিয়া যাইতেছে; জীবনের আশা নাই। 🔊 'তার পাইয়া সেই দিনই গোঁসাইয়ের সমস্ত পরিবারসহ কয়েকজন গুরুতাতা শ্বারভারণয় রওনা হটয়া গেলেন। এদিকে আমাদের গুরুছাই এদ্ধের শ্রীযক্ত ভাষাচরণ বল্লী মহাশর এই-কুসংবাদ-শ্রবণমাত্র তৎক্ষণাৎ ব্রহ্মচারী মহাশয়ের নিকট বারদী চলিয়া গেলেন. এবং ব্রহ্মচারীর পদপ্রান্তে সাষ্টাঙ্গ হইয়া পড়িয়া করজোডে কাঁদিতে কাঁদিতে বলিলেন---" আমার গুরুদেবকে আপ্রিদ্যা করিয়া রক্ষা করুন। আমার জীবনের অস্তাংশ লইয়া জাঁহাকে বাঁচাইয়া দিউন। " ব্রহ্মচারী বলিলেন—" তিনি গেলেনই বা : আমি তো রয়েছি।" সরল গুরুগতপ্রাণ ব্রী মহাশয় বলিলেন, 'আমরা আপনাকে চাই না, তাঁকেই চাই।' ভার অকপট গুক্নিছা দেখিয়া ব্রাহ্মচারী কিছক্ষণ ধ্যানত হইলেন, পরে একটি দীর্ঘ নিশ্বাস ফেলিয়া বলিলেন, "দময় শেষ করে এদেছিদ। এখন আর কি হবে ৭ আমি ত তাঁকে ঘরে দেখতে পেলাম না। হয় হয়ে গিয়েছে, অথবা তাঁর ওর তাঁকে দেহ ছাড়িয়া থাকিবার শক্তি দিয়াছেন। আছো, তই যা: মঙ্গলবারের মধ্যে যদি 'তার'আগে তবে বঝৰি ভয় নাই। চিন্তাকরিস না। আমি সেখানে যাডিছ।" ইহার পর ব্রহ্মচারী মহাশয় আমাসনহইতে উঠিয়া সকলকে ডাকিয়া বলিয়া দিলেন—"যত দিন ভিতরহইতে দরজা না খুলি, কেহ এ দরকার ঘা দিও নাবাইহা খুণিতে চেটা করিও না।" ব্রক্টারী মহাশ্র ঘরে চুকিয়া ভিজ্বচ্টতে দ্বলা ব্যু ক্রিলেন।

সে দিন ঢাকাছইতেও পূর্বোক্ত সকলে গারভাকা যাইতেছিলেন। গোরালন্দের জাহাজে উঠিয়া সকলে বিমর্থ ইইয়া বিদিয়া আছেন, কেহ কেহ কাদিতেছেন। অকমাং বোগজীবন, আকাশের দিকে তাকাইয়া অঙ্গুলি সঙ্কেত করিয়া বিলিয়া উঠিলেন—" ঐ দেখ, এজচারী মহালয়ও ছারভাকায় যাছেন। আমাকে তিনি হাত নাড়িয়া বলিলেন—' আমিও ছারভাকায় যাছিন। তোরা আব ভাবিস্না, কোনও ভর নাই'।" বুড়োঠাক্য়ণও গারভাকায় দেখিতে পাইয়াছিলেন যে পালের ঘরে বুল্ফারী গোসাইয়ের দিকে দৃষ্টি দিয়া আছেন। মঞ্চলারপ্যস্ত ঢাকার গুরুভাকার টেলিপ্রাম আফিসে ছুটাছুট্ট করিডেছিলেন; ধ্বর আসিল গোসামী মহালয় ভাল হইতেছেন।

## গোঁসাইয়ের দারভাঙ্গাপ্রভৃতি স্থানে অবস্থিতি।

গত ফার্ডনমাস্থইতে আবাঢ়মাস্পর্যন্ত গোস্বামী মহাশন্ন ঢাকার ছিলেন না।
স্থিতরাং তাঁহার এই সমরের কোন বিবরণই আমার ডারেরীতে রহিল না। প্রীযুক্ত
পূর্জিবিহারী গুহ ঠাকুরতা প্রীযুক্ত জ্ঞানেক্রমোহন দত্ত মহাশর তাঁহাদের ডারেরীতে গোঁসাইরের
এই সমরের অন্তৃত ঘটনাবলি বিশদরূপে লিখিয়া রাখিয়াছেন। কোন্ সময়ে গোশ্বামী
মহাশর কোথায় কি ভাবে ছিলেন, উহাদের ডারেরীদৃষ্টে তাহার কিঞ্চিন্মাত্র আভাস
এই স্থলে লিখিয়া ঘাইতেছি।

> ই ফান্তন গোস্থামী মহাশন পশ্চিমে যাওরার অভিপ্রায়ে কলিকাতা যাত্রা করিলেন। তথার এক দিবস অপেক্ষা করিয়া প্রদিন ভামনগরে উপস্থিত হইলেন। তথাইতে নৌকাযোগে চুচ্ডাতে পৌছিয়া, বুধবার শ্রীযুক্ত মহর্ষি দেবেক্সনাথ ঠাকুরের সহিত সাক্ষাৎ করেন; মহর্ষি গোস্থামী মহাশয়কে দেখিয়া অত্যন্ত আনন্দ প্রকাশ করিয়া বলিলেন—"আহা! সকলে বলে 'গোসাই পাগল হয়েছেন, পৌত্তলিকের ভায় ব্যবহার করেন'; কিন্তু কই ? আমি তো এঁকে ধূপ ধূনার স্থগয়-ধূমাত্ত উজ্জল ছুর্গাপ্রতিমার ভায় দেখ্ছি।"

এই সময়ে মহর্ষির নিকট একথানা চিঠি আসিয়া পড়িল। কোনও একটি প্রসিদ্ধ ব্রাহ্ম কতিপয় প্রশ্ন করিয়া তাঁহাকে লিখিয়াছেন, "আপনি নির্জ্জনে অনেক দিন ধরিয়া ধর্ম সাধন করিলেন—কি লাভ করিলেন? এবং এই সম্বন্ধ আপনি কি উপদেশ দেন?" ইত্যাদি। মহর্ষি, পত্রখানার উত্তর দিতে, তাঁ'র অনুগত ভক্ত প্রীযুক্ত প্রিয়নাথ শাস্ত্রী মহাশয়কে বলিলেন—" লিখে দাও এখন হতে উ ট কি গোসাই যাহা বলেন, তাহা আমরই কথা।"

মহবির সহিত সাক্ষাৎ করিয়া গোস্থামী মহাশার বর্জমানে গোলেন। তথায়, প্রাক্ষসমাজের সিরকটে সমাজের সেক্টোরির বাসায় অবস্থান করিয়া, নিতাই সংকীপ্তনে মহা আনন্দোৎসব করিতে সাগিলেন। শ্রীযুক্ত নগেক্সনাথ চট্টোপাথার-প্রভৃতি প্রসিদ্ধ ব্রহ্মগণ,
কলিকাতা এবং বহদুরবর্তি স্থানহইতেও আসিয়া, গোস্থামী মহাশয়ের উপাসনায় যোগ দিতে
আরম্ভ করিতেন। উদয়ান্ত গোসাইকে লইয়া সকলে ধর্ম্ম-প্রসাদ আনন্দ করিতে লাগিলেন।
একদিন গোস্থামী, মহাশায় একটি পলাশ বৃক্ষ দেখিয়া থম্কিয়া দাড়াইলেন। পরে উহার
প্রতি প্রশো প্রপাপ ভগবতীর আবিভাব দশন করিয়া মৃচ্ছিত হইয়া পড়িলেন। আর

একদিন মহারাজার গোলাপবাগে যাইয়া গোলাপফুলের শোভা দেখিতে দেখিতে সমাধিষ্

হইলেন। বর্জমানে অবস্থানকালে তিনি শ্রীযুক্ত কুঞ্জবিহারী গুছ, শ্রীযুক্ত দেবেজ্ঞনাথ সামস্তপ্রভৃতিকে দীক্ষা প্রাদান করিলেন; তৎপরে, শিষাবর্গ সঙ্গে লইয়া, ছারভাঙ্গার দিকে
রঙ্গন হইলেন।

তৈরমাসের মধ্যভাগে গোস্বামী মহাশ্য ছারভালায় পৌছিলেন। করেক দিন পরেই তাঁর বুকের নিম্নভাগে এক প্রকার বেদনা আরম্ভ হইল। হোমিওপাথি চিকিৎসাতে 'নক্স বিম্বল' দেবন করিয়া করেক দিন একটু ভাল রহিলেন। কিন্তু পরে আর তাহাতে কোন উপকারই হইল না। তখন সমন্তিপুরহইতে বিখ্যাত ভাক্তার নগেক্স বাবুকে আনা হইল। এদিকে বাক্সিপুরের উকিল শ্রীফুক্ত রক্ষেক্সমাহন দাস মহাশ্যর তথাকার প্রপ্রসিদ্ধ ছটি ভাক্তার পাঠাইয়া দিলেন। চার জন বড় বড় ভাক্তারের সঙ্গে গোস্বামী মহাশ্যের শিশ্য ভাক্তার প্রিয়বাবৃত্ত ছিলেন। কিন্তু ইহাদের চিকিৎসাতে গোসাইরের বেদনার কোন উপশমই হইল না; বরং উহা উত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল। ক্রমে তাহার উ্যানশক্তিও রহিত হইল। শ্যার শ্যান অবস্থায় থাকিয়াই তিনি বাহ্য-প্রাবাদি করিতে লাগিলেন। বোগর্জির সঙ্গে সঙ্গে ভবল নিউমোনিয়ার শোচনীয় পরিণামে, গোঁসাইয়ের জীবন বিষয়ে সকলে একেবারে নিরাশ হইলেন। পরে একদিন গোস্থামী মহাশ্যের মুমুর্ কাল উপস্থিত হইলে, অক্স্মাৎ তাহার গুরু মানস-স্বোব্রনিবাসী শ্রীফুক্ত পর্মহংস্কী ক্রেক্টি মহাপুক্ষের সহিত ক্স্ক শ্রীয়ে উপাত্তেত হইয়া, অণোকিকশক্তিপ্রয়োগে গোসামী মহাশ্যকে আবোগ্য করিয়া চলিয়া

গোস্থামী মহাশ্য হুত্ত হইয়া ১৯শে জৈ ঠে বুধবার দিবসে, পরিবারবর্গ ও শিশুগণের সহিত, দেওবরে রওনা হইলেন। রাজায় মোকামাঘাটে গাড়ি পরিবর্তন করিতে হর। এই সময়ে জ্ঞান বাব টিকেট করিতে বুকিং আফিসে গেলেন—আসিয়া দেখিলেন, অনেকগুলি লিচু গাড়িতে রহিয়াছে। তিনি জিজ্ঞাসা করিলেন—"লিচু কোথা হইতে আসিল ?" গোঁগাই বলিলেন—"বারভালায় থাক্তে লিচু খেতে ইচ্ছা হ'য়েছিল, তাই পরমহংসজী দিয়ে গোলেন।" সকলেই খুব আশ্চর্যা হইলেন। কে বে বখন লিচু দিয়া গোলেন উহায়া কেইই তাহা লক্ষ্য করিতে পারেন নাই, আরও আশ্চর্যাের বিষয় এই যে এ দিকে এখনও লিচু পাকে নাই। এইপ্রকার স্প্রক লিচু কোথাইইতে সংগ্রহ হইল ?

দেওখনে পৌছিলা গোঁসাই সুলগুহে বাসা লইলেন। নানাস্থান বেড়াইল এবং বিগ্রহাদি
দর্শন করিলা, প্রদিন সকালে আদর্শ রাজ শ্রীযুক্ত রাজনারায়ণ বস্তু মহাশারের বাড়ীতে গৈলেন।
সেই দিবস ভক্তপ্রের বৃদ্ধ রাজনারায়ণ বাব্র সহিত ধর্মালাপে এতই আনন্দোজ্যুস হইল
ত্ব বেলা বিপ্রহর অতীত হইল গেল, কাহারও কুধা তৃষ্ণা দ্বান আহারের দিকে একবারও
লক্ষ্য পড়িল না। দেওঘরহইতে গোঁসাই কলিকাতা আসিলেন। কলিকাতাহইতে জ্যোষ্ঠের
শেষভাগে সকলকে লইলা শান্তিপুরে উপস্থিত হন। ৩০শে লৈটে গোবানী মহাশার দিল্লবর্গ
সহিত শান্তিপুরের অনতিদ্রে বাবলায় গিয়া শ্রীঅইন্ত প্রভুর পাট দর্শন করেন। স্থানটি
অতি নির্জন ও রমণীয়, তপভার পক্ষে বড়াই উপযুক্ত। এই স্থানে গোবামী মহাশার সকলকে
বলিলেন—"দেবতার স্থানে যেয়ে বিগ্রাহের প্রতি দৃষ্টি স্থির কারে একারাভাবে
নাম করতে থাক্লে, আসল দেবতার দর্শন লাভ হউতে পারে।" অইন্ত প্রভুর দর্শন
লাভ করিয়া গোসাই সাইলে প্রণাম করিলেন।

৩১শে জৈছি গোস্বামী মহাশয় চুয়াভালায় উপস্থিত হইলেন। তাঁহার পরিবারবর্গ কুমারথালি চলিয়া গেলেন। আবাঢ়ের প্রথম সপ্তাহেই সকলে এক সঙ্গে ঢাকা পৌছিলেন। পরে, ছ'চার দিন বিশ্রাম করিয়া, সকলকে লইয়া গোস্বামী মহাশয় ব্রজচারীকে দর্শন করিতে বারদী যাত্রা করেন। ব্রজচারী মহাশয় বলিলেন, 'তোমাকে ত আমি, য়ায়ভালায় যাইয়া, ঘরে দেখিতে পাইলাম না।' গোঁসাই বলিলেন—'আমার গুরুদেব আমাকে দেহহইতে বাহির করিয়া নিয়া রাখিয়াছিলেন।' বারদীতে কয়েক দিন অবস্থানপূর্বক এখন তিনি ঢাকায় আসিয়া রাজসমালে প্রচারকনিবাসে পূর্ববিৎ অবস্থান করিতেছেন।

#### ব্যাধিমুক্তির অদ্তত বিবরণ।

গোস্থামী মহাশ্য ঢাকা আসিয়াছেন। অপরাত্ত এটার সময়ে গোস্থামী মহাশ্যকে দর্শন করিতে সমাজে গোলাম। গোস্থামী মহাশ্যের পত্নীকে আজই প্রথম পায়ে পড়িয়া প্রণাম করিলাম। প্রচারকনিবাসে আজ লোক ধরে না। গোসাইকে প্রণাম করিলা বিলাম। একটি কথাও বলিবার অবসর পাইলাম না। গোসাইরের চেহারা দেখিয়া বড়ই কট হইতে লাগিল। শরীর অভ্যন্ত কাতর। মাথায় চুল নাই—নেড়া। বর্ণ একেবারে কাল, দেহ অভিশন্ন তুর্বল এবং লাগ। হাত পা— এমন কি, মাথাটি পর্যন্ত — শুকাইয়া গিয়াছে। খুব চেনা লোকের্ও গোঁসাইকৈ এখন দেখিলে অম হয়। তিনি স্থির অনিমের নয়নে ভ্রমানে একভাবে বুসিয়া আছেন। সাধন-ছাড়া আর কর্মানাই। কেছ কোনও প্রশ্ন কর্লেই



চমকিয়া উঠিতেছেন; অতি সংক্ষেপে একটু উত্তর দিয়াই আবার নিজের ভাবে মধ চইয়া পড়িতেছেন। অনেককণ বদিয়া থাকিয়া বাসায় চলিয়া আদিলাম।

গোস্বামী মহাশ্রের আরোগ্যের বিষয় শুনিবার অন্ত বড়ই কৌত্হল জ্ঞান । উহার শিল্পদের মুথে থেদকল অত্যাশ্চর্য্য কথা শুনিতেছি, তাহা আমি বিশাস্থ করিতে পারিতেছি না। ২।৪ দিন প্রচারক নিবাদে যাতায়াত করিয়া পণ্ডিত মহাশর প্রীধর-প্রভৃতির মুথে গোঁসাইয়ের রোগারোগ্যের অন্তত বুভাস্ত শুনিলাম; গোস্থামী মহাশয় নিজেও সময়ে সময়ে ওবিষয়ে যেপ্রকার পরিচয় দিলেন, তাহাতে ইহাদের কথার কোন অমিল পাইলাম না। যথাঞ্জ আশ্বর্যা ঘটনাটি শিথিয়া রাথিতেছি।

গোসামী মহাশয়ের বোগ থব সাংঘাতিক অবস্থায় দাঁডাইলে তাঁহার নিত্য-সঙ্গী শিশ্যগণ একেবারে ক্ষিপ্তপ্রায় ইইয়া উঠিলেন। বিজ্ঞ বিজ্ঞ ডাক্তার সর্বদা যাতারতে করিয়া যথাসাধ্য গোঁসাইয়ের চিকিৎসা করিতে লাগিলেন। প্রত্যন্ত প্রচুর অর্থ বায়িত হইতে লাগিল। বলচেপ্তাসত্ত্বও, গোঁসাইয়ের অবজা ক্রমশঃ একেবারেই থারাপ হইয়া দাঁডাইল। সকলে তথন হতাশ হটয়া পডিলেন। এই সময়ে গোস্বামী মহাশয়ের শিফাগণ মধ্যে কেই কেই **তাঁহার** বিছানার দিকে তাকাইয়া এক একবার চমকিয়া উঠিতে শাগিলেন। উহারা দেখিতে পাইলেন চারিজন স্মানেহধারী - কেহ মুণ্ডিত-মন্তক, কেহ প্রশাশ ও জ্ঞাধারী, কেছ খ্যামবর্ণ, কেহ বা তেজঃপূর্ণ গৌরকায় ফুল ও দীর্ঘাকৃতি—প্রাচীন মহাপুরুষ গৌদাইয়ের চারিদিকে ক্ষণে ক্ষণে প্রকাশিত হইতেছেন, আবার অমনই লয় পাইয়া যাইতেছেন। উহারা কে, কেনই বা অকস্মাৎ আবিভূতি হইতেছেন আবার তৎক্ষণাৎ অস্তর্হিত হইতেছেন— তাঁহাদের ভিতরে সেই আলোচনা চলিতে লাগিল। কেহ কেহ এই অন্তত ব্যাপার প্রতাক্ষ করিয়া আলু বিপদাশকায় অতীব ভীত ও ব্যস্ত হইয়া পড়িলেন। কিছু কেই কেই উহাদের মধ্যে স্থপরিচিত বারদীর ত্রন্ধচারী মহাশয়কে দর্শন করিয়া শুভাদৃষ্ট মনে করিয়া হাই ও আছেন্ত ছইতে লাগিলেন। এদিকে, গোস্বামী মহাশয়ের সংজ্ঞা বিলুপ্ত হইল: নাড়ীর আর স্পন্দন নাই। ডাক্তার বাবরা আসিয়া, একবার দেখিয়া, বাহিরে যাইয়া বলিয়া গেলেন—" আরে বিলম্ভ নাই, এবার হ'লে এল"। তথন রাধারুফ বাবু, একতারা লইয়া, আকুল হইয়া একাস্ত কাতর প্রাণে ভগবানের নাম গাইতে লাগিলেন। গোষামী মহাশরের শরীর ভিরু অসাত ছিল। জানি না কি প্রকারে, কি শক্তিস্ফারে তিনি হ'একবার মাথা নাড়া দিয়াই অকল্মাৎ চকিতের মত লাফাইয়া উঠিলেন, এবং উচ্চ "হরিবোল, ছরিবোল" বলিয়া ছুটাছুট করিয়া, উদ্ব নৃত্য করিতে লাগিলেন। এ কি ! এ কি হইল, এ কি দেখিভেছি.

এ যে ভগবানের অসাধারণ রূপা সাক্ষাৎ ভাবে অবতীর্ণ। গুরুগতপ্রাণ গোঁসাই-শিক্ষেরা, ভাবে · দিশাহারা হইয়া, "জয় দ্য়াল ঠাকুর" "বোল হ্রিবোল" বলিয়া, ভগবানের মহিমা কীর্তুন করিতে লাগিলেন। সংকীর্তনের মহারবে চতুর্দিক কাঁপাইয়া তুলিল। গোসামী মহাশয়ের বিপৎ গণিয়া বহুলোক ছুটাছুট করিয়া কীর্ত্তন-স্থলে উপস্থিত হুইলেন। তাঁহারা তথন অন্তত ভাবাবেশে গোস্থামী মহাশয়কে নৃত্য করিতে দেখিয়া এবং হৃদ্ধারগর্জনসংযোগে উচ্চ " ছরিবোল " বলিতে শুনিয়া বিশ্বিত হইলেন। ডাক্তার বাবুরা সংকীর্তনহলে উপস্থিত হইলেন, গোস্বামী মহাশয়কে উচ্চলক্ষ প্রদানপূর্বক "হরিবোল, হরিবোল" বলিয়া নত্য করিতে দেখিয়া স্তান্তিত হইয়া রহিলেন। ক্রমে কীর্ত্তন থামিয়া গেল। গোস্থামী মহাশয়ও, মাটিতে পড়িয়া ভগবান্কে দাষ্টাঙ্গ প্রণাম করিয়া, ধীরে ধীরে উঠিয়া বসিলেন। তথন ভাক্তার বাবুরা বলিলেন—"মূহাশয় <u>আমাদের ভাক্তারীশাল্ল মিথা। আম</u>রা যে কিছুই क्षांनि ना, किहूरे तुक्षि ना-जाक जाननात कीयननाएं ठारारे পतिकांत्र श्रीमांग रहेंन।"

গোস্বামী মহাশয় কাতঃপর একবার সপরিবার বারদীর ব্রহাচারী মহাশয়ের সঙ্গে সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। সেখানেও নাকি অনেক আ**শ্চ**র্যা ২৩০খ জাষা**চ**। ঘটনা ঘটিয়াছিল।

#### ধর্মা ও নীতি সম্বন্ধে উপদেশ।

আজ কাল সর্বত্র গোত্বামী মহাশয়কে নইয়া যে ভাবে আলোচনা হইভেছে তাহা আর আমাদের স্হ হয় না। কোন প্রকারে গোসামী মহাশয়ের মুথ দিয়া ज्ञां का का अ প্রাচীন হিল্পার্থর কুদংস্কার ও হিল্পাসমাজের হুনীতির বিরুদ্ধে হু'চারট শ্লিবার ৷ ক্থা পাইলে আমরা গোঁদাইকে আমাদেরই মত ব্রাহ্মমতাবল্থী বলিয়া দশক্ষনের মুথ বন্ধ করিতে পারি। কিন্তু তিনি ধর্মবিষয়ে কোন কথাই কোন সম্প্রদায়ের বিরুদ্ধে বলেন না, এ এক বিষম মৃদ্ধিলই হইরাছে। আজে গোস্বামী মহাশয়কে "ধর্ম ও নীতি" বিষয়ে বকুতা ক্রিতে অনুরোধ করা হইল। শরীর অতিশয় কাতর হইলেও. তিনি ইহাতে রালী হইলেন। অপুরাছ ৫॥ টার সময়ে তিনি গ্রাহ্ম-মন্দিরে আসিরা সামাক্ত একথানা বেঞ্চের উপরে বসিরা এইপ্রকার বলিতে বাগিলেন। আমি নোট করিতে লাগিলাম, যথা-

আজকার রূলিবার বিষয়—'ধর্মা ও নীতি'। ধূর্মা বলিতে আমরা কি বুঝিব ৭ বেমন আগুনের ধর্ম দাহিকা শক্তি, জলের ধর্ম শীতলভা, ধর্মপ



ক্ষেরপ মানবের স্বভাব। যাহা সভ্য অসভ্য, জ্ঞানী অজ্ঞানী, শিশু বৃদ্ধ-প্রভৃতি সকলপ্রকার-অবস্থাপন্ন লোকের মধ্যেই সাধারণভাবে আছে, তাহাই মানবের স্বাভাবিক গুণ। এই গুণ তিন ভাগে বিভক্ত করা যায়। ক্ষ্যান, প্রেম ও ইচ্ছা। এই তিন গুণের উৎকর্ষসাধনই মানবঙ্গীবনের উদ্দেশ্য—ইহাই মানবের ধূর্ম।

ধর্ম সত্য বস্তু। যে সত্য সর্ববসাধারণের নিকটে সত্য বলিয়া প্রতীত হয়, যাহা প্রত্যেক জাতিতে, প্রত্যেক সম্প্রদায়ে সত্য বলিয়া বিশাস করে, যাহাতে ব্যক্তিবিশেষেরও মতবিরোধ নাই, যাহা সকলের পক্ষেই সত্য, তাহাই <u>মানব</u>-প্রকৃতির ভোগ্য স্বভাবের সত্য।

জগৎকে কেহ সপ্তি করিয়াছেন, জগৎ আছে, আমি একজন আছি।
এই তিনটি জ্ঞান সমস্ত মানবের স্বাভাবিক। ইহা কোথাও শিখিতে হয় না।
সৈত্য কথা বলা উচিত, অন্যের প্রতি অত্যাচার করা অসক্ষত, ইত্যাদি কতকগুলি
বিষয়ও স্বভাবের সত্যা) যেখানে মনুষ্য আছে সেখানেই এ সকল সত্য;
সত্যবোধ স্বভাবের সঙ্গে সঙ্গে আছে। মনের এ সকল সরল সত্যকে যে ষে
পরিমাণে বুঝিতে পারিবে, জ্ঞান তার নিকটে সেই পরিমাণে প্রকাশিত হইবে।
সরল সত্যের অনুসরণ করিলেই ধর্ম্মলাভ করা যায়। মানবের যথার্থ প্রকৃতি
বা সরল সত্যই মানবের ধর্মা। সন্তুষ্ট-চিত্ত না হইলে ধর্ম কথনও লাভ
হয় না। সরল ভাবে সত্য পালন করিলেই চিত্তে সন্তোষ লাভ হয়। অসত্য
কার্যা, অসত্য চিন্তা করিলে চিত্তে অসন্তোষ জন্মায় । স্কুষ্টেচিত্ত হইতে হইলে
সর্বাদা সরল ভাবে সত্যের অনুসরণ করিতে হয়।

সরল সত্যের যিনি অনুষ্ঠান করিবেন তিনি প্রাণের স্বাভাবিক বৃত্তির অন্ধুরোধেই করিবেন; কিছুরই অপেক্ষা রাখিবেন না; দশের দিকে, সমাজের দিকে, কারও উপকার বা অনিক্টের দিকে—এমন কি, নিজেরও মঞ্চল অমন্ধলের দিকে—
দৃষ্টিশৃত্য ইইবেন; আপন কর্ত্তব্য আপন মনে করিয়া যাইবেন। তাঁর কার্য্য লোকদেখান ইইবে না। কারও দিকে না তাকাইয়া, চন্দ্র সুর্ব্যের মত, আপন কাজ নীরবে করিয়া যাইবেন। এইরূপে কেহ চলিলে, চতুর্দ্দিকে লোক্তে তাঁর জীবন দেখিয়া জীবন পাইবে, ধস্থ হইবে।

নীতি কি ? যেসকল সরল সত্যের কথা বলা হইল—অর্থাৎ সত্যক্ষা বলা, কারও অপকার না করা, অলীল ও অনিষ্টকর ব্যবহার হইতে বিরত থাকা ইত্যাদি.—তাহাই সাধারণ নীতি। এই সাধারণ নীতি সর্ববাদিসম্মত। প্রাকৃতিক ও মানবজাতির স্বাভাবিক নীতি—ইহা সকলেরই পালনীয়। ইহা-ভিন্ন, আরও অন্য প্রকারের নীতি আছে। তাহা দেশভেদে কালভেদে ও পাত্রভেদে কখনও আবশ্যক হয়, আবার কখনও বা হয়ও না। এই নীতি সকল স্থানে সমান নহ। এক দেশের পক্ষে যাহা কর্ত্তব্য বলিয়া অবলম্বন করিতে হয়, জায়া দেশের পক্ষে তাহা ঘোরতর পাপ বলিয়া ত্যাগ করিতে হয়। কোথাও লোকে মৎস্থামাংসাহার কর্ত্তব্য বলিয়া স্থির করেন, আর কোথাও বা জঘন্স পাপ বলিয়া বিষৰৎ ত্যাগ করেন। কোন স্থানে ম্যালেরিয়া আরম্ভ 🖰 ছইলে দৃষিত জল বায়ু ও স্থান সংশোধনের জন্তা, সাধারণের স্বাস্থ্যরক্ষা করিবার জন্ম, নতন কতকগুলি নীতি অবলম্বন করা আবশ্যক হয়; কিন্তু ম্যালেরিয়া কমিয়া গেলেই আর সেই নীতি নিয়া কাজ করা প্রয়োজন হয় না : কালভেদে যে নীতির প্রয়োজন, কালেই আবার তাহা অনাবশ্যক বোধ হয়। ইহা**র সচ্চে** খুব কম লোকেরই সম্বন্ধ থাকে। হত্যাকারীদের ফাঁসি হয়, বর্ত্তমান সময়ে এদেশের লোকের পক্ষে এই নীতি: কিন্তু আমেরিকাপ্রভৃতি বছ স্থানে এই নীতি অত্যন্ত গৰ্হিত বলিয়া প্রপ্রত্যাখ্যাত। স্কুতরাং দেশভেদে নীতি এ দেশে আছে. অন্য দেশে নাই: কালভেদে নীতি আজ আছে, কাল নাই: আবার পাত্রভেদে নীতি আমার পক্ষে আছে, তোমার পক্ষে নাই। কিন্তু সহজ ধর্মনীতি যাহা দেশ-কাল-পাত্রভেদে হয় নাই, তাহা সর্ববত্র চিরকালই একভাবে আছে। তাহা আত্মার কল্যাণ সম্বন্ধে আত্মার উন্নতি বিষয়ে সকলের পক্ষেই সমান। কিন্ত অবস্থাভেদে মনুষ্টের সাধারণ নীতি ও কর্ত্ব্যের পার্থক্য থাকিবেই।

একটি আর্মগাছের পাঁচটি আম খাইয়া উহার আঁঠি হু' পাঁচ হাত অস্তর



অন্তর পুতিলেও তার রক্ষণ্ডলি ঠিক একরপ হয় না। আবার একই গাছের পাঁচিটি আম সর্ববিংশে কখনও ঠিক একই প্রকার দেখা যায় না। স্বাদে, ওজনে, অবয়বে একটির সঙ্গে অফুটির একটু প্রভেদ থাকিবেই। বীজের প্রকৃতি ও শক্তি অমুসারে জলবায়ু উত্তাপাদি আকর্ষণ করিয়া ভিন্নপ্রকার হয়। সেই প্রকার একই মাতার গর্ভে জন্মগ্রহণ করিলেও, ভিন্ন ভিন্ন অবস্থায় পাঁচটি সহোদর ভিন্ন কর্ত্তাের অধীন হয়। মানবশরীরে যে সব মাংসপেশী, যতখানা হাড়, শিরা, নাড়ী, অন্ত, অবয়বাদি থাকা আবশ্যক, তাহা প্রভাকের একমত থাকিলেও, রুচি, অমুভব ও কার্যা ঠিক একপ্রকার দেখা যায় না। সেই-প্রকার কর্ত্তি ও মূল ধর্ম নীতি যদিও সকলেরই এক তথাপি উহার আচরণ প্রত্যেকর ভিন্ন প্রকারের। সকল মন্ত্রেরই কর্ত্তির সমান নয়।

মান্দ্রের কর্ত্তর সকলেরই এক না হইলেও দেশগত, সমাজগত, কালগত নীতি এবং যে যাহা কর্ত্তরা বলিয়া স্বীকার করিয়া নেয় তাহা, পরিন্ধার অস্থায় বোধ না হওয়া পগান্ত সর্বতোভাবে প্রতিপালন করা আবশ্যক। যাহা কর্ত্তর বলিয়া মানিয়া লইব, তাহাই আমার ধর্মা। মূল ধর্ম-নীতি প্রতিপালন না করিলে যে-প্রকার অনিষ্ট হয়, অপরাধ হয়, দেশগত সমাজগত ও কালগত স্বীকৃত কর্ত্তবের বিক্লমে চলিলেও ঠিক সেইপ্রকার পাপগ্রস্ত হইতে হয়। অতএব যে যাহা কর্ত্তর্য বলিয়া বিশাস করে, সরল প্রাণে সত্ত্বী বলিয়া স্বীকার করে, তাহার তাহাই ধর্মা, তাহার তাহাই অবশ্যপালনীয়।

শরীর অতিশয় কাতর বলিয়া গোঁসাই আর বেশা বলিতে পারিলেন না। গোঁসাইয়ের বক্তা থুব ভালই লাগিল। কিন্তু আমাদের উদ্দেশ-মত কিছুই তিনি বলিলেন না; এজন্ত একট ছংখিতও হইলাম।

#### ত্রাটক সাধনের প্রণালী।

প্রতিদিন অপরাছে যেমন ব্রাক্ষসমাজে গিলা থাকি, আজও সেইপ্রকার গেলাম। জীযুক্ত
ভামাকান্ত পণ্ডিত মহাশর আমাকে দেখিয়া বলিদেন—" সাধনের একটি
ন্তন অল গোলামী মহাশন আমাদেরে ব'লে দিয়েছেন। তোমাকেও
ব'লেছেন কিন্তু নাব'লে থাকুলে, এথনই গিয়ে তুমি গোঁলাইকে জিজ্ঞানা কর।"

আমি তৎক্ষণাৎ গোৰামী মহাশয়ের নিকটে গেলাম। দেখি, সেথানে অভ কেহ নাই।
প্রণাম করিয়া গাঁড়াইবামাত্রই তিনি জিজ্ঞাসা করিলেন—'কেমন ? সাধন কিরূপ চল্ছে ?'
আমি প্রাণায়াম করাকেই প্রধান সাধন ভাবিয়া রাখিয়াছি; তাই বলিলাম—বাড়ীতে
সাধন হয় নাই। এখন একরূপ চল্ছে।

গোঁদাই বলিলেন—'নাম কর তো ? নাম ক'রে কেমন বুঝ ?' আমি বলিলাম— 'নাম ক'রে সময়ে আনন্দ হয়। পূর্বাপেকা এখন ভগবানের উপর নির্ভিত্ত কর্তেই ভাল লাগে।' গোঁদাই বলিলেন—'বেশ। অল্ল বয়সে সাধন নিয়েছ, জীবনে খুব উমতি ক'রে যে'তে পার্বে। আমি দিন শেষ ক'রে সাধন পেয়েছি; বুড়ো বয়সে এখন আর কি কর্ব ? ভূমি কোন্ ক্লাসে পড় ? লেখাপড়া ভাল চল্ছে তো ?'

গোঁদাইয়ের কথায় আমি 'হাঁ' মাত্র বলিয়াই জিজ্ঞাদা করিলাম—আপনি নাকি কি এক ন্তন মাধনের-কথা ব'লে দিয়েছেন দু পণ্ডিত মহাশয় তাই আপনাকে জিজ্ঞাদা কর্তে বল্লেন। আমিও কি তা কর্তে পারি দু

গোঁদাই বলিলেন—হাঁ তুমিও।

এই বলিয়াই চোথ্ বৃজিলেন। আমি আবার সাহস করিয়া বলিলাম—'নিয়মাদি আমি তো কিছুই জানি না।' গোঁদাই মাথা তুলিয়া আমার পানে তাকাইয়া বলিলেন—" পণ্ডিত মহাশরের কাছথেকেই জেনে নেও গিয়ে।" এই বলিয়া আবার চোথ্ বৃজিলেন। আমিও অমনি পণ্ডিত মহাশয়কে গিয়া জিজাদা করিলাম। তিনি আমাকে গোস্বামী মহাশয়ের আদেশায়ুরুপ যোগ ক্রিয়ার 'লাউক সাধনের বিষ্য়াট বলিয়া দিলুন।

অবসংমত গোস্থামী মহাশ্যের নিকটে এই সাধনের অন্তর্গানপ্রণাণীগুলি বেশ পরিকাররূপে জ্ঞানিয়া লইলাম। ক্রম-অনুসারে পঞ্চভুতেই এই সাধন করিতে হয়। প্রথম অভ্যাস ক্ষিতিতে; তাহার প্রণালী বলিয়া দিলেন। স্ব্ভবর্ণ ক্ষিতিজ সন্মূপে রাথিয়া, অনিমেষে উহার স্থানবিশেষে চেটারারা দৃষ্টি একাঞা করিতে হয়। গুরুর সক্ষেত অনুসারে, ভিতরে ও বাহিরে নিদিই লক্ষ্য স্থানে মনঃসমাবেশপুর্বাক গুরুরর সাধন করিতে হয়। পুনঃ পুনঃ চেটারারা অবিকারে, বিনা অঞ্পাতে, অন্ততঃ এক ঘণ্টা কাল স্থির একাসনে উপবিষ্ট থাকা অভ্যন্ত হইলে, সঙ্গে অভ্যন্ততে সাধন করিতে হয়। সমস্ত ভূতেরই সাধনকালে দর্শনের বিচিত্র অবহা গুরুকে জ্ঞাত করিয়া, তাঁহার আদেশমত উপযোগী ক্রম-কৌশল অবলম্বন করিতে হয়। সঙ্গেত জ্ঞানিয়া আমিও 'অনিমেষ সাধন' আরম্ভ করিলাম।

# €গাঁদাইয়ের বক্তৃতা দানে অসমতি।

অনেক কাল যাবং আক্ষসমাজে আমার যাতায়াত খুব বেশী; আক্ষ-পরিবারেও আমার

•ই ভাষণ, আনাগোনা অতিরিক্ত; উৎসবাদি ব্যাপারেও আমার দে\ড্দেপিড়,
ডক্ষবার। লাফালাফি সকলের উপরে;—এই সব দেখিয়া শুনিয়া সকলেই
আমাকে খুব একজন উৎসাহী আক্ষয়বক বলিয়া জানেন। আক্ষসমাজের কর্তারা, গোস্বামী
মহাশয়ের নিকটে ঘোগধর্মে দীক্ষা গ্রহণ করিয়াছি বলিয়া তাঁহার আক্ষমত বিক্ল অফুঠানাদির
থোঁজগবর আমার নিকই হইতেই লইতে চেষ্টা করেন। আমিও অনেক কথা বলিয়া থাকি।
আজ্ব, রজনী বাব্-প্রভৃতির কথামত, করেকটি বক্তুকে সঙ্গে লইয়া গোস্বামী মহাশয়কে গিয়া
জিজ্ঞাসা করিলাম—আগামী কলা শনিবার সন্ধার সময় আপনি "অভ্রান্ত শান্ত ও গুরুবাদ "
বিষয়ে একটি বক্তুতা করেন, সাধারণ প্রাক্ষেরা এই অয়বোধ আপনাকে জানাইতেছেন।

গোৰামী মহাশয় শুনিয়া বলিলেন—" এর বিকদ্ধে আমি কিছু ব'ল্তে পার্ব না। আমি বা। ব'ল্ব গ্রহীতবা, আক্ষসমাজ ব'ল্বেন তাহ। পরিত্যাজ্য। বকুতা কিরুপে হবে ?" আমরাও আক্ষমমাজের কর্তাদের নিকটে বাইয়া গোষামী মহাশয়ের কথা জানাইলাম। এই কথা লইয়া আক্ষমমাজে মহাত্ত্ল পড়িয়া গেল। গোষামী মহাশয় আর বেণী দিন বেদির কার্যা করিতে পারিবেন না, অনেকেই এইপ্রকার বলিতে লাগিলেন।

#### সাধু-অবজ্ঞার সাজা।

এবারে ধারভালাহইতে প্রত্যাগমনের পর নানা শ্রেণীর সাধক ও নানা ভাবের লোকেরা করিব।

প্রায় সর্কানাই গোলামী মহাশরের কাছে আসিতেছেন। মণিপুরের ভীষণ

অরগ্যে ও পুরান রম্ণার নিবিড় জললে ভালা মস্জিদের মধ্যে লোকালয়ভ্যাগী যে সব প্রাচীন মুসলমান ফকিরের। আছেন, উাহারাও কেছ কেছ সময়ে সময়ে গোলামী
মহাশয়ের নিকট আসিতেছেন। হিলু জটাধারী সন্ন্যাসীরাও নির্জনে ও গোপনে আসিয়া
গোঁসাইরের সল করিয়া ঘাইভেছেন। আজ অপরাক্তে সমাজে ঘাইয়া শুনিলাম, একটি জটিল
উদাসী সাধু, বছক্ষণ হয়, গোলামী মহাশরের নিকটে আসিয়া রহিয়ছেন। গোঁসাই তাহাকে
বড়ই শুদ্ধান্তকি করিতেছেন। গোঁসাইরের শিয়েরা নাকি তাহাকে প্রাচারক-নিবাসেই
গঞ্জিকাসেবনের যোগাড় করিয়া দিয়াছেন; এবং তিনিও স্বেছ্যমত, গাঁজার দম মারিতেছেন।

সন্যাসীটি দেথিতে বেশ তেজন্বী, ভদ্মনাননী ও সৌম্যমূর্ত্তি। তাঁহার এ কার্য্যে বাঁহী দিঙে কেহই সাহস করেন নাই। গোস্বামী মহাশ্য়ও দেখিয়া শুনিয়া এ গহিত কার্য্যের কোন প্রতিবাদ করেন নাই। সমাজগৃহে বসিয়া ব্রাক্ষেরা এ সম্বন্ধ আলোচনা করিতেছিলেন।

ভূনিয়া আমার ভিতর অলিয়া উঠিল। আমি সকলকে বলিলাম—"আপনার। অপেক্ষা করেন। ঐ গাঁজিয়ালটাকে একটিবার গাঁজা খাইতে দেখিলে, এখনই আমি উহাকে সমাজ 'কল্পাউণ্ড' হইতে চলিয়া বাইতে বলিব।" এই বলিয়া, খুব দ্জ্বের সহিত যেমন চলিলাম, অক্সাৎ শৃগুস্থানে সিঁড়ি-অন্মানে পা ফেলিয়া, 'দড়াম্' করিয়া নীচে পড়িয়া গোলাম। পায়ে বিষম আঘাত লাগিল। প্রায় একঘণ্টাকাল একই ছানে থাকিয়া, য়রণায় 'আহা উত্ত' করিয়া কাটাইলাম। একটু অক্ষকার হইলে, আমার একটি বন্ধু কোলে করিয়া আমাকে বাসায় পহছাইয়া দিল। হ' তিন দিন চলচ্ছক্তিশ্না হইয়া রহিলাম। পরে ব্রাক্ষসমাজে আসিয়া গুরুভাতাদের মুখে শুনিলাম— ঐ সয়াসী একজন উচ্চ দরের মহায়া, পরিচয় অজ্ঞাত। লোকালয়ের বহু সৌভাগ্যেই নাকি ঐপ্রকার সিদ্ধ শুক্ষদের সেথানে আগমন হইয়া থাকে!

## গোপনে প্রাণায়াম এবং উচ্ছিষ্টের আপত্তিতে উপদেশ।

গুরুলাতাদের অনেকেই মনে করেন, সাধনের ভিতরের অনেক বিষয় আমি ব্রাক্ষসমাজের
কাছে বলিয়া দিয়াছি। গোস্থানী মহাশ্যের সঙ্গে আমার অভিন্তিক
তর্ক ও প্রকাশ্য আলোচনাসভাতে সাধন স্বন্ধীয় প্রশ্লাদি করাই তাঁহাদের
এইপ্রকার সংশ্যের হেতু। আজ গোস্থানী মহাশ্য আমাকে বলিলেন—" প্রাণায়াম লোকের
নিক্ট ক'র না। লোকে ওসব নিয়ে তোমাকে ঠাট্টা উপহাস কর্বে, ক্ষেপাবে।
আর এসব যত গোপনে হয় ততই উপকার।"

গোসাইকে আমি জিজ্ঞাসা করিলাম—আমাদের নাকি উচ্ছিষ্ট খেতে নাই ৷ ভুক্তা-বশিষ্টই তো উচ্ছিষ্ট ৷ তবে, অন্তোর সঙ্গে একপাত্রে ব'সেতো খেতে পার্বো ৷

গোঁসাই বলিলেন – না. তাও নিষেধ আছে।

আমি। আমাদের পাড়ায় আমার একট বন্ধু আছে—ভূবন \*। সে আন্ধ হ'লেছে। শিশুকালথেকে তার সঙ্গে আমার অত্যস্ত প্রণয়। আমার কোনও অত্যুধ হ'লে ব্রুদরে

<sup>\*</sup> ज्वन-अवृक्त ज्वनत्माहन व्टिशीशांत्र (Mr. B. M. Chatterji, Bar-at-Law.) बात्रिहार्त्र ।

থেকেও সে তা টের পায়—অন্থির হ'রে পড়ে। তারও তেমন কিছু আপৎ বিণৎ ঘটলে আমি প্রাণে তা অন্থতব করি। শিশুকালথেকে এক থালাতে আমরা আহার ক'রে আস্ছি। এখন কি আমি আর তার সঙ্গেও এক পাত্রে আহার কর্তে পার্ব না ?" গোঁসাই একটু হাসিয়া বলিলেন—"হাঁ, হাঁ, শুধু তার সঙ্গে পার্বে। তাতে তোমার কোনও ক্ষতি হবে না। তোমাদের পরস্পরে যে সন্তাব, তা'তে উচিছ্টেট কোনও দোব তোমাকে স্পর্শ কর্বে না।"

#### কুন্তুক।

কয়েক দিন যাবৎ গোস্বামী মহাশয় পীড়িত। কারও সঙ্গেই তাঁর দেখা সাক্ষাৎ হয় না। প্রীযুক্ত মন্মথনাথ মুখোপাধ্যায় মহাশয় বেদির কার্য্য করিয়া থাকেন। আজ শ্রামাকাস্ত পণ্ডিত মহাশগ আমাকে ডাকিয়া লইগ্র গোপনে বলিলেন—" মাধনের আর একটি নূতন অল্প অবলম্বন করিতে আদেশ ছইয়াছে। গোস্বামী মহাশয় উহা তোমাদিগকে জানাইয়া দিতে বলিয়াছেন। তাহা দেখিয়া লও।" এই বলিয়া তিনি একপ্রকার অন্তত প্রক্রিয়া দেখাইয়া দিলেন। ইহাকে কুম্ভক বলে। প্রত্যাহ সাধনের সময়ে প্রথমে ও শেষে তিনবার করিয়া এই কুম্বক করিতে হইবে। পল্লীগ্রামে ব্রাহ্মণ-পণ্ডিতেরা সন্ধ্যাফিকের সময়ে লাক টিপিয়া বাহিরের বায়ু টানিয়া লইয়া উহা ধারণপুর্বাক যে প্রণালীতে কুন্তক করেন দেখিয়াছি, এই কুন্তক দে প্রকার কিছই নয়। স্থামাদের গুরুপ্রদত্ত প্রণালী মত প্রাণায়ামদারা কৌশলপুর্বাক শুধু প্রাণ্বায়কে ধীরে ধীরে আকর্ষণ করিয়া উহা একেবারে মুলেতে নিয়া স্থাপন করিতে হুইবে। পরে উৰ্জ অধঃ সমন্ত ইক্ৰিয়ছিদ্ৰ কৰা কৰিয়া, খাদ প্ৰধাদ ও সাধাৰণ বায়ৰ অন্তৰ্গতি সম্পৰ্ণক্ৰপে রোধ করিয়া. নামে চিত্তসংযোগ পূর্ব্বক, দৃঢ়তার সহিত উহা সাধ্যমত ধারণ করিতে ছইবে। এই প্রক্রিয়ার অন্তর্ভানের সঙ্গে বাহিরের সমস্ত স্থৃতি---এমন কি. দেহের সংস্কারপর্যান্ত-ধীরে ধীরে বিল্পু হইয়া যায় এবং তথন নামের অন্তিভ্যাত্র অনুভূত ছইতে থাকে। কতকটা ভাহার আভাদ পাইলাম। শুনিলাম, এই প্রাণায়াম সংযোগে কুগুকের বিষয়মাত্র শ্রীমণ্ডগবদগীতার সংক্ষেপে উক্ত আছে। সাধারণ্যে ইহার প্রচার নাই। ইহা "প্রকম্থী"। একভ আমিও ইহা সক্ষেতেই উলেধ করিয়া রাখিলাম।

## ঢাকার জন্মান্টমীর মিছিল।

আৰু জ্বন্ধাইনীর মিছিল (শোভাষাতা)। কত দেশের কত লোক আজ এই মিছিল দেখিতে ঢাকাতে আসিরাছে। সহর আজ লোকের ভিড়ে তোলপাড়। স্থল, কলেজ এবং লালাকাদি প্রতি বৎসরেই এই মিছিলের জন্ম ছুটি হয়। নবাবপুর একদিন ও ইল্লামপুর একদিন পরস্পর স্পান্ধা করিয়া এই মিছিল বাহির করে। লুটপাট দালা-ভালামা ও নানাপ্রকার উৎপাত উপদ্বেবর শাস্তি বিধানার্থ প্রতি বৎসরই গভর্ণমেণ্ট এই সময়ে প্রচুর প্রিমাণে পুলিশের স্থব্যবস্থা করেন।

এ বংসরেও প্রতি বংসরের ভার অপরাক্তে তিনটার সময়ে এই মিছিল বাহির হইল। প্রশান্ত পথ ধরিয়া আণ্টাঘরের ময়দান, বাঙ্গালাবাঞ্চার, পাটুরাটুলি, প্রভৃতি স্থান ঘুরিয়া অত্যকার মিছিল চলিতে লাগিল। উল্লসিত নবাবপুরবাসীদের সমবেত চেটা ও দক্ষতার মিছিলটি আল এত দীর্ঘ হইল যে প্রায় ৩ মাইল রাস্তা মণ্ডলাকারে বেইন করিয়া একদিক শেষ না হইতেই উহা থালপাড় ধরিয়া আরম্ভ স্থলে আসিয়া উপনীত হইল। ইহা দেখিয়া বড়ই বিশ্বিত হইলাম।

সর্বাত্তে একদল মল থেলোরাড় ছই তিন দল দেশী বাজনার পশ্চাৎ পশ্চাৎ ডন কুন্তি ও লাঠি থেলার বিবিধ প্রকার কৌশল দেখাইতে দেখাইতে অপ্রাসর ইইল। তৎসঙ্গে গোপেরা নন্দোৎসব করিতে করিতে চলিল। নানা রঙ্গের উচ্চ নিশান ও বিবিধ প্রকার মূল্যবান আসাদোটা লইয়া বহুলোক উহাদের পশ্চাৎ পশ্চাৎ চলিতে লাগিল। পরে বহুসংখ্যক প্রকাণ্ড হক্তী শ্রেণীবদ্ধ অবস্থায়—বহুমূল্য, স্থবর্ণপচিত, বিবিধকার কার্যান্তিত বিচিত্র বর্ণের মধ্মলের চাদর (ঝুল) বারা সজ্জিত ইইয়া—বীর মন্থর গতিতে অপ্রসর ইইল। উহারা ললাটোপরি উজ্জ্বল ও রুহৎ স্থবর্ণ ও রৌপোর ঢাল লইয়া, যথন সগর্বের্ম মন্তক হেলাইয়া দোলাইয়া, ইংরাজী বাজনার সঙ্গে গলে তালে তালে চলিতে লাগিল, তথন দর্শক্ষপত্তীর চিত্তও কৌতুকোলাদে নাচিল উঠিল। হল্তিসজ্জা শেব ইইলে, তৎপশ্চাতে বহুসংখ্যক আরও, ঐরপ শোভন বিচিত্র সাজে সজ্জিত হইয়া চলিল। ইহার পর ঢাকার অসাধানণ শিলনৈপুণ্যের আদর্শ 'চৌকী' সমূহ একে একে বাহির ইইতে লাগিল। উহাতে রাং ও অভ্র বারা নির্মিত স্থবর্ণ ও রৌপাপ্রতিম ঝল্মলায়মান, নানা আরতনের মন্দির, মঠ, নৌকা ও জন্তালিকার মধ্যে কৌতুহুলোলুনপক পৌরাণিক ও জন্তবিষ্ ঘটনার দৃশ্যসমূহ পরিদৃত্ত হইল। কোণাও কুক্সভার ট্রোপনীর বন্ধ হরণের জ্ঞাচারে

ভীমের আফালন, যুধিষ্ঠিরের অমাত্র্যিক ধৈর্য্য, এবং অসহায়া বিপল্লা শ্বণাগতা ডৌপদীর ভগবৎক্লপাবলে বন্ত্রলাভ; কোথাও পিতৃ-সত্য পালনার্থ শ্রীরানচন্দ্রের বনগমন, পরে **জ্যেষ্ঠ** ভ্রাতা রামকে পুনরায় রাজ্যে আনিতে ভরতের আকুল রোদন ও প্রার্থনা; কোনটিতে জনমেলয়ের সর্পদত্র, তাহাতে জলস্ত হতাশনে ঋষিদের সর্পাহতি: কোনটিতে নৈমিয়ারণ্যে ঋষিগণের পুরাণশ্রবণ-এই প্রকার বছ পৌরাণিক দশু দেখাইতে দেখাইতে 'চৌকি' সকল একটির পরে একটি শুগুলামত ঘাইতে লাগিল। এই সকল 'চৌকির' অগ্র পশ্চাতে হরিদংকীর্তন বাউল বৈফবের সঙ্গীত, মনসার ভাষান, চণ্ডীর গান প্রভৃতিও চলিতে লাগিল। অতঃপর নামা প্রকারের স্থানীর বাঙ্গ-চিত্রাদি প্রদর্শিত হইল। ইহাতে 'মিছিলের' এক দল প্রতিপক্ষ অবসর দলের গৃহচ্ছিত্র ও ছবাচার বা ভ্রব্যবহারের বিষয় সকল চিত্রসাহায়ে জনসাধারণের সমক্ষে প্রকাশ বা প্রচার করিতে সঙ্কোচ করে না। এইসমস্ত শেষ হইয়া গেলে পর, আবার থুব বড় বড় 'চৌকি' বাহির হইতে আরম্ভ হয়। কি কৌশলে, কিন্ধপ আশ্চর্যা হিদাবে উহারা এই দকল বড় 'চৌকি' তৈয়ার করে, ভাবিলে বাস্তবিকই বিশ্বয়ে অবাক হইতে হয়। ২০া২৫ ফুট চতুকোণ কাঠের মাচাং প্রস্তুত ক্রিয়া, তাহার উপরে প্রায় ৪০া৫০ ফুট উচ্চ, তেতালা চৌতালা মন্দিরের মত কোঠার কাঠাম বাঁধিয়া রাথা হয়। মিছিল বাহির হওয়ার হ'তিন ঘণ্টা পুর্বেষ ভিন্ন ভিন্ন স্থানহইতে লোকেরা শত শত ভিন্ন ভিন্ন বালের 'টাটি' আনিয়া উপস্থিত করে। দকল 'টাট্টির' বাহিরের দিক অভিহন্দের বিচিত্র কাগজের দারা আরত থাকে। আশ্চর্য্যের বিষয় এই যে ঐগুলি যথন 'মাচাংএ' একটির পর একটি সংযুক্ত হয়, তথন সেগুলি ঠিক 'থাপে থাপে' লাগিয়া যায়---কোন স্থানের মাচাং বা টাট্টি ছই তিন ইঞ্চিও ছোট বড় বা বেদমান হয় না। এই ভাবে 'চৌকিতে' ক্রমে ৫০।৬০ বা ততোধিক 'টাট্রি' সংযক্ত হইলে, শিল্পনৈপুণ্যের পরাকান্তা স্বরূপ বচ কারুকার্য্য-থচিত, অতি অপর্ব্ব ও নিখঁত, প্রকাত প্রকাও মন্দির, মঠ, প্রাসাদ, চুর্গ ইত্যাদি প্রস্তুক্ত প্রাচীন কোনও কীর্ত্তি প্রদর্শিত চুইন দেখা যার। এই প্রকারের 'চৌকি' পাঁচ ছরখানার অধিক হয় না। 'মিছিল' শেষ **হ**ইরা গেলে, প্রার প্রতি বৎসরেই এই সব 'চৌকি' ফটো তোলার জন্ম, কোন কোন প্রাণত রাজপথে কিংবা আণ্টাঘরের মরদানে কি খালের ধারে কয়েকদিন রক্ষা कता इत। मक्तात शत क्रमत (दायनाहे 'इत।

রাত্রে, লোকের গোলমাল কমিলে পর, জনাষ্ট্রমী মিছিলের বড় চৌকী দেখিতে

গোলামী মহাশ্যের সহিত বাহির হইলাম। গজ-কচ্ছপ শইষা গলড় শৃত্যনার্গে উড়িয়া গিয়া একটি বৃক্ষের ভালে বসিতে চেটা করিতেছে, এই দৃষ্ঠাট এত স্থন্দর কৌশলে প্রস্তুত হইয়াছে যে, গোলামী মহাশয় প্রায় বিশ মিনিটকাল উহার দিকে চাহিচা রহিলেন।

ক্রন্ত্রান্টিনপদের হুর্গও অতি অভূত হইয়াছে। এই সব দেখিয়া গোলামী মহাশয় বলিলেন—

" ঢাকার জন্মান্টমীর মিছিলের মত মিছিল, এমন অভূত কারুকার্গা, বর্ত্তনানে আর কুরাপি নাই। শান্তিপুরের রাস, ঢাকার জন্মান্টমীর মিছিল খুব দেখবার জিনিয়, দেশের একটা গৌরব।"

বড় চৌকী দেখার পর গোস্বামী মহাশয়ের সঙ্গে সমাজে গেলাম। আজ একটু অধিক রাত্রিতে সাধনে যোগ দিয়া, রাত্রি প্রায় দশটার সময়ে বাসায় আসিলাম।

## আশ্চর্য্য ফকির।

বিকালবেলা প্রচারক নিবাসে ঘাইয়া দেখি, লোকে ধর পরিপূর্ণ: একটি ফ্রির গোসামী মহাশ্যের স্থাবে ব্দিয়া আছেন। ফ্রিবে সাহেবের বেশ-ভ্রা কিছুই নাই, 'নেংটি' মাত্র পরিধান, কাল একথানা জীর্ণ কথল গায়ে জড়ান। গোখানী মহাশয়ের সঙ্গে 'ঠারে ঠোরে' কি সব আলাপ করিতেছেন। উহাদের সে ফকিরি ভাষাও ভাবের কথা আমি কিছই ব্রিলাম না। সমাজের আঙ্গিনায় ও এদিকে সেদিকে অনেকেই বলাবলি করিতে লাগিলেন, "ফ্কিরটি থুব উন্নত অবস্থার লোক"। মনে হইল, 'এ মনদ নয়! অর্থশুন্ত কতকগুলি শক্ষের 'এলো মেলো' যোজনা করিলেই তাহা ভাবের কণা হইল, আর, মুসলমান হইয়া গুরুতত্ত্বের কণা পাড়িলেই তিনি একজন মহাআ হইলেন ৷ সে যাহা হউক কৌতহলাক্রান্ত হটয়া, আমি ফকির সাহেবের কোন বিশেষত্ব পাই কি না অমুদ্রনাম করিতে লাগিলাম। ঘরে সামাক্ত একটি 'মিটমিটে' আলো জ্বলিতেছিল। ফ্রির সাহেব ক্রেক্বার আমার দিকে মুধ ফিরাইলেন। তাঁহার চক্ষের দিকে চাহিয়াই আমি বিশ্বয়ে অবাক হইয়া রহিলাম। ঠিক যেন গু'টি উজ্জ্বল নক্ষত্ৰ ঝিকিমিকি জ্বলিতেতে, দেখিতে লাগিলাম। অন্ধকারে চক্ষের জ্যোতি ফটিয়া বাছির হয়, ইছা কথনও ইতিপূর্ব্বে আমি দেখি নাই। দোকের ভিড় দেখিয়া, ফকিরসাহেব গোস্বামী মহাশয়কে নমস্বার করিয়া উঠিয়া চলিলেন। আমি তাঁহার পিছু লইলাম। ফ্কির সাহেব রাস্তায় হাঁটিয়া চলেন না; অতি-দ্ৰুত লম্বা লম্বা পদবিক্ষেপ-পূৰ্ক্ক বক্ৰগতিতে লাফাইতে লাফাইতে

প্রুকাশ্য রাজপথ দিয়া ছুটিলেন। পাটুয়াটুলির কতকদ্র পর্যান্ত উাহার পশ্চাৎ পশ্চাৎ অতিকত্তে চলিয়া, ফিরিয়া আদিলাম। তিনি কোন্দিক দিয়া যে হঠাৎ চলিয়া গেলেন, স্ঠিক করিতে পারিলাম না।

# ব্রাহ্মসমাজে শাস্ত্রীয় ব্যাখ্যা ও হরিদঙ্কীর্ত্তন। ব্রাহ্মগণের আন্দোলন।

গোৰামী মহাশ্য আজকাল যে ভাবে বেলির কার্য্য করিতেছেন, তাহাতে সকলেই খুব সন্তপ্ত ; কিন্তু সাধারণ রাহ্মগণ গোঁসাইরের এরূপ অসাম্প্রদায়িক ভাবের উপদেশ ও বক্তৃতাতে বিরক্ত। তাহারা ইচ্ছা করেন, গোঁসাই তাঁহাদেরই ভাব ও ইচ্ছামত উপদেশ ও বক্তৃতালি দেন। বেদিতে বিস্না উপদেশ দিবার সময়ে অনেক সময়েই গোঁস্বামী মহাশ্য শাস্ত্রালির কথা বলেন; গুবাণের এক একটি আখায়িকা লইয়া তাহার আধায়িক ব্যাখ্যা করেন। প্রাণের আধায়িক ব্যাখ্যা গোন্থামী মহাশ্যই প্রথম আরম্ভ করিলেন; ভনিতেছি, ইতিপুরের এভাবের ব্যাখ্যা নাকি আর কথনও হয় নাই। এইপ্রকার রূপক ব্যাখ্যা ভনিয়া লাজভাবাপন অনেকেই মহাভারত, রামায়ণ ও প্রাণাদির প্রতি ধীরে ধীরে আরুই হইতেছেন। আমার কিন্তু মনে হয় প্রাণ্যাদি প্রাণাদিপ্রচলনের অন্ত গোন্থামী মহাশ্যের ইহা একটি পাকা চাল।

গোবামী মহাশয়ের নিকটে নিতাই সন্ধার সময়ে সন্ধীন্তন হইতেছে। শনি ও রবিবারে প্রচারক-নিবাসের সন্ধার্থ আলিনাতেই অধিকক্ষণ ধরিয়া কীর্ত্তন হয়; কথনও বা সমাক্ষের সন্থাব্য উঠানেও হইয়া থাকে। এই কীর্ত্তনে বিতার পোকের সমাবেশ হয়। সন্ধীর্ত্তনে গোবামী মহাশয় ও উাহার শিশুদের ভাবোচ্ছাস দেখিয়া সকলেই অবাক্ হইয়া যান। সন্ধীর্তনের রব ও থোণের ধ্বনি ভনিলেই গোসাই যেন কিরকম হইয়া পড়েন। উচ্চ উচ্চ লক্ষ্য পোন্যুক্তক "হরিবোল" "হরিবোল" বলিতে বলিতে জানশ্স হন, কথনও একেবারে মৃচ্ছিত হইয়া পড়িয়া যান। গোঁসাইয়ের এইরূপ মন্তবায় বছলোকের ভাব জাগাইয়া দেয়। সাধারণতঃ গোঁসাইয়ের কয়েকটি শিশুদের মধ্যেই মাতামাতির ভাবটা বেশা বেশা যায়। আমরাও জনেকে ভাব করিতে চেষ্টা করি, কিন্তু খাঁটি ভাব হয় না; 'মেহনৎ' মাত্রই সার; এক্স মনে বড়ই ছঃথ হয়।

আৰু প্রচারক-নিবাসের আজিনায় সন্ধীর্তনে মহাত্লস্থল ব্যাপার। আইক্ষকোলাহলে সমস্ত ব্রাহ্মসমান্তের অলন পরিপূর্ণ। অনেকেই আরু ভাবাবেশে 'ডগ মগ'। চারিদিকে

অসংখ্য লোক দাড়াইয়া সন্ধার্তন শুনিতেছেন। প্রীধর বাবু মাতিয়া নৃত্য আরম্ভ করিলেন।
প্রীধরবাবুর নৃত্য দেখিয়া মনে হইল খেন একটি প্তুল নাচিতেছে। বাহসংজ্ঞা হারাইয়াও, এমন
পৃত্যালার সহিত নৃত্য করা বিশেষ একটি শক্তির প্রভাবে ভিন্ন হয় না। প্রীধর মন্ত হইয়া
নৃত্য করিতে করিতে খুব উচ্চেঃসরে "আলা হোআকবর" "আলা হোআকবর" বলিতে
বলিতে ছুটাছুটি করিতে লাগিলেন। আমাদের কোনও শ্রুলাপদ রাক্ষ প্রীধরের ঐপ্রকার
অবস্থা দেখিয়া, 'ভাইরে' 'ভাইরে' বলিয়া প্রীধরকে ক্লড়াইয়া ধরিলেন এবং ভাহার সঙ্গে
নৃত্য করিতে লাগিলেন। প্রীধরের চক্ষের পলক নাই। অক্যাং, উচ্চলক্ষ্ সহকারে, শুন্ত
আকাশে অঙ্গুলিনির্দেশপূর্বক চীৎকার করিয়া বলিতে লাগিলেন—"ঐ দেগ্ কালী, ঐ দেগ্
কালী"। নির্চাবান রাক্ষাটি প্রীধরকে কড়াইয়া বড়ই আনন্দ করিভেছিলেন; কিন্তু ঐ
কালী শক্ষাট খেননই শুনিলেন, অমনি প্রীধরকে ধারা লিয়া আলিক্ষন মৃক্ত করিয়া বলিলেন—
"ব্র শালা! বল্ পরব্রক্ষ, বল্ পরবৃক্ষ লা তিনি "বল্ পরবৃদ্ধেন। তিবিলান করিতে লাগিলেন। প্রীধর "কয় কালী! কর কালী!" বলিতে বলিতে মৃচ্ছিত
হইয়া পড়িলেন।

সন্ধার্ত্তনাতে কতিপদ রান্ধ এই বিষয় লইয়া কিছুকণ আলোচনা করিলেন। তাঁহারা বলিলেন—"গোসাই হরিনাম রান্ধসমাজে চালাইয়াছেন, তাঁর পিছোরা এখন কালী, হুর্গা প্রভৃতি নামও চালাইতে চেষ্টা করিতেছেন। এ অতি ভয়ানক। প্রতিবাদ হওয়া উচিত। উনি খুব নিষ্ঠাবান্ রান্ধ। ভাবের সময়ে কালী নাম শুনাতে উহার বিবেকে অভান্ত আঘাত লাগিয়াছে; তাই হঠাং "শালা" বলিয়া ফেনিয়াছেন। ইহাতে কথনও উহাকে শোব দেওয়া যায় না।"

গোস্বামী মহাশয়ের দৈনন্দিন আচরণ ও সাধনের " বৈঠক"।

প্রতাহ প্রাতে প্রায় সাতটার সময়ে গোস্বামী মহাশয় চা থাইরা থাকেন। চা থাওরার পরে আসনে বসিয়া অনিমেয় নরনে বহুক্ষণ প্রাক্তপন্থ শেফালিকা গাছের দিকে চাহিরা থাকেন। একটু বেলা হইলে পাঠ আরম্ভ হয়। প্রায় এগারটা পর্যান্ত ধর্মগ্রহ পাঠ চলে।

মধ্যাকে আহারের পর গেণ্ডারিয়ার জনলে 'আনন্দ মাটারের বাগানে 'বান। সেধানে পূর্বপ্রান্তে একটি পুরান আমগাছের তলে সাধনে তিন ঘণ্টাকাল অতিবাহিত করেন। • বিকাশে আবার সমাজে আবেন। চারিটার পর প্রত্যাহই প্রচারক-নিবাসে বছলোকের সমাগম হয়। কেলার বাবু (রামক্ষণ প্রমহংসদেবের অন্তগত জ্জে)ও আশানন্দ বাউল প্রত্যাহই আসেন। গোস্থামী মহাশ্রের শিশ্র ও অপর অনেকে এই সময়ে উপস্থিত হন। বিকাশ বেলা বিবিধ ধর্মপ্রশালের পর নিতাই স্কীত হইলা থাকে।

সক্ষার সময়ে প্রায় এক ঘণ্টা সংকীর্ত্তন হয়। তৎপরে কক্ষের হার রুদ্ধ হয়। তথন কেবলমাত্র সাধনের লোকেরাই ঘরের ভিতরে থাকিতে পারেন। রাজি প্রায় ৯।টা ১০টা পৰ্যান্ত সাধন চলে। সকলে মিলিয়া এক সজে মাত্রাও ক্রম এক রাখিয়া এক ঘণ্ট। কাল প্রাণায়াম করেন। পরে একটি বা ছইটি গান হয়। এই গানের পরে আবার একঘণ্টা পূর্ব্বৎ প্রণায়াম চলে। মহিলারাও পার্খের ঘরে স্কলে একদলে বসিয়া প্রাণায়াম করেন। 'বৈঠকে' সাধনের কালে পুথক পুথক আসনের কোনও নিয়ম বা বন্দোবন্ত মাই। সাধন করিতে করিতে এই সময়ে অনেকের ভিতরে পারলৌকিক আত্মার। অব্দিয়া পড়েন। কাহারও ভাবাবেশে সংজ্ঞা বিলুপ্ত হয়: কেহ কেছ বিকট চীৎকার করিয়া উঠেন: আবার, কোন কোন সাধকের ভীষণ অট্টাসি আরম্ভ হয়। এই সময়ে বিবিধ প্রকার ভাবোচ্চাদে বিবিধ প্রকার অবস্থা অনেকের ভিতরে ঘটতে থাকে। গোস্বামী মহাশর ক্রমে এসব উদ্দাম উচ্চাদের বেগ সংবরণ করেন। তিনি এই সাধন-বৈঠকে কথনও কথনও ভাবাবেশে অনেক কথা বলেন; দেবদেবী, মুনিঋষি ও মহাত্মাদের প্রকাল দেখিয়া তথক্কতি করেন। বাঁহারা বৈঠকে বোগ দেন-ক্লনেকেই কিছু না কিছ দর্শন পান। এক দুখাই যে সকলে দেখেন, এমন নয়। ভিন্ন ভিন্ন দেব-দেৱী ভিন্ন ভিন্ন জ্যোতি, ভিন্ন ভিন্ন আফুতি বা রূপ-এক এক জনে এক এক রুক্ত দর্শন করেন। আমার কিন্তু কোঁস—কোঁস মাত্রই সার—কিছুই দর্শন হয় না। রাষক্রয়ঙ পরমহংসদেব, ও বারদীর ত্রহ্মচারী মহাশয় সাধনকালে প্রায়ই উপস্থিত হন। গোলামী মহাশর আরও বেদকল মহাআনের নাম করেন তাঁহাদের কাহাকেও আমি জানি না। কুল্ম শরীরে সমাগত মহাপুরুষদের দর্শনলাভ সকলের ভাগো ঘটে না; তবে আলৌকিক একটা কিছ খটিয়াছে ইছা ব্যাতি কাছারও আর বাকী থাকে না। গোস্থামী মহাশয়ের নিক্তের অবস্থাদির সম্বন্ধে লোকের মূথে যাহা শুনি, তাহা আমি সব বিশ্বাস করিতে পারি না। আবার বেদকল বিষয় দেখিয়া-ভনিয়া চমৎকার মনে হয়, তাহাও লোকের নিকট প্রকাশ করিতে সাহস পাই না। স্থতরাং সর্ব সাধারণে বাহা অহরহ: প্রত্যক্ষ করিতেছেন তাহাই শ্বতিতে রাখিবার জন্ম আভাসে লিথিয়া ঘাইতেছি।

আঞ্জেল গোল্ডামী মহাশ্যের সমাধির একটা নির্দিষ্ট সময় বা নিয়ম নাই। কেলও কোনও দিন আহার করিতে বসিয়া, হাতের গ্রাস মূপে তুলিয়াই তিনি সমাধিত হইয়া পড়েন --- মথের ভাত মুথেই থাকে। দেড় ঘণ্টা, হুই ঘণ্টা একই অবস্থার কাটিয়া বায়। পরিচিত al অপ্রবিচিত লোকের সঙ্গে সাধারণ বিষয়ে কথাবার্ডা বলিতে বলিতেও তিনি অকল্মাৎ আব্রহারা হইয়া পড়েন; বছকণ আবে সাড়াশক পাওয়া যায় না। ভিতরে যে কি ব্যাপার হয়, তাহা তিনিই জানেন। পাঠ করিতে করিতে কদ্ধ-কণ্ঠ হইয়া প্রেন, ফোঁপাইয়া ফোঁপাইয়া কাঁদিতে কাঁদিতে বাহ্নজানশস্ত হন: দীর্ঘকাল এই অবস্থাতেই অভিবাহিত হয়। সংকীর্তনের সময়ে ভগবানের নাম ভনিলেই লাফাইয়া উঠেন, এতা করিতে করিতে মহিতে হইয়া পড়িয়া যান। শ্রীরটি জড়বৎ অসাড়, অবশ হইয়াযায়। তথন বত্তাৰ সন্মুখে বসিয়া কেছ ভগবানের নাম করিলে বাছক্ষ র্ত্তি হয়।

প্রচারকনিবাসে নানা ভাবের লোকই আদেন। তাঁহারা গোসাইকে গুনাইয়া নান। ভারের আলাপ আলোচনাদিও করেন। গোঁসাই সকলের কথাতেই 'হুঁ' দিয়া যান: এবং আপন ভাবেই বিভোর থাকিয়া ঢলিয়া চলিয়া পড়িতে থাকেন। সর্বদাই মনটি যেন অঞ একদিকে পডিয়া রহিয়াছে। যেসকল গানে ভগবানের নাম গন্ধও নাই পক্ষান্তরে জী-পুরুষের প্রণয়ঘটিত ভাবের উদ্দীপনা হয়, সে সকল গানেও গোঁদাইয়ের ভাব। প্রেম-সন্ধীত, 'টপপা'প্রভৃতিও তিনি থুব আগ্রহের সহিত ভনেন, এবং তাহাতেও 'আহা' উচ্চ' করিতে করিতে ক্লাঁদিয়া আকুল হন। রাধা-ক্লফ বা গৌর-নিতাই সম্বন্ধে গান **হইলে**ই অমনি গোঁদাইয়ের বংশগত ভাব কাগিয়া উঠে। প্রাহ্মদঙ্গীত অপেকাও ঠ সকল গানে গোঁদাইয়ের কচি অধিক এবং ভাবের কৃত্তি বেশী দেখিতে পাই। ক্লফকান্ত পাঠকের গান গোঁসাই বড়ই ভাল বাসেন। আহুষ্ঠানিক বান্ধ প্রীযুক্ত নৰকান্ত চট্টোপাধ্যায় মহাশয় প্রত্যহই অপরাফ্লে একবার গোস্বামী মহাশয়ের কাছে আদেন। তিনি বেশ গাইতে পারেন। গোস্বামী মহাশয়ের রুচি বুঝিরা, অনেক সময়ে তিনি ক্লফকান্ত পাঠকের গান গাইয়া থাকেন। তাঁহার স্কলিত সঙ্গীতমূক্তাবলী ও প্রেম-সঙ্গীত হুইতেও মাঝে মাঝে তিনি নিম্নলিখিত গানগুলি গাহিয়া থাকেন, যথা—" কলে ঢেউ দিও না গো স্থি: আমি কালরপ নির্থি", " তারে দিয়ে প্রাণ কুলমান চরণ পেলাম না সজনি, আমি ছলেম গৌরকলন্ধিনী! "— ইত্যাদি। গোঁসাই এইসকল গান শুনিয়া ভাবে 'ডগ মগ্' হইয়া পড়েন। গোঁদাইমের ভাব দেথিয়া উপস্থিত সকলেও বিমুগ্ধ হইরা যান। গানগুলি যে কি ভাবের, আশ্চর্যা এই যে লাগা মহাশয়েরাও তাহা একবার ভাবিয়া দেশিবার

ক্ষবসর পান না। যাহা হউক, অতঃপর সন্ধার সময়ে, ছাত্রসমাক্ষের সমবরক আমরা সকলে হকও গায়ক প্রীযুক্ত রেবতীমোহন সেনের সহিত মিলিত হইয়া উচ্চকওে সংকীর্ত্তন করি — গাওরে আনন্দে সবে জয় ব্রহ্ম জয় "। গোঁসাই ভাল বাসেন বলিয়া, "জীবের থাক্তে চেতন হরি বল মন, দিন গেল দিন গেল "— বৈর্মানীদের এ গানটিও আমরা প্রায় প্রত্যাহই গাইয়া থাকি। সংকীর্ত্তনে গোঁসাইরের যেপ্রকার অবস্থা হয় তাহা ব্যক্ত করিবার গো নাই। দিন রাত অবিচ্ছেদে গোঁসাই যেন একটা ভাবে 'চুলু চুলু' রহিয়াছেন—ভিন্ন ভিন্ন সময়ে তাঁহাকে দেখিয়া ইহাই ব্রিতেছি। তবে, ভক্তিভাবের আধিক্যবশতঃ, বিশুর ব্যাসমত ছাড়িয়া গোঁসাই অনেকটা প্রাচীন লাক্তমতে পড়িয়া গিয়াছেন, গোঁসাইকে থুব ভাল বাসিলেও তাঁহার সম্বন্ধে আমার এই ধারণা।

### গোঁসাই-শিশ্যদের কথা।

যাহারা গোঁমাইয়ের নিকটে যোগ-সাধন প্রাপ্ত হইয়াছেন তাঁহাদের ভিতরকার অবস্থা ব্যিবার সাধ্য আমার নাই। তবে, মিঁলিয়া মিশিয়া, 'আলাপে সালাপে' যতটক ব্যিতেছি তাহাতে অহাত বিশ্বিত হইতেছি। প্রায় ছই বংসর যাবং গোস্বামী মহাশয় পাত্রিশেষে এই সাধন দিতে আরম্ভ করিয়াছেন: এই অল সময়ের মধ্যেই সাধনপ্রাপ্ত লোকদের মধ্যে কাহারও কাহারও ভিতরে আশ্চর্যা ভাব, অলৌকিক শক্তি ও অন্তত যোগৈশ্ব্যা ফুটিয়া উঠিয়াছে। সংকীর্তনের ভাবোচ্ছাস ইহাদের মধ্যে যাহা দেখিতে পাই তাহা এক নৃতন রকমের, পুর্বে কোণাও এরপ ভাব কাহারও ভিতরে দেখি নাই। সাধারণ লোকের। এইদৰ অবস্থা দেখিয়া অবাক হইয়া যায়, কেহ কেছ আবাৰ ভূত প্ৰেতের কাণ্ড ভাৰিয়াও হতর্দ্ধি হয়। সংকীর্তনে আনন্দ, উচ্চাদ, মত্তা বা ভাবাবেশ ইহাদের সম্পূর্ণ স্বতন্ত্র রকমের, তাহা ছাড়া স্বাভাবিক অবস্থাও অন্তপ্রকার। সর্বনাই ইহারা সাধনে তংপর, স্তানিষ্ঠ, প্রফুল্লচিত ও বিন্যী। গোঁসাই-শিঘেরা প্রস্পরকে পিতা মাতা ন্ত্ৰী পুত্ৰ অপেকাও নাকি অধিক ভাল বাদেন, ভনিতে পাই। দিবদে যে কোন সময়ে একবার সকলেরই দেখা সাক্ষাৎ হওয়া চাই। মান মর্যাদা ভূলিরা গিয়া, সমবয়ন্তের মত, ছেলে বুড়োতে এত মেশামিশি, এমন ভালবাদা, এই গোঁদাই-শিশুদের ভিতরে বেমন দেখিতেছি, তেমনটি আর কোথাও দেখি নাই। ভবিশ্বতে এ সন্তাব ইংাদের কত কাল ছায়ী হইবে তাহা বিধাতাই জানেন; এখন কিন্ত ইহাদের এই হর্লভ অবস্থা দেখিয়া মনে হয়— কথনও ইহার আর ভাবান্তর হইবে না। ক্রমে এথন আমারও এমন হটয়াছে যে, নানাপ্রকার উত্থেগ অংশান্তির সময়েও একটি সাধনের লোকের সল পাইরে এলাণ ঠাওা হটরা বায়, অন্তরের সমস্ত হঃথ দূর হয়। ইহাদের দর্শনমাত্রই একটা সরস সম্ভোবে ভিতরটি ভরপুর হট্যা উঠে। ইহা যে কেন হয়, তাহা বুঝি না।

অলৌকিক শক্তি ও অত্নুত যোগৈখন্ত কোনও লোনও সাধননিষ্ঠ ব্যক্তির ইতিমধ্যেই অনিয়াছে। আবার কাহারও কাহারও উহা ধারণা বা বিখাদ করিবারও অধিকার হর নাই। অরমর প্রোণময় কোষ অতিক্রম পূর্বক মনোময় কোষে প্রবেশ করিয়া, হল্ম শরীরে বণায় তথায় কাহারও কাহারও বিচরণ করিবার শক্তি অন্মিয়াছে। শুধু পৃথিবীতে নর, লোকলোকাক্তরেও ইহারা সময়ে সময়ে গতায়াত করিয়া থাকেন। দূরত্ব কোনও অজ্ঞাত বা গোপনীয় ব্যাপার জ্ঞাত হওয়ার মানসে, কোনও ব্যক্তি ধ্যানস্থ হওয়া মাত্র চিত্রপটের জ্ঞার ঐ ঘটনা তাঁহার সম্মুধে প্রকাশিত হইয়া পড়িতছে। কোনও প্রয়োজনীয়, হুর্লভ বল্প পাওয়ার মানসে কেই ভগবানের নিকটে প্রার্থনা করিয়া আসনে ধ্যানস্থ থাকিতে থাকিতেই, ঐ বল্প তাঁহার নিকটে উপস্থিত ইইতেছে। কোনও মহয় বা জীব-জন্তুর সাহায্যে নহে, সম্পূর্ণ ধ্যানপ্রভাবে, অপ্রাক্ত রূপে এ সব ঘটতেছে।

ইতিমধ্যে গোস্থামী মহাশ্রের শিশু ও অতিথনিষ্ঠ আত্মীয় কোন একবাক্তি ইট মন্ত্রের শক্তি পরীক্ষা করিতে গিলা, থুব কৌতুহলাকাস্ত মনে, স্থামওলের অধিষ্ঠাত্রী দেবতাকে আকর্ষণ করিতে গাগিলেন। ইহাতে কতগুলি প্রাকৃতিক হুর্ঘটনার স্চনা পরিলক্ষিত হয়। গোস্থামী মহাশ্য তাহা জানিতে পারিয়া ঐ ব্যক্তিকে সেচেটাইইতে অমনি বিরত করেন, এবং তাঁহাকে কঠিন শাসন করিয়া বলেন—ভগবচ্ছক্তি ভগবানের ইচ্ছায় প্রেরোগ না হ'লে উহার তারা সমস্ত ব্রক্ষাণ্ড ধ্বংস হইতে পারে। এ বিষয়ে অভ্যন্ত সংযত ও সাবধান থাকিতে হয়।

কাহারও চঞ্চলতা, ও অসতর্কতাবশতঃ অলৌকিকশক্তিপ্ররোগের ফলে, আকমিক কিছু বিদ্ধু ত্র্নিমিত ঘটবার উপক্রম হইয়াছিল। প্রাকৃতিক কোনপ্রকার ব্যতিক্রম বা সাধারণ নিয়ম বহিত্বত কোনপ্রকার অসন্তব ঘটনা ব্যক্তিবিশেষের ইচ্ছাশক্তিতে বা সাধন-প্রভাবে সম্ভব হয় বিনিলে, আজকাল লোকে তাহা গুলিখোরের গল্ল ভাবিয়া নিতাস্কই উপহাসের কথা বলিয়া মনে করিবে, এই জ্লু আমি সেসকল ঘটনা আর আমার ভারেরীতে বিত্তারিতরূপে উদ্ধৃত করিলাম না। গুলিতেছি গোত্থামী মহাশয় নাকি শিশুদের এই সব হঠকারিতা ও সাঁবোতিক বেয়ালের পরিচয় পাইয়া তাহাদের ঐ্বর্থালাভ ও শক্তিপ্রকাশের দিক্টা বদ্ধ করিয়া দিয়াছেল; সতা মিধ্যা ভগবান জানেন।

# বিলুপ্ত মন্ত্র-শক্তি উদ্ধারের উপায়নির্দ্দেশ।

ঢাকার কোনও স্লের হেড্পণ্ডিত বিকালবেলা জগনাথ স্লের একটি যোল সতেরো বৎসরের ছাত্রকে সঙ্গে লইয়া গোস্থামী মহাশয়ের নিকটে আসিলেন। হৈলেটির মাথা বিষম গরম হইয়াছে—অর্দ্ধ কিপ্তপ্রায়। গোস্বামী মহাশয়ের কুপায় পুর্ব্বাবস্থা লাভ হইবে, এই বিশ্বাসেই পণ্ডিত মহাশয় উহাকে আনিয়াছেন। ছেলেট তাহার অবস্থা যাহা বলিল তাহা এই—"কিছুদিন পূর্বে একজন তান্ত্রিক সন্ন্যাসী ঢাকাতে আসিয়া রমণার জঙ্গলের ধারে একটি গাছের নীচে আসন করিয়া ছিলেন। একদিন বেড়াইতে বেড়াইতে সেথানে গিয়া তাঁহাকে দেখিয়া আমার খুব ভক্তি হইল। সন্নাদী অল্পদিন থাকিবেন জানিয়া, কল বন্ধ করিয়া কয়েকদিন তাঁহার খব সেবা করিলাম। সন্ন্যাসী যাওয়ার সময়ে আমার প্রতি খুব সম্ভষ্ট হইয়া বলিলেন, 'ওহে, তুমি আমার খুব সেবা ক'রেছ, তোমার উপরে আমি গুর খুদী হয়েছি, ভোমাকে আমি একটি বিভা দিচ্ছি। তুমি বিনা প্রয়োজনে যেথানে সেথানে লোকের নিকট এই শক্তি প্রয়োগ ক'রোনা'। এই বলিয়া তিনি আমার কাণে একটি মন্ত্র দিয়া বলিলেন, 'এই মন্ত্র মূরণ করিয়া এক গণ্ড্য জল লইয়া কোন বুক্ষ লভাতে ছিটাইয়া দিলে উহা অমনি মরিয়া ঘাইবে। আবার এই মল্লে জল দিলে উহা পুনৰ্জীবিত হইবে'। সন্ন্যাসীর কথামত আমি তংকণাৎ মন্ত্রশক্তি পর্থ করিয়া দেখিলাম, উহা স্ত্য। এই মন্ত্র যেথানে দেখানে লোকের নিকট প্রয়োগ করিতে সন্ত্রাসী নিষেধ করিয়া দিলেন। ইহার পর একদিন বাঙ্গালাবাজাবে কন্ত বাবুর 'ডিদ্পেন্সারী'তে কয়েকটি ব্রাহ্ম বন্ধর সহিত মন্ত্র-শক্তি লইয়া আমার থুব তর্ক বাধিল। তাঁহারা উহা বিশ্বাস করেন না; স্মৃতরাং আমাকে কুসংস্থারী বলিয়া বিজ্ঞাপ করিতে লাগিলেন। আমি তথন জেদে পড়িয়া, মন্ত্র-শক্তি দেখাইতে একটি টবের ফুলগাছে মন্ত্র পড়িয়া জলের ছিটা দিলাম। গাছটি দেখিতে দেখিতে শুকাইয়া গেল; পরে আবার মন্ত্র পড়িয়া জলছিটা দিতেই বাঁচিয়া উঠিল। বন্ধরা সকলেই অবাক। তথন তাঁহারা ঐ মন্ত্র তাঁদের ভনাইতে জেদ করিতে লাগিলেন। আমি অস্বীকার করিলেও, তাঁহারা আমাকে ছাড়িলেন না: ব্যাইলেন যে. ঐ মন্ত্রশক্তি যথন আমার আয়ত হইয়াছে, কথনও আর নষ্ট হইতে পারে না। আমি তাঁহাদের কথায় পড়িয়া মন্ত্রটি উচ্চারণ করিয়া শুনাইলাম। এই ঘটনার পর হইতেই আরু মন্ত্রে কোনও ফল হইতেছে না, দেখিতেছি। এমন একটা আশ্চর্যা শক্তি লাভ করিয়াঁ আমি ছারাইলাম,

এই চিন্তায় ও ক্লেশে আমি পাগলের মত হইয়াছি। আবার ঐ মজে যাহাতে আমার িষেইমত শক্তি হয়, আপনি রূপা করিয়া তাহা করিয়া দিন।"

গোস্থামী মহাশয় ছেলেটির সাতিশয় আকুলতা দেখিয়া জিজ্ঞাসা করিলেন— মন্ত্রটি তোমার মনে আছে ?"

ছেলেটি বলিল-আগে ছিল, এখন একটু গোলমাল হ'য়েছে।

গোদাই। এক অক্ষরও তো মনে আছে ? যাক্, ভোমার গুরুর রূপ মনে আছে তো ? -

ছেলেট। হাঁ, তা আছে। তবে, খুব পরিকার নাই।

একথা শুনিয়া গোঁসাই উহাকে একটি প্রণালী বলিয়া দিয়া কহিলেন— আচ্ছা, এক রাত্রি জুমি নির্ভ্তনে ব'সে এই কর গিয়ে। মন্ত্রও স্মরণ হবে, মন্ত্রশক্তিও লাভ হবে।

ভনিলাম, ছেলেটি অতঃপর গোঁসাইয়ের কথামত চলিয়া সিদ্ধকাম হইয়াছে। এখন তাহার মাথার সে অস্ত্রপ্র সারিয়া গিয়াছে।

#### শক্তি-হরণ।

আল একটি শক্তিসম্পানা বাউলনীর কথা শুনিয়া বিশ্বিত ইইলাম। অসংখ্য লোকের সভাষাত গোস্বামী মহাশ্বের নিকটে নিঃতই হয় বিনিয়া, বাউলনীর উপরে আনার তেমন বিশেষ লক্ষ্য পড়ে নাই। কথায় কথায় গোস্বামী মহাশয় তাহার বিহয়ে বিলেন—আমি একটু অহ্যমনক ছিলাম। একটি বাউলনী এসে আমাকে নমস্থার করিলেন। আমি তখন লক্ষ্য করি নাই। হঠাৎ বাউলনী আমার পায়ের বুড়া আঙ্গলটি টো ক'রে চুম্তে লাগ্লেন। তখন আমার ত'স হলো। একটা শুয়ানক শক্তি অকস্মাৎ আমার শরীরে প্রবেশ ক'রে আমাকে অস্থির ক'রে তুল্লে। আমি উহা একটা উপরি শক্তি বুঝ্তে পেরে, গুরুদেবকে স্মরণ কর্লাম, তাঁর চরণে ঐ শক্তি অমনি অপি করে নিশ্চিন্ত হ'লাম। বাউলনী তখন মাটিতে পড়ে ছট ফট কর্তে লাগ্লেন; আর চীৎকার ক'রে কেঁদে বল্তে লাগ্লেন—
"প্রস্কু, আমার বস্তু আমাকে ফিরিয়ে দিন। আর আমি কখনও ওরূপ কর্বো না।" আমি বল্লাম, 'সে আর হবার উপায় নাই; আমার ভিতরে উহা আসামাত্রই

আমি উহা গুরুদেবকে দিয়ে ফেলেছি। যা দিয়েছি তা তো আর চাইতে পারি না'। বাউলনী সমাজে ছ'দিন থেকে চের কালাকাটি কর্লেন; পরে যখন বুঝ্লেন আর ও জিনিস পালেট পাবেন না, তখন আধমরার মত নিত্তেজ হয়ে চলে গোলেন।

প্রান্ত কি প্রণাণীতে ইহারা শক্তি চুরি করে ? আঙ্গুল না চুরিয়াও কি পারে ?

গোঁদাই। আব্দুল চুমে সহজে পারে; তা ছাড়া, পদধূলি নিতে নিতে পারে, জড়িয়ে ধরে পারে। কেহ বা দৃষ্টি ক'রেও পারে। নিজের শক্তি ও ভাব অত্যের ভিতরে প্রবেশ করিয়ে দিয়ে, সেই শক্তি ধ'রে মথন টান দেয়, অভ্যের শক্তি ও সদভাব সেই সজে আকর্ষণ ক'রে নেয়।

প্রা। এসব উৎপাত হইতে রক্ষা পাওয়ার উপায় হ

গোসাই। অভিনান ত্যাগ ক'রে নিজেকে খুব ভোট মনে কর্তে হয়। তা হ'লেই নেবার আর কিছু পায় না। আর নিজ ইন্টদেবতার চরণ ধ্যানে রাখিলে, সম্পূর্ণ নিরাপদ হওয়া যায়।

প্রাঃ। বুঝ্তে পার্লে, তবেই ত এমকল উপায় অবল্পন করা যায়। **কিন্ত নিজের** অজ্ঞাতসারে যদি কেহ ওরূপ কবে, তথ্ন কিন্সে রক্ষা পাওয়া যায় গ্

গোসাই।—বোটগখর্য্য লাভ হ'লে যোগীরা গুরুদত্ত ত্রিশূল ধারণ করেন। তা'তে নিজের তেজ রক্ষা হয়; অত্যের কোন অসদ্ভাবও সাধকের ভিতরে সঞ্চারিত হ'তে পারে না।

প্রশ্ন। বড় বড় তিশুল নিয়া গৃহ-ত্যাগী সন্ন্যাসীরাই চলিতে পারেন। সাধারণ লোক তো আর তাহা পারে না !

গোঁদাই। ৩।৪ ইঞ্চি, ছোট একটি ইস্পাতের ত্রিশূল রাখ্লেও হয়।

আমাদের দেশে খুব ছোট ছেলে পিলেদের, ভূত-প্রেত ও ডাইনির দৃষ্টিছইতে বক্ষা করিবার জন্ত, কোমরে লোহা বেঁধে দেয়। গুরুদশা কালেও অশৌচান্ত না হওয়া পর্যান্ত, উপরি উপত্রব হইতে নিরাপদ থাকিতে লোকে লোহা ধারণ করে—এ সকল তো ভয়ানক কুসংস্কার বলিয়াই মনে করি। জানি না যোগীদের ত্রিশ্ব ধারণের মত এ সকল নিয়মেরও কোন উদ্দেশ্ত আছে কিনা।

# সাংবৎসরিক উৎসবে মহাসংকীর্ত্তন—ভাবাবেশের কথা।

আক্স সাংবংদরিক উৎদব। দেখিতেছি ঢাকা ব্রাহ্ম-সমাজের উৎদব দকল সম্প্রদায়েরই উৎসব হইয়া দাঁড়াইল। ছোট লোক, বড় লোক, হিন্দু, মুসলমান, খুষ্টান, সাধু, সন্ন্যাসী, ফ্কির আসিয়া আজ ব্রাহ্মসমাজ-'কম্পাউণ্ড'পরিপূর্ণ করিয়া ফেলিল। দলে দলে লোক ২৫।২০ জন এক একটা স্থানে মিলিয়া কীর্ত্তন আরম্ভ করিল। শত শত লোক নানা স্থানে দাঁড়াইয়া ব্যিয়া কীর্ত্তন শুনিতে লাগিল। প্রকাণ্ড সমাজাঙ্গনের সম্মথে গোস্বামী মহাশয় ধ্যানম্ভ ছিলেন। জগরাথ কলেজের প্রিন্সিপাল শীযুক্ত কুঞ্জলাল নাগ মহাশয়, অধ্যাপক প্রসন্ন বাবু ও ডাক্তার প্রসন্ন মজুমদার মহাশ্রের সঙ্গে, থোল বান্ধাইয়া গান আরম্ভ করিলেন। ইহাদের এই কীর্তনের আরম্ভ হইতেই ভাবেচ্ছি।দের বল্লা আদিয়া পড়িল। স্থল কলেজের ছেলেরা, কুঞ্জ বাবুর দঙ্গে পরম উৎসাহে গোঁসাইকে বেষ্টন পূর্বক, বুরিয়া বুরিয়া উচ্চ সংকীর্ত্তন করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে গোস্বামী মহাশ্যের বাহুফ র্তি হইল। তিনি সাষ্টাঙ্গে প্রণাম করিয়া উঠিয়া দাঁড়াইলেন। চুলু-চুলু নেত্রে চতুর্দ্ধিকে দৃষ্টি নিক্ষেপ করিয়া, ক্ষণে ক্ষণে শিহরিয়া উঠিতে লাগিলেন। পরে, ভাবাবেশে দিশাহারা হইয়া, উত্তরে, দক্ষিণে, পূর্বে, পশ্চিমে ছটাছটি করিতে আরম্ভ করিলেন। জানি না কোথাহইতে ঠিক এই সময়ে একজন অপরিতিত, পরমতেজ্ঞী সন্যাদী ক্ষিপ্রপদস্থারে এক একটি গানের দলে প্রবেশ করিয়া, হস্তবয় উত্তোলন পূর্ব্বক সঙ্গীর্তনে ছই এক 'পাক' নতা করিয়া সমস্ত কম্পাউত্তে ছটাছটি করিতে লাগিলেন। দেখিতে দেখিতে এক অপুরু মহাশক্তি সঞ্চারিত **হ্**ইয়া ছেলেবুড়ো সমস্ত দর্শকমণ্ডলীকে কাঁপাইয়া তলিল। গোস্থামী মহাশ্য হিরিবোল হরিবোল 'বলিতে বলিতে মৃদ্ভিত হইয়া পাছিলেন। ভিন্ন ভিন্ন সংকীর্ত্তনের দশগুলি অলক্ষিতভাবে স্মিলিত হুইয়া পড়িল। বছ খোল ক্রতালের ধ্বনি সংকীর্ত্তনের রবে মিলিত হইয়া ঝম ঝম আওয়াজে সমাজ-প্রাঙ্গণ কম্পিত করিতে লাগিল। দর্শকগণের মধ্যে বহুলোক গাছতলায়, রাস্তার উপরে, সিঁভির ধারে ও ঘাসের উপরে মাটিতে পড়িয়া হাত পা আছড়াইয়া নানা অবস্থায় সংজ্ঞাশূন্ত হইলেন। এই ব্যাপার কতক্ষণ চলিল জানি মা। স্ফ্রার কিয়ৎকাল পরে, ব্রাহ্ম-সমাজের কর্ত্তারা কেছ কেছ আসিয়া চীৎকার করিয়া বলিতে লাগিলেন—'আপনারা এখন উঠুন; উপাসনার সময় হইয়াছে। গোমানী মহাশয় এই সময়ে চোও মেলিলেন এবং চারিদিকের অবস্থা দেখিয়া একটু সময় ছির হইয়া রহিলেন। তৎপরে প্রত্যেকটি সংজ্ঞাশুক্ত লোকের নিকটে ষাইয়া,

কাহাকে স্পর্শ করিয়া, কাহাকেও বা কাণের কাছে 'হরিবোল হরিবোল' বলিরা চৈতান্ত-সঞ্চার করিতে লাগিলেন। সমাজের বারেন্দায়, সিঁড়ির ধারে ১০।১৪ বৎসরের একটি ছেলেকে অজ্ঞান অবস্থায় পড়িয়া থাকিতে দেখিয়া, গোস্বামী মহাশ্র তাহার গায়ে হাত বুলাইয়া বারংবার নাম করিতে আরম্ভ করিলেন। কিন্তু কিছুতেই তাহার চেতনা হইল না। অবশেষে গোঁসাই তাহাকে নিজ কোলে তুলিয়া লইয়া, উটেচঃবরে হরিনাম করিতে লাগিলেন। বহুক্ল পরের ছেলেটি অব্যক্ত ক্রেশ্স্চক একটা কর্ণব্যরে যয়ণা প্রকাশ করিতে আরম্ভ করিল। প্রায় কুড়ি মিনিট পরে, ধীরে ধীরে, তাহার বাহ্যজান হইল। গোঁসাই তথন বলিলেন—"ছেলেটি সহস্রারে গিয়া বসিয়াছিল"। এ কথার যে কি অর্থ, জানি না। ছেলেটি কুঞ্জ বাবুর আত্মীয়, আমার বিশেষ বন্ধ্ব—নাম বন্ধা।

সকলকে স্কৃত্ত করিয়া, গোস্বামী মহাশয় বেদিতে গিয়া বসিলেন। গোসাই আজ বেদিতে বসিয়া. প্রণালী ধরিয়া উপাদনা করিতে পারিলেন না। নারদ, বাল্মীকি, প্রীটেডক্স, রামমোছন রায়, রামক্রফ প্রমহংস প্রভৃতির প্রকাশ দেখিয়া, তাঁহাদেরই স্তব স্তৃতি করিতে আরম্ভ ক্রিলেন। থাঁহারা উপস্থিত ছিলেন সকলেই অঞা-বিস্জ্জন করিলেন। কথা বেশী না বলিলেও. গোঁদাইয়ের ভাবেই দকলে অভিভূত হইলেন। দর্বশেষে, গোঁদাই ভাবাবেশে এই এই কয়টি কথা বলিয়া রুদ্ধ-কণ্ঠ হইয়া পড়িলেন। গোঁলাই বলিলেন-ঐ দেখু মা আস্ছেন। আজু মা থালা ভ'রে প্রসাদ নিয়ে আস্ছেন। দেখু মা আমাকে এ কঞা বলতে নিষেধ করছেন। কেন মা, বল্ব না কেন १ রোজ লুকিয়ে লুকিয়ে আমাকে প্রসাদ খাওয়াও: আজ তোমার সকল ছেলেকেই দিতে হবে। শুধু আমাকে দিলে খাব না। তমি সকলেরই তো মা। এঁদের কেন দেও না ? এঁরা যে উপবাসী থাকেন। মা. তোমার এ কি ব্যবহার গ আজ মা. তোমার সব চালাকী সকলকে ব'লে দিব। বিক্রমপুরের সেই 'পাতক্ষীরের' কথা ব'লে দিব, রাম বাবুর কথা ব'লে দিব, শিকল খুলে দিয়েছিলে সে কথাও ব'লে দিব, ভোমার ঘরের সব কথাই ব'লে দিব। যে ভাবে চললে তোমার প্রসাদ পাওয়া যায়, তা সব আজ ব'লে দিব। দেখুন, আপনাদের বলে দিচ্ছি--আপনার। এই তিনটি নিয়ম রক্ষা ক'রে চল্লে মায়ের প্রসাদ পাবেন। যখন যা কিছু গ্রহণ কঁরবেন, আহার कत्रत्वन, भा'रक निर्वान करत निर्वन; अनिर्विक वस्त्र कथनछ গ্রহণ कंत्रत्वन ना ।

অন্তের কুৎসা নিন্দা কখনও করবেন না। দেখুন, মা আমার মুখ চেপে ধরছেন,--আর বলতে দিচেছন না। মাহাত দিয়ে মুখ চেপে ধরছেন। জয় মা! জর মা! জয়মা।

অংক্টস্বরে এই সব বলিতে বলিতে গোখামী মহাশরের কণ্ঠরোধ হইয়া পড়িল; বহুচেষ্টা করিয়াও, তিনি আর কথা বলিতে পারিলেন না। চারিদিকে হিন্দু ব্রাহ্ম সকলেরই কালা ও ভাবের মহাধম পড়িয়া গেল। চক্রনাথ বাব একট পরে গান ধরিলেন। আজ বেদির কাজ গোলামী মহাশয় আর করিতে পারিলেন না। ক্রমে নিস্তর হইলে, স্কলে আপন আপন আবাদে চলিয়া গেলেন, আমিও সেইদঙ্গে চলিয়া আদিলাম। গোসামী মহাশয় কতকণ বেদিতে বসিয়া রহিলেন, জানি না।

## কতিপয় আশ্চর্য্য ঘটনার সূত্র।

গোস্বামী মহাশয় ঢাকায় আসার পর, এই ছুই তিন বংসরে কতকগুলি অন্তুত ঘটনা ঘটিয়াছে। তাহা লইয়া হিন্দুদের মধ্যে, আক্ষাস্থাকে, যথায় তথায়, আমালোচনাও আনেক সময় হুইতেছে। ঐসকল ব্যাপার যদি যথার্থই সভ্য হয় তাহা হুইলে বাস্তবিকই বড় আশ্চর্য্যের কথা। গোস্বামী মহাশয়ের নিজ মূথে ওসকল কথা না শুনিয়া, আমি উহা আর "ডায়েরীতে" লিখিতে ইচ্ছা করি না। কথার ছলে বা এল্ল করিয়া গোস্বামী মহাশয়ের নিকটে যথন ঐ সকল ঘটনা-বিষয়ে পরিষ্কার জানিব, তথন ঐ সকল বিবরণ যথায়থ লিথিয়া রাখিব। স্মরণার্থ, এখন শুধু এ স্থলে স্কাকারে একট উল্লেখ করিয়া রাখিতেছি।

- (১) গোস্বামী মহাশয়ের ক্ঞাছয় একান্ত কৌতৃহলাক্রান্ত হইয়া পল্মাদেবীর দর্শনাকাজ্জা সাগ্রহে গোস্বামী মহাশয়কে জ্ঞাপন করিলে, তাঁহার আদেশ মত চাউল, কলা, নৈবেভ ইত্যাদি লইয়া ক্সাগণের পদ্মাগর্ভে পদ্মাপূজা এবং দেই সময়ে অক্সাৎ পদ্মাদেবীর আবির্ভাব।
- (২) বিক্রমপুর, চাঁচরতলায় কালী-স্থানে আশ্চর্য্য প্রকারে হরি সন্ধীর্তন ও তৎকালে আকাশহইতে প্রচর পরিমাণে পুস্পর্টি।
- (৩) ৮কামাথা তীর্থে শ্রীশ্রীভ্বনেশ্রীর অন্তুত দর্শন ও ৮কামাথা দেবীর রজোনি:সরণ প্রত্যক্ষ করা। তৎসহ সেথানে অচলানন স্বামীর বিশাসপ্রভাবে চাউল বুনিয়া धानगां छेरशाहन ।

E

- (s) গেণ্ডারিয়ায় আনন্দ বাবুর নির্জন বাগানে কঠোর সাধন, হুর্জন পরীকাও ভয়কর বিভীষিকাদিদশুন।
- (৫) ধর্মার্জনে হতাশ হইয়া বুড়ীগপায় তুবিয়া মরিতে উপ্তত অনেক ব্যক্তিকে অকলাৎ গভীয় নিশীথে নদীতীরে উপস্থিত হইয়া দীকা প্রদান ক্রিয়া তাহায় প্রাণ্য়কা।
- প্রতারার্থ গমন করিয়া বিক্রমপুরের পণ্ডিতসমাজে অভ্যাশ্চয়্য প্রভাব-বিস্তার,
   প্রসিকীর্তনে মহাভাবের উচ্ছোদে জনসাধারণকে বিমুগ্ধ করা।
- (৭) আক্ষমণালে তুর্ল বিজক আব্দোলনের সময়ে প্রশাহতে ময়থ বাবুর ছার। "বোগ-সাধন" প্রথমন ও প্রচার।

#### আমার অসাধ্য ব্যাধি।

কদাশ্রিত বায়তে ও পিত্তশূল বেদনায় মরণাপর হইয়া সুলপরিত্যাগপুর্ব্বক কবিরাজী অরহায়ণের শেন, চিকিৎসার জ্বস্তু বাড়ী আসিয়াছি। এই ছইটে রোগই আমি পিতা ১<sup>২৯৪ সাল।</sup> মাতা হইতে পাইয়াছি, আঝীয়-স্বজনের। সকলেই এরূপ অনুমান করেন। আমার কিন্তু বিশ্বাস শরীরের উপরে অতিরিক্ত অত্যাচারে আমিই ইহা সৃতি করিয়াছি। পূব ছোটবেলাহইতে "ধর্ম-ধর্ম" করিয়া আমার একটা বিষম অহিবতা রহিয়াছে। গত তিন চার বৎসরহইতে তাহা আবার অতিরিক্ত বৃদ্ধি শাইয়াছে। কোথায় গিয়া ভগবান্কে লাভ করিব, কিরূপে চলিলে কি ভাবে লাখন করিলে তাহাকে পাইব— দর্ব্বদাই প্রায় এই ভাবনা আবেন। জিতেজ্রিয় হইয়া, কোনও জ্বর্মন, নির্জ্জন পাহাড়-পর্ব্বতে থাকিয়া, আরুল প্রাণে ভগবানকে ভাকিলে, নিশ্চয়ই তিনি জায়া করিয়া আমাকে দেখা দিবেন, এই স্বদ্ধু সংস্কারের বশবর্ত্তী হইয়া স্বেচ্ছামত জীবন-গঠন করিতে গিয়াই আমি এমন পীডিত হইয়া প্রিয়াছি।

আমাদের কুলের গুরু একজন বিখাত অধ্যাপক ও প্রাসিক তান্ত্রিক। তাঁহার ধীর-গঞ্জীর প্রকৃতিতে ও স্থমপুর ব্যবহারে আমি তাঁহার প্রতি অত্যস্ত অন্তরক। আমার আশান্তরূপ মুবস্থা, তাঁহার ব্যবহারে আমি তাঁহার প্রতি অত্যস্ত অন্তরক। আমার আশান্তরূপ মুবস্থা, তাঁহার ব্যবস্থামত চলিলে, আমি সহজেই লাভ করিতে পারিব ভাবিলা, একদিন টাহার চরণ ছটি জড়াইলা ধরিলাম। পুর কাতর হইলা তাঁহাকে ভিতরের সমস্ত মুবস্থা নিবেদন করির। বিল্লাম, 'যাহাতে জিতকাম ও আহার-ত্যাগী হইতে পারি, মাপনি দয়া করির। আমাকে তাহাবলিয়া দিন; আমি পাহাড়ে গিয়া সাঁধন করিব। ও

জ্ঞা বিষ্বটিকা ষ্পারীতি প্রস্তুত করিয়া সেবন করিতে বলিলেন। এসব কিছ · গোম্বামী মহাশয়ের অজ্ঞাতসারেই হইয়াছিল।

যাহা হউক, আমি জীলোকের মুখপানে দৃষ্টি করিব না ও জিহবার লালসায় কোন ৰম্বাই স্পাহার করিব না, প্রতিজ্ঞা করিয়া গত চুই বংদর ঘাবং প্রত্যুহ উক্ত ঔষধ ছটি সেবন করিয়া আসিতেছি। নিম্বটিকার অভূত গুণে হর্কার কামভাব আমার অনেকটা নিস্তেজ হইয়া আসিয়াছে, এবং বিল্বটিকাসেবনে আশ্চর্যার্রপে কুধা-বোধ নট হইরাছে। ক্রমে ক্রমে চেটালারামাত এক মৃষ্টি অর আহারার্থ নির্দিট করিয়া লইয়াছি। এই দক্ষ চেষ্টার দক্ষে দক্ষে এক প্রকার কুন্তকও অনেক দিন করিয়াছিলাম। এখন আমার মনে হয়. বছকাল এই নিম্ব ও বির-বটিকা সেবনে ও আহারের অতিরিক্ত ক্লছতার দকণই আমার এই হঃসহ ও হরারোগা পিতশূল রোগের উৎপত্তি হইয়াছে, এবং শাসরোধের **অস্বাভাবিক উৎকট চিষ্টাতেই এই দা**রুণ কফাশ্রিত বায়ু জ্মিরাছে। সে যাহা হউক, এবার পীড়িত অবস্থান বাড়ীতে আদিয়া ঔষধ হুইটি ত্যাগ করিয়াছি। বায়রোগের স্ক্রনামাত্রই খাসরোধের চেষ্টা ছাড়িয়াছি: আফুষঙ্গিক অঞান নিয়মানুষ্ঠানও সমস্তই ছুটিয়া গিয়াছে: কেবল, আহারের পরিমাণ্টা পূর্ববং এখনও সেই এক মষ্টি অরুট নির্দিষ্ট আছে।

বাজীতে আদিয়া দেশের প্রধান প্রধান আয়ুর্কেদীয় কবিরাজের ছারা রোগ নির্ণয় করাইয়া ওষধের ব্যবস্থা লইলাম। ঢাকার স্থপ্রসিদ্ধ শ্রীযুক্ত কালী কবিরাজ মহাশব্যের আদেশমত. তাঁহারই ব্যবস্থাপত্রের নির্দেশামুদারে বাড়ীতে ঔষধ প্রস্তুত করাইয়া ষ্ণারীতি এখন সেবন করিতেছি। কিন্তু কোন উপকারই হইতেছে না; বরং বায়ু ও বেদনার প্রকোপ भात्र उपन जात्म दक्षिरे शाहर हर मत इस। हिकिएनकश्य कानरकहे अक वास्का বলিয়াছিলেন যে, রোগ যে অবস্থায় দাঁড়াইয়াছে, আরোগ্য কিছুতেই হইবার নয়: তবে. সোণা, লোহা, মুক্তা-প্রভৃতি 'জারিত' করিয়া, ভাল কবিরাজ দারা খুব যত্নের সহিত ঘরে বছমুল্য ঔষধাদি প্রস্তুত করাইয়া রীতিমত সেবন করিলে, রোগের সাময়িক একট উপশম হইতে পারে মাত্র। আমিও মনে মনে এক প্রকার জানিরা নিরাছি যে অধিক দিন আর এ বাতনা ভোগাইতে ভগবান আমাকে এ সংসারে রাখিবেন না। স্ততরাং আসল মরণাশার সাধন ভলনের দিকে মনটা আমার আরও ঝুঁকিয়া পড়িতেছে। রোগের চিকিৎসা যেন একটা অনাবশ্রক বাত্লা কার্য্য বলিয়াই মনে হয়। প্রেয়ালয় হইতে বেলা নাটা পর্যান্ত একটি লোক প্রত্যাহ আমার সর্বালে ও মন্তকে তৈল মালিস করে। সকালে ছইবার ঔষধ সেবন করিতে হয়। এ সময়টা আমি বেশ নাম করিয়া কাটাই।
মধ্যাকে আহারাত্তে বাজীর পশ্চিম দিকে গ্রামের শিশুদের কররস্থানে 'ছকির বাজী'র
ভয়কর অঙ্গলে যাইয়া বিসি; অপরাষ্ট্র এটাপ্র্যান্ত নির্জ্জনে ভগবানের নাম করিয়া বড়ই
আনন্দ পাই। কোনদিন কোনও কারণে আমার এই নির্জ্জন সাধন না হইলে মমে
বড় কষ্ট হয়।

## অয়োধ্যাগমনের সঙ্কল্প ও গোঁদাইয়ের আদেশ।

বাড়ীতে অনেক দিন হয় আসিয়ছি। গোৰামী মহাশয়কে দেখিতে প্ৰাণ বড় আকুৰ্গ হইয়া উঠিল। শুনিতে পাইলাম—চাকাতে গোৰামী মহাশয়কে দইয়া বিষম গোলবোগ। তিনি নাকি ব্ৰাহ্মধৰ্মের আচাবাঁ ও প্রচারক-পদ পরিত্যাগ করিয়াছেন; এবং ব্রাহ্মসমাজের প্রচারক-নিবাদ ছাড়িয়া, (লক্ষীবাজার শিকওয়ালা বাড়ীর পরে) একরামপ্রের কদমতলার একটি পৃথক্ বাদা ভাড়া করিয়া, দপরিবাবে দেখানে আদিয়া বাদ করিতেছেন। সংবাদটি পাইয়া আমার মাথা বুরিয়া গেল। ব্যাপারটা যে কি, পরিকার কিছুই বুঞ্লাম না। গোরামী মহাশয়কে দেখিবার জন্ম প্রাণ বড়ই অহির ইইয়া পড়িল।

এদিকে কবিরাজের ঔষধ-সেবনেও রোগের কিছুই উপশম ইইল না। রোগ বরং দিন দিন আরও বৃদ্ধি পাইতে লাগিল, অধিকস্ত, চক্ষেরও রোগ জায়িল। দৃষ্টিশক্তি ক্রমণঃ কমিল ধাইতে লাগিল। আগমীয় স্বজনেরা শীওই আমাকে বড় দাদার কাছে অষোধাটি গাঁচাইতে ব্যস্ত ইইলেন। অযোধা যাওলার পূর্ব্বে একবার বারদীর ব্রহ্মচারী মহাশয়কে শর্শন করিতে ইচ্ছা ইইল। গোস্বামী মহাশদের স্মতির জ্ঞাসমস্ত অবস্থা শ্রেদ্ধে শানিকরিতে ইচ্ছা ইইল। গোস্বামী মহাশদের স্মতির জ্ঞাসমস্ত অবস্থা শ্রেদ্ধে শানিক বিবেল মানিকরিতে বিশ্বাম। পাঁচ ছল্ল দিনের মধ্যেই পত্রের উত্তর আসিল। গোস্বামী মহাশার যেমন বলিয়াছেন, পণ্ডিত মহাশার ঠিক তেমনই লিখিয়া পাঠাইলেন —

- ১। অধোধ্যা যাওয়ার পুর্বেব একবার ঢাকায় এসে সাক্ষাৎ করিও।
- ২। চক্ষুর পীড়া, স্থতরাং দৃষ্টি-সাধনের প্রয়োজন নাই।
- ৩। ব্রহ্মচারীকে দর্শন করিতে পার; আপত্তি কি?

নিঃ—ভাষাকান্ত চট্টোপাধ্যায়। একরামপুর, ঢাকা। ৫ই পৌর, ১২৯৪।

পত্রধানা পাইরা আমি দৃষ্টি সাধন ছাড়িয়া দিলাম। প্রত্যহ বা তিন বেলা শ্ব কাতরপ্রাণে ধার্থনা করিতে লাগিলাম। নামও করি বটে; কিন্ত নাম অপেকা প্রার্থনা করিয়াই আমার অধিক আনন্দ হয়। উপকারও প্রার্থনাতেই বেশী হইতেছে মনে করি। শুনিয়াছি—
সাধনপথে চলিতে সর্বপ্রথমেই নাকি গুণুভক্তির প্রয়োজন; গুণুতে ভক্তি না দাঁড়াইলে
নামে কচি হয় না। কিন্তু আমার ত দেখিতেছি গুণুভক্তির অত্যন্ত অভাব। গোন্ধানী
মহাশয়কে সাধারণ লোক অপেকা অধিক শ্রদ্ধা করি বটে; কিন্তু, তা' বলিয়া উাহাকে
সম্পূর্ণ অভান্ত বা অসাধারণ একটা কিছু ভাবিতে পারি না। তাঁহার সম্বন্ধে, বাহা আমি
জানি না বা বৃথি না এমন কোন অলোকিক বা অন্বাভাবিক গুণু ও ঐশ্ব্য তাঁহাতে
অব্থা করনা করাও আমি দোষ মনে করি। গোনাই নিহ্পট ভাল মানুষ ও ধার্মিক বলিয়া
বিশাস করি; তিনি বলিয়াছেন এই সাধন করিলে উপকার হইবে, তাই, অনিচ্ছা
সন্ধেও, নাম ও প্রাণায়াম করিয়া বাইতেছি মাতা।

## স্বপ্ন—অহৈত ভাব—গোঁদাইয়ের কুপা।

গোস্বামী মহাশ্যের প্রাণত সাধনে আমার কোনই উপকার হইতেছে না, মনে হয়। উাহার উপরে নিঠা বা ভক্তি না জ্মিলে, তাঁহার বাকোই বা আমার তেমন শ্রনা ইইবে কেন ? সতত সঙ্গ করিয়া তাঁহার ঐ সব 'অসাধারণ' অবস্থাওলি স্বচক্ষে প্রত্যক্ষ না করিলে তাঁহার উপরে আমার ভক্তিই বা জ্মিবে কি প্রকারে ? তাহা ত আমার পক্ষে অসন্তব; স্বত্রাং এ সাধন-গ্রহণ আমার বিজ্পনা হইল। এজন্ম আমার প্রত্যহই এখন কঠ বোধ হুইতেছে। একদিনও উদ্বেগশ্ন ইইতে পারিতেছি না।

আন্ধ মনোতঃথে আকুল হইয়া প্রার্থনা করিলাম—'হে অন্তর্থানী পরমেখর, আমার ৯ই পোর, ১২৯৪; অন্তর তুমি দেখিতেছ। প্রভা, এ জীবনের যাহাতে কল্যাণ হয়, যে ভাবে গুজবার। চলিলে যথার্থ ধর্মলাভ হয়, কিছুই বুঝি নাই। তুমি দয়া ক'রে জানিয়ে দাও। কি করিলে নামে ফচি হইবে, তোমাতে ভক্তি হইবে, ব্ঝাইয়া দাও। গোঁদাইয়ের কাছে নামন নিয়াছ। তিনি এখানে নাই; আমার যাহাতে প্রকৃত কল্যাণ হয়, দয়া করিয়া তুমিই তাহার ব্যবস্থা কর।' প্রার্থনান্তে রাত্রি প্রার ১১ টার সময়ে, বিছানা হইতে নামিয়া, মনের বিষম উলেগে হতাশ হইয়া, গোঁদাইয়ের চরণোদেশে মাটাতে পড়িয়া সাইয়ে নমজার করিয়া, ব্যাকুল ভাবে বলিলাম—"গোঁদাই, এ জীবন তোমার হাতে অর্পণ করিয়াছি। কিছু কই, তোমার প্রদন্ত সাধনে আমার ত ফচি হইল না, তোমাতেও ভক্তি জয়িল না! দয়া করিয়া আমাকে উলার কর। গুজদেব, তুমি দয়া না করিলে আমার উপার আর কেকরিরং " থুবই কাতরভাবে কিছুক্ল এইয়প্ প্রার্থনা করিয়া শয়ন করিলাম।

ভোর রাত্রিতে স্বপ্ন দেখিলাম—বহুদিন ব্রাক্ষ-মতে উপাসনাদি করিতে করিতে 'একমেবা-দিতীয়ং' এই বাকোর ভাব ও মর্মা হৃদয়ে আসিয়া পডিল। তথুন ১০ই পৌষ শ্লিবার। প্রকৃতিকে ঈশ্বরহইতে অভিন দেখিতে লাগিলাম। মুখুয়, পশু, পশ্লী, কীট, পতল, স্থাবর জলমসহ এই সমগ্র ব্রহ্মাণ্ড একমাত্র প্রব্রহ্মেরই বিকাশ ভাবিয়া, স্কৃতি মাথা নোয়াইতে লাগিলাম। এই সময়ে গোলামী মহাশন্ত সহসা আমার সন্মুখে আসিঃ! নানাপ্রকার প্রশ্ন করিতে লাগিলেন। আমার ভিতরে অকৈত ভাবের সঞ্চার হইতেছে দেখিয়া বলিলেন—'বাঃ, এ তো বেশ সাধন করছ। যদি সকলই ঈশ্বর, তবে নিজেকে বাদ দিচ্ছ কেন ? তুমিও ত ঈশুর। তোমাকেই তুমি ঈশুর ভেবে সন্ধৃষ্ট থাক না কেন ?' আমি বলিলাম—' ইহাতে আমার তপ্তি হইতেছে না। আমি গুকতে ভক্তি ও নামে ক্ষতি চাই। আপনি আমাকে দ্যা কক্ন' গোঁদাই বলিলেন—'বেশাঁ তা'হ'লে প্রত্যাহ সাধনের প্রবের 🛪 🦇 🦀 এই নামটি সহস্রবার জপ ক'রে নিও।' এই বলিয়া তিনি অভাঠিত হইলেন। আমারও অমনি নিদ্রাভঙ্গ হইল। আমি তৎক্ষণাৎ মাটাতে পড়িয়া গোসাইকে নমস্কার করিয়া ঐ নামটি হাজার বার জপ করিলাম। এই ব্যাপারে আমি বড়ই বিজয়ানিত ২ইয়াছি। বছদুরহইতেও প্রার্থনা করিলে গোঁসাই তাহা জানিতে পারেন, এইপ্রকার একটা সংস্কার আমার ভিতরে আসিয়া প**ছিল।** গোসাই-ই যে স্বয়ং স্বপ্নযোগে আমাকে এইরূপ বলিয়া গেলেন এ বিষয়ে আমার আয়ে কোনরকম ছিধা আসিল না।

### প্রার্থনার ব্যর্থতা বোধ।

স্বাং দেখার পরহইতে তদন্ত্সারে কার্য্য করার সঙ্গে-সঙ্গে আমার অবস্থার দিম দিন পরিপ্তনি ঘটিতেছে। প্রাক্ষধেশ্বর প্রণালী-অন্থায়ী উপাসনাদি বছকাল বাবৎ করিয়া আসিতেছি। প্রার্থনা করিয়া বড়ই আনন্দ পাই। যেদিন প্রার্থনা করিয়া চক্ষের জলে ভাসিয়া না যাই, সেদিন যেন প্রার্থনাই ইইল না মনে করিয়া, সারাদিন একটা উদ্বেগে ছট্চট্ট করি। নিজ্য তিন বেলা আমার প্রার্থনা করার নিয়ম। কিন্ত, কেম জানি না, স্থাদর্শনের পর আমার প্রার্থনাতে পূর্ব্বের ভাব আর রহিল না। গতি একেবারে ফিরিয়া গেল। প্রার্থনার ভিতর দিয়াই, প্রার্থনা অসার ভারবান্ আমাকে পরিকারক্ষপে ব্রাইতে লাগিলেন। দেখিতেছি, যথনই যে ভাব লইয়া প্রার্থনা করি তথনই সেই ভাবে ভ্রিয়া যাই আর আনন্দ-উচ্ছোসে

বিভোর হইয়া পড়ি । মনে করি—এইতো ঈশ্বরকে অন্থতব করিলাম; কিন্ত প্রোর্থনা ছাড়িয়া উঠিলেই, কিছুক্ষণ পরে আর সে ভাব, সে আনন্দ, সে উৎসাহ থাকে না, সমস্তই বেন নিবিছা যায়। ইহা পূন: পূন: ভোগ করিয়া বিচার আসিল, 'এপ্রকার হয় কেন? যদি সভাস্বরূপ সেই নিত্য আনন্দমর পরমেশ্বরকে প্রার্থনার সময়ে উপলব্ধি করি, তবে ভাহা হায়ী থাকে না 'কেন? ভাহাকে তেমন ভাবে একবার যথার্থ অন্থতব করিলে আর কি অভভাব হৃদয়ে আসে, ভাবের পরিবর্তন ঘটে, না আনন্দশ্ভ অবস্থা অন্তরে আসিতে পারে ?' কয়িদন ধরিয়া এই বিষয়ে বিচার করিলাম। শেষে, একদিন প্রার্থনা করিতে করিভেই বুঝিলাম—শ্লাই বোধ হইল যে—আমার অন্তর্হিত ভাবগুলিকে প্রার্থনারা জাগ্রত করাইয়া নিয়া, যে আনন্দ অন্থতব করি, তাহাই ঈশ্বরের প্রকাশজনিত আনন্দ মনে করিতেছি; বাত্তবিক ঈশ্বরের প্রপাসনা করি না—অন্ধ্রের ভাবেরই উপাসনা করিতেছি মাত্র।

পরমেশ্বরে এক-একদিন এক-একটা সদগুণ আরোপ করিয়া, তাঁহাকে সেই গুণের একমাত্র আধার ভাবিয়া আমি উপাসনা করি। ভগবান সতাস্বরূপ, পবিত্রস্বরূপ, মঙ্গলময়, আন-দময়, প্রম দ্যাল, ইত্যাদি বলিয়া, স্বীয় ধারণা ও অভিজ্ঞতা অনুসারে চক্র স্থা অগ্নিজল-বায়-প্রভৃতি যাবতীয় স্বষ্ট বস্তুতে তাঁহারই প্রকাশ বা গুণ দেখিয়া গুব স্বতি করি। ক্রমে উছা ধ্যান করিতে করিতে একাগ্রতা হইলেই ঐ সকল ভাবে একেবারে অভিভত হইয়া পড়ি: তথন 'এই প্রমেশ্বর' 'এই প্রমেশ্বর' জ্ঞানে আমানদ ও উচ্চাদে মুদ্ধ হইয়া যাই। প্রার্থনার ছারাই এখন স্কুম্প্ট বুঝিয়াছি-উহা ঈশ্বর নয়। ৰাক্যৰাৱা, ধ্যান্তারা, একাগ্রভাষারা উহা আমারই অন্তর্নিহিত ভাববিশেষের শুরণ মাত্র; ধ্যান-ধারণাজনিত বা একাগ্রতালক এরপ কোন ভাবকেই আমি আর ঈশ্বর বোধ করিয়া পরিত্প্ত থাকিতে চাই না। আমি বাক্য-কঃনা-বিনির্মাক্ত, ভাব-সংস্কার-বর্জিত, সভাল্বরূপ প্রমেশ্ররের সভাপ্রকাশেরই অভিলাধী। আমি প্রার্থনা করিয়া নিজের বাকা নিজে ক্ষনিয়া অথবা আপন সংস্কার বা ভাবারুরূপ ধ্যান করিয়া যে অনিক্চনীয় আরাম লাভ করিয়া থাকি, তথন আনন্দহেতুক মোহবশতঃ তাহাকে সত্যশ্বরূপ আনন্দময় প্রমেশ্বরের প্রকাশ বই অক্ত কিছ ভাবিতে পারি না, সতা; কিন্তু কিছকণ পরে উহাছটিয়া গেলে পরিকার বুঝি, উহা আমারই অন্তরের একটি ভাবের উচ্ছাস বা কারনিক একট ক্লখারুভতি-মাতা। ঈশবের অনুভৃতি হইলে অবশুই তাহা স্বায়ী হইত, এবং সেসম্বন্ধে এক্লপ কোন সংশর<sup>\*</sup>শন্দেহও কোন কালে আমার মনে কিছুতেই উঠিত না। প্রমেশ্বর সত্য বস্তঃ তাঁহার অহভেব বিন্দুমাত্র হইলে সে বিষয়ে বিশ্বতি বা সংশয় কি কোনও

•কালে হইতে পারে ? অয়ি য়দি কোন লোকের শরীরে লাগে দে, জাগমিতই থাকুক আর নিজ্রিতই থাকুক, লাফাইয়া উঠিবে; অয়ি নির্ব্বাপিত হইলেও শরীরে জালা থাকিবে; জালাও য়দি য়য়, কতটা কিছুকাল স্থানী হয়; কত সারিলেও তাহার একটা চিছ্থাকিয়া য়য়, কততঃ একটা স্থতিও থাকে। কিছু আমার এবেলার ঈশরায়ভূতির লেশটুকুও তো ও বেলা অন্তরে খুঁজিয়া পাইনা। স্ক্তরাং কথনও আমি ঈশরোপাসনা করি না; করনার, বাক্যের, ও ভাবেরই উপাসনা করিতেছি মাত্র। প্রার্থন আনন্দ হয়; কিছু তাহা দীর্ঘকাল থাকে না। উহা ছুটয়া গেলেই য়েন শতগুণ য়য়ণা উপস্থিত হয়। প্রার্থনাতে এপ্রকার অস্থানী অসার আনন্দ অন্তর হওয়াতে প্রাণ্ আমার ছিয়ভিয় হইয়া গেল। প্রার্থনার উপরে বিরক্তি ও জ্বোধ জয়িল। আর প্রার্থনা করিব না—অস্থানী অসার আনন্দকে আর কথনও ঈশর-সন্তোগ-জনিত আনন্দ মনে করিব না,—স্থির করিলাম। ঈশ্বরকে প্রত্যক্ষ না করিলে যে উাহার উপাসনা হয় না, এই দৃঢ় সংস্কার জয়িল।

বৃত্কালের অভ্যন্ত প্রার্থনা বিসর্জন দিলাম। ভাবিলাম---'এখন আরু কি লইয়া থাকি ? অগত্যা প্রমেখ্রের নামই জ্বপ করি; এখন যা'ক্রেন ভগবান্।'

কিছু কাল হইল প্রার্থনা একেবারে পরিত্যাগ করিয়াছি। গোঁসাই যে সাধন
দিয়াছেন, তাহাই করিতেছি। ছ'বেলা প্রাণায়াম করি, আর সর্কাদা মনে মনে নাম
অরণ করিতে চেটা করি। নাম করায় কিন্তু কোন উপকারই বুরিতেছি না, আনন্দণ্ড্
পাইতেছি না। দিন দিন দারণ শুক্ষতায় প্রাণ্ আমার অস্থির হুইয়া পড়িল।

ভগবানের নাম করিতেছি, কথন কথন এই ভাগট গাঢ় হৈলে একটু আনন্দ পাই; ভাছাও স্থায়ী হয় না বলিয়া, উহাতেও আর তেমন আমার চেষ্টা নাই।

## ইফ্ট নামের উৎপত্তি-অনুভূতি।

কিছু দিন যাবং নাম করিতে করিতে মনে ইইতেছে— এই নাম কে করে ? কোথা ছইতে এ নাম উঠিতেছে ? আমিই বা কোথায় আছি ?' নাম করার সঙ্গে এসব সম্বন্ধে প্রত্যাহ অনুসন্ধান করিয়া থাকি। প্রত্যেকটি নাম করার সঙ্গে সঙ্গে, ঠিক কোথাইতেত এই নাম আসিতেছে, ভাষা ভলাস করি। বোধ ইইভেছে যেন অসীম সাগরে পড়িয়া বুদ্বুদের গোড়া খুঁজিতেছি, নামগুলিকে সাগরের বুদ্বুদ্বিং মনে ইইতেছে, বুদ্বুদ্ ধরিয়া পুন: পুন: তুব দিতেছি; কিন্তু, অগাধ অভসম্পর্ণ সাগরে ডুবিতে ছুবিতে,

কিছ দরে তলাইয়া গিয়া, আবার বুদ্বুদের দক্ষে সঙ্গেই ভাগিয়া উঠিতেছি। উদরের ভিতরে নানা স্থানে ঘ্রিতেছি; কিন্তু কোথাও গোড়া পাইলা বদিতে ঠাই পাইলাম না। এট অনুসন্ধানে আমার চিতের ভিতরে একটা ব্যস্ত হা থাকিলেও, বাছিরের কোন জ্ঞানট ৰ্ভ থাকে না। সমস্ত ইন্দ্রিশক্তি যেন অস্তমূখীন হইয়া পড়িতেছে। এ কয় দিন ক্রমে ক্রমে - তলপেটে, নাডিমলে, হাদয়ে, কণ্ঠায়, অবশেষে জাহয়ের মধ্যে নামের উৎপত্তি অমুভত হইল: কৈছে খব পরিকার রূপে নয়।

এ সময় একবার গোস্থামী মহাশয়কে দেখিতে বছাই আকাজ্ঞা হইতেছে। মাধোৎসবও নিকটবর্জী। গোঁসাইকে দেখিতে এবং এসব বিষয়ে তাঁছাকে জিজ্ঞাসা করিতে অবেলভেট ঢাকা যাইব, ভির করিলাম।

## ভাবুকতায় গোঁদাইয়ের শাদন।

গত কলা সন্ধার সময়ে ঢাকায় আসিয়াছি। অগুসকালে কয়েকটি ব্রাহ্ম-বন্ধর সহিত সাক্ষাৎ করিয়া, আহারাত্তে একরামপুর কদমতলায় গোম্বামী মহাশয়ের বাদায় পৌছিলাম। রাস্তার ধারের ঘরে উত্তরমুথ হইয়া নিজ আদনে গোঁসাই চুপ করিয়া বৃসিয়া আছেন, দেখিলাম। ঘরে অনেক লোক, সকলেই নীরব। আমি ঘরের এককোণে গিয়া বসিলাম।

বিক্রমপুরনিবাসী, জগন্নাথ স্থলের একটি ছেলে রাধা-ক্লফের একথানা চিত্রপট হাতে লইয়া, ঘরের স্কল্কে অতিক্রম করিয়া, একেবারে গোস্বামী মহাশ্যের দক্ষিণ পার্মে যাইয়া বসিল: পুন: পুন: গোঁদাইয়ের পায়ে লুটাইয়া পড়িতে লাগিল: রাধা-ক্লঞের মূর্ত্তি গোঁসাইয়ের মুখের কাছে ধরিয়া পুন: পুন: বলিতে লাগিল—" গোঁসাই, ব'লে লাও, ব'লে দাও, কিরুপে পাইব, বল। আহা, কি স্লন্দর মর্তি। আর কিছু আমি চাই না, আর কিছু চাই না। কিরুপে পাব ব'লে দাও।" গোঁসাই পুন: পুন: তাহাকে 'শ্বির হও স্থির হও ' বলিয়াও, কিছুতে তাহার সেই অন্তিরতা থামাইতে পারিলেন না। ছেলেট যেন আরও কেপিয়া উঠিল। তথন গোঁসাই ধনক দিয়া বলিলেন—'বটে ? এখানে চালাকী। আর কিছু চাও না ? নবাবের বাগানে নির্জ্জনে স্থন্দরী একটি যুবতী পেলে চাও কিনা, ভেবে বল তো। চালাকী করছ ?' গোঁদাইয়ের কথা ভূনিবা-মাত্র ক্রেটের সমক্ত ভাব বেন ওকাইয়া গেল। সে, কিছুক্লণ চুপ করিয়া থাকিয়া, ञ्चान नृत्य উठिश्चा-পঞ্চित्र।

#### অনুগতের বিরুদ্ধতা।

় গত বংশর একদিন স্থাণির অবস্থায় হঠাং গোলামী মহাশ্যের মুখ্ছইতে এই কথা ক্যাট বাহির হইয়া পড়িয়াছিল—সাধনের ভিতরের একটি কৃতবিন্ত, স্থশিক্ষিত যুবক আক্ষাসমাজে উপাচার্য্যের আসন গ্রহণ কর্বেন। আক্ষানের সঙ্গে মিলে মিশে আমাকে নানা রকমে অপদস্থ কর্তে চেন্টা কর্বেন। পরে, বিষম বিপন্ন হ'য়ে ঢাকা ছেড়ে পালানেন।

গোস্বামী মহাশ্য ত্রাহ্মসমাজ পরিত্যাগ করিয়া গেলে পরে অনেকেই ব্রিলেন, ঐ ব্যক্তি আর কেহ নহেন—গোঝানী মহাশয়েরই প্রিয় শিশ্ব শীযুক্ত মন্মধনাথ মুখোপাধ্যায়। প্রচারক-নিবাসে গোস্বামী মহাশয়ের অবস্থানকালেই তাঁহার মধুর সঙ্গলাভ মানসে মন্মথ বার ঢাকার আদেন, এবং ব্রাহ্মসমাজে পণ্ডিত শ্রীযুক্ত শ্রামাকান্ত চট্টোপাধ্যার মহাশয়ের সঙ্গে একতা অবস্থান করেন। তৎকালে গোস্বামী মহাশয়ের আদেশক্রমে তিনি কথন ছাত্রসমাস্তে. কণনও ব্রাহ্মদমাজে বক্তৃতা দিতে আরম্ভ করিলেন। ৪।৫টি বক্তৃতাতে সহরে একটা িহৈ হৈ 'বৰ পড়িয়া গেল। 'কেশৰ বাবুৰ পৰে এমন বক্তা ঢাকাতে এপথান্ত আবা কেহ আদেন নাই অনেকেই এইরূপ বলিতে লাগিলেন। আশ্চর্যা বক্তৃতাশক্তির প্রভাবে অতি অর কালের মধ্যেই শিক্ষিত সমাজে মন্মথ বাবুর অসাধারণ প্রতিপত্তি জন্মিল। গোস্বামী মহাশব্যের ত্রাক্ষসমাজত্যাগের পরও ত্রাক্ষদের অমুরোধে, মন্মথ বাবু স্বীয় সমাজের উপাচার্য্যের কার্যাক রিতে লাগিলেন। একিদের সঙ্গে মিলিয়া মিশিয়া, মন্মণ বাবু স্বীয় অন্তত শক্তি ও তেজ্বিতা গোঁসাইরের অন্রন্তশাস্ত্র-বাদ, অন্রন্তগুরু বাদ-প্রভৃতি মতের বিরুদ্ধে প্রকাশ্ত-ভাবে বক্ততা করিয়া অতি তীব্রভাবে প্রয়োগ করিতে লাগিলেন। গোস্বামী মহাশয় ব্রাহ্মসমাজ ছাড়িয়া আসিলে, মন্মথ বাবুর উৎসাহ উভ্যম ও চেষ্টায় ব্রাহ্মসমাজের প্রতি লোকের আকর্ষণ চশিতেছে। সহরে স্কৃতি মন্মণ বাবুর জয় জয়কার। আক্ষদের গৃহে তিনি আদৃত হইতেছেন; বয়ঃ প্রবীণ ব্রাহ্মও কেহ কেহ তাঁহার পদধুশী গ্রহণ করিয়া ভক্তি প্রকাশ করিয়া থাকেন।

#### মাঘোৎসবে উপাসনা।

আৰু মাঘোৎসৰ। প্ৰতিবংসৰ এই মাঘোৎসৰে ভগবানের নাম লইয়া কভই
আনন্দ করি! সকালবেলা গোৱামী মহাশয়ের নিকটনা যাইয়া আজ
সমাজে গোলাম। মল্লথ বাবু উপাসনা করিতেছিলেন। 'বিপুলজনতাঁকুঁ,
বিভুক্ত সমাজহরের এককোনে চুল করিয়া বসিয়া রহিলাম। উপাসনা খুব ভাল লাগিসীঁ

মন্মথ বাবুর ভেজঃপূর্ণ ভাষায় অন্তরের নিজিত ভাবগুলি যেন কাগিয়া উঠিতে লাগিল। আমি খুব শক্ত হইয়া বসিলাম, ভাবিতে লাগিলাম 'এ তো কেবল ভাবের উপাসনা, বাক্যের আড়ম্বর ও করনার ছড়াছড়ি মাতা। পংমেখর কোথার প্' এইপ্রাকার চিন্তার দার। মনটিকে খুব কঠোর করিতে লাগিলাম। ঠিক এই সময়েই মন্মথ বাবু হঠাৎ চীৎকার করিয়া বলিতে লাগিলেন-- " মা আনন্দমির, আজ মাঘোৎসবে সকলেরই হুদ্দ ভূমি উজ্জ্বল করিয়াছ কিন্তু, মা, একটি ছেলে তার শুন্ত অন্ধকারময় কুটারে বসিয়া দেখ কি ভাব্ছে। মা আনন্দমির, আজ তার অন্ধকার ঘর কি ভূমি তোমার আলোকে উজ্জ্বল করিবে না ? "ইত্যাদি। ভূমিয়া আমার প্রাণটা কাঁপিয়া উঠিল। ভাবিলাম—'বুঝি মন্মথবাবুর অন্তরের ভাব অন্তর্ভ করিবার চেন্তা কামতে তিলি আমার ভ্রমতা টের পাইয়া তাঁর ভাবৃক্তার আমাকে অভিভূত করিবার চেন্তা করিবেন।' আমি ভলগ্রেই আসনহইতে উঠিয়া বাসায় চলিয়া আসিলাম।

মধ্যাকে আহারাস্তে একরামপুর কদমতলায় গোস্থামী মহাশয়ের বাদায় উপস্থিত হইলাম। দোতলায় গিয়া দেখি, গোস্থামী মহাশয় ২০৷২৫টি শিশু লইয়া একটা বড় ঘরে ছির হইয়া বসিয়া আছেন; এীযুক্ত রজনী বাবু, আনন্দ বাবু-প্রভৃতি গণ্য মান্ত বাধ্যগণ্ও অনেকে রহিয়াছেন।

প্রায় মাসাধিক কাল গত হইল ভাবের ধার ধারি না। ভাব হইলে তাহা স্থায়ী হইবে না, কিছুক্ষণ পরেই ছুটিয়া যাইবে, এই ভয়ে ভাবের কথা শুনি না। ভাবের গান ভালবাসি না, ভাবুকদের নিকটে বসিতেও প্রাণ চায় না। ভিতরটি শুদ্ধ কাঠ হইরা আছে। গোস্বামী মহাশয় ভগবান্কে সাক্ষাৎ দর্শন করিয়া উপাসনা করেন, আমার এ বিশাস আছে। তাই, আমার শুদ্ধতা দৃঢ্তার সহিত রক্ষা করিয়া তাঁহার উপাসনায় যোগ দিলাম। ঠিক ব্রাহ্মসমাজের প্রধালীমত এখানেও তিনি উল্লেখন করিয়া, প্রার্থনা করিতে আরম্ভ করিলেন।

মা অলপুর্ণা, আজ ছোট-বড়, কাঞ্চাল-ফ্কির, সকলকেই তুমি পেটভরা অলদান কর্ছ। দেশেবিদেশে আজ কত লোক তোমার প্রসাদ পেয়ে পরিতৃপ্ত
হচ্ছেন। আমাকেও পেট্ভরা অল দিচছ। ছেলেবয়স্থেকে এই দিনে, মা,
আমাকে তুমি বিশেষভাবেই তোমার প্রসাদ দিয়ে আস্ছ। এ বছরেও, মা, আজ
আমাকে তুমি বিশেষভাবে দয়া কর।

এই কথা করটে বলার পরেই গোস্বামী মহাশয়ের অপূর্ব্ব অবতা দেখিলাম। তিনি কাঁদিতে কাঁদিতে বলিতে লাগিলেন—হ'য়েছে, হ'য়েছে ! হ'য়েছে, মা ; উঃ। উঃ। উতঃ! আর না, আর না, আর না, মা। কাণাকড়ি—একটি কাণাকড়ি, মা, আমি তোমার কালাল ছেলে তোমার হাতে একটি কাণাকড়ি চাই মা। তাই আমার যথেপট। মা, আমার কি সাধ্য এত হন্ধম করি ? রোজ রোজ দিও, মা, একটি ক'রের কাণাকড়ি দিও। আর না, আর না। এই বলিতে বলিতে কদ্ধক ইইলানীরব হইলেন। শরীহরর নানাস্থান থর থর কল্পিত ইইতে লাগিল। অবিবলধারে অঞ্বর্ধণ হইতে লাগিল। এক একবার কাদোকাদো থরে, 'জয় মা জয় মা' বলিতে লাগিলেন। এ সময়ে, জানি না কেন, দয়াময়ীর গুণেই ইউক অথবা গোস্বামী মহাশয়ের সঙ্গ গুণেই ইউক, আমার গুণ্ণ কর্তার প্রাণ্ও অক্সাৎ কেমন ইইয় গেল। শরীরটি পুনঃপুনঃ কাঁপিতে লাগিল। আমি একেবারে চীৎকার করিয়া কাঁদিয়া মেজেছে লুটাইতে লাগিলাম। কয়েজজন কাঙ্গালের গান ধরিলেন—"মা, আমি তোমার পোষা পাখী।" ঘরের ভিতরে বাহিরে কায়ার রোল পড়িয়া গেল। গুকল্রাতারা প্রায় এক ঘণ্টারও অধিক কাল ভাবাবেশে ময় থাকিয়া পরে প্রকৃতিস্থ হইলেন।

## অবিচারে ত্রাহ্মদীক্ষাদানে প্রতিবাদ।

অগবারে ২০০টি গুরুলাতার সঙ্গে গোষানী মহাশরের নিকট বসিলা আছি, শ্রামাকাপ্ত পণ্ডিত মহাশর আসিলা বলিলেন—চিত্রপট নিয়ে সে দিন যে ছেলেটি এসেছিল সে নাকি আজ রাক্ষ-ধর্মে দীক্ষা নিবে! গোসাই শুনিয়া থুব বিষয় প্রকাশ করিলা বলিলেন—'কি ? সেই ছেলেটিকে রাক্ষ-ধর্মে দীক্ষিত কর্বে ? এ সব কি ? কাল যে আমার কাছে এসে রাধা-কৃষ্ণের পট নিয়ে এত কাণ্ড কর্লে, কত ধমকিয়ে দিলাম, লাজই তাকে রাক্ষ-ধর্মে দীক্ষা! এরকম সনলোককে দীক্ষা দিয়েই তা রাক্ষ-সমাজ এত ক্ষতিগ্রস্ত হ'রেছেন। কাল এক মত ছিল, আজই অন্য মত হ'ল; আবার, কালই যে সে আর এক মত ধর্বে না, তা' কে বল্ভে পারে ? কেবল কি দলবৃদ্ধিই উদ্দেশ্য ? লোকবৃদ্ধি হ'লেই হ'ল! তা' হ'লে পাগল-গুলোকে নিয়েও তো দীক্ষা দিতে পারে। উঃ, কি ভুয়ানক! এসব খবর হয় ত ওঁরা জানেন না। একবার, জানানো দরকার। তোমরা কেহ যেতে পার হুটি

আমি অমনই যাইতে রাজী হইয়া বলিলাম—" আমি যাব। কা'কে কি বল্ভে হবে, বলুন!" গোলাই বলিলেন,—' তুমি গিয়ে নিজ্জনে মন্মথকে আমার কথা বল্বে যে কাল যে মূর্ত্তি নিয়ে ঘূরেছে আজই তাকে প্রাক্তান নাণ।

'ঐ ছেলেটিকে অন্ততঃ ১৫ দিন দেখা আবশ্যক।' আমি ছুটিয়া প্রাক্ষসমাজে গেলাম।

মন্মথ বাবুকে নিজ্জনে ডাকিয়া আনিয়া, গোস্বামী মহাশ্য পাঠাইয়াছেন জানাইয়া, সমস্ত কথা যথায়থ তাঁহাকে বলিলাম। মন্মথ বাবু বলিলেন—" এ সব আমি কিছুই জানি না।

আছে, তুমি যাও। আমার অজ্ঞাতসারে কেছ দীক্ষা নিতে পার্বে না, এই কথা গিয়ে গোসাইকে ব'ল।" আমি অমনি একরামপুরে আসিয়া গোস্বামী মহাশ্যকে সমস্ত বলিলাম।

ব্রাক্ষসমান্তহহৈত বাহির ইইয়া আসিবার সময়ে আমার জনৈক বন্ধু প্রীবৃক্ত রেবতীমোহন সেমকে আমার সলে গোলামী মহাশদের নিকটে লইয়া ঘাইতে জেদ করিতে লাগিলাম। পাটুয়াটুলির রান্তার ধারে রেবতী বাবু গোলামী মহাশদের সাধন সম্বন্ধ আমাকে অনেক বিষয় জিজ্ঞাসা করিলেন। রেবতী বাবু গোলাইয়ের নিকটে দীক্ষা গ্রহণ করিলে বড় আলোদিত হই। বেবতী বাবু অতি স্থগায়ক—গোঁদাই বেবতী বাবু কভিছনে আল্লহারা হইয়া পড়েন। দীক্ষাগ্রহণ করিতে রেবতী বাবুকে বারংবার বলিলাম। রেবতী বাবু বলিলেন—" দীক্ষা নিতে আমার খুব ইছে। আছে; তবে আরও কিছুদিন দেণে শুনে নিতে চাই। আর আমি দীক্ষানিতে চাহিলেই কি তিনি দিবেন দু " ইত্যাদি—

# সাধনানুভূত্তিতে উৎসাহদান। ভক্ত মালাকারের বাঞ্ছাপূরণ।

সকালে উঠিয়া গোস্থামী মহাশ্যের নিকটে গেলাম। গোস্থামী মহাশ্য়কে ধ্যান্ত দেখিয়া ১০ছ মাথ, চুপ করিয়া বিসিয়া রহিলাম। এক ব্যক্তি তাঁহার বাড়ীতেও সন্ধীর্তনে বৃহলাতিবার। গোসাইকে লইয়া ঘাইতে ব্যক্ত হইলেন। তিনি, আমাদের বাধা না মানিয়া, গোস্থামী মহাশ্যকে আসনহইতে ডাকিয়া ভুলিতে গিয়া অকল্মাৎ পড়িয়া গেলেন। তাঁহার ন্তন পরিহিত বল্পথানা হানে ছানে ছিঁছিয়া গেল। পায়েও খুব আ্থাত লাগিল। গোসাইয়ের ধ্যানভদ্ধ না করিয়া ভক্তলোকটি মনোছঃথে চলিয়া গেলেন। কিছুক্ষণ পরে গোসাইয়ের ব্যক্তি হইল। সকলে চলিয়া গেলে পর আমি গোসাইকে বলিলাম—কাল আমি বাড়ী বাব।

গোসাই। তোমাদের দেশে ইছাপুরায় কাল আমরাও তো যাব। মধ্যাঞ্চে আহার ক'রে এস, একসঙ্গে যাওয়া যাবে। এখন কেমন । তোমার শরীর ভাল প্রীছে তো ? তোমার না দাদার কাচে যাবার কথা ছিল ? পশ্চিমে যেতে পার্লে বেশ স্থবিধা ছিল। কবে যাবে ?

আমি। দাদার শীঘ্রই বাড়ী আদিবার কথা আছে। তাই, যাওয়া হইল না।

গোঁদাই। লেখাপড়া বুঝি হচ্ছে না ? যাক্, শরীরটি আগে সুস্থ ক'রে নাও। লেখাপড়ার জন্ম ব্যক্ত হওয়ার দরকার নেই। সাধন কেমন চল্ছে ? নাম কর তো ? আমি। দেশে ভাল সদ নাই। কুচিন্তা কুকলনাম সময়ে সময়ে চিত্ত বড়ই অহির করে। রোগও সারিতেছে না। আমার আর কিছু ভাল লাগে না। নাম তো করি, কিন্তু ভালতায় দিন দিন কাঠ হইয়া যাইতেছি। বড়ই কই ২য়। প্রাণে নৈরাম্ম আগে।

গোঁশাই। হাঁ সবই বুঝ্ছি। সাধন কর্তে থাক, সমত্ত পরিকার হ'য়ে যাবে।
একটু একটু দৃষ্টিশাধনও ক'রো। প্রাণায়াম কর্তে যদি কন্ট হয়, নাই কর্লে।
কিন্তু ধীরে ধীরে একটু একটু প্রাণায়াম কর্তে পার্লে দেখ্নে এ অন্তথ থাকরে
না। এই প্রাণায়াম একবার বেশ অভ্যন্ত হ'লে কোন রোগই থাকে না। আর প্রাণায়ামের সময়ে একটু একটু নিশাস রোধ ক'রে নাম ক'রো। শুস্কতায় কোন ক্ষতি নাই। নাম কর্তে কর্তে এ শুকুতাও দৃর হ'য়ে যাবে। এতে নৈরাশ্যের কোনও কারণ নাই।

আমি। আমি যাদের থুব ভাল ব'লে জানি, শ্রদ্ধাভক্তি করি, সাধনের পূর্বের এরূপ কয়েকটি লোককে আমি প্রভাহ অরণ ক'রে থাকি। এপ্রকার কল্লনায় কোনও ক্তি হয় ১ গোঁসাই। এতাে থুব ভাল। এতে ক্ষতি কিছই হয় না; উপকারই যথেষ্ট

হয়। বেশঃ। ও রকম থুব করবে। আমিও ওরূপ ক'রে থাকি।

আমি। সাধনের সময়ে নামটি কোথা হইতে আসে, অনুসন্ধান কর্তে ইছে। ইয়। তলপেটে, নাভিতে, কণ্ঠায়, এইরূপ নানাস্থানে অনুভব করি। এখন মাথার পিছন দিকে একটা স্থানে ধারণা হছে। এইরূপ অনুসন্ধান ক'বে গে যে স্থানে অনুভব হয় ধারণা কর্ব ?

গোঁপাই। ইা হাঁ, খুব কর্বে। এ সব ধারণা অনেক স্থানে হবে। কপালে ও বন্ধতালুতে অঙ্গী সঙ্কেত করিয়া বলিলেন,—এনমে এসব স্থানেও হবে। সাধন কর্তে কর্তে এসব ধারণা আপ্নাহ'তেই হয়। এসব হওয়া খুব ভাল।

এ সব কথা বার্ত্তার পরে গোঁসাই আবার চকু মুদিলেন। আমরা চপ করিয়া বসিয়া রহিলাম। একট পরেই একটি হরি সন্ধীর্তনের দল কদমতলায় আসিয়া উপস্থিত হইল। গোস্বামী মহাশয়, দূরহইতে থোলের আওয়াক শুনিয়াই, ধীরে ধীরে মাথা নাড়িতেছিলেন। সন্ধীর্ত্তন কদমতলার আদামাত্রই তিনি আসনহটতে লাফাইয়া উঠিলেন এবং কীর্ত্তনে মিলিত হইয়া নতা আরম্ভ করিলেন। .সংকীর্ত্তন চলিল. তিনিও তৎসঙ্গে নৃত্য করিতে করিতে চলিলেন। ক্রমে আমরা বেনিয়াটোলার শ্রীয়ত বিহারী মালাকারের বাডীতে গিয়া পৌছিলাম। ওণানে গিয়াই গোঁসাই বেহুঁস হইয়া পড়িয়া গেলেন। কীর্ত্তনও একট পরে থামিল। কিয়ৎকাল গত হইলে, গোঁদাই চৈতভা লাভ করিয়া এদিক ওদিক চাহিয়া বলিলেন — আছি।

এ সময়ে রাধারুফ্তের বিগ্রাহ সম্মুখে দেখিয়া, গোসাই মাটিতে পড়িয়া সাষ্টাঙ্গ প্রণাম করিলেন। মালাকার করজোড়ে গোঁসাইকে বলিলেন-- প্রভু, আজই আমার ঠাকুর প্রতিষ্ঠা হইল। বড আশা ছিল, একবার এথানে আপনার শুভাগমন হয়, চরণধলি পড়ে। আপুনাকে বলিতে গিয়াছিলাম, কিন্তু বলিতে সাহস পাইলাম না : আপুনি দয়াল, তাই আমার আকাজ্ঞা জানিয়া পুর্ণ করিলেন।" এই বলিয়া মালাকার গোঁসাইয়ের পদতলে পড়িয়া লুটালুটি করিতে লাগিলেন। ইতিপর্কে আর আমি কথনও গোঁদাইকে প্রতিমৃত্তির নিকটে নমস্বার করিতে দেখি নাই। মনে বড কট্ট হইল। ভাবিলাম হায় ভগবান এ দুখা আমাকে দেখাইলে কেন ?

ইছাপুরা গ্রামে গোঁদাই ও লাল। মহোৎদবে মল্লবেশে নৃত্য।

সকালবেলা মুথ হাত ধুইয়া বসিয়া আছি, ছোটদাদা আসিয়া বলিলেন—"এথনও ব'দে আছিদ কেন ? গয়নার (থেয়া নৌকার ) সময় হইয়াছে। আজে না বাড়ী ঘাইবি ? "

আমি বলিলাম-আজ গোঁদাইও ইছাপুরায় হরিচরণ চক্রবর্জীর বাডী ১৪ই মাঘ যাবেন: আমিও সেই দক্ষে যাব ব'লে এদেছি। ছোট লালা গোঁসাইয়ের পংকবার। সঙ্গে যাইব শুনিয়া খুব বিরক্তি প্রকাশ করিয়া বলিলেন—"গোলাইয়ের

मरल ना रहेरल द्वि वाफी याउम्रा रम ना १ 'रगामाह'। रगामाह ।' रक्वल रगामाह छ।' হবে না। এখনই তুই গ্যনায় চ'লে যা।" আমি আর কি ক্রিব ? ছোট দাদার কথা মতই রওনা হইলাম। গলনায় উঠিয়া আমার কালা পাইল। মনে মনে গোঁসাইকে প্রণাম

ক্রিরা জানাইশাম যে, "ছোট দাদার কথায় অনিজ্ঞা সত্তেও আমি এই গায়নার চলিলাম। আমার জন্ত আপনি যেন আর অপেকা না করেন। আরে আমার অনিজ্ঞাকত অপরাধ ক্মা করুন।" সারাটি পথ আমার কটে কাটিল।

সকালবেলা উঠিয়া গোস্বামী মহাশ্যকে দেখিতে ব্যস্ত হইলাম। বাড়ীহইতে অর্জ্বণ্টার পথ অন্তবে ইছাপুরা গ্রাম। উকীল শ্রীযুক্ত হরিচরণ চক্রবর্তী মহাশ্যের বাড়ীতে যথাসময়ে গ্রহমাণ, পৃণিমা, প্রছিলাম। দেখিলাম বাড়ীটি লোকে পরিপূর্ণ। চক্রবর্তী মহাশ্যের পনিবার। তাজে আরু মহোংসব হইবে। 'হোট'লোক, বৈক্ষব, বাউল ভিন্ন ভ্রনালেকরা এদেশে বড় মহাপ্রভুর উৎসব করে না; উহা ছোটলোকদের হৈ চৈ ব্যাপার বলিয়া আমরা জানি। আজ বারদীর প্রক্রারী মহাশ্যও এই উৎসবে আদিবেন; গত কলা গোঁদাইও আদিয়াছেন—এগবর পাইয়া সম্লান্থ সমাজপতিরাও এই উৎসবে যোগদান করিয়াছেন।

আমি একেবারে গোস্থামী মহাশ্যের কাছে যাইয়া তাঁহাকে প্রণাম করিয়া একপাশে বিদিয়া পড়িলান। দেখবে তথন কোনও লোকের গোল্মাল নাই, মাত্র গোদাইয়ের ক্ষেক্টি শিশু রহিয়াছেন দেখিলাম। আমি যে কেন গোদাইয়ের দদে আদিতে পারি নাই তাহা তাঁহাকে বলিতে না বলিতেই তিনি আমাকে বলিলেন—তুমি যে কাল সকালবেলা গয়নায় চ'লে এলে তা' তামি তথনই জানতে পেরেছিলাম।

আমি। আপনাকে কি কেহ থবর দিয়াছিল ?

গোঁপাই। না ভা'নয়।

সংক্ষেপে এই উত্তরটুকু দিয়াই, আমাকে আর কোনও প্রাক্রার অবসর না দিয়া, পুন: পুন: হরিচরণ বাবুকে ডাকিতে লাগিলেন। হরিচরণ বাবু উপস্থিত হওয়া মাত্র ব্যস্ত ইয়া বলিলেন,—

'ঘরে মুড়ি আছে ? ছ' মুঠে। মুড়ি এনে দিন্তা। বুকে বেদনা বোধ হ'চেছ। পিতের বেদনার মুড়ি উপকারা; সময়ে সময়ে খাওয়া 'মাতা দমন হয়। শরীর আমার অতিশয় রুগা। বুকের বেদনা প্রায় ২৪ ঘণ্টাই লাগিয়া আছে। আরু ঘণ্টার পথ অভিক্রেশে দেড় ঘণ্টার চলিয়া আসিয়াছি। গোসাইরের নিকট পঁছছিয়া বেদনার যন্ত্রণায় বুক চাপিয়া বসিয়াছিলাম। হরিচরণ বাবু মুড়ি আনিয়া দিলেন। ছ'একবার গোসাই তাহা মুথে দিয়া আমাকে অবশিষ্ট থাইতে বলিলেন। মুড়ি থাইয়া আমার বেদনা অনেকটা কমিয়া গোল।



গোস্থামী মহাশয়ের কাচে আমা অপেকাও অল্লবয়স্ত একটি ছেলে নিস্তব্ধ ভাবে ৰদিয়া রচিয়াছে, দেখিলাম। ছেলেটিকে দেখিয়া বছট ভাল লাগিল। উহার পরিচয় পাটবার জ্বন্স শ্রীধর বাবকে লইয়া ঘরহইতে বাহিরে আসিলাম। জিজাসা করাতে শ্রীধর বাব বলিলেন—"ইছার নাম লালবিহারী বস্তু; বাড়ী শান্তিপুর। বয়সে ছেলে মান্ত্র বটে, কিন্তু ইনি একজন জাতিমার মহাপুরুষ। আট বৎসর ব্যক্তিম কালে ধর্ম ধর্ম করিয়া ইনি ঘরহইতে বাহির হন। সন্ন্যাসী, ফকির, দরবেশ-প্রভৃতি নানা সম্প্রদায়ের ছয় জন সিদ্ধ পুরুষের নিকটে ক্রমায়য়ে দীক্ষা গ্রহণ করিয়া, কঠোর সাধন-ভঙ্গনে বহু যোগৈৰ্য্য লাভ করেন। কিন্তু কোথাও যথাৰ্থ তৃথি না পাইয়া এখন আশ্র্র্যা প্রকারে দৈব ঘটনায় গোষামী মহাশয়ের নিকটে আসিয়া পড়িয়াছেন। ইহার পরিচয় আর কি বলিব ? ইহার সঙ্গ করিলেই ক্রমে সমস্ত জানিবে।" আমি শ্রীধরের কথা শুনিয়া চুপ ক্রিয়া রহিলাম।

ওদিকে মহেংৎদবের বাজনা বাজিয়া উঠিল। চক্রবর্ত্তী মহাশয়ের বহির্বাচীর বিস্তত উঠানের উত্তর প্রাস্তে মহা প্রভু প্রতিষ্ঠিত আছেন। আমরা সকলে গোঁদাইকে লইয়া তথায় উপস্থিত হইলাম। গোস্বামী মহাশয় মহাপ্রভুকে সাষ্টাঙ্গ প্রণাম করিয়া দাঁডাইলেন। করজোডে সৃত্ত নয়নে মহাপ্রভুর দিকে চাহিয়া আপাদেমস্তক থর থর কাঁপিতে লাগিলেন। চারি দিকে বাউল বৈষ্ণবেরা গোঁদাইয়ের ভাব দেখিয়া মহা উৎসাহের সহিত, দলে-দলে উচ্চ সংকীর্ত্তন আরম্ভ করিল। বহু খোল-করতালের "ঝনাঝন" আওয়াজে শরীর কণ্টকিত হইতে শাগিল। গোস্থামী মহাশ্যু. কয়েকবার সন্ধীর্তনের তালে তালে তুড়ি দিয়া হাত নাড়িতে নাড়িতে, হঠাৎ একেবারে লাফাইয়া উঠিলেন; অমনই বাম হতে লালকে ধরিয়া নৃত্য করিতে লাগিলেম। লাল তথন ভাবাবেশে উচ্চ লক্ষ্য প্রদান করিতে করিতে হাত ছাডাইয়া এক পালে স্ক্রিয় পড়িল। গোৰামী মহাশয় লালের দিকে তীব্রদৃষ্টিনিকেপপূর্বক মল্লবেশে বাত আক্রেটন করিতে লাগিলেন। লালও অনিমেধে গোঁসাইরের ণিকে দৃষ্টি রাথিয়া উদ্ভে নুত্য আরম্ভ করিল। এ সময়ে গোস্বামী মহাশয় ভয়ত্কর হঙ্কার করিতে করিতে মৃষ্টিবদ্ধ বামহস্ত সম্মুথের দিকে প্রসারিত করিলেন, এবং বাণ্যোদ্ধার ভায় ভর্জনী লালের দিকে সন্ধান-পূর্বক ঘন ঘন আকর্ণ আকর্ষণ করিতে করিতে অন্তাসর ছটতে লাগিলেন।° কয়েক পদ চলিয়াই পুনঃপুনঃ লক্ষপ্রদানপুর্বক তিগ্যক ভাবে বাম পদ অঞে প্রকেপ করিতে করিতে দিগন্তস্পর্শী হরিধ্বনি করিয়া ক্রিপ্র গতিতে

লশ্বের দিকে ছুটিয়া চলিলেন। লাল তংকণাৎ বাম হস্ত সন্মধের দিকে ঢাল আকারে বিস্তার করিয়া ভীত ও সম্ভত ভাবে প•চাদিকে হটিয়া বাইতে লাগিল। ২৫০০ হাত সরিয়া গিয়া লাল অক্সাৎ ভীম রবে 'জয় নিতাই, জয় নিতাই' বলিয়া চীৎকার করিয়া উঠিল: এবং অকমাৎ সম্মধের দিকে প্রচণ্ড লক্ষ্য প্রদান করিয়া, দক্ষিণ হস্ত পুন: পুন: আকর্ণ সন্ধানপূর্বক গোসাইয়ের মত তাঁহাকে লক্ষ্য করিয়া ধাবিত ছইল। গোসাই তথন, লালের বেগ সহু করিতে না পারিয়াই যেন, সল্মুথে হস্তাবরণ পূর্বকে ত্রস্ত ভাবে ক্রত গতিতে পশ্চাদগামী হইতে লাগিলেন। ২০০০ হাত সরিয়া গিয়া গোস্থামী মহাশয় আবার অধিকতর উভ্তমে প্রচণ্ড লক্ষার করিয়া, "হরিবোল " " হরিবোল " বলিকে বলিকে লালের দিকে ধাবমান হইলেন। লাল তথন আবার প্রবং ছটিয়া ঘাইতে লাগিল। এই প্রকার একের প্রতি অভে উত্রোত্তর ভয়ত্বর আক্লালন করিয়া, ত্র্বর্ধ যোদ্ধ বেশে ছটাছটি করিতে লাগিলেন। অসংখ্য বাউলবৈষ্ণব-পরিবেষ্টিত, বছবিস্তৃত প্রাক্তনে শ্রীধর উচ্চ হরিধ্বনি করিয়া মণ্ডলাকারে নৃত্য করিতেছিলেন। অবস্থাৎ প্রতিষ্ঠিত বিগ্রহের দিকে লক্ষ্য প্রদান করিতে করিতে অগ্রসর হইয়া, অগ্নিপুর্ণ প্রকাণ্ড 'ধমুচি' গ্রহণ করিলেন, এবং 'বোল বোল 'রবে দিগস্ত কল্পিত করিয়া, পুনঃ পুনঃ লক্ষ্য প্রদান করিতে লাগিলেন। শ্রীধর নতশিরে গোঁসাইয়ের চরণে দট্টি সম্বন্ধ রাধিয়া সধ্য ধফুচি দ্বারা আবেতি করিতে করিতে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ছটিল। এ সময়ে মহাতলম্ভল পডিয়া গেল। অসংখ্য দর্শকমণ্ডলী মৃত্যুহিঃ উচ্চ হরিধ্বনি করিতে লাগিল। চতুর্দিকে লোক সকল বেছঁস হইয়া পড়িতে লাগিল। বহু মূদক করতালের ধ্বনি কীর্তনকোলাহলে মিলিত হইয়া সকলকে কাঁপাইয়া তুলিল। উন্মত্তবৎ চীৎকার ক্রিয়া সকলে উচ্চৈ: স্বরে গাছিতে লাগিলেন.---

> কি ভূনি, কি ভূনি, সিংহ রবরে নদীয়ায়। নিত্যানল বাজায় ভেরী. 'ভোঁ-ভোঁ, ভোঁ-রব করি '; (ভন্ধারিয়া) শ্রীঅবৈত বগল বাজায় রে (নদীয়ায়): জগা বলে, মাধা ভাই, পালাবার আর স্থান নাই, সংসার ঘেরিল হরি নাম বে নদীয়ায় ! " শ্রীচৈতন্ত মহারথী, নিত্যানন্দ সার্থি ; শ্ৰীকবৈত যুদ্ধে আগুলাল রে (নদীলাল)।

ব্লুক্ষণ এই প্রকার নৃত্যের পর লাল অক্সাৎ গোঁদাইয়ের চরণতলৈ পড়িয়া

... X

শুটাইতে লাগিল। গোস্বামী মহাশয়ও উচ্চ শ্চ্চ প্রদান পুর্বক করেকবার হরিধ্বনি ক্রিয়া সংজ্ঞাশুক্ত অনুবৃত্তার পড়িয়া গেলেন। হ্রিচরণ বাবু ও আমি গোঁসাইরের পদ্বয় অভ্যের স্পর্শ হইতে বাঁচাইবার জন্ম বস্ত্রহারা ঢাকিয়া রাখিলাম এবং বাতাস ক্রিতে লাগিলাম। জীধরও মুচিছত। ক্রমে সন্ধীর্তন থামিয়া গেল।

যথাসময়ে গোস্বামী মহাশয়ের আনেশমত মহাপ্রভুর ভোগ দেওয়া হইল। অপরাত্তে আহার করিয়া আমরা সকলে বিশ্রাম করিতে লাগিলাম।

#### চন্দ্রাহণ।

লালের সঙ্গে আজই আমার প্রথম আলাপ: উহার জীবনের অনেক আশ্চর্যা ঘটনার কথা শুনিয়া অবাক হইলাম। বারদীর ব্লচারী মহাশবের আজ এই উৎসবে আসিবার কথা ছিল তিনি আদেন নাই। গোঁদাই নাকি আগামী কলা বারদী ঘাইবেন। রাত্রে ঞীধর ও লাল অন্ত ঘরে গিয়া শয়ন করিল। চক্রবন্তী মহাশয় ও আমা গোঁসাইয়ের নিকট রহিলাম। আনজ চক্রতাহণ।

একট বেশী রাত্তে গোসাই বলিলেন—'আজ গ্রহণ। সারা রাত জেগে আজ অনেকে ধ্রপতপ করবে।' আদি বলিলাম—'কেন ? আজ জপ করলে কি কোন বিশেষ ফল লাভ হয় ?'

গোঁসাই। তা'তো বল্তে পারি না। তবে তিথির একটা গুণ আছে তা' জানি।

কিছক্ষণ পরে গোঁসাই কথায় কথায় বলিলেন—সেরাজদিঘা নদীর পাড়ে একটি আশ্রম হ'লে বড ভাল হয়। সহরের গোলমাল থেকে সময়ে সময়ে এসে ওখানে নিৰ্জ্জনে থাকা যায়।

সকলে ঘুমাইয়া পড়িলে, গোঁসাই আমাকেও শয়ন করিতে বলিলেন। আমি রাতি আড়াইটার পরে শুইলাম। গোঁদাই সমূথে জলন্ত ধুনি রাখিয়া দারা রাত্রি এক ভাবে বিসন্ধা রহিলেন। এসমরে একবার বলিলেন—একটি পাহাড়ে এক সময়ে তামাদের সকলকে মিলিত হ'তে হবে। গুরুজী আমাদের ভিন্ন ভিন্ন কার্য্য-সাধনার্থে এক একটি দল ক'রে সংসারে প্রেরণ কর্বেন।

ঘুমের বোরে ভূনিয়া এ কথায় আমি আর কিছু প্রশ্ন করিলাম না।

#### সাধনের সংকল্প।

গোস্বামী মহাশয়ের প্রদত্ত সাধনে আমার আন্তরিক আস্থা তেমন আলাপ্রদ এথনও দান্তন মান।

কান্তন মান।

কিন্তু উহারে শিশুদের সঙ্গে যতই নিশিতেছি ততই উহারে মান্তন করে বালি বিশ্বত হইতেছি। কুসংস্কারাপর হিন্দুসমান্তের যেসকল ব্যক্তি এই সাধন গ্রহণ করিরাছেন, তাঁহাদের যা' তা' একটা অবস্থা হওয়া বা ওরূপ একটা বলা কিছুই 'অসম্ভব মনে করি না। উহা আমি গণনার ভিতরেই আনি না, কিন্তু আন্তনাপর প্রত্যক্ষবাদী, ভয়ন্বর গোঁড়া গোঁসাইশিশুগণও যথন এই সাধন লইয়া সন্তই আছেন দেখিতেছি এবং নানা অমূত অবস্থার পরিচয় দিতেছেন ভানিতেছি,—বিশেষতঃ আজ্মা সভাবাদী, নিরপেক্ষ গোস্বামী মহাশয় এই সাধনের সাফল্য বিষয়ে যথন নিজ জীবনে পরিকার সাক্ষ্য প্রদান করিতেছেন, তথন আর ইহাতে সংশয় রাখি কি প্রকারে হ আমার চেষ্টার ক্রটি বশতঃই সাধনে উপকার পাইতেছি না মনে করিয়া, নিজের উপরে ধিকার আদিল। প্রাণপণে সাধন করিয়া, দেহপ্রাণ জালাইয়া অঙ্গার করিব প্রতিজ্ঞা করিগাম। স্থানাহার ও নিজা বাদে, ভারবেলাছইতে রাত্রি ১১টা পর্যন্ত প্রত্যন্ত অবিশ্রামে নাম লপ করিতে লাগিলাম। প্রাণায়াম কুন্তক এবং দৃষ্টিসাধনও যথামত চলিল। প্রায় মাসাধিক কাল এই ভাবে সাধন করিয়া আসিতেছি।

### জ্যোতির্দর্শনে সংজ্ঞাবিলোপ।

আর আর দিনের মত আঞ্বও অতি প্রতাবে উঠিগ, নিজ আদনে বিদা বিষ্ণা বিষ্ণাবে নাম হৈত্রের প্রথম করিতেছি, অকমাৎ দেখিলাম—একটি অন্তত জ্যোতি ঝিকিমিকি করিয়া সপ্তাহ। প্রকাশ হইল। দেখিতে দেখিতে ঐ জ্যোতি ক্রমশ: উজ্জ্বল ইইয় উঠিল; এবং সহস্র বৈহ্যাতিক আলোকের স্থায় আশ্চর্যা ছটা বিকীণ করিয়া চতুর্দিক উত্তাসিত করিয়া ফেলিল। বীর তরলায়িত অক্ত জলাশয়ে চক্তপ্রতিবিধের স্থায়, অত্যুজ্জ্ন, চঞ্চল জ্যোতি নিল ললাটমধ্যে দর্শন করিতে করিতে, আমি আনন্দে মৃক্তিত-প্রায় ইইলাম। এণ মিনিট কাল এই জ্যোতি উত্তরোত্তর উজ্জ্বল হইয়া, স্থিরভাব ধারণ করিল। উহার বিমল মনোহর সৌনর্ঘা চিত্ত আমার উহাতে একেবারেই বিম্য় ইইয়া পড়িল; অন্থ আর কোন জ্ঞানই রিইল না। ঐ সময়ে নাম করিতেছিলাম কি না ভাহাও আমার শ্রেণ নাই। এই দর্শনের পরে আক্রম অবস্থায় কতক্ষণ বে ছিলাম, তাহাও কিছুই জানি না।

জাগরিত হইমা, ঐ জ্যোতির স্থতিতে এখন আমি যেন কিপ্তবং হইমা পড়িমছি। কোথায় গোলে, কি করিলে আবার আমি উহা দেখিতে পাইব, নিমত কেবল তাহাই ভাবিতেছি।

আগামী কল্যই আমি গোত্বামী মহাশয়ের নিকটে যাইব, স্থির করিলাম। আজ সমত্ত যেন আমার নিকটে বিষাদময় নীরস ও বিরক্তিকর বোধ হইতেছে। জ্যোতিটির স্মৃতি চিত্তে একটানা লাগিয়া রহিয়াছে।

ঢাকায় পঁছছিয়া গোস্বামী মহাশয়ের শিশ্য শ্রীযুক্ত শ্রামাকান্ত পণ্ডিত, শ্রীধর ঘোষ ও শ্রীমান লালবিহারীর সঙ্গে সাক্ষাৎ করিলাম। উহাদিগকে পূথক পূথক ভাবে নিভতে শইয়া গিলা আমার এই দর্শনের বিষয় পরিকার করিয়া বলিলাম। তাঁহারা সকলেই এই দর্শনের ধাথার্থা বিষয়ে সাক্ষাদান করিলেন। পণ্ডিত মহাশয় কছিলেন—" উহাই জন্তুয়ের মধ্যবর্ত্তী দিবাচক। উহা প্রকাশিত থাকিলে বিশ্ব ব্রহ্মাণ্ড দিব্যালোকে মধুময় দর্শন হয়। যে ধ্বনিকার অস্তরালে প্রলোক রহিয়াছে, এই আলোকেই তাহা স্বচ্ছ হইয়া যায়। তথন দেথা খায় জীবন ও মরণ, ইছলোক এবং প্রলোক সমস্তই এক। গুরুর রূপাতেই এ অবস্থা লাভ হয়। তাঁরই ইচ্চায় ইহা স্থায়ী হয়।" লাল বলিলেন--" এই জ্যোতি ক্রমে ক্রায়ে আসিয়া পড়ে, এবং অষ্টপ্রহর আনন্দরপে বিরাজ করে। ইহা অদৃশ্র হইলে, নৈরাশ্যে ও শুষ্ণতায় জীবন যেন মাশানত্ল্য হইয়া যায়: তথন নানাপ্রকার প্রলোভন ও পরীকা আসিতে থাকে: জালা যন্ত্ৰণায় জনয় ফাঁক কৰিয়া দেয়। নামেই ইহার প্রকাশ: আর. নামশ্র হইলেই ইহা অন্তর্হিত হয়।" শ্রীধর বলিলেন—" আবে ভাই, এই ত জিনিস। একেই ব্রহ্ম-ক্ষোতিঃ বলে। এ অবস্থা স্থায়ী হ'লে কি আর রক্ষা আছে? বাসনা কামনা সমস্ত ণয় পাইয়া, ঐ জ্যোতিতে লোক আত্মহারা হইয়া ডুবিয়ায়য়য় সাধনে নিষ্ঠাও আকর্ষণ বৃদ্ধির অভ্য সময়ে সময়ে গুরুদেব চর্ম অবস্থার আভাসমাত্র সাধকদের নিকটে প্রকাশ করেন; আবার টানিয়া নিয়া যান। শুধু তোমার নয়, প্রথম প্রথম এরপ এক একটা আশ্চৰ্যা অবস্থা এক একজনার হয়। ইহা চেষ্টাসাধ্য নয়, সাধনসাধ্য নয়, শুধু গুরুর কপাতেই এই অবস্থা হয়। তাঁহার কপাব্যতীত কিছুই হইবার যো নাই। "

ইংদের কথা ভনিয়া আমার একটা আমনদ হইল বটে; কিন্তু অধিকৃষণ তৃথিলাভ করিতে পারিলাম না। ভাবিলাম সভ্য বস্তু পরিজ্ঞাত থাকিলে সহস্র লোকেও ঠিক একই প্রকার বলিবে। ইংারা ভো দেখিতে পাই— এক একজনে এক এক রকম বলিলেন। ইংাদের কথার পরপার বিরোধী বিশেষ কিছু না থাকিলেও, আমার সন্দেহ হয়—ইংারা বোধ হয় সকলেই 'আনাজী' কথা বলিলেন! আমি অক্তদিক্ দিয়া অহুসন্ধান করিতে

ৰাজ হইনা, আৰু ভাজাৰ কৈলাস বাবুৰ নিকটে গেলাম। তাঁহাকে আমান সমস্ত কথা খুলিরা বলিয়া জিজাসা করিণাম—" ঐ দর্শন আমার চোথের দোবে বা মাথার কোন রোগের-দরণ হয় নাই তো ?" ভাজার বাবু বলিলেন—" তা ভিন্ন আর কি বলিব, তোমার তো 'স্ট-সাইট' আছেই। চোথের রোগে মান্ত্র দিন-চপুরেও জোনাকিপোকা দেবে। আমাদের এ 'পারফেক্ট সায়জে,' ডাজারী কেতাবে ওরুপ 'ঢের ঢের' প্রমাণ আছে। 'যোগ-টোগ' করে চোথ-মাথা নই হইলে, আরও কত দেখবে।"

ভাকার বাব্র কথার আমার দর্শন বিষয়ে বিষম একটা 'থটকা'জয়িল। স্তর্গাং, গোরামী মহাশ্যকে আর কোন কথা জিজাসা করার প্রবৃত্তি হইল না। কিন্তু ভিতরে ভিতরে ঐ জ্যোতিদ শিনের জন্ত একটা আকাজ্ঞাও অস্থিরতা আপনা আপনি হইতে লাগিল। বাহা হউক, আমি পূর্বাপেক্ষা আরও অধিকতর উৎসাহে সাধন করিতে লাগিলাম। স্ব্রিদ্যি সে জ্যোতির একটা স্থতি আমার অন্তরে রহিয়া গেল। উহা আর ছাড়াইতে পারিলাম না।

## ঢাকার টর্নেডো।

বেলা-অবসানে ঢাকার পশ্চিমাকাশে নদীর উপরে এক থণ্ড কালমেন দেখা দিল। নবাব গণি মিঞা সাহেবের বাড়ীর দক্ষিণে অকল্মাৎ ঘণিবায় উঠিয়া, বড়ী-২৬শে চৈক্রে. শ্লিবার। গম্বার জল আলোড়িত করিয়া তুলিল। দেখিতে দেখিতে নদীবক্ষইতে হস্তি শুপ্তাকৃতি অবশস্তম্ভ উর্জাদিকে উথিত হইয়া, কাল মেঘে মিলিত হইল। তথন অবসংখ্য অল্পিলোলা উহাহইতে চত্দিকে ছটিয়া পড়িতে লাগিল। ২০।২৫ খানা 'এঞ্জিন ' এককালে চলিলে যে প্রকার শব্দ হয় সেইপ্রকার ভয়ম্বর শব্দে সহর্টিকে একেবারে কাঁপাইয়া তলিল। ছঠাৎ ঐ শক শুনিয়া গোস্বামী মহাশয় আসন ত্যাগ করিয়া ব্যস্ততার সহিত খরের ছারে আসিয়া দাঁডাইলেন: এবং কাদো কাঁদো স্বরে কালী ও মহাবীরের স্তব করিতে লাগিলেন। তিনি পশ্চিমাকাশে দটিনিকেপ করিয়া দেখিলেন, মহাবীর ও মহাকালী ভীষণ আকারে প্রকাশিত হইয়া, গভীর গর্জন সহকারে দিগন্ত কাঁপাইয়া, অগ্নি-গোলা নিক্ষেপ পুর্বক, মৃত্যু করিতে করিতে অগ্রদর হইতেছেন! কালীর অতুচারিকাগণ সন্মুধে যাহা পাইতেছেন লওভও করিয়া ভীম গতিতে কালীর পশ্চাৎ পশ্চাৎ ছটিতেছেন। গোস্বামী মহাশর চল চল কল্পত কলেবরে, করজোড়ে নমস্বার করিতে করিতে, উল্লৈখনে বলিতে লাগিলেন-জ্বয় মাকালী। জায় মাকালী। দায়া কর, দ্যাময়ি, দায়া কর, মা। প্রসম হও, মা, প্রসম হও। একটু পরে আবার ব্যক্তভাবে বলিলেন—জয় মহাবীর । জয় মহাবীর । ও সব অগ্নিগোলা আমার বুকে নিক্ষেপ কর। সকলের প্রতি দয়া কর, সকলকে রক্ষা কর। এই ভাবে তবৰারা গোস্বামী মহাশয় উহাদিগকে প্রসম করিতে লাগিলেন। এদিকে ২০ মিনিটের মধ্যে বাহা হইবার হইরা গেল। উপদ্রবেরও শান্তি হইল। কিন্তু সমস্ত সহরে লোকের মহা লোরগোল পড়িয়া গেল। এই করেক মিনিটের মধ্যে ঢাকা ও বিক্রমপুরে শত শত গ্রামে, যে সব অস্বাভাবিক কাও ঘটিয়া গেল, তাহা বুদ্ধির অগোচের ও বিশ্বরজনক। একটা আশ্চর্যা অলোকিক শক্তির প্রভাবে যে কতকওলি অস্কুতকাও সংঘটিত হইয়াছে, তাহা আর স্বীকার না করিয়া পারা বায় না। কয়েকটি ঘটনার উল্লেখ করিতেছি।—

- >। বুড়ীগঙ্গার দক্ষিণপারছইতে একটি বৃদ্ধাকে নদীর উত্তর পারে, সহরের মধ্যে বছ উচ্চ অট্টালিকা সমূহ অতিক্রম করিয়া নর্ম্যাল কুলের দোতলায় একটি কোঠার ভিতরে আনিয়া রাখিয়াছে! ৬৫ বৎসরের বৃদ্ধার কিন্তু কোন অঙ্গেই বিন্দুমাত্র আঘাত লাগে নাই।
- ২। "ঢাকাপ্রকাশ" যুদ্রালয়ের একথানা বড় টেবিল এড মিনিট পুরের পথে একটি ভ্রুলোকের বাড়ীতে নিয়া ফেলিয়াছে। টেবিলটি যে ঘরে ছিল তাহাতে মাত্র একটি দরজা দিয়া কায়দামত 'কাত' করিয়া বাহির না করিলে, অন্ত কোন উপায়ে উহা বাহিরে আমা যায় না। টেবিলটি প্রায় আড়াই মণ ভারি! উহার কোন অঙ্গই ভগ্ন হয় নাই।
- ৩। মুড়িপরিপূর্ণ কলসী একবাড়ীর কার (মাচাক্ষ) হইতে তুলিয়া লইয়া ৩।৪ মিনিট
  দূরের পথে অপর একবাড়ীতে আনিয়া বসাইয়া রাখিয়াছে। আলগা সরার ঢাক্নি সমেত
  মুড়িপরিপূর্ণ কল্সীটি বেমন ছিল ঠিক তেমনই রহিয়াছে!
- ৪। একটি ১৫।১৬ হাত লখা 'দন্তি' থামকে (বোধ হয় চড়ক পূজার) ৫।৬ ফুট পোতা তান হইতে তুলিয়া লইয়া, ঐ গর্জেই উহার মাথার দিক নীচে দিয়া উল্টাভাবে পুর্ববং পুতিয়া রাখিয়াছে।
- ৫। ছদৃঢ়বৃহৎ অন্টালিকার কতকাংশ ভালিয়া ইটকাদি পর্যান্ত নিশ্চিক্ত করিয়া লইয়া
  গিয়াছে । অথচ তাহার ঠিক পার্থে য়াত্র ১২।১৪ ফুট অন্তরে অন্ধ্রন্তক গোলাপফুলের একটি
  পাপ্ডিও বৃত্তচাত হয় নাই !
- ৬। একটা যুবতীর স্কাজ অকত রাখিয়া, ৩-ধুতন ছইটি কুর-কাটার মত-সমান এক্রিরাতুলিয়ানিয়াহৈ !
  - ৭। অসুলীপরিমিত ফুল, প্রায় ১ হস্ত দীর্ঘ, আগাসরু একটি বাঁশের বাধারীধারা

একটা স্থপারি গাছকে এপিঠ ওপিঠ বিদ্ধ করিয়া রাখিয়াছে। খুব বলবান্ লোকেও উহা টানিয়া খুলিতে পারিতেছে না।

বেদকল স্থান দিয়া এই ঘূর্ণীবায় বহিয়া গিয়াছে সে সমস্ত স্থান দগ্ধ হইয়া গিয়াছে। পাকা বাড়ীয় দেওয়ালের, এমন কি—ভূমিরও, রং পর্যান্ত পোড়া মাটির মত হইরাছে। মাঠ ময়দানের দূর্ব্বাঞ্ডলিও যেন জ্বলিয়া গিয়াছে। বহু বলিষ্ঠ 'জোয়ান' লোকও নানাস্থানে এই ঝড়ে পড়িয়া মারা গিয়াছে; আবার বহু শিশু, বালক, গর্ভবতী স্ত্রী, এবং বৃদ্ধেরাও এই ঝড়ের মধ্যে পড়িয়া নিরাপদে সম্পূর্ণ অক্ষত শরীরে রক্ষা পাইরাছে। কণস্থায়ী একটা ঝড়েকি প্রকারে যে এত সব কাও সংঘটিত হইয়া গেল, ব্রিভেছি না। জড়শক্তিতে ভগবদিছায় চৈত্রভ মিলিত হইলে তাহাঘারা যে নিতান্ত অসম্ভবও সম্ভব হয়, ইহা না মানিয়া পারিতেছি না। কিন্ত দেবদেবী বা ভূতপ্রেভাদির অভিত্তই আমার অবিশাস, মত্তরাং এ সকল ঘটনা তাহাদের কোন কায়ি বলিয়া পীকার করিতে পারিতেছি না।

ব্রহ্মচারীর সঙ্গ। বিচিত্র জীবনকাহিনী; অজ্ঞাতভূগোল-বৃত্তান্ত।

ঢাকা জেলাব অন্তর্গত বারদী গ্রামে বছকাল যাবং যে মহাপুরুষ গুপ্তভাবে রহিরাছেন তাঁহাকে দকলেই এখন বারদীর ব্রহ্নার বলেন। গোস্থামী মহাশারের মূথে অনেক বার এই মহাপুরুষের অত্ত্র যোগৈর্থা ও অসাধারণ মহরের কথা শুনিয়াছি। গোসাই বলিয়াছেন—"বছু দেশ পর্যাটন করিয়া, বছু পাহাড়-পর্বত ঘুরিয়া ফিরিয়া, এপ্রকার উচ্চ অবস্থার একটি মহাপুরুষের দর্শন পাই নাই। সমস্ত ভারতবর্ষে এখন এ অবস্থার লোক আর নাই।" গোস্থামী মহাশারের শিক্ষেরা অনেকেই বছবার বারদী গিরাছেন। ঢাকা ও বিক্রমপুরের অনেক সম্মান্ত শিক্ষিত ভদ্যলোক ব্রহ্মারী মহাশারের অলোককিক শক্তির পাইরা আশ্রুষ্যাহিত হইয়াছেন। সমস্ত ঢাকা ও পুর্ববঙ্গে আজকাল ব্রহ্মারির প্রস্থান কথায় কথায় গোস্থামী মহাশায় আমাকেও একদিন বলিয়াছিলেন—" ব্রক্ষারীর চোখে পলক নাই। পাঁচ মিনিট তাঁর চোখের দিকে চেয়ে থাকুলে মুর্চিছ্ত হ'য়ে পড়্বে। হিমালয় ও তিববতাদি হ'তে প্রাটন যোগিগণ যোগশিক্ষা করতে রাত্রিকালে এই ব্রক্ষারীর নিকটে আসেন। এজন্মে রাত্রে কেহ সেই ঘরে যেতে পায় না। তিনি সন্ধ্যার সময়েই ঘরের দরজা বন্ধ ক'রে দেন।" আমি জিজ্ঞাসা করিলাম— আমি কি একবার বন্ধচারীকে দর্শন করিতে যাইব প

গোঁসাই—হাঁ, হাঁ, থুব যাবে। গেলে উপকার পাবে। ওখানে গিয়ে নিজে থেকে তাঁকে কিছু জিজ্ঞাসা করো না, চুপ্ ক'রে একটু দূরে ব'সে থেকো। তোমার পক্ষে যাহা প্রয়োজন নিজহ'তেই তিনি তোমাকে ডেকে বলুবেন।

গোস্থামী মধাশয়ের কথায় ব্রহ্মচারীকে দেখিতে একটা প্রবল আকাজ্জা জন্মিয়াচে। বছকাল পরে বড় দাদা ( শ্রীযুক্ত হরকান্ত বন্দ্যোপাধ্যায় মহাশয়) বাড়ী আসিয়াছেন: মেজ দাদা ও ছোট দাদাও ছুটি উপলক্ষে বাড়ীতেই আছেন। বড় দাদা সকল সময়েই প্রায় আমার দলে ধর্মদথকে আলোচনা করেন। কথাপ্রদঙ্গে হুযোগ পাইলেই আমি তাঁহাকে গোস্বামী মহাশ্যের অসাধারণ ধর্মজীবনের কথা বলি। গোসাইয়ের স্তানিষ্ঠা, দলা ও সরলতার দ্টান্তে দাদা থুব আনন্দ প্রকাশ করেন। আমিও তথন দাদাকে গোঁসাইয়ের নিকট দীকা লইতে অমুরোধ করি: যথার্থ ধর্মজীবন লাভ করিতে হইলে দীকাগ্রহণ নিতান্তই প্রয়োজন: দাদা কিন্তু গোঁদাইয়ের একথা স্বীকার করেন না। ছেলেবেলা ছইতে তিনি কেশব বাবুর প্রতি বিশেষ অমুরক্ত। কেশব বাবুকে গোস্বামী মহাশয় অপেকাও অনেক বড় মনে করেন। কেশব বাবু কথনও দীক্ষাগ্রহণ করেন নাই, দাদা ইছাই জ্ঞানেন: ক্ষতরাং গুরুর আশ্রয় গ্রহণ না করিলেও পুরুষকার হারা ধর্মজীবন লাভ করা যায়, কেশব বাবুর দল্পাতে দাদা ইহাই ছিল ব্ঝিয়া বদিয়া আছেন। আমি ভাবিলাম, কোন প্রকারে দাদাকে একবার বারদীতে নিয়া ফেলিতে পারিলে হয়: ব্রহ্মচারী মহাশয় যদি একবার দীক্ষার প্রয়েজনীয়তা বিষয়ে বলেন, তাহাতে দাদার প্রত্যয় জন্মিবে। শ্রীযুক্ত তারাকান্ত গলোপাধ্যায় মচাশর আমাদের একপ্রামবাসী, দাদার সমবয়ক্ত ও বিশেষ বন্ধু। তাঁহার ছারা অফুরোধ করাইয়া দাদাকে বারদী যাইতে রাজী করাইলাম। অবিলখেই আমরা বারদী যাতা করিব স্থির হইল।

ভোর রাত্রে অর্কনিত্রিত অবস্থার একটি আশ্চর্য্য স্বপ্ন দেখিলাম। আজ জাগরিত ১লা জৈ, ১২৯৫; অবস্থাতেও প্রত্যক্ষ সত্য ঘটনার ফ্রার্ম নিরত এ স্বপ্ন আমার স্মৃতিতে রবিবার। উদিত হইতেছে। এই স্বপ্নে পরিকাররূপে ব্রন্ধচারী মহাশরের দর্শনলাত হইল। যে সমস্ত আশ্চর্য্য ঘটনা এ স্বপ্নে আমি দেখিলাম তাহার সঙ্গে আমার জীবনের বিশেষ সম্বন্ধ আছে, ইহা নিশ্চর মনে হয়। তবে গোস্বামী মহাশরকে উহার তাৎপর্য্য জিক্সাসানা করিয়া ডায়েরীতে উহা তুলিতে ইচ্ছা করি না।

সকালে আহাঁর করিয়া বড় দাদা, মেজ দাদা, তারাকাক্ত দাদা এবং, আমি বারদী রওনা হইলাম। দাদার শরীর অত্যক্ত হুল, ৪।৫ মিনিট চলিলেই তিনি হাঁপাইয়া পড়েন। তালতলা পর্যান্ত দেক্ ঘণ্টা পথ হাঁটিয়া, রুল উরুলয়ের সংঘর্ষণে ছাল উঠিয়া ঘা হইয়া গেল। সাধুনদানে হাঁটিয়াই বাইবেন এই জেদেই দাদা এই উৎপাতের সৃষ্টি করিলেন। তালতলাহইতে নৌকা করিয়া সন্ধার কিঞ্চিৎ পরেই আমরা বায়দীর বাঞাবে গঁছছিলাম। সন্ধার পরেই অন্ধারী মহাশয়ের দরকায় থিল পড়ে, সকলেই জানে। কিন্তু দাদা চিন্তের আবেগে, য়াত্রিকালেই দর্শনে যাইতে বাস্ত হইয়া পড়িলেন। সকলেই চলিয়া গেলেন; আমার ইচ্ছা হইল না, আমি নৌকাতেই মহিলাম। একটু পরে উইয়া আসিয়া বলিলেন, দর্শনলাক্ত হয়াছে। উহাদের যাওয়া মাত্রই অন্ধারী বলিলেন—"তোমাদের অন্তই আমি এত রাত্রিপর্যান্ত দরকা বন্ধ করি নাই; এখন যাও, গিয়ে বিশ্রাম কর, কাল এদ।" এই বলিয়া তিনি সকলকে নৌকায় পাঠাইয়া কপাটে থিল দিলেন।

ভোর বেলা মানাদি করিয়া আমরা ব্রহ্মচারীর আশ্রমে গিয়া উপস্থিত হইলাম। বারেন্দার ২রা জোষ্ঠ, ১২৯৫: সমূপে পৌছিতেই ব্রহ্মচারী মহাশয় উঠিয়া আসিয়া দাদাকে ছাতে ধরিয়া সোমবার। স্বীয় আসনের দক্ষিণপার্শ্বে বসাইলেন; এবং দাদাকে বলিলেন- "তুমি মহাপুরুষ। ছল্পবেশে বাব সাজিয়া আমার কাছে আসিয়াছ।" দাদা বলিলেন—" আমি স্কলা এই বেশেই তো থাকি।" পরে বছক্ষণ ধরিয়া দাদার সঙ্গে নানারূপ আলাপানি চলিল। দাদার অবতা শুনিয়া থব সভোষপ্রকাশপূর্বক বলিলেন—"আমি দেখতে পাছিছ তোমার কর্ম প্রায় শেষ হ'য়ে এসেছে। তুমি আবার আমাকে দর্শন করতে এনেছ ? দশ বছর পরে শত শত লোক তোমাকেই দর্শন ক'রে ধ্রু হবে।" দাদা বলিলেন— 'আমার যথার্থ কল্যাণ কিলে হবে, আপনি ব'লে দিন।" ব্রন্তারী মহাশয় বলিলেন—"ডা' হ'লে গোঁসাইছের কাছে গিয়ে দীকা লও। সতাবন্ধ তাঁরই নিকটে আছে। তিনি আশ্রেষ ঁদিলে থুব শীন্ত্ৰই কল্যাণ লাভ করবে।" আরও অনেক কথাই ব্ৰন্নচারী মহাশয় বলিলেন: কিছ এই কথা কয়টি আমার ভাল লাগিল বলিয়া এখানে লিখিয়া রাখিলাম। মেজ দাদাকেও আনেক কথা বলিলেন, তুনুধ্যে -- "অর্থ উপার্জ্জন কর, এবং নির্ণিপ্তভাবে লোকের সেবার **উহা ব্যয় কর." এই কথাটিই খুব বিশেষ করিয়া বলিলেন। সকলের সক্ষে আলাপ** শেষ হইলে আমাকে ডাকিয়া বলিলেন- "ওরে তুই এসেছিল কেন ? দেবতা দেখতে এসেছিল ?" আমি কোনও কথা বলিব না হির করিরা, চুপ করিয়া বারেন্দার ভির ছইরা ৰসিরা ছিলাম। ব্রহ্মচারীর প্রল্ল ভনিলা মাথা নাড়িলা জানাইলাম 'না'। আমাকে 'কিল' দেখাইয়া ধ্মক দিয়া বলিলেন—"মাথা ঝাঁকিল! মাথা ভেলে দেব। কথা বল।" পরে একচারী তাঁহার আসনের পাশে আমাকে বসিতে বলিলেন। আমি



ছরে গিয়া বসিশাম। ব্রহ্মচারী আমাকে কত কি উপদেশ দিয়া শেষকালে বলিলেন— "ওরে তেই তো নিত্য 'নোট' লিখিস ? (ইহা কি প্রকারে ব্রন্ধচারী জানিলেন, ভাবিরা আশ্চর্য্য হইলাম।) তাতে তোর সম্বন্ধে আমার হ'টো কথা দিখে রাখিদ।—'বিলাসিতা ভ্যাগ কর। বিভাহবে না।' আচ্চা, আমার এ কথার অর্থ কি বঝলি বল তো ।" আমি বলিলাম—'সকলপ্রকার স্থভোগ ত্যাগ করিতে বলিলেন: তা'হ'লেই ধর্মে মতি হইবে. এবং ওরূপ হইলে লেখাপড়াও হইবে না। ' ব্রহ্মচারী আবার ধমক দিয়া বলিলেন--"মুখু'! আমি তাই বুঝি বলিলায় ? অবিভা কাকে বলে, বিভা কাকে বলে—তাই তই জানিদ নাপ লেখাপড়া করবি না কেন ? খুব গিয়া লেখা পড়া কর। দেখাপড়া করলেই পাশ হবি। বিলামিতা করিম না। পোষাক পরিম না। একখানা কাপড একথানা চাদর মাত্র পরিদ। জুতার দরকার নাই—সাধারণমত এক জোড়া চটীজুতা মাত্র রাথতে পারিদ। পিরাণ গায়ে দিসুনা। মন থারাপ হ'লে এথানে এসে উপদেশ নিয়ে যাস। আমাকে চিঠি লিথিস্। ধর্ম কর্মসবহবে। অফির হ'স্না। কোনভয় নাই। একটা বেদনায় ভূই খুব কষ্ট পাচ্ছিদ, না ? কাছে আয়-আমি ভোর বুকে ছাত বুলিয়ে দি, এথনই সেরে যাবে।" আমি বুলিলাম-- 'বেদনা সারায়ে দিবেন, এজ্ঞ আমি আদি নাই। শুধু আপনাকে দর্শন করতে এসেছি। আমি স্বগ্নে আপনাকে ঠিক এইরপই দেখেছিলাম।

ব্ৰহ্মচারী। "স্বপ্লটি বলুনা ?" আমি স্বপ্লটি বলিলাম। শুনিয়া তিনি বলিলেন— 'স্বপ্লটি লিখে রাখিস। তোর পথ তো স্বপ্নেই তোকে দেখায়েছি। তুই আমার সঙ্গে কথা বলছিলি না কেন, বল তো?' আমি বলিলাম—'আমার ভবিষাতে যাহা যাহা প্রয়োজনীয় সে সমস্ত বিষয় আপনি নিজেহইতেই আমাকে ডাকিয়া বলিবেন, গোস্বামী অভাশয় এরপ বলিয়াছিলেন। নিজহইতে কোনও কথা বলিতে তিনিই **আমাকে** নিষেধ করিয়াছিলেন: তাই, বলি নাই। ' ব্রহ্মচারী এ কথার পর বলিলেন—" আছা, তোর স্ব কথা পেয়েছিল তো ? " আমানি বলিলাম 'হাঁ। একচারী।—"তবে যা। স্বপ্লটি 'নোটে' লিখিদ। বেদনা তোর প্রারক্ষের। হাত বুলা'য়ে দিলে দেরে যেতো বটে: কিছু আবার কথনও তা' ভোগ কর্তে হ'ত। ঔষধাদি কিছু খাদ্না; তাতে আরও বৃদ্ধি পাবে। ভোগকাল শেষ হ'লে আপনাহ'তেই সেরে যাবে। (দাদাকে দেথাইরা) ওদের ঔষ্ধে কোন উপকারই হবে না। অসহ বোধ হ'লে, তাজা মাটি নিয়া ডলিস: ক'মে যাবে।" . আমি একচারী মহাশয়কে প্রাণাম করিয়া বারেন্দার গিয়া বসিলাম। মধ্যাতে

আঁহারাক্তে আবার সকলে ব্রহ্মচারীর নিকট গ্রিয়া উপস্থিত হইলাম। ব্রহ্মচারী তাঁহার জীবনের অনেক কথা বলিলেন। যুহুটা অরণ আছে লিখিয়া রাখিলাম।

ব্ৰহ্মচারী মহাশয় বলিলেন—শান্তিপুরে বিশুদ্ধ 'অদ্বৈতবংশে' তাঁহার জন্ম। গোস্বামী মহাশয়ের প্রপিতানহের তিনি সহোদর ছিলেন। আত্মনীবন সম্পর্কে তিনি বলিতে লাগিলেন--- "আমারা চারি সহোদর ছিলাম বলিয়া, আমার পিতামাতা আমার উপনয়নের পরেই আমাকে একটি ষ্ট্টচক্রভেদী সম্যাসীর হত্তে অর্থণ করেন। তিনি আমাকে দীকা দান করিয়া সাধন শিকা দিতে লাগিলেন: এবং বছষছে নিয়ত আমাকে সঙ্গে সঙ্গে রাখিয়া তীর্থ পর্যাটন করিতে লাগিলেন। এইভাবে কয়েক বংসর অভিবাহিত হটল। যৌবনাবস্থায় ক্রমে আমি বর্থন ছর্ব্বার রিপুর উত্তেজনায় ছটফট করিতে লাগিলাম, গুরু তথন আমাকে শইয়া কোনও পাহাড়ের সন্নিকটে এক পল্লীতে গিয়া একটি কুটারে বাস করিতে লাগিলেন। দেখানে বিধির চক্রে আমার একটি স্থলরী যুবতী জুটিয়া গেল। গুরু ভিক্ষা করিয়া উৎকুষ্ট সামগ্রী সমস্ত আনিয়া নির্দিষ্ট সময়ে প্রতিদিন আমাকে রালা করিয়া খাওয়াইতেন: আর সারাদিন ক্রটার ছাড়িয়া এদিকে সেদিকে ঘরিয়া বেডাইতেন। আমি মিশ্চিস্ত হইয়া নানা ভাবে সেই যুবতীর সঙ্গে আমোদ করিয়া কাটাইতে লাগিলাম। এই প্রকারে প্রায় তিন বংদর আমার কাটিয়া গেল। ভোগের ফলে ঐ দিকে প্রধান্ত ক্রমে আমার কমিয়া আদিল। এই সময়ে সহসা একদিন আমার মনে হইল, 'এ কি করছি? চিরকাল এই করতেই কি আমি বাপ-মা ছেড়ে মহাপুক্ষের সঙ্গে এলাম ?' ভিতরে তথন আমার ভয়ানক জ্বালা উপদ্বিত হইণ। আমি তথন অন্তত্ত যাইতে গুক্তে পুনঃ পুনঃ অন্তব্যেধ করিতে লাগিলাম। কিছদিন তিনি আমার সে কথায় কাণ্ট দিলেন ।। পরে 'আজ যাই, কাল যাই' বলিয়া সময় কাটাইতে লাগিলেন। আমারও জমেই অভিরতা বৃদ্ধি পাইতে থাকিল। খুব জেদ করিয়া যখন প্রক্রকে ধরিলাম, তখন তিনি অস্ত্রত বলিয়া ভাগ করিছে আরম্ভ করিলেন। ভিত্রের অস্থ জালায় ক্ষিপ্তপ্রায় হইয়া, একদিন গুরুকে বলিলাম.— আর আমি একটি দিনও এখানে থাকিব না।' গুরুবলিলেন—"শরীর বড় অহত। আনর হই দিন এথানে থাক।" আব্দি তথন হাতে মূলার লছিয়া ওফর দিকে ছুটিলাম; বদিলাম—সারাদিন কুটীর ছে∡ড় গুরুতে পার, রোজ রোজ ভিকা ক'রে এনে নিজে রালা ক'রে আমাকে ধাওয়াতে পার, তথন তোমার কোন অস্তুথ থাকে না, আর এসান হ'তে যেতে বল্লেই আহেও হয়! আমাজ তোমাকেও খুন কর্ব, নিজেও খুন হব।" ওফ দৌড়িয়া পলাইলেন। পরে আসিয়া বলিলেন.—" চল এবার ঠিক হয়েছে।"

পথ চলিতে চলিতে গুরুকে বলিলাম—'এত দিন আমার কথা গ্রাছ কর নাই, আজ বে বড় শুনিলে ?' গুরু বলিলেন—'এত দিন ত বাবা, তেমন করিয়া বল নাই।' 'জুমি ভোগকে ছাড়িয়াছিলে, কিন্তু ভোগ তোমাকে ছাড়ে নাই, আৰু ছাড়িয়াছে।'

অনতঃপর কোন এক নিভত পাহাড়ে লইয়া গিয়া প্রিত্তিশ বংসরকাল গুরু আমাকে ভঠবোগ অভাাদ করান। রাজযোগ শিকার জক্ত বাস্ত হইলে, গুরু আমার হঠবোগের পরীকা নিলেন: বলিলেন--"ভোষার উক্তরের মধ্যে হাঁড়ি চাপাইয়া মিষ্টাল্ল রালা করিরা. আমাকে থাওয়াইতে হইবে।" আমি তাহাই করিলাম। তারপরে রাজ্যোগের উপদেশ দিতে আরম্ভ করিলেন। এই রাজ্বোগে ক্লতকার্য্য হইতে বছকাল লাগিল। তৎপরে গুরু অন্তর্জান করিলেন। আমি প্রশ্ন করিলাম—'আপনি নাকি একবার উদরাচলে গিলাছিলেন ?' ব্ৰহ্মচারী বলিলেন, "চেষ্টা ক'রেছিলাম কিন্তু যেতে পারি নাই। আমার সঙ্গে আরও তিনজন ছিল—হিতলাল মিশ্র ( তৈলিল স্বামী ), বেণীমাধ্ব সংলাপাধ্যায় নামে এক মহাস্থা, আবহল গড়ুর নামে একজন মুসলমান ফ্কির। আমরা এই চারজনে স্থালোকে ঘাটব সঙ্কর করিয়া হাঁটিয়া চলিলাম। হিমালয়ের উপর দিয়া ক্রমশঃ উত্তর দিকে চলিতে লাগিলাম। আহার আমাদের ফলমূল মাত্র ছিল। বরফের উপর দিয়া এই ভাবে বছকাল চলাতে শরীরের চর্ম একরকম থড়্খ'ড়ে হইয়া গেল। পরে *সাপের যেমন খোল*স ওঠে, আমাদেরও সেইপ্রকার একটা থোলস্ উঠিল্প গেল, তথন শরীরটি ঠিক ছথের মত সাদা ছইল। বরফের ঠাণ্ডাশরীরে লাগিতনা। ছয়মাস দিন ছয়মাস রাত্রি যেথানে হয় আমারা সেম্বানও ছাড়াইয়া বছদুরে গেলাম। সেধানে এধানের মত দিন রাত বা চক্র হৃথ্য কিছুই নাই।" প্রশ্ন। কতকাল আপনারা ঐক্লপ স্থানে চলিয়াছিলেন ?

ব্ৰহ্মচারী। যেখানে চক্র নাই, স্থা নাই, দিন রাত্তি কিছুই নাই, সেধানে সময় বা বৎসরের হিসাব পাইব কি উপায়ে? তবে, বহুকাল চ'লেছিলাম এই মাত্র বল্তে পারি।

প্রখ। চন্দ্র সূর্য্য নাই, তবে পথ দেখিতেন কি প্রকারে গ

ব্রহ্মচারী। ও সব স্থানে ক্রমশঃ অগ্রসর হইয়া চল্তে চল্তে চল্ফের উপাদানই অঞ্ প্রকার হইরা গেল। চক্র-স্থোর আলোনা থাক্লেও চকে সমস্ত দেখুতে পেতাম।

প্রার। আপনারা কি উদয়াচলে উঠেছিলেন ?

ব্ৰহ্ণচারী। আমরা সকলেই উঠেছিলাম। বেণীমাধব বেণীদ্র উঠ্তে পার্লেন না। আব হল গছস্ব<sup>°</sup> বছদ্র উঠে ফিরে এলেন; আমিও তাই। হিতলাল মি**ত্র কও**দ্র উঠেছিলেন জানি না। তাঁকেও নেবে আম্তে হ'ল। প্রশ্ন। উঠতে পার্লেন নাইকেন १

ব্ৰহ্মচারী। উর্জ দিকে বায়্ক্রমেই হাল্কা। আমি যে স্থানে উঠেছিলাম সেধানকার ব বাতাস অতিশয় হাল্কা, হিব; বাতাসের তরঙ্গ সেধানে নাই। কাজেই খাস প্রখাস চলে না। শুনিশাম হিতলাল মিশ্র আরও থানিক উঠে বাতাস না পেয়ে নাবলেন।

প্রশা সে সর মহাত্মারা এখন কোথায় আছেন।

ব্রশ্বচারী। তথন আবছল গফুর মকাতে গেলেন; এথনও তিনি জীবিত। বেণীয়াধব চক্রনাথের পাহাড়ে গিয়েছিলেন। আমি নীচে এসে হ'বার মকায় এবং এশিয়া ইউরোপের বৃহস্থানে গুরে চক্রনাথ যেতেছিলান, রাস্তায় আমাকে পুলিশে ধর্ল। তার পর এখানে।

অখ। আপনাকে পুলিশে ধ'রেছিল কেন १

ব্ৰহ্মচারী। কামাখ্যা (গৌহাটী) সহরের 'ম্যাজিষ্টার' সাহেব করেকটি সাধুর জাটার ভিতরে টাকা মোহর পেয়ে, চোর অনুমানে তাঁদের জেলে আটক রাখেন। জ্টাধারী পেলেই তাকে ধর্বার জন্ত পুলিশের উপর ত্কুম হ'ল। আমার জটা ছিল, তাই আমাকেও ধরলেন। সাহেব আমাকে কত কথা জিজ্ঞাসা কর্ণেন; আমি উত্তর দিতে পারলাম না। শাকসবন্ধী বছকাল থেয়ে এবং অনাহারে বছকাল থেকে জিহবা অন্তপ্রকার হ'বে গিয়েছিল, বাকশক্তি ছিল না, কথা বল্তে পার্তাম না। 'ম্যাজিটার' সাহেবের দিকে একট তাকাতেই তাঁর একটা ভক্তি হ'ল—আমাকে ছেড়ে দিতে বদ্লেন। 'অক্সাম্ম সাধদের না ছাড লে আমিও জেলে থাক্ব, 'ইলিতে জানালাম; সাহেবের দ্যা হ'ল। তিনি আমার মনস্তুষ্টির জন্ত আর সকলকেও ছেড়ে দিলেন। পরে আমরা সকলে চল্রনাথ চললাম। এখানকার একটি ভদ্রলোক পথে আমার গুর সেবা কর্তে লাগ্লেন। তিনিই আমাকে রাজ। ফরা'রে বারদীতে নিমে এলেন। আমি এথানে এসে, সাধারণ লোকের মত, পাগলের মত থাকতাম। একটি ১০।১২ বৎসবের বালিকা নিত্য আমাকে কিছু কিছু থাবার এনে দিত, আমি তা কিছুই খেতে পার্তাম না। পরে সেই মেয়েটিই একটু একটু হর, পরে মোহনভোগ, ডার পর ক্রমে আরও শক্ত শক্ত জিনিস থাওয়াতে আরম্ভ করে। এই সময়ে আমার রক্তেন্দ্র ব্লক লাল হ'তেছে দেখলাম-এতদিন ঘাসের রসের মত ছিল। ক্রমে ক্রমে কথাও ফুটলো। পরে, প্রায়ত্ক কর্মট্রিকু শেষ কর্তে অনেক কাণ্ড করেছি। "নান্তা" থেয়ে মুসল্মান চাৰীদের সঙ্গে ক্ষেতে গিয়ে ক্ষেত নিজা'য়েছি; কান্ধে বাঁশ নিয়ে সামারাত জেগে শুকর ভাজা'ঝেছি। বছকাল আমি এইভাবে কাটা'ঝেছি; কেহই আমার পরিচয় পায় নাই। ্রেষকালে জীবনক্ষাই আমাকে মহাপ্রুল ব'লে প্রচার ক'রে সর্বনাশ কর্বার যোগাড় করছে। এখন দিন-রাত এখানে লোকের ভিড়। একটু স্থির হ'তে পারি না।

মেজ দাদা ( শ্রীযুক্ত বরদাকান্ত বন্দোণাধ্যায় মহাশয়) জিজ্ঞাসা করিলেন, " আমি তবে কি কর্ব ?" ব্রুলচারী বলিলেন—"পূজা।" গুলা। " কি পূজা?" উত্তরে ব্রুলচারী মহাশয় অকুলিলারা একটি বৃত্ত অন্ধন করিয়া কহিলেন, " এই, বৃত্তো না ?" মেজ দাদা— " না ; শালগ্রাম ?" ব্রুলচারী ।—" না ; টাকা, টাকা। অর্থ উপার্জন কর, আর ভোগ ক'রে কর্মা শেষ কর।" মেজ দাদা একথার উত্তরে বলিলেন—" আমরা তো পড়েছি 'ন জাতু কাম: কামনামুপভোগেন শামাতি। হবিষা ক্ষ্ণবল্পের ভূষোহ এবাভিবর্জতে॥" একথা ভূনিয়া, ব্রুলচারী একটু হাসিলেন, বলিলেন—" আহল, ইহার বাঙ্গুলা কর তো।" মেজ দাদা—"কাম কথনও কাম্যবন্ধর উপভোগের দারা উপশম প্রাপ্ত হয় না ; আরিতে মৃত দিলে যেমন বাড়িয়া যায় তক্ষপ আরও বৃদ্ধি পায়।" ব্রুলচারী বলিলেন—" আমি তো ভোগ করেই কর্মা শেষ কর্তে বলেছি উপভোগের কথা তো বলি নাই। ডোগ আর উপভোগে পার্থকা আছে, যেমন পতি আরে উপপতি। শাল্প-বিধি অতিক্রম ক'রে ব্রুছোচারে যাহা করা যায় তাহাই উপভোগ, তাতে শান্তি হয় না ; বিধিপুর্কক ভোগে হয়।" জিজ্ঞানা করিলাম—"পৃথিবী ছাড়া অন্তান্ত লোক লোকান্তরে মান্ত্রের গতিবিধির কোনও পথ আছে কি ?"

ব্ৰহ্নচারী। "পথ একটা না থাকিলে সে সব হানে লোক যাতায়াত কর্লে কি ক'রে ? যাতায়াত ক'রে দেখে শুনে না এলে সেমকল লোক সম্বন্ধে এত পরিদ্ধার ক'রে বল্লেই বা কি প্রকারে ? বহু ঋষি মুনি ভিন্ন ভিন্ন সময়ে এক রক্ষই তো ব'লে গেছেন! কোন্লোক কিপ্রকার ; কত দীর্ঘ, কত প্রস্থায় কোন্দের কর্মকারার কর্মনা পর্যন্ত র'মেছে। সে সব হানের অধিবাসীনের আকৃতি প্রকৃতি, তাহাদের কার্য্যকলাপ সমস্তই তো বিস্তারিতরূপে লিখে গেছেন। বিশ্ব-ব্রহ্মাণ্ডের ভিতরে সর্ব্বেই যাতায়াতের পরিদ্ধার পথ আছে। বহুসংখ্যক মনি যেমন এক ক্রে মালার আকারে গাঁথা থাকে, তক্রপ ভূ, ভূবঃ, স্থঃ, মহঃ, জনঃ, তপঃ, সত্য ইত্যাদি ব্রহ্মাণ্ডারতি সম্বত লোক পর পরিদ্ধার ভার সংহত র'য়েছে। তবে সকল শরীরেই তো সকল হানে যাতায়াত সম্ভব নর ? দেইটকে হানের ও পথের উপ্রোগী ক'রে নিতে হয়। তা নইলে হর না।" প্রশ্ন করিলাম—" এই উপ্রোগী দেই কিপ্রকারে প্রস্তিত্ত হয় ?"

্ত্রক্ষচারী। "যোগাভ্যাস ঘারা। যোগ-ক্রিয়াতে মাহুষ ইচ্ছাত্ররপ দেহ পরিপ্রহ করতে

পারে। সেসৰ স্থানে যেতে হ'লে কোথাও জল-এপ্রেশোপযোগী দেহ, কোথাও বার্ষীর দেহ, কোথাও তৈজস দেহ আবঞ্চক হয়।"

প্রশ্ন। সেসব দেহে কি বক্ত, মাংস, হাড়, মজ্জা থাকে না ? ব্রহ্মচারী। তা থাক্বে না কেন ? সেই দেহের প্রধানভূতাত্ত্রপ সমস্তই থাকে। প্রশ্ন। আমরা তো এই পৃথিবীতেই সর্কার্থানে যেতে পারি না।

ব্ৰহ্মচারী। পৃথিবীর তো দূরের কথা, ভারতবর্ষেরই সবস্থানে যেতে পারিস্ না। পাশ্চাত্য ভূগোল প'দে, দেই সংস্কারমত পৃথিবীকে যে তোরা বড়ই ছোট ক'রে ফেল্ছিন্! সপ্তবীপা পৃথিবী! তার এক বীপের ধ্বরও তো কেই জানে না। এক একটা বীপে সাতটা করে বর্ব, তারও বিন্দৃ-বিদর্গ কেই এখনও বিশ্বাস করে না। জ্বন্ধীপের যে সাভটা বর্ব, তার এক এই ভারতবর্ষ্কেই এখন তোরা পৃথিবী ব'লে জানিস্। লোহিতসাগর, ক্ষ্যান্যার, ব্ববীপ, স্থবর্গবিপ, চীন, পারস্তা, আরবাদি সমস্তইতো প্রাচীন ভূগোলমতে এক ভারতবর্ষের অন্তর্গত। ভারতবর্ষের পর কিংপ্রবর্ষেই তো আলপ্রান্ত কারও কোনও খোলানাই। সে দেশের লোকের মুখ ঘোড়ার মত। সেখানকার বিবরণ কর্জন এসে বন্তে পেরেছে ?

আমি। গোল পৃথিবীকে তোশত শতথার মান্ত্র জাহাজে চ'ড়ে পরিক্রমা করে এসেছে। তাদের চোথে তো এদৰ পড়ে নাই ৮

ব্রহ্মচারী। ও: ! ওবে, পৃথিবী গোল কে বল্লে ? সেনব স্থানে জাহাজ নিয়ে যাবে কি ক'রে, পূর্ব-পশ্চিমেই গোল, তাই ঘুরে আসে। আর উত্তর-দক্ষিণের পার কি কেহ পেয়েছে ? ঐ হ' দিকের থবর কেহ বল্তে পারে ?

প্রশ্ন। ভবে এ পৃথিবী কি গোল নয় ?

বৃদ্ধানী। গোল নয় কেন? পূর্ব-পশ্চিমে গোল; কিন্তু উত্তর-দক্ষিণে শুআকৃতির মালার মত, পরে-পরে সাতটি! প্রথমটি হ'তে বিতীয়টি বিশুণ, এইপ্রকারে ক্রমান্তর বৃদ্ধ; ক্রেইরপ সাতটিকে একস্ত্রে গাঁগলে বেমনটি হল, পৃথিবী জনেকটা সেইমত। সপ্তবীপের মধ্যে লবণ বেছিত যে বীপ তাহাই হুদ্বীপ। তার পরে প্ল-বীপ। এই প্রকার ক্রমান্তর সাতটি পরে পরে সংলগ্ধ আছে। এখন মান্তরে সেসব বিশ্বাস কর্বে কি ক'রে ৫ দেখে নাই তো! কিন্তু যারা দেখেছিলেন তারা বীপের অন্তর্গত পাহাড়-পর্কত, নদ-নদী-প্রভৃতির প্রিমাণ ও বিশ্বত বিবরণ পরিছার রূপেই লিখে গেছেন!

ব্রহ্মচারী মহাশ্রের নিকটহইতে বিদার শইয়া আসিবার সময়ে দাদাকে আবার তিনি

গোসাইদের কাছে দীক্ষা-গ্রহণের কথা বলিলেন। দাদাও অতঃশর দীক্ষা-প্রাথির জন্ধ ব্যক্ত হইরা, অবিলম্বেই ঢাকার গোস্থানী মহাশরের নিকটে বাইতে প্রস্তুত হইলেন। আমরা অগোণে ঢাকা রওনা হইলাম। কিন্তু ভগবানের অভিপ্রায় বৃদ্ধি না। ঢাকার পৌছিয়া শুনিলাম, গোস্থানী মহাশর ২০ দিন পূর্কে কলিকাতার চলিয়া গিরাছেন। দাদার ছুটি প্রায় শেব হইরা আসিরাছে।

আমারা বাড়ী পৌছিলাম। দাদার অবকাশ কাল উত্তীর্ণ হইল। তিনি উহার কর্মস্থান অযোধ্যায় চলিয়া গোলেন। দীকা আর হইল না!

#### আমার দৈহিক তুরবস্থা ও মানসিক তুর্গতি।

আমি কফাপ্রিত-বায়ু ও পিত-শূল বেদনার চিকিৎসার বহুকাল বাড়ীতে কাটাইলাম। বাড়ীতে ভাল কবিরাজ রাখিয়া সোণা, রূপা, মুক্তা ইত্যাদি যথারীতি জারিত করিয়া, প্রচুর অর্থায়ে উবধাদি প্রস্তুত করাইলাম। 'বৃহৎ বিভাধরাত্র', 'বৃহৎ বাতচিস্তামণি', 'ধাত্রীদৌহ', 'নারদীয় মহালক্ষীবিলাস', 'ত্রেলাক্য-চিস্তামণি' প্রভৃতি বটিকা এবং 'মহাটেতসাদি স্থৃত' বহুকাল ধরিয়া সেবন ও ব্যবহার করিলাম; 'কুজপ্রসারিণী', 'শূলগজেক্র', 'ত্রিক্তি-প্রসারিণী', 'পুলারাজ-প্রসারিণী'— এই সকল তৈলেরও যথেষ্ট প্রয়োগ হইল। কিন্তু রোগের বিন্দুমাত্রও উপশম হইল না; বরং ক্রমশঃই বৃদ্ধি হইতে লাগিল। রোগের সেই তুর্কিষহ যন্ত্রণা বৃদ্ধির সঙ্গে চিন্তের হৈর্ঘ্য ও প্রস্কুলতাও ক্রমে হ্লাস পাইল এবং, ভেজত্বর উবধ সেবনে ও নিয়ত তৈলাদি মর্দনেই বোধ হয়, এ সময়ে আমার শারীরিক নিত্তেল রিপুসমূহেরও পুনরাবির্ভাব মধ্যে অমুক্তব করিতে লাগিলাম। কিন্তু, সাধন ভজনে কথন কথন বিশেষত্ব উপলব্ধি হওরার, ঐ সকল ত্রবস্থাকে আমি গণনার ভিতরেই আনিলাম না। ভাবিলাম— রিপু-দমন, ইহা তো যে কোন অবস্থায় আমারই ইচ্ছাধীন! নিজের উপরে এইরূপ অতিরিক্ত বিশ্বাস হওরার, সাধারণ বিধিনিষেধ্যও আমার শৈথিলা আসিয়া পড়িল। পরে হুইটি ঘটনাতে ক্রমে আমার বিধনিষেধ্য আমার তিপ্রেক করিল। ঘটনা ছুইটি এই—

বাড়ীর অনভিদ্রে ভিক্ষোপজীবিনী হীনজাতীয়া একটি বৈক্ষবী অর্থপাত্যানসে একটি বোড়শবর্ষীয়া যুবভীকে জুটাইয়া আনিয়াছে। কোনও অবস্থাপর যুবক ভাষাকে রিক্ষতা' রূপে রাথিয়াছে। পাড়ার মধ্যেই এরপ বেশ্রার বাস জানিরা, আমার ভিতর জনিরা উঠিল; অবিলব্দে একজন বিলঠ সৈন্দার'কে (লাঠিরালকে) লইরা উহাদিগকে হথোচিত শাসন করিতে প্রস্তুত হইলাম। আমার ইজিতমাত্র সন্দার লাঠি মারিয়া উহাদের উভরের পা ভালিরা খোঁড়া

স্বিদ্ধা ফেলিবে এই তকুম দিয়া, সন্ধার পরে আমি ঐ বাড়ীতে প্রবেশ করিলাম। সন্ধার একট অস্তরালে রহিল, আমার প্রবেশমাত সেই বৈশুবী মেরেটিকে কি বেন ইলিত করিয়া সরিয়া পডিল। আমি বাবটির অপেকার বাহিরে বসিরা রহিলাম। তথন ধীরে ধীরে মেরেট আসিরা আমার সঙ্গে রসিকতা আরম্ভ করিল। কতদর গড়ার দেখিবার অভ্য আমি উহার কথার 'হঁ হুঁ' দিয়া যাইতে লাগিলাম : মনে মনে স্থির করিলাম, কোনরূপ কুন্তাব ব্যক্ত করিলেই 'সন্দার' ডাকিরা উহাকে 'বেদম' প্রহার লাগাইব। মেরেটি নানাপ্রকার ছাবভাবে তাহার অল-সোষ্ঠব দেখাইতে লাগিল। পরে ধীরে ধীরে হ'এক পা অগ্রসর बढेबा. व्यामादक এकেবারে ধরিয়া ফেলিল এবং অনায়াসে টানিয়া নিজের ব্রের দিকে লইয়া চলিল। তাহার স্পর্নমাত্র আমার সমস্ত তেজন্মিতা, এমন কি-বিচার-বন্ধি পর্যান্ত, বিল্প ছইল : মন সহসা অভিশর চঞ্চল হইয়া উঠিল। আমার সর্বাশরীর থর থর কাঁপিতে লাগিল: আমি যেন 'ভেডা' হইয়া গেলাম। পরে উহার খরের দরকাপর্যান্ত ঘাইয়া 'ছেডে দাও, ছেডে দাও, কা'ল আসিব' বলিরা কাতরভাবে অন্নর বিনয় করাতে সে আমাকে চাডিয়া দিল। আমি অসমই উর্ন্থানে দৌডিয়া, মাঠের মধ্যে কিছদর গিয়াই 'আছাড' থাইয়া পড়িশাম: পারে অতাস্ত আঘাত লাগিল! সন্ধার আমাকে কান্ধে তুলিয়া লইয়া বাডীতে পৌছাইয়া দিল। প্রদিন প্রাতে প্রামের সব সমবয়স্কদের লইয়া যুক্তি করিলাম, রাজেট উহার পরে আগুন ধরাইব। বৈফবী, লোকপরম্পরায় আমাদের অভিপ্রায় জ্ঞাত হট্টা ঐদিনই আসিরা, আমার পারে পড়িয়া, কান্দিয়া বলিল, "আর তিনটি দিন ভগ আমাকে সময় দিন: আমি একাম তাাগ করিয়া যাইতেছি।" কার্যোও সে তাহাই করিল।

এই ঘটনাটিতে আমার মানসিক অবস্থা আর একপ্রকার হইরা পড়িল। বদিও
ইহাদিগকে কর্কশভাষাপ্ররোগপূর্কক গ্রামহইতে তাড়াইরা দিলাম; তর সেই কুলটার
কার্শজনিত স্থবের স্থতি একদিনের জন্তও মনহইতে দূর করিতে পারিলাম না। ঐভাবে
বুবতীর অলম্পর্ল এজীবনে আমার আর কথনও ঘটে নাই। এখন এই ম্পর্শন্তথ আমার
সাধন-ভলন অপেকাও মধুর বোধ হইতে লাগিল। সর্বাহি উহার বাহুবেটিত আলিজন
অন্তরে উদিত হইরা বর্তমানের নাার আমাকে উত্তেজিত করিতে আরম্ভ করিল। আমি
সাধন ভলনে অভ্যনম্ভ হইরা, নিয়ত উহাই করনা করিতে লাগিলাম। ইহার উপরে,
আবার আর একটি বিষয় প্রশোভন উপস্থিত হইল।

বাজীতে একটি পিত্যাত্হীনা, বরহা কুলীন-কুমারী আমাদের সংসারে মহিয়াছেন; ভবিছতে ভাঁহাকে স্থপাতে অর্পণ করিবার মানসে বর্তমান ক্ষতি অনুসারে তাঁহার অভিভাবকেরা







লেখা-পদ্ধা শিথাইতে ইচ্চা করিলেন, আমার বাড়ীতে থাকার সময় হইতেই তাঁছারা ্ঐ ভার আমার উপরে এন্ত করিলেন। মেয়েটি খব নিপুণতার সহিত সারাদিন গৃহ-কার্য্যে ব্যাপত থাকিয়াও বিশেষ শ্রদ্ধা যত্নসহকারে আমার রোগের সেবা করিতে লাগিল: সমস্ত দিন অনুবৃদ্ধান্ত রাতি ন'টা দশ্টার সময়ে আমার নিকট প্রিডে আর**ছ করিল**। ৰাজীর সকলে নিঃশঙ্কচিত্তে নিদ্রিত থাকিলেও, মেয়েটি আমার নির্ক্তন হরে বিচানার এক পাখে বিসিয়া রাত্রি প্রায় ১২টা পর্যান্ত পড়াশুনা করিত। উহার সেবাতে শ্রদ্ধা, গৃহকার্যো দক্ষতা, লেখা-পড়ায় উৎসাহ এবং চরিতের দঢ়তা দেখিয়া, দিন দিন আমি উহাকে অধিকতর ভালবাদিতে লাগিলাম। পুর্ব্বোক্ত ঘটনার পরহইতে শিকার-হারা কুকুরের মত আমার অবতা দীডাইল। আমি অদমা কামের উত্তেজনায় অভির হইয়া পড়িলাম। এই সমরে ঐ কুমারীর ফুটস্ক থৌবনের সৌন্দর্যো আমার শিথিল চিত্ত দিন দিন আরুষ্ট হইতে লাগিল। আমি ভীষণ তরবভার আশঙ্কা করিতে লাগিলাম: কিন্তু, মোহবশতঃ, উহাকে পড়াওনা করাইতে ক্লান্ত হইলাম না। নিন্তক নিশীথে সকলে নিদ্রায় অচেতন, এদিকে আমি নির্জ্জন ঘরে কামের উত্তেজনায় ছটফট করিতেছি। বিচার-বৃদ্ধি, চেষ্টা সকলই আমার প্রারুত্তির অফুকুলে সাহায্য করিতে উন্মধ। পার্ম্মে নবযৌবনা, স্লেন্থী কুমারী, কথন উপবিষ্টা কথন বা অর্দ্ধশয়িতা অবস্থায় আমারই বিচানার উপরে রহিয়াচে। সময়ে স**ম**য়ে তা**হাকে** ম্পর্শও করিতেছি। এ অবস্থাও একদিন হ'দিনের জন্ম নয়: আমি আর স্থির থাকিব কিরূপে ৷ অনুকৃল অবস্থা আমার অধীর চিত্তকে ধীরে ধীরে আরও প্রালুক্ক করিতে লাগিল, আমি হাবেভাবে নানারপে অতি স্তর্কতার স্থিত নিজ চুরভিস্কি উহাকে ল্লানাইতে লাগিলাম। মেরেটি, আমার মধ্যাদারকাপুর্বক, আমার ভাবে অনাদর দেখাইলা, আমাকে সতর্ক করিতে লাগিল। অবশেষে আমাকে 'নাছোড্বালা' বুঝিয়া একদিন আমার পারে পড়িয়া কালিয়া বলিল—"আপনি আমাকে পরীকা করছেন কেন ? আমি এতে বড় ভর পাই। আপনি যোগ সাধন করেন, আপনার মন কথনই ধারাপ হইতে পারে না: ভধু আমাকে পরীকা করাই আপনার উদ্দেশ। আপনি আমার রক্ষা না কর্লে এ অবস্থার আমার আরু উপায় কি বলুন ?" উহার পরিছার কথা শুনিরা আহি বিষম মুক্তিল পড়িলাম। এক দিকে ভিতরে আমার অদ্যা কামের উত্তেজনা, সন্মধে আমার আয়ন্তাধীনে হুল্দনী যুবতী: অপর দিকে বাহিরে আমার ধার্ম্মিকতার ভাগ, 'সকলে আমাকে বোগ-সাধক বলিপ্ল-মাত্তক ' এই বাসনা, বিশেষতঃ যে আমাকে চরিত্রবান মহাসাধু ৰলিপ্ল প্রদাকরে তাহারই নিকটে কি প্রকারে আমি মধ্যাদাশুল হই এই চিস্তা। এই অবস্থার

পদিমা আমি স্ক্রিত অধ্যবসায়হইতে বিরত হইবার জন্ত প্রাণপণে চেটা করিতে লাগিলাম। কিন্ত কামামি নিতেক হইল না, বরং, অহরহঃ স্ক্রনে নির্জনে উহার সহিত সম্বর থাকাতে, উত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল। অবশেষে যথন ব্বিলাম, আমার ভিতরের অয়ি ধীরে ধীরে উহাকে উত্তাক্ত করিয়া ভূলিভেছে, এবার আর রক্ষা নাই, তথন উপায়ান্তর না দেখিয়া, মানের দারে বাড়ী ত্যাগ করিয়া ঢাকা পলাইলাম, স্কলে মনে করিল রোগ ক্তকটা উপশ্ম হইরাছে। আমি কুলে ভর্তি হইলাম।

ভিতরের ছরবই। গোপন করিয়া গোখানী মহাশয়ের সদ্ধারত লাগিলাম। একদিম তিনি ধ্যানস্থ অবস্থায় বলিলেন—" এবার যোগাবলম্বীদের ভিতরে যার যে ছিদ্র আছে প্রকাশ হ'রে পড়্বে, সময় অভি ভয়ানক।" এই কথা শুনিয়া আমি অভ্যন্ত ভীত হইয়া পড়িলাম, খুব সাবধানভার সহিত চলিতে লাগিলাম।

গোৰামী মহাশয় এই সময়ে কিছুদিনের হন্ত কলিকাতা চলিংলন। এই সময়ে চাকাতে গোঁসাইশিয়াদের নানাপ্রকার চ্র্দশা আরম্ভ হইল। প্রস্পারে রগড়া-বাঁটি, শক্রতা, হাতাহাতি, এমন কি—চরিত্রহীনতা এবং গুরুজোহিতা পর্যান্ত হইতে লাগিল। আমি এসব দেখিয়া শুনিয়া থুব স্তর্কতার সহিত নৃত্ন উদ্যুদ্ধে প্রাণ্পণে সাধন আরম্ভ করিলাম।

#### স্থিরোজ্জলজোতির্মাণ্ডল-দর্শন।

কিছুকাল যাবৎ সময় নির্দ্ধারণ পূর্বক নিয়মিতরূপে সাধন ভজন করিয়া আসিতেছি। শেষ রাজিতে নির্দিষ্ট সময়ে ছালের উপরে গিয়া পূর্বমুখে আসন করিয়া বসি। সর্বপ্রথমে জীপ্রীপ্রকলেবকে প্রণাম ও একান্ত মনে তাঁহাকে অরণ করিয়া, বল্লার মন্তটি সহশ্রবার জল করি; তৎপরে প্রাণারাম ও ইইনাম যথামত ঘণ্টাধিককাল করিয়া থাকি। ৮০০ দিন হইল একদিন ধীরে ধীরে আমার ললাটদেশ কম্পিত করিয়া একটি অপূর্ব জ্যোতি প্রকাশিত হইয়াছে। এই অপূর্ব জ্যোতির মনোহর সৌলর্য্যের এককণাও ভারার প্রকাশ করা যার না! ইহাকে চক্র কি হর্যা বলে, তাহা জানি না। ললাটেক্র ভিতরে বা বাহিরে—নীল জাকাদে, বহুদ্রে, চক্র-স্থ্যাকৃতি মিয়, অত্যুজ্জল, খেত জ্যোতি দর্শন করিতেছি। ছির জ্যোতির্গ্রেলের মধ্যস্থলে, ক্ষীণ তরলাকার উজ্জল ঝিকিমিকির ছটার এক প্রকাশ সময়ে আমি দিশাহার। হইয়া পড়িতেছি। অবিরাম অইপ্রহরই এই জ্যোতি আমার চক্ষে বেন লাগিয়া রহিয়াছে। আশ্চর্য্য দেখিতেছি! ঘেখানে সৈধানে যে জ্যোতি একই প্রকাশের প্রকাশমন। চক্ষু বুজিয়া বা মেলিয়া অব্যান, স্বর্গনা সর্ব্বের এই জ্যোতি একই প্রকাশের প্রকাশমন। চক্ষু বুজিয়া বা মেলিয়া

এই জ্যোতি একুই রক্ষ দেখিতেছি। চন্দ্রকিরণের গ্রায় এই জ্যোতির রশ্মি শীতল, শুক্র বৈহ্যতিক আলোর স্থায় উজ্জল, এবং তদপেকা অতীব মনোহর ও নির্দাণ!

ইহার প্রথম দর্শনের সময়ে আমি একেবারে মুঝ হইয়া পড়িয়াছিলাম। এখন নিয়ত দেখাতে তাহা অভ্যক্ত হইয়া গিয়াছে। প্রথম অবস্থায় এই জ্যোতি একটু তরঙ্গায়িত ছিল; এখন চক্রমার ভায় স্থির দেখিতেছি। এই জ্যোতি কোথায় বে দর্শন করিতেছি তাহা বহু অক্সমানেও ঠিক করিতে পারিতেছি না। যথন চক্র্মানিরা থাকি তথন দেখি বাহিরের আবাশে, ললাটের উপরে, উর্জাদিকে; যথম চক্র্মানিয়া রাখি, মনে হয়, কপালেরই মধ্যে মীলবর্ণ বিস্তৃত আকাশের মধ্যভাগে। এই জ্যোতি একই প্রকারে প্রকাশিত থাকার, ইহার য়াস বৃদ্ধি কিছুই ব্যাতে পারিতেছি না। তবে, বাহিরের কার্য্য ছাড়িয়া নামে ও ওক্তে চিন্ত নিবিষ্ট করিলে, ইহার মাধুর্যে আরও অভিতৃত হুইয়া পড়ি। গুরুর স্থতিতে জ্যোতির অপূর্ক ছটা তবে তবে বিকীর্ণ হইয়া সময়ে সময়ে আমাকে আনক্রমাগরে ডুবাইয়া রাখিতেছে। গোঁসাইয়ের রূপ-গানে, এই জ্যোতির সৌল্গ্য এবং মনোহারিছ কেন বে উত্তরোত্তর বৃদ্ধি পায় তাহা বৃথিতেছি না। এখন এ অবস্থাটি আমার আয়বাধীন ও স্বাভাবিক বিলমা মনে হইতেছে।

#### জ্যোতিহারা।

হার ! হার !! আরু হুণিন হয় আমার সর্ধনাশ হইরা গিয়াছে ! ছুর্ণৃষ্টবশত: অক্সাৎ
১৯৫ আর্বণ, অজ্ঞাত একটি অপরাধে পড়িরা আমার অতুল আনক্ষের অবস্থা
১২৯৫ হারাইরাছি ! এখন আমি একেবারে অবসর হইরা পড়িরাছি ! ওফ রবিবার। মরুভূমি-তুল্য উত্তপ্ত অভ্তরে, থাকিয়া থাকিয়া, সেই জ্যোতির স্থৃতি প্রত্যক্ষ অগ্লির স্থার আমার প্রাণটিকে দগ্ধ করিয়া দিতেছে । যে অপরাধে আমার এই হুর্দশা ঘটন ভাহা পরিকার্ম্মপে লিথিয়া রাধিতেছি ।

শূত্রবংশ্লোডবা একটি স্থন্দরী বিধবা, আপদে বিপদে সর্কাণ সাহায্যকারিণী থাকিলা, আনাদের বিশেব আত্মীলা হইয়াছিল। সত্যতি সে রক্ষকাভাবে নিতান্ত অসহারা এবং জীবিকানির্কাহের ভবিয়চিত্তার অছির হইলা পড়িরাছে। নানাঞ্চকার হুর্জাবনার অছির হইলা সে আনাকে ডাকিলা পাঠাইল। তাহার হুরবস্থার কথা শুনিলা আনার বড় দলা হুইল। অবিলবে আমি তাহার নিকটে উপস্থিত হইলা তাহার ভবিয়তের জন্ত নিক্লাপন ব্যবস্থা স্ক্রীলা দিলাম। সন্ধ্যার সমরে নিক্রন গুহে সে আনাকে একাকী পাইলা হাতে ধলিলা ভাহার

শ্ব্যার বসাইল। একটু পরে আমার বাম পার্ষে উপবেশনপূর্কক দক্ষিণ হত্তবারা অভাইরা ধরিরা অস্বাভাবিকরণে আমাকে আদর করিতে লাগিল। উহার ওঠার কলিও, মুধমগুল আরক্তিম, দৃষ্টি লোলুপ ও অন্থির—সর্কাল দক্ষিণে বামে ঘন ঘন হেলাইরা পড়িতেছে; ইহা দেখিরাই আমার কামের উত্তেজনা আসিরা পড়িল। আমি ব্যক্ত ও শক্ষিত হইরা পড়িলাম। এই সমরে, অবিরাম যে জ্যোতি আমার নিকটে সমভাবে দ্বিররপে প্রকাশনান ছিল, অক্মাৎ দেখি সেই জ্যোতি থর্-থর্ কাপিতেছে। আমি অমনি উহার শ্বা ত্যাগ করিয়া লাকাইরা উঠিলাম। যুব্তীও সঙ্গে সঙ্গে উঠিয়া আমাকে ধরিল এবং পুনঃ পুনঃ আকর্ষণ করিছে লাগিল। আমি ছাড়, ছাড় বিলয় সজোরে সরিয়া পড়িলাম। তথন বল্লে উহার 'অভাচির লক্ষণ দেখিরা জিজাসা করিলাম—' এ কি ?' যুবতী পরিচয় দিল; আমি আর তিলার্জ অপক্ষো না করিয়া জতপদে চলিয়া আসিলাম। মুহুর্তমধ্যেই বুঝিলাম আমার সর্ক্রনাশ হইয়া গেল; নাম্বাত্র বিন্দুপাতে পূর্ণ ইন্দু অন্তমিত হইল। ছাতিন মিনিটের মধ্যেই, তরকায়িত জলাপরে চন্দ্রপ্রতিবিধের প্রায় চঞ্চল হইয়া, আমার হির উক্জল জ্যোতির্মপ্রণ ধীরে একেবারে অন্তহিত হইয়া গেল। যেমন কন্ম তেমনিই কল। হায়, এখন আমি কি করিব ?

#### পতিত জনে অযাচিত দয়া।

গোৰামী মহালয় অন্ত ঢাকায় প্রছিবেন, গংবাদ পাইলাম। তাঁহাকে আনিবার অস্ত কতিপয় গুরুল্রাতাকে লইয়া 'দোলাইগঞ্জ' টেশনে উপস্থিত হইলাম। পূর্ব অপরাধ শ্বরণ করিয়া সকলের পশ্চাতে সঙ্চিত মনে গাঁড়াইয়া রহিলাম। না জ্বানি গোস্থামী মহালয় আমাকে কি বলিবেন, প্রতিক্ষণে ইহাই মনে হইতে লাগিল। এ দিকে আর একটি গুরুল্রাতাও কোন একটি স্তীলোকের সংসর্গে খালিভ হইয়া গুরুল্রাতাদের নিকট বিশেষরূপে অপলম্ব হইয়াছেন। সকলে তাঁহার নিলা কুৎসা রটনা করিয়া একরূপ তাঁহাকে একয়বেই কয়িয়া রাথিয়াছেন। শজ্জায় ও অনুভাপে স্থিম্বান হইয়া, ভিনি সকলের সঙ্গ পরিভাগে পূর্বক, আপন গৃহেই অতি গোপনে একাকী দিন রাভ কাটাইতেছেন। গোস্থামী মহালয়কে দেখিতে পাইবেন না—এই ক্রেশে ভিনি আত্ব ব্রেরা কালিতছেন।

সন্ধ্যার সমরে গোত্মামী মহাশর, লোগাইগঞ্জ টেশনে পৌছিলেন। গাড়ীর ভিতর হুইভেই ভিক্লপ্রতাদের সঙ্গে তিনি আমাকেও দেখিতে পাইলেন। সম্ভাত ও পদহ বরোজ্যেঠ গুৰুজাতারা গোদ্বামী মহাশরের গাড়ীর সমীপবর্তী হইলেন; কিন্তু তিনি সর্বাত্তে আমাকে ভাকিয়া বলিলেন—"কি কুলদা এসেছ ? বেশা, বেশা! তোমরা সকলে বাসায় বাও—আমি ফুলবেড়ে ইেশানে নেবে যাচ্ছি।" এই বলিয়া তিনি এমনি সলেহ-লৃষ্টিতে মৃত্ব মৃত্ব হাদিয়া আমার দিকে তাকাইলেন বে, আমার প্রাণ ঠাগু৷ হইয়া গেল! অস্তাস্থ গুরুজাইদের সঙ্গে হ'একটি কথা বলিতে বলিতেই গাড়ী ছাড়িয়া দিল। গোঁসাই ফুলবেড়ে (ঢাকা) ষ্টেশনে গিয়া নামিলেন। দোলাইগল্পে না নামিয়া, প্রায় একবণ্টার পথ তফাতে ঢাকা ষ্টেশনে গোদ্বামী মহাশ্ব কেন গেলেন, কেইই কিছু বুঝিলাম না।

গোগাই ঢাকা টেশনে নামিয়া, গুরুত্রাত্গণের নিকটে নিন্দিত, অন্তত্ত্ব, সেই
গুরুত্রভাতটির বাসায় পৌছিলেন। বাড়ীর শ্বার রুক্ষ ছিল। পুনংপুনং ঘা দেওয়ায় সেই
জন্তরাকটি আসিয়া যেমনই দরকা খুলিলেন, গোবামী মহাশয় অমনই তাঁহাকে বুকে
জড়াইয়া ধরিয়া, মাথায় হাত বুলাইতে বুলাইতে বলিলেন—তুমি আমার নিকট যাবে না,
তাই আমি টেশনে নেবেই তোমাকে দেখতে এসেছি। গুরুত্রাটি কান্দিতে
কান্দিতে পায়ে লুটাইয়া পড়িলেন। গোয়ামী মহাশয় তাঁহাকে সাল্নাবাকেয় আশস্ত করিয়া, গেগুরিয়ায় আসিয়া উপস্থিত হইলেন। সকলে যাহাকে নিতান্ত অবজ্ঞা করিয়া
দ্বে রাথিয়াছিল, গোঁলাই ঢাকায় পৌছিয়া সর্বাত্রে তাঁহাকেই আলিলন দিয়া আসিলেন।
এই ব্যাপারে আমি বড়ই ভর্মা পাইলাম ও ঠাপ্ডা হইলাম।

#### বিচিত্র স্বপ্ন-পথপ্রদর্শন।

আৰু মধ্যাক্তে গোৰামী মহাশরের নিকটে গোলাম। দেখিলাম আমতলায় তিনি ধ্যানত্ত্ব রিছির। দূরহুইতে নমস্কার করা মাত্রই, তিনি চোথু মেলিয়া চাহিলেন এবং আমাকে বিতিত বলিলেন। আমি 'ব্রহ্মচারীর কাছে গিয়াছিলাম ধীরে ধীরে জানাইরা, বলিলাম—ব্রহ্মচারী মহাশরের উপদেশমত দালা আপনাকে দেখিতে ঢাকার আসিরাছিলেন; আপনি তথন এখানে ছিলেন না। দালা যাইবার সময়ে বলিয়া গোলেন—যদি আপনি শিক্তমে যান, দ্যা ক্রিয়া একবার দাদার সঙ্গে দেখা ক্রিয়েন। তাঁহার অনেক বলিবার আছে।

গোনাই। শরীর সম্প্রতি বড় কাতর। স্থৃত্ব হ'লে, একবার যাবার ইচ্ছা আছে। তথন তোমার দাদার সঙ্গে দেখা করব।

ব্ৰহ্মচারী মহাশয়ের সঙ্গে দেখা-সাক্ষাতের সময়ে কি কি কথাবার্তা হইরাছিল, গোত্থামী মহাশয় বিভারিতরণে জানিতে চাহিলেন। দাদাও মেজ দাদার সব কথা বলিরা, পরে আমার কথা সমস্তই আতোপান্ত পরিকার করিয়া জানাইলাম। গোঁদাই ভনিয়া বলিলেন—
"বিতা হবে না" ইত্যাদি যে সব কথা তিনি লিখে রাখ্তে ব'লেছেন, তা
লিখে রেখো। ওঁদের কথা বুঝা বড় কঠিন। যা তোমাকে ব'লেছি তাই ক'রে
যাও। আমি তো আছি; পরে যা কর্তে হবে আমিই ব'লে দিব। ব্যস্ত
হইও না। সংগ্রটি বল ত প

আমি আমার অগ্ন-রুত্তান্ত বলিতে লাগিলাম—"দেপিলাম, বেলা অবসান-প্রায়, আপুনি অক্সাৎ আসিরা আমাকে ডাকিয়া বলিলেন, 'আর সময় নাই, এখনই চল।' বারদীর ত্রন্ধচারী মহাশহও আপনার সঙ্গে ছিলেন। শ্রীযুক্ত তারাকান্ত গঙ্গোপাধ্যারও (ব্রহ্মানন্দ ভারতী) আদিলা উপস্থিত হইদেন। স্কাত্রে ব্রহ্মারী মহাশ্য, তৎপুরে আপনি, তারপর তারাকান্ত দাদা, এবং সকলের পশ্চাতে আদি চলিলাম। ব্হলচারী মহাশর আগে আগে বাইতেছেন অনুভব হইতে লাগিল: কিন্তু দেখিলাম না। অন্ধকারে কারারও সঙ্গে চলিলে তাহার একটা সভা যেমন অনুভবে আসে, ব্রহ্মচারীর সম্বন্ধেও আমার সেইরূপ জ্ঞান হইতেছিল। পথে চলিতে চলিতে কিছুদুরে গিয়া, বহুদুরে একটা ভয়ঙ্কর অর্গ্র দেখিতে পাইলাম। উহা দেখিয়াই ভয় হইতে লাগিল। কিন্তু বতই উহার নিকটবর্ত্তী ছইতে লাগিলাম, সবুদ্ধবর্ণ, নীলবর্ণ, ঘন ঘন বুক্ষের শোভায় ততই আননদ হইতে লাগিল। বনের খুব সমীপবন্তী হইয়া দেখি, ওটি ভঙা বন নহে-প্রকাও একটি পাছাত। আমরা উত্তার ভিতরে প্রবেশ করিলাম। ব্রহ্মচারী পথ ধরিয়া নিজের মনে চলিয়া যাইতে লাগিলেন: আপনি দওবারা কাটা সরাইয়া রাস্তা পরিফার করিতে করিতে চলিলেন। তারাকাস্ত দাদা সশন্ধিত মনে এপাশ ওপাশ দেখিতে দেখিতে হাইতে লাগিলেন। আমি আপনার দিকেই দৃষ্টি রাখিয়া চলিলাম। ক্রমে আমরা বছ উচুনীচ স্থানে ওঠা নামা করিয়া, পর্বতের সর্ব্বোচ্চ শুঙ্গে একটা সমতল স্থানে আসিয়া উপস্থিত ছইলাম। সেধানে আপনি আমাকে একটি স্থানে লইয়া গিয়া তিনথানা আসন দেধাইলেন। আসন তিনধানার চারিদিকে বহু পুরাতন, বড় বড়, ঝাঁপড়া গাছ; স্থানটি কতকটা অন্ধকারের মত, বুক্ষজ্বারার আবৃত। আসন তিনটিই গৈরিক রংএর লাল প্রস্তরে প্রস্তুত ও চত্তকোণ-প্রস্থাধ পাতা রহিয়াছে, দেখিলাম। আসন তিনথানি ১, ২, ৩ অহবারা চি**হ্নিত। '৩'** চিহ্নিত আসনটি দেখাইয়া আপনি আমাকে বলিলেন—এই তোমার জাসন। এখানে ব'সে কিছুকাল সাধন করতে হবে। আসনে ব'সো।— চিছিত আসনটতে আপনি বসিয়া পড়িবেন। '১' চিছিত আসনট 'থালি'

রহিল। কিছুকাল ওখানে বসিয়া আমি সাধন করিলাম। পরে আপনি উঠিয়া বলিলেন— আমার পশ্চাৎ পশ্চাৎ চল। তথন আমরা চারিজনেই আবার পূর্ববিৎ বধাক্রমে চলিতে লাগিলাম। উচু নীচ স্থানগুলি জল্পানয় ও কণ্টকাবত থাকার, পদতল ক্ষতবিক্ত হইরা গেল; স্থানে স্থানে ছোঁচটু লাগার, ছই ভিনবার আছাড়ও খাইলাম। আপনি তথন চুৰ্গম স্কীৰ্ণ রাস্তার সৃষ্ট আমাকে সংহতে জানাইরা, ধীরে ধীরে অঞাসর ছইভে লাগিলেন: পুন:পুন: আমাকে বলিতে লাগিলেন, 'খুব সতর্কতার সহিত, ধীরে ধীরে পা ফেলে আমার পেছনে পেছনে এস। 'বহুক্লেশে খনেক দূর চলিয়া খবংশবে একটি প্রকাণ্ড রাজ্যের নিকটবর্তী হইয়াছেন বুঝিতে পারিলাম। খন ঘন সর্জ বুক সকলের পাতার ভিতর দিয়া কুর্যারখির ক্যায় সেই জ্যোতির্মার রাজ্মের তেজ স্মাসিরা পড়িতেছে দেখিলাম। আমরা সেই রখ্মি ধরিয়া অগ্রসর হইতে লাগিলাম। আপনি এক একবার মুথ ফিরাইয়া আমার পানে পশ্চাৎ দিকে তাকাইয়া খুব ভরসা দিতে লাগিলেন। ভাহাতে আমার মনে হইতে লাগিল, সাম্নে উৎপাত আছে। আমরা যে অরণ্যে ছিলাম তাছাছইতে ঐ জ্যোতিশ্বর রাজ্যে প্রবেশ করিবার একটিমাত্র হার ; অতিশর অপ্রশস্ত। সমস্তাটি রাজ্য ঘন কণ্টক-বেড়াছারা বেষ্টিত। আমরা খুব উৎসাহের সহিত ঐ ছারের দিকে চলিলাম: হারের নিকটে পৌছিয়া দেখি, একটা ভয়ত্বর, হোর রুঞ্চবর্ণ, রুশ, লখা সর্প ফোঁস ফোঁস করিতেছে। আমাদিগকে দেখিয়া অত্যন্ত তেক্কের সহিত ফণা বিস্তার করিছা দংশন কবিতে আসিল। একচারী মহাশরের নিকট আসিয়া স্পটি ফণা ধরিছা দাঁডাইরা উঠিল: অমনিই আবার ফণা নামাইরা সোঁ সোঁ শব্দে আপনার দিকে ছটিল। আপনি কিন্তু ওদিকে একেবারেই গ্রাহ্ম করিলেন না। পশ্চাৎ দিকে আমার পানে চাহিয়া, "ভয় নাই, ভয় নাই " বলিয়া পুন: পুন: আমাকে আখাদ দিতে লাগিলেন। সর্পটিও আপনার নিকট ফণা সজোচ করিয়া তারাকান্ত দাদাকে লক্ষ্য করিয়া চলিদ। তাঁর হাতে যোটা লাঠি ছিল। তিনি ভরে অন্থির হইরা সর্পটিকে প্রহার করিতে লাগিলেন। দর্প টিও তাঁছার পা গ্র'ট জড়াইরা ধরিল। উনি যতই আঘাত করিতে লাগিলেন, স্পটি উহাকে ততই বেষ্টন করিতে লাগিল। আপনি তথন চীংকার করিরা বলিভে লাগিলেন—"মেরো না, মেরো না, থাম। মেরে ওকে ছাড়াতে পার্বে না। 'একে না মারলে ও কখনও কাম্ডাবে না।" সাপনার কথার তারাকাভ দাদা ছির থাকিতে পারিদেন না, ভরে ও ব্যস্ততার তিনি পুনঃ পুনঃ সর্পের উপৰে লাঠি মারিতে লাগিলেন। সর্পত তাঁহাকে দুঢুরূপে অভাইতে লাগিল। এই সময়ে

চাহিয়া দেখিলাম—উদল, দীর্ঘাক্তি, গৌরবর্গ, একজটী ব্রহ্মচারী মহাশয় অতি সন্ধীণ পণ দিয়া খেতোজ্জল জ্যোতির্মন্ন রাজ্যে প্রবেশ করিলেন; আপনি ঐ হারের মধান্তলে দাঁড়াইরা আমার প্রতীক্ষা করিতেছেন। আপনার অর্জান্ধ, বেড়ার অপর দিকে জ্যোতির্মন্ন রাজ্যে, অপরার্জি এ দিকে। আমাকে হাত নাড়িয়া অন্থূলি-সঙ্কেত করিয়া কহিলেন, পাশা কেটে আমার দিকে লাফ দাও, সর্প কিছুই কর্তে পার্বে না।' আমি ইলিতমাত্র লাফদিয়া সর্পক্ষে অতিক্রমপূর্কাক বেমনই আপনার নিকটে গিয়া পড়িলাম, অমনই সেই ধাকার নিড়াভঙ্গ হইল।" ভোর রাত্রে এই স্বগ্ন দেখিরা আর ঘুম হইল না। স্বপ্রের পূর্কে ব্রহ্মচারী মহাশরকে কথনও আমি দেখি নাই। স্বপ্নে বেমনটি দেখিলাম, বারদীতে গিয়া দেখি, ব্রহ্মচারীর আক্তি ও রূপ অবিকল সেইপ্রকার।

স্থাট ভূমিয়া গোস্থামী মহাশয় বলিলেন, 'এই স্থথটি লিখে রেখো। আনেক সময়ে স্থা কাজে আসে। এখন গিয়ে লেখা-পড়া কর; পরে, আমি তো আছি, যা করতে হবে ব'লে দিব।'

আমার কয়েকটি দর্শন বিষয়ে গোস্বামী মহাশয়কে জিজ্ঞাসা করায়, তিনি বলিলেন, 'এসব বিষয় বাইরের লোকের কাছে প্রকাশ কর্তে নাই; শ্রাহ্দাবান্ দেখে শুধু সাধনের লোকের নিকটে বল্তে পার।'

### মহাপুরুষ চিনিবার উপায়।

সন্ধার কিছু পূর্বে গোস্থানী মহাশ্যের নিকটে গিয়া দেখিলান, ঘর-ভরা লোক।

৭ই ভাল, ১২৯৫; নানা বিষয়ের ধর্মালোচনা হইতেছে। অকল্পং একজন গৌরবর্ণ

২২শে আগন্ত, দীর্ঘাকার মুসলমান ফকির গোস্থানী মহাশ্যের সেই আসন ঘরে প্রবেশ

র্ধণার।

করিয়া, নি:সজে।চে, প্রফুল-মনে গোসাইয়ের সল্পুথে গিয়া বসিকোন;
নানাপ্রকার সাফেতিক ফবিরী ভাষায় গোস্থানী মহাশ্যের সহিত আলাপ করিতে
লাগিলেন; কিয়ৎকাল পরে গৌরাল নিত্যানন্দ ও রাধাক্ত্য-বিষয়ক ক্লেকটি গান করিয়া

গুরুর মাহাত্ম্য কিছুক্ষণ ধরিয়া বলিলেন; পরে গৌস্থানী মহাশ্রকে প্রণাম করিয়া চলিয়া

গেলেন।

ফকির সাহেব ঘরছইতে বাহির হওয়ামাত্রই গোঁসাই আমাদিগকে বলিলেন, 'দেখ তো ফকির সাহেব কোন্দিকে যান।' আমরা তৎকণাৎ বাহিরে আসিয়া রাভার এই দিকেই অসুসন্ধান কবিলাম, ফকির সাহেবকে দেখিতে পাইলাম ন।!

গোঁপাই বলিলেন, "ভোমরা মাতুষের দিকে লক্ষ্য কর না, মাতুষ চেন না। ইনি একজন মহাপুরুষ এসেছিলেন। কত মুসলমান তো রাস্তাদিয়ে চলে যান, এস্থানে এভাবে কে আর আদেন ? রাধাকৃষ্ণ, গৌর-নিতাই, দেব-দেবী বিষয়ে মুসলমানদের বল্লে তারা কাণে আফুল দিবে। আর ইনি কেমন অসাম্প্রদায়িকভাবে সকলের উপাস্ত দেবতাকেই ভক্তি করলেন! গুরুর প্রতি নিষ্ঠা জন্মাবার জন্ম 'গুরুই সভ্য' এই ভাবের উপদেশ কে আর দেয় ? কত মহাত্মা এরূপ ছল্মবেশে এসব স্থানে আসেন বলা যায় না। সময় বুঝে, মাকুষ দেখে এঁরা উপদেশ দিয়ে অদৃশ্য হন। মাকুষ চিন্তে হয়। মাকুষ চিন্তে হ'লে সকলকেই আপুনা অপেক্ষা বড ব'লে মনে করতে হয়, নিজকে অধ্য, সার সকলকে অধমতারণ ভাবতে হয়। রাস্তার মুটে-মজুরকেও মহাত্মা ভেবে নমস্কার করতে হয়। এরূপ ক'রে তবে যথার্থ মহাপুরুষের সাক্ষাৎ লাভ হয়। ইহা অসুমানের কথা নয়, কল্লনা নয়, যথার্থ ঘটনা, কল্পনা করলে হবে না, বাস্তবিকই এইরূপ নিজকে ভাবতে হবে। তাহা হ'লেই মহাপুরুষদের রূপা হয অভ্যাস/থিক হয়।"

## ধর্মের মহাজোত—আবার সেই সত্যযুগ।

অপরাংক্ল একরামপুরের কদমতলায় গোদামী মহাশয়ের বাদায় গেলাম। রাত্তিতে বৈঠক করিব মনে করিয়া অপেক্ষা করিয়া রহিলাম। যথাসময়ে ३४६ इ.स. ३४४६ : সকলে আসিয়া একতা হইলে সাধন আরম্ভ হইল। গোকামী মহাশয় त्रविवात. ২৬শে আগষ্ট, ১৮৮৮। কত দেব দেবীর তত্ত্ব করিতে লাগিলেন। 'বম্মহাদেব! বম্বম্ ভোলা। 'বলিতে বলিতে তিনি জলকণ্ঠ হইয়া পড়িলেন। কেমে সংজ্ঞাশূভা হইয়া সমাধিই ছইলেন। অনেককণ একট ভাবে বহিলেন। পরে আপাদমতক সমস্ত শরীরটি ধর-ধর্ কম্পিত হইতে লাগিল, খাদ প্রখাম কিছুক্লণ অতি ক্রন্ত চলিয়া অবশেষে একেবারে স্থিরভাব ধারণ করিল। গদগদ হরে বলিতে লাগিলেন---

এক মহালীলা হইবে, এক আশ্চর্য্য ঘটনা ঘটিবে। বেশী দিন বাকি নাই। মহাত্মারা সব বের হ'য়েছেন। গ্রা, কাশী, হৃন্দাবন, অযোধ্যাদি স্থানে এক মহাকাণ্ড হইবে। আবার সেই সত্যকাল, প্রায় স্ত্যকালই হইবে। প্রত্যেক

স্থানেই এক একটি মহাক্মা! সকলেরই হাতে পাখা আছে। এখন হইতেই তাঁহার। বাতাস করতে আরস্ত ক'রেছেন. ক্রমেই জোরে বাতাস করবেন। কাশীর বাতাস অযোধ্যায়, ঢাকার বাতাস কলিকাতায়, এরূপ একস্থানের বাউাস অক্সস্থানের বাতাসে গিয়ে মিল্বে। বাতাসে বাতাস মিশে বাতাসের বেগ আরও বৃদ্ধি হবে। ক্রমে ঝড হবে, মহাঝড় হবে। মহাঝড় গিয়ে সাগরে পড়বে। সাগরের জল বাতাদে আলোড়িত হ'য়ে গঙ্গা-যমুনাসহিত সমস্ত দেশটিকে ভাসাবে, প্রায় সকল ভারতবাসীকেই ভাসাবে। শুধু ভারতবাসী নয়, অনেক ইংরেজও ভেদে যাবে। এ স্রোত, মহাস্রোত সকলকেই ভাসাবে। কলিকাতা, ঢাক। আরও হ'তিনটি স্থানে এখনই ধীরে ধীরে বাতাস উঠেছে। মহাত্রোত। কার সাধা এ ত্রোতে বাধা দেয় ? দেশের লোকের অবিশাস সন্দেহ রন্ধি পেতে দেখা যাবে। তাতে কোন ক্ষতিই হবে না, উপকারই হবে। যাঁরা এই সাধনে আছেন, সম্পূর্ণ নিরাপদ হ'য়েছেন। বিশ্বাস করুন আরু না-ই করন, কল্পনা নয়, নিশ্চয়ই প্রভাক্ষ করবেন। ইহলোকেই থাকুন, আর পর-লোকেই থাকন, কেইই বঞ্চিত হবেন না। রামকুঞ্চ প্রমহংস, আর্ভ কোন্ত কোনও মহাত্মা প্রলোকে থেকেই সাহায্য করবেন। কিছু ভয় নাই, সম্পূর্ণ নিউয়, সভা সভাই নিউয়। এই সাধনে যাঁৱা আছেন, বলু হ'য়ে গাবেন। নামে ক্রচি, গুরুতে ভব্তি হ'লেই হ'ল। এসাধন যাঁরা লাভ ক'রেছেন, নামে ক্রচি গুরুতে ভক্তি তাদের হবেই। বিশ্বাস করুন আরু না-ই করুন, হবে-ই। ব্রন্ধারী মহাশ্য এদিকে লালা করছেন। সেই মহাপ্রলয়ের দিন এল। ভয় নাই, ভয় নাই, ভয় নাই।

বাতে শুইবার সময়ে গোসাইয়ের নিকটে প্রার্থনা করিয়া শুইলাম যেন শেবরাজিতে ওটার সময়ে সাধন করিবার জন্ম তিনি আমাকে জাগাইয়া দেন। ঠিক সময়ে স্বাধা দেখিরা জাগিরা উঠিলাম। স্বাটি এই—'ভরক্ষয় একটা দক্ষা 'রাল' হাতে লইরা আমাকে প্রহার করিছে ছুটিয়া আসিতেছে। আমি নিকাপায় দেখিয়া অত্যন্ত বাত্ত হইয়া পড়িলাম। সেই সমর্গে হঠাৎ গোস্বামী মহাশ্য উপস্থিত হইয়া দক্ষ্যকে তাড়াইয়া দিলেন।' ভর্মেও ত্রাসে আমার নিকালায়ক্ষা হইল। এই কুডু ঘটনাতেও গোসাইয়ের উপরে আমার একটা বিশাস জ্বিল।

#### গেণ্ডারিয়ার আশ্রমে প্রবেশ।

আন্ধ গোস্থানী মহাশয় গেণ্ডারিয়ার নৃতন বাড়ীতে আদিলেন। আশ্রমে যাইয়া দেখি
১৩ই ভার, ১২৯৫;
মরলবার,
আনন্দের ধাম হইয়াছে। থেল করতাল ও সন্ধীর্তনের ধ্বনিতে স্থানটি মহা
মরলবার,
আনন্দের ধাম হইয়াছে। বেলা প্রায় ১২টা পর্যান্ত হরিসন্ধীর্তন গৌর২৮লে আগন্ট, ১৮৮৮।
কীর্ত্তন ও নামগান হইল। আক্রানের অনেকে আদিয়াছিলেন। গৌরকীর্ত্তন ও নামগান হইল। আক্রানের অনেকে আদিয়াছিলেন। গৌরকীর্ত্তনিতে কাহারও কাহারও অসন্থ বোধ হওয়ায় চলিয়া গোলেন; কোন কোন প্রিদিজ
আন্ধা শেষ পর্যান্তই উৎসবে রহিলেন। একটা ধামাতে করিয়া কতকগুলি বাতাসা লইয়া
গোস্থামী মহাশয় নিক মন্তকোপরি ধরিয়া রহিলেন, পরে তাহা চারিদিকে 'হরিবোল'
'হরিবোল' বলিয়া ছড়াইয়া দিলেন। প্রকাশ্রভাবে 'হরির লুট' দিতে গোস্থামী মহাশয়কে
আন্ধই প্রথম দেখিলাম।

পরে গোস্বামী মহাশর পূবের ঘরে দক্ষিণমূথো হইয়া আসন করিলেন। বছক্ষণ এ ঘরেও কীর্ত্তনাদি হইল। শুনিলাম, আগামী কল্য গৃহসঞ্চার হইবে, মহা উৎসব হইবে। সন্ধার সময়ে বাসায় আসিলাম।

#### আশ্রম-দঞ্চার উৎদব।

প্রত্যুধে স্থানান্তে গেণ্ডারিয়া-আশ্রমে আসিয়া উপস্থিত হইলায়। হিন্দু, ব্রাক্ষ, বৈফবাদি
১৯ই ভাল, ১২৯৫; নানা সম্প্রান্থের বহুলোক একত্র ইয়া আশ্রম পরিপূর্ণ করিয়া রহিয়াছেন
৺ল্মাইনী, দেখিলায়। স্কীন্তন মহোৎসবে আজ বহুলোক মাতিলেন। বহুকণ
বুধবার। ব্যাপিয়া উৎসব হইল। ভিতরে বাহিরে এ৪ দলে কীর্তন করিল।
মুসলমনান ক্ষির ও ভাবুক বৈষ্ণব্যুক্তর যোগদানে উৎসবের আনন্দ আরও বৃদ্ধি পাইল।
বেলা ১২টা পর্যন্ত খুব ভাবোজ্যাস চলিল। পরে গোল্থামী মহাশয় স্বহুত্তে হরির লুট
বিভরণ করিয়া পূবের হুরে আপন আসনে গিয়া বসিলেন। এ সময়ে অনেকে মিল নিজ
আবাসে চলিয়া গেলেন। হাহায়া রহিলেন, ভাহায়া আহায় করিলেন। আমি গোল্থামী
মহাশরের নিক্টে বসিয়া রহিলাম। গোসাই আমাকে জিজ্ঞাসা করিলেন, "তুমি খাবে না ?"
আমি বলিলাম, প্রসাদ পাইব। বেলা প্রায় ২টার সময়ে গোল্থামী মহাশয় আমাকে
লইয়া ভাড়ার হুরে প্রবেশ করিলেন। সেগানে আমার প্রায় ১০।২টি গুরুক্রাভা গৌসাইয়ের
হুই পাশে বসিলাম। গোঁসাই আমানের প্রসাদ দিলেন। আজুই গোন্যাইয়ের প্রসাদ আমি

প্রথম পাইবাম। একটি গুরুত্রাতা যথাকালে আসিয়া আমাদের সঙ্গে জুটতে পারেন নাই; তিনি অসিয়া গোঁসাইয়ের ভোজনপাত্রহতৈ নি:সঙ্গেচে নিজেই প্রসাদ তুলিয়া নিয়া খাইতে লাগিলেন! গুরু-শিয়ের এই প্রকার ভাব আর কোথাও দেখি নাই।

দর্শনাদিসম্বন্ধে উপদেশ। অলৌকিকরূপে চরণামৃতলাভ।

স্ক্রাকালে কয়েকট গুরুত্রাতার সহিত গেগুরিয়া-আশ্রমে পৌছিলাম। গোলামী মহাশবের নিকটে বসিয়া আছি এমন সময়ে হরিচরণ বাবু, প্রসল্ল বাবু, २३८म क्षांच, ५२२४। আমাচরণ বক্ষী মহাশয় প্রভৃতি আসিয়া উপস্থিত হইলেন। গোদাই বছক্ষণ সমাধিত্ব ছিলেন। এই সময়ে অর্জ-বাহাবস্থায় অর্জ-ফুট-ত্বরে ধীরে ধীরে বলিতে লাগিলেম,—" সাধনের সময়ে আপনারা যিনি যাহা দেখেন, কল্পনা মনে করবেন না। এ সাধন এমনই জিনিস যে এসব দেখতেই হবে। প্রথম অবস্থায় এসব দর্শন চঞ্চল ও ক্ষণস্থায়ী হয়: চিত্তের নির্মালত। ও স্থিরতার সঙ্গে সঙ্গে এসৰ ক্রমেই স্পাইট ও দীর্ঘকালস্তায়ী হ'তে দেখা যায়। প্রথম প্রথম একখানা ছবির মত, পটের মত, ক্ষণে ক্ষণে দেখা দিতে থাকে; পরে ধীরে ধীরে উহা পরিকার মূর্ত্তিরূপে জীবন্ত দেখা যায়; কাথাবার্ত্তাও শুনা যায়; উহাদের সঙ্গে কথাবার্টা ব'লে উত্তর পাওয়া যায়। শুধু জীবন্তই দর্শন হয় তাহা নয়, উহাদের হাত পা নাডা ইঞ্চিতাদিও দেখা যায়। এ সাধনে শুধ আমাদের দেশের দেবদেবীরই যে দর্শন হয় তাহা নয়: এ পর্য্যন্ত ভগবানুকে যে কোন দেশে যে কোন রূপে লোকে পুজা ক'রেছেন,—আপনারা জ্ঞাত থাকুন, আর 🧦 নাই থাকুন-সাধনপ্রভাবে ধীরে ধীরে সে সমস্তই জীবন্তরূপে প্রভাক্ষ হবে। পূর্ব্বে গ্রীদে, রোমে ও অত্যাত্য দেশে, এমন কি পাহাড়ে-পর্ববতে অসভ্য লোকেরাও এপর্য্যন্ত ভগবান্কে যিনি যে রূপে পূজা করেছেন ও কর্ছেন, সমস্ত প্রকাশিত হ'য়ে পড়বে। এসব কল্পনার কথা বল্ছি না, এ সমস্ত বিষয় সত্য, প্রত্যক্ষ। ₹'তেই যদি এ সব কল্পনা মনে ক'বে তুচ্ছ করা যায়, একেবারে উড়াইয়া দেওয়া যায়, তবে সহজের পথ হারাতে হয়। কল্লনাই ভাবুন, আর যাই ভাবুন, এসকল প্রাক্তাক্ষ হবেই। ওসব সদা সর্ববদা দেখা যায় না। তার কারণ, আমাদের চিত সব সময়ে এক ভাবস্থায় থাকে না: চিত্ত স্থির হ'লেই দর্শনটি পরিকার হয়।

চিত্ত স্থির রাখতে হ'লে, খাদে প্রাখাদে নাম কর্তে হয়, পবিত্র আচার নিয়ে থাক্তে হয়। নামে রুচি হ'লে ও চিত্ত নির্দ্ধাল হ'লে একটি একটি ক'রে বাসনা কামনা ত্যাগ হ'তে থাকে। যে পরিমাণে বাসনা কামনা ত্যাগ হবে সেই পরিমাণে ওসকল প্রত্যক্ষ হবে। এইসকল দর্শনের অবস্থাই যোগের আরম্ভ। যোগের একবার আরম্ভ হ'লে আর বেশী দিন লাগে না। ক্রমে ক্রমে সব আশ্চর্য্য বিষয় প্রত্যক্ষ হ'তে থাকে, যাহা কথন কল্পনাও করা যায় না সে সব প্রত্যক্ষ ক'রে মানুষ ধতা হয়।

অধিক রাত্রিতে বাসায় আদিবার সময়ে আফুন্তানিক ব্রাক্ষ গুক্তরাতা শ্রীযুক্ত শ্রামাচরণ বক্সী মহাশদের সঙ্গে চলিলাম। তিনি রাজায় গোঝামী মহাশদের অলৌকিক ক্ষমতা ও অসাধারণ ন্যার অনেক কথা তুলিয়া, হঠাৎ বলিয়া ফেলিলেন—"দেখুন, আমি ব্রাক্ষনমান্তের লোক। ঠাকুরের চরণামৃত নিতে সাহয় পাই না। প্রত্যন্থ রাজিতে শোবার সময়ে মাথার কাছে একটি থালি বাটি রাথিয়া মনে মনে প্রার্থনা করি যেন তিনি চরণামৃত রাথিয়া যান। আশ্রুষ্টাই বাটতে ছবা প্রতিনি করণামৃত বাথিয়া যান। আশ্রুষ্টাই বাটতে ছবা আমি বাতীত আর কেহই এ বিষয় জানে না। আশ্রুষ্টাই বাগার নিত্যই ঘটতেছে। আমি বাতীত আর কেহই এ বিষয় জানে না। আশ্রুষ্টাই হালে শোবার সময়ে থালি বাটি রাথিয়া শোবেন, নিশ্চয়ই পাবেন।" বক্সী মহাশ্র চিরকাল নিজ্পট, সত্যবাদী, আন্তট্টানিক ব্রাক্ষ, ভাবিলাম—"এ আবার কি ও এই অবহা। যাহা কথনও হ'তে পারে না, তার পরথ কর্ব কি ও বক্সী মহাশয়কে বহুকাল জানি, তাহার উপরে আমার শ্রুষ্টা কমিল না, মনে করিলান, 'মুনীনাঞ্চ মতিন্তম:', অথবা অন্ত কোন বহুদাও ইহার ভিতরে থাকিতে পারে।"

#### প্রারক্ষয়ের উপায়নির্দ্দেশ।

বিকাল বেলা গোস্বামী মহাশ্রের নিকটে গোলাম। নির্জ্জন পাইয়া জিজ্ঞালা ২৪লে ভাল, ১২৯৫; করিলাম—'একটি নাম আমাকে জ্বপ কর্তে বলেছিলেন, স্বথে শনিবাব। দেখেছিলাম।'

গোঁদাই। হাঁ, হাঁ, সেই নামটিও জ্বপ ক'রো, উপকার পাবে।

আৰু শনিবান বলিরা অনেক লোকের সমাগম হইল। প্রারন্ধ ও পুরুষকার সদক্ষে অনেক কথা হইল। গোঁসাই বলিলেন—সংসারে সকলেই প্রারন্ধের অধীন। যে-ই যত চেক্টা কর না কেন, প্রারন্ধ কার্য্যের গতি কেহই রোধ করতে পার্বে না। পুরুষকারন্ধারা প্রারন্ধের উপর আধিপতা অসন্তব। লোকে পুরুষকারে সাময়িক উপকার পেতে পারে বটে; কিন্তু চিরকাল পারে না। ব্রক্ষচারী মহাশয়, পুরুষকারের প্রভাবে প্রারন্ধ কর্ম্ম অতিক্রম ক'রে, সাধনের চতুর্থ অবস্থাও পেরিয়ে গিয়েছিলেন; অবশেষে, নির্বিকল্পসমাধিস্থানে পৌছিয়ে, আবার ঠেকে ফিরে এলেন। পরে তিনি নান্তা থেয়ে, ক্ষেত্ত নিড়ায়ে, শূকর তাড়ায়ে কতকাল কাটালেন! অবস্থায় না পড়লে এসব কথা বুঝা যায় না। প্রারন্ধের হাতথেকে রক্ষা পাবার জন্ম শাস্ত্রে চুইটি উপায় ব'লেছেন—বিচার ও অজপাসাধন। যথনই যাহা কিছু কর্বে, বিস্কুপ্রীত্যর্থে কর্বে। উঠা বসা, স্নানাহারাদি যাবতীয় কার্য্য নিক্কামভাবে বা বিষ্কুপ্রীত্যর্থে অমুষ্ঠিত হ'লেই শীপ্র প্রারন্ধ কর্ম্ম শোষ হয়ে যায়। আর শাসে প্রশাসে নাম করলে আরও সহজে হয়।

গোস্বামী মহাশ্রের কথার অর্থ আমি ব্ঝিলাম না। প্রয়োজনে ঠেকিয়া, বাধ্য হইয়া আহরহ: যে সকল কার্য্য করি, তাহাতে নিজাম ভাব আনিব কি প্রকারে? আর বাছি প্রস্রাব নানাহার ইত্যাদি কর্ম ঠিক সাধন ভজনের মত ভগবৎ-প্রীত্যর্থে অনুষ্ঠান করিতেছি, ইহা মনে করিবই বা কিরুপে? খাসে প্রখাসে দশ মিনিটও নাম করিবে পারি না, ফাঁপর হইয়া পড়ি। অবিভেচ্চে খাস প্রখাস ধরিয়া নাম করিবই বা কি প্রকারে? এখন বুঝিতেছি, এ সাধন নেওছাই আমার ভূল হইয়াছে।

#### নগেব্রুবাবুর অসাম্প্রদায়িক উপদেশ।

সশিয়ে গোস্থামী মহাশয় আব্দ্ধ বাজসমাবে গেলেন। গোঁসাইকে দেখিয়া আকাণ অত্যন্ত আনন্দিত হইলেন। মহা-উৎসাহে সহীর্ত্তন আরম্ভ হইল। ভাবোচ্চ্বাসের মহা ধুম-ধাম পড়িয়া গোল। গোস্থামী মহাশরের কয়েকটি শিল্ম খুব মাতিয়া গোলেন। তাঁহাদের অবস্থা দেখিয়া সকলেই বিল্পমের সহিত চাহিয়া রহিলেন। প্রীধর ভাবে উন্মত্তবং হইয়া 'ঐ দেখ্, ঐ দেখ্ বিলয়া উর্দিকে হস্তোভোলনপূর্কক লক্ষ্ম প্রদান করিতে আয়ন্ত করিলেন। সকলেই খুব আগ্রহের সহিত প্রীধরকে দেখিতে লাগিলেন। এই সমরে আল্ম প্রায়ক্ত চণ্ডাচরণ কুশারী সহাশর ২া৪ লাকে শ্রীধরের সল্মুখে আসিয়া 'ঐ দেখ্, ঐ দেখ্ কিয়ে গু ব্রহ্ম বিলয়া চীৎকার করিতে লাগিলেন।

প্রচারক শ্রীযুক্ত নগেক্সনাথ চটোপাধ্যায় বেদির কার্যা করিয়া উপদেশ দিলেন। তিনি সতেজ বাক্যে, মর্মান্সালী ভাষায়, থুব জোবের সঙ্গে বলিলেন—'সাকার উপাসনাই কর, আর নিরাকার উপাসনাই কর, এইমাত্র দেখিবে যে, নিজের ইষ্ট-দেবতাকে যথার্থ ব্যাক্-লতার সহিত ডাকিতেছ কি না '—ইত্যাদি। ব্রাহ্মগণ আজ এভাবের উপদেশ শুনিয়া ব্যাত্ত বিরক্ত হইলেন। অনেকে বলিলেন—গোষামী মহাশর আজ সমাজে উপস্থিত ছিলেন বলিয়াই, নগেন বাবুর মুখহুইতে এপ্রকার উপদেশ বাহির হুইয়াছে।

#### সত্যনিষ্ঠার উপদেশ।

আছ তিন দিন যাবৎ নিয়ত মনে হইতেছিল—বড় দাদার ছোট কন্তা প্রিরবালা জলে পড়িয়া মরিয়াছে। সময়ে সময়ে উহার মৃতদেহ কর্মনায় আপনা আপনি মনে আসিয়া পড়িতেছিল। আজ থবর পাইলাম যথার্থই তাই। মনে বড়ই কট হইল। আমার অপর প্রাতুপুঞ্জী সর্যু নিতান্ত বালিকা, ঘটনার ২ দিন পূর্বে এরপ স্বগ্ন দেখিয়া চীৎকার করিয়া উরিয়াছিল। এইরপ্ হয় কেন ৪ ইহাতে মনে হয় প্রায়ন্ধ একটা কিছু থাকিতেও পারে।

ভয়ানক বিপদে পড়িলাম। ভিতরে অদম্য কামের উত্তেজনা, বাহিরে একটার পর একটা ভীষণ প্রলোভন! এ অবস্থায় করি কি ? ব্যভিচার করিয়া কামের বেগ শাস্তি করিব, স্থির করিলাম। কিছু ব্যবহা পাইতে গোস্থামী মহাশ্যের নিকটে গিয়া উপনীত হইলাম। একটুক্ষণ বসিয়া থাকার পর, তিনি নিজহুইতেই বলিতে লাগিলেন—

উপদেশ শুনে কি হবে ? শুধু শুনে গেলে কিছুই হয় না। জীবনে উহা পরিণত কর্তে হয়। ইচ্ছা কর্লেই সব-উপদেশ-মত চলা যায় না, সত্য। অনেকের ভাল হ'তে ইচ্ছা আছে, চেফীও আছে; কিন্তু পেরে উঠে না। সকল রিপুর উপরে সকলের সমান আধিপত্য নাই, এ খুব সত্য কথা। কিন্তু সত্য কথা তোলোকে ইচ্ছা কর্লেই বল্তে পারে; তাই বা করে কই ? সত্য কথা, সত্য ব্যবহার, সত্য চিন্তা—সকলেরই প্রয়োজন। এ তিনটি অভ্যান্ত হ'লে আর বড় উৎপাত থাকে না। ধর্মার্থিগণের প্রথমে এই তিনটি অভ্যান ক'রে নিতে হয়। পরে সবই সহজ হয়ে আসে, একয়টি সহজেই অভ্যন্ত হয়। এই তিনটি আগ্রান কর, সব উৎপাত শান্তি হয়ে যাবে।

এসব ভনিয়া আমি মনোহঃথে বাসায় চলিয়া আসিলাম। ভাবিয়াছিণাম, গোত্থানী মহাশয় বোগাচার্য্য, এসব উৎপাত শাস্তির কতপ্রকার প্রণালী জানেন, একটা কিছু মৃষ্টি-বোগ বলিয়া দিবেন। কিন্তু তিনিও ভো দেখি ব্রাহ্মসমাজের সেই প্রান নীতির গং-ই আওড়াইলেন।

#### মন্ত্রশক্তির প্রমাণ।

আমাদের মান্টার ত্রীথুক সারদাচন। পাল মহাশরের একমাত্র প্র আজ সৃত্যুল্যার ১-ছ লাখিন, শারিত। আমনা ৮০০টি সমন্বয়ক উলিকে দেখিতে গোলাম। কিছুকণ মকলবার।
নেথানে বিদিয়া আছি এনন সময়ে একটি সাধুবেশধারী রাজণ অকলাং এ বাসার আসিরা বলিকেন—"'উপরি' উপত্রবে আপনাদের একটি তেলে মারা পড়িতেছে। আপনাদের প্রবৃত্তি হইলে আমি একটি কবচ দিট, ছেগেটি ভাল হ'রে যাবে। দৈবনলে আমি এই কবচ সংগ্রহ করিয়া দিব। আপনাদের অর্থার বেনী কিছু হ'বে না; একটি বক্তু কর্তে যংকিঞ্জিং থরচ হবে মাত্র।" মান্টার মহাশার ভ্রমানক গোড়া রাজ, তিনি একেবারে হো হো করিয়া হাসিরা উঠিলেন, এবং বলিলেন—"কবচ টবচের কাজ নয়। ও সব দৈব-টের আমি মানি না। যজ্ঞ কি হে, বাপু ও কোন উষধ জান তো দাও। ওসব কিছু বিশাস করি না।" আমারা সকলেই বাজভাবাপর, মনে করিলাম—'বেশ একটা বৃত্তুক্ক আসিয়া জুটিল।' আমি জিজ্ঞাসা করিলাম—'ঠাকুর, দৈববলে আমাদের কিছু দেগাতে পার ?' সাধুবেশধারী কহিল—"হা, নিশ্চর পারি। ছেলেটির মহাবিপদ্ দেথে কবচের কথা বল্ছিলাম। উহা নেওয়া না নেওয়া আপনাদের ইছে।। ইহাতে আমার কোন স্থাহি নাই।"

দৈববল কিছু দেথাইবার জন্ম সাধুটিকে খুব জেন করিতে লাগিলাম। কেহ কেছ ঠাট্টা তামাস।ও করিতে লাগিল। অবশেষে রাজণ বলিলেন—'আচ্ছা, আপনারা কি চাহেন, রলুন।' আমরা সকলে তথন বলিলাম, 'দৈববলে কিছু থাবার মিষ্টি আনিয়া দাও।' রাজণ বলিলেন—"এক ঘটা পরিকার জল দিন, আর ঘরটি পরিকার করাইয়া দিন্। আমি মন্ত্র পড়িরা ঘথন 'আয় আয়'বলিব, তখন ঐ জল ঘরে ছিটাইয়া দিবেন।" আমরা তৎক্ষণাৎ ঝাড়ু দিয়া ঘরটিকে পরিকার করিয়া ফেলিলাম; রাজণকে নিজেদেরই একথানা কাপড় পরাইলাম, এবং এক ঘটা জল ঘবের দুখাত্বলে রাখিয়া আমরা প্রায় তথার ১০৷১২ জনে দেই রাজণের চভূর্দ্ধিকে গাড়াইয়া গুরু মত্রুতার সহিত উহার হাত মুখ নাড়ার উপরে তীক্ষ্ম লক্ষ্য রাখিতে লাগিলাম। বেলা ওটা আটা হইবে। রাজ্ঞা প্রথমে শ্রেক্তার ধরিয়া ছিরমনে জপ করিতে লাগিলেন; কিছুকাল পরেই একেবারে ইড়াইয়া উইয়া থর্ থর্ করিয়া কাণিতে লাগিলেন। তথন তিনি উর্জানিক হত্তব্য তুলিয়া বার করেক আর আর বিলা কাহাকে যেন আহ্বান করিলেন। আমরা অমনি দেই ঘটার জল ঘরময় ছিটাইয়া দিলাম। রাজ্ঞাত তথন শৃক্ত হইতে প্রকাণ্ড শেল্ন। এত বড় মিশ্রের থণ্ডটা কোথা

হইতে যে কি ভাবে আদিল, একটানা স্থির নজর রাখিয়াও আমরা এতগুলি লোকে তাহার কিছুই ধরিতে পারিলাম না। কিন্তু ইহাতেও মাটার মহাশল্পের বিধাস হইল না। তিনি স্পাইই বলিলেন,— মৃত্যু উদ্ধা ও কিছু নয়, কুসংস্কার! আমি কবচ চাই মা। সাধুটি বাড়ী হইতে চলিয়া গেলেন। ইংার প্রায় এক ঘণ্টা পরেই ছেলেটিয় মৃত্যু হইল। মাইয় মহাশল্পের বিবেকের বল অভুত! এমন আপেদেও স্বীয় ধারণা বা মতের বিরুদ্ধ কুসংস্কারের প্রশ্রম দিলেন না! ইং। আমাদের পক্ষে একটি দৃষ্টাস্ত বটে! কতকগুলি মিশ্রি বাবার আনিয়া আমি একটা শিশিতে পুরিয়া রাখিলাম, অহ্যু কিছু হয় কি না দেখিব।

#### আহারসম্বন্ধে উপদেশ—আকুষঙ্গিক কথা।

মধ্যাকে গোস্থামী মহাশয়ের নিকটে গোলাম। নির্ক্তনে অবকাশ পাইয়া বলিলাম, ১৩ই আবিন, ১২৯৫; 'সাধনের সময়ে যে সব দর্শন হইত, এথন আর তাহা কিছুই তক্রবার। হয় না!'

গোঁশাই। হয় না কেন গ কোনপ্রকার অনিয়ম হয়েছে।

গোসাইয়ের একথাট শোনামাত্র মনে হইল—'যে অনিয়ম অত্যাচারে দর্শন বন্ধ হয় তাহা তো আমার জানাই আছে, উত্তেজনাই মূল।' এই উত্তেজনাই বা কেন হয়, উহার গোড়ার কথা জানিতে ভয়ে ভয়ে বলিশাম, 'অনিয়ম তো কতই হয় । দর্শন বন্ধ হবার মূল কি তা তো বৃঝি না।'

গোলাই। অনেকপ্রকার অনিয়মে ওরূপ হ'য়ে থাকে। আহারাদির অনিয়মেও দর্শন বন্ধ হয়।

আমি। মাছ মাংৰ কথনও থাই না। উচ্ছিষ্ট থাওয়ারও তো সন্তাবনা নাই।

গোগাই। তা বল্লে কি হয় । কারও আকাওকার বস্তু, লোভের বস্তু, তাকে না দিয়ে থেলে অনিফ হয়। কোনও তমোগুণাক্রান্ত ব্যক্তির সঙ্গে এক আসনে বসে আহার কর্লেও অনিফ হয়; এমন কি, একস্থানে বসে খেলেও হয়। আহারের বস্তুতে তমেপ্রিনীর দৃষ্টি পড়লেও ক্ষতি হয়। এসব বিষয়ে যখন দৃষ্টিটি খুলে যাবে, পরিকার দেখতে পাবে ওসব লোকের দৃষ্টিমাত্র আহারের বস্তুতে কীটাপু ব্যাপিয়া পড়ে। এসকল পুর্বেব ভো কিছুই বৃশ্তে পার্ভামনা, মান্তামও না। কিন্তু প্রত্যক্ষ হ'লে আর অবিখাস করি কিরপে ? আহারের বস্তুতে লোকের সংস্পার্শ ও দৃষ্টিতে বিশেষ অপকার করে। দরজা বন্ধ ক'রে

কাহার করা এখনও অনেক প্রাক্ষণের নিয়ম আছে। এজন্য দেবতার ভোগেও দরজা বন্ধ ক'রে দেওয়া হয়। তুমোগুণাক্রণান্ত ব্যক্তির দৃষ্টি আহার্য্যে পড়্লে উহা ভোগে লাগে না, নফ হয়। এজন্য দরজা বন্ধ করে ভোগে প্রস্তুত করারও নিয়ম আছে। ভাবচুফ্ট, স্পর্শত্নি ও দৃষ্টিতুন্ট বস্তু আহার কর্পে ক্ষতি করে; দেবতাকে দিলেও অপরাধ হয়। আহারের দোষে অনেকপ্রকার উৎপাত্রের সৃষ্টি হয়, ওতে সম্স্তু রিপুরই উত্তেজনা জন্মে। এইজন্ম এ সব বিদয়ে পুর্ব সতর্ক থাক্তে হয়।

আমামি। শুদ্ধাশুদ্ধ বস্তুপরিকার নাজেনে ইউদেবতাকে নিবেদন কর্লে আমার অপরাধ হবেনা ? আমার তাতে ইউদেবতার কোনও ক্তিহ্বেনা?

পোসাই। না, কোন অপরাবই হয় না। কারণ উহা তো ব্যবহাই। ওরূপ না কর্লে যে রক্ষা পাবার উপায় নাই। ইফ্টদেবতারও কোন ফাতি হয় না। যথামত নিবেদন কর্লে ইফ্টদেবতা জান্তে পারেন, সতক্ত হন। ওতে কোন দিকেই অনিফী হয় না।

আনি। ইট্রদেবতার কুপার আহারের বস্তু শোবিত হ'লেও তো আবার দ্বিত হইতে পারে; এজন্ত প্রতি গ্রাস নিবেদন ক'রে থাকি। উচ্ছিট বস্তুপুনঃ পুনঃ নিবেদন ক্রায় ইট্রদেবতার অনিষ্ট হয় নাণু

গোঁসাই। না, কিছুই না। ঐ রকমই কর্তে হয়। এজন্ম আহারের সময়ে অনেক রাজ্মণ কথাই বলেন না, মৌন থাকেন। দেশে এখনও রাজ্মণদের মধ্যে এই নিয়ম প্রচলিত আছে। পূনের ঝারিগণ এসব খুব আবশ্যক বুঝেছিলেন; তাই আমাদের হিতের জন্ম শারোদিতে লিখে রেখে গেছেন। বিত্ত তপস্থাতে তাঁরা যে সকল মহাসত্য অভ্রান্ত বিষয় আবিকার করেছিলেন, তার তদ্ধ অবগত না হ'য়ে, একেবারে কুসংকার ব'লে উড়ায়ে দেওয়া ঠিক নয়। ঝিষরা যা সত্য ব'লে প্রত্যক্ষ ক'রেছিলেন তাই আমাদের কল্যাণের জন্মই রেখে গেছেন, মিথ্যা কথা কতকগুলি লিখে রাখায় তাঁদের তো কোনও স্বার্থ ছিল না। আমরা প্রকৃত ধর্মে লাভ করি, এই উদ্দেশ্যেই তাঁরা শারোদি লিখে গেছেন। যা সত্য বৃশ্ব তাই এখন ক'রে যাও। সকল নিয়ম এখনই প্রতিপালন কর্তে পার্বে

না; সাধ্যমত যতটুকু পার, ক'রে যাও; তাতেই ঢের উপকার পাবে। সকল নিয়ম রক্ষা ক'রে চলা যদি সহজ হ'ত, তা হ'লে তো অনায়াসে সকলেই সিদ্ধি লাভ কর্তে পারত। আহারটি সর্বশ্রেষ্ঠ ভজন। প্রণালীমত আহার কর্তে পারলে তাতেই সব হয়, আর কিছুই কর্তে হয় না । তা তো কেছু কিছু করে না, জানেও না। আহার বিষয়ে নানাপ্রকার অনিয়ম চল্ছে, তাতে বড় অনিষ্ট হচ্ছে। এখন যা পার ক'রে যাও। ক্রমে সবই জান্বে, কর্তেও পারবে।

#### চরণামতলাভ ও তদিয়য়ে উপদেশ।

আমার বোগ অতান্ত বাজিয়া পড়িয়াছে; কুলও ছুট হইল। বাজী যাইতে প্রস্ত হয়ন হারিল, হইলাম। বাজীর নামে আমার হাংকম্প উপস্থিত হয়। গোস্বামী ১০৯০ মারলার। মহাশরের সঙ্গহইতে তলাং থাকিয়া, আপদে পড়িলে কি প্রকারে রক্ষা গাইব, ভাবিয়া বাস্ত হইলাম। শ্রামাচরণ বক্দী মহাশয় বলিয়াছিলেন—'গুরুর চরণামৃত প্রহণ করিলে শারীরিক ও মানসিক বিকারের শান্তি হয়।' আমি ইহার কিছুই বুঝি না, তবে বক্দী মহাশয় বজই বাঁটা লোক, তাঁহাকে খুব বিশ্বাস করি। তাই, ভবিষতে বিষম উৎপাতের ভয়ে, উহা সংগ্রহ করিয়া রাখিতে আমার প্রস্তি হইল। আমি গোস্বামী মহাশয়ের নিকটে উপস্থিত ইয়া দেখি ঘরভরা লোক; নিজনে চরণামৃত পাওয়ার আকাজ্যা মনে মনে গোসাইকে জানাইলাম। তিনি একটু পরেই প্রস্তাব করিবার জন্ম বাহিরে গেলেন। আমিও সেই স্বাহাগে গিয়া বাবেনলায় দাঁড়াইলাম। গোঁসাই আমার নিকটে আসিবামাত্র প্রণাম করিয়া তাঁহার পাদোদক গ্রহণ করিলাম। প্রার্থনা করিলাম, 'আমার যেন গুরুতে—সভ্যবস্তুতে নিষ্ঠা হয়।' অন্ত প্রার্থনা আসিল না। চরণামৃত দিয়া গোসাই বলিলেন—ইহা যত গোপনে ব্যবহার কর্বে, তত্ত উপকার পাবে। লোকের সাম্নে গ্রহণ ক'রে। না, আর কাহাকেও জান্তে দিও না।

্বারদীর ত্রন্ধারীর দঙ্গ ; মঁহাঁপুরুষের বিচিত্র উপদেশ ও অসাধারণ আচহণ।

বাড়ীতে মাদিয়া কিছু দিন বেশ কাটাইলাম। পরে নানা দিক্হইতে নানাক্ষণ উৎপাত
আগ্রহারণের
আসিয়া উপস্থিত হইতে লাগিল। উপস্থাপরি প্রবল প্রলোভনে চিডকে
বিষ্মবাহ, ১২৯৫। বিষম বিক্ষিপ্ত ও প্রস্কু করিয়া ফেলিল। ভাবিলাম, এবারে আরে কার কলা
নাট্ট, নিশ্চয়ই স্বেছোচারে গা ঢালিয়া ব্যভিচারে প্রস্তুত ইইতে ইইবে। প্রতিদিনই আমি

চন্ধিত্রখালনের আশকা করিতে লাগিলাম। দিবসের কুচিত রাত্রিতে কর্নায় মূর্ভিমান্ ইইয়া আমাকে অহির করিতে লাগিল। শরীর পূর্কাপেকা আরও নির্জীব ইইয়া পড়িল। পড়া-ভিনা একরুপ তাগাই করিলাম। পরীকার হৃষণেও হতাশ ইইলাম। সাধন ভজনেও চিত্ত উদাসীন হইয়া উঠিল। দিবানিশি আমার ললাটোপরি নিবিড় নীল আকাশে নিয়ত যে সপ্তর্ধিওল দর্শন ইইজ, ধীরে ধারে উহা মেঘাছের ইইয়া, ওপ্তর্হিত ইইয়া গেল। আমি অহনিশি 'হা হতাশ' করিয়া কাটাইতে লাগিলাম। কুডিস্তার ফল হাতে হাতে পাইয়াও ছাড়িতে পারিলাম না। নির্দায় ইইয়া তথন সমস্ত অবহা ব্রক্ষচারী মহাশম্বকে লিখিয়া আনাইলাম। তিনি বহতে গ্রের উত্তর দিলেন—

#### " নির্কিলোভবু।

মন থাবাপ হ'লে এলানে এসে উপদেশ নিয়ে বাইন্ - বেদনা কল্ফ হ'লে দার নাটি বুকে ডলিম্ - কনে বাবে। পরীকাল উতীর্ণ হবা। পিংলি জ্তা পরিস্না, শীতনিবারণার্থে সাধারণ। সৰ আপদ দূর হবে, কোন ভয় নাই।

#### আঃ--একচারী: "

প্রথান পাইয়: ব্রুচারীকে দেখিতে প্রবল আকাজ্ঞা জ্মিল। পাড়ার ঘনিঠ আগ্রীয় ব্রুকটিবাগণকে সঙ্গী পাইলা বার্দীর রওনা ইইলাম। সকাল বেলা ইইতে তটা প্রয়ন্ত ইাটিয়া ব্রুকচারীর নিকট পৌছিলাম। ব্রুকচারী প্রথমে জিজ্ঞাসা করিলেন—"আমার পত্র প্রেছিস্ ?" আমি বিলাম—"ই।।" ব্রুকচারী বলিলেন—"আফা কি থেয়েছিস্ ?" আমি—"কৈছুনা।" ভিনিয়াই ব্রুকচারী মহাশয় তথন "ভজ্লেরাম"কে ডাফিলা কহিলেন—"ওগো, আফ্রাকে ব্রুক্ত ক'রেছ সব নিয়ে এস।"

ক্ষেহময়ী সেবিকা তৎক্ষণাৎ থালাভরা নাড়ু আনিয়া এলচারীর সমূথে রাণিকেন। এলচারী মহাশয় আমাকে বলিলেন—"এসব নিয়ে থা।" আমার স্ফের এ:ক্ষণটিকেও অন্তরোধ ক্রিলেন। তিনি বলিলেন—"আপনার প্রসাণ হ'লে থেতে পারি।"

ব্দাচারী বলিলেন— প্রসাদ কি ? ইচ্ছা ইইলে থেতে পাব।" আমি ব্রাহ্মণাটকে বলিলাম— "উনি যথন দিতেছেন তথনই প্রসাদ হয়েছে। নিন্না ?" ব্রাহ্মণকে একটু ইতন্তত: করিতে দেখিয়া ব্রুছারী মহাশয় আমাকেই স্বগুলি খাইতে ধলিলেন। সেবিক্র নাড়র খালা রাল্লাঘরে লইয়া গিয়া আমাকে আসন পাতিয়া বসিতে দিল; এবং ব্রহ্মারীয় কথামত সমস্ত নাড়ুগুলি খাইবার জন্ত আমাকে জেদ করিতে লাগিল। আমি বিষম মুদ্ধিল পড়িলাম। এক থাবা ভাত আমার পুরা আহার; অর্ধ্বেরের অধিক পরিমাণ এই নাড়

আমি খাইব কি প্রকারে ? বিশেষতঃ পিত্তপুল বেদনায় নাড় বিষত্লা। যাহা হউক, জন্ম-চারীর আনুশে মনে করিয়া সমস্তগুলি নাড়ই খাইলাম। ভল্লেরাম কহিল- "বাবা আৰু মধ্যাকে আমাকে ডাকিয়া বলিলেন একটি ছেলে অনাহারে খুব পরিশ্রাস্ত হ'রে আসছে। উৎকৃষ্ট নাড় বেশী পরিমাণে প্রস্তুত করে রাথ, সে এলে থেতে দিবি।"

আছারাতে একচারীর নিকটে গিয়া বসিলাম। মিলিয়া মিশিয়া অনেককণ আলাপ করিলেন। অপরাহ ে। টার সময়ে ব্রহ্মচারীর আহায়া প্রস্তুত হইল। আহারের পর তিনি আমাকে প্রসাদ পাইতে বলিলেন। আমি বলিলাম—"এইমাত্র রাশীকৃত নাড় থেয়েছি। এত খাবার বহুকাল থাই নাই। এখন আবার খাব কিরূপে ?" ব্রহ্মচারী বলিলেন-"থেতে বস না গিয়ে, কুণা পাবে এখন !" আমি আর প্রতিবাদ না করিয়া আহার করিতে বসিলাম। অদূত মহাঝার কপা! প্রসাদের চমৎকার গল্পে আমার লোভ হইল, কুধা পালে। কচির সহিত নির্মিত আহারেরও প্রায় চতুওণি থাইলাম। রাজে ব্ৰহ্মচারীর ঘরের পাশেই রালাঘরে আমার শ্যমের বাবজা হইল। গভার রাত্তিতে হঠাৎ নিদ্রাভঙ্গ হওয়ায় ভানিলাম একচারী মহাশয় ভজন গাহিতেছেন—''প্রাণ গৌরাঙ্গ, নিতান-দ-জীবনক্ষণ, জীবনক্ষা ।" গাহিতে গাহিতে তিনি কাঁদিতে লাতিলেন। সকাল বেলা উঠিয়া প্রাতঃক্রিয়াস্থাপনাত্তে ওল্চারী মহাশ্যের নিকট গিয়া বসিলাম। তিনি আমাকে ডাকিয়া বলিলেন—" ওরে, তোর কিছু বলুবার থাক্লে এথন বল।"

আমি। কামের অন্মহ যন্ত্ৰায় আমি বড় অন্তির হ'তেছি। কি করব গ ব্ৰহ্মচারী। কেন. রম্পুকরবি। তোর কি জুটে না পু আমা। চেরজুটে; কিন্তু তাতে যে পাপ হয়!

ব্ৰহ্মচারী। আছো, যা: ভোকে কোন পাণ স্পূৰ্য বৰ্বে না। সৰু পাণ আমার। আমি। লোকে যে নিন্দা করবে।

ভ্রহ্মচারী। কে নিন্দা কর্বে ? জ্ঞানীরা নিন্দা কর্বে না-- মুরক্ষুরাই কর্বে। মরুকুর নি-লায় কি হয় প

আমি। জ্ঞানীরা নিন্দা করবে নাকেন? সকলেই তো ঐ কাঙ্গের নিন্দা করে।

ব্রহ্মচারী। দেড়বংসর হুইবংসরের একটি ছেলে যথন দৌড়িতে শেখে তা দেখেছিস ? ৮।১০ হাত দৌড়িয়ে গিয়ে হড় মুকরে আছাড় থেয়ে পড়ে, আবার উঠে। ২৫ বংশরের একটি যুবক যদি সেই শিশুর উঠা পড়া দেখে হাঁসে, ঠাটা করে, ভাকে কি বলব দ

বহ্দচারী মহাশয় গোঁদাইকে চিরকাল "ভীবনকুক " বলিয়া ডাকিডেন।

সে • শালা মুরুকু না ? সে জানে না যে কত উঠা প্রড়া ক'রে এখন তার ঠাকে জোর হরেছে, সে হজেশ দৌড়িতে পাবে। শিশুর উঠা পড়ায় কি জ্ঞানীরা নিলা করে ? কত আছাড় থেয়ে, পড়ে উঠে, তবে বলবান্ হয়-—জ্ঞানীরা তাজানে।

আমি। আছো, আমি ও হ'লে আপনার উপদেশমতই গিয়ে চলি, নির্ভির কথা তো ছার আপনি ব্লুছেন না ?

ব্রহ্মচারী। "আমি ভোকে নিবৃত্তির কথা বল্ব কেন ? তোর কর্ম্মেই ভোকে নিবৃত্ত কর্বে। আমি উৎসাহ দিলেই কি তোর সাধ্য খাছে যে তুই কর্তে পারিস্থ ইটি জেনেই তোকে বল্ছি। তুই গিয়ে দেখ্না! এখন ধর্ম ধর্ম ক'বে অভির হইস্না। ক্রমণেয না কর্লে কিছুতেই কিছু হবে না। এখন গিয়ে লেখা পড়া কর্, প্রার<u>ক শেষ ক্র</u>। ধর্ম পরে লাভ হবে। আমি আরও একশত বংগর আছি; শুধু ভোদেরই জন্ত, আমার আর কিছু প্রয়োজন নাই। " এই বলিয়া একচননী আমাকে চলিয়া যাইতে বলিলেন। আমি বলিলাম-এখন আনার যাইতে-ইচ্ছা নাই: কিছুদ্ন আপনার নিকটে থাকতে ইচ্ছা হয়। বৃদ্ধচারী — তা বেশ, থাকৃতে পারিস থাকু; তোর ক্ষেই তোকে টেনে নিবে। এই বলিয়া তিনি গোঁসাইয়ের কথা তুলিলেন, বলিলেন—" গোঁসাই দেশবিদেশে আমাকে মহাপুরুষ ব'লে প্রচার ক'রে আমার সর্বনাশ কর্তে ৷ ২৫ বংসর কাল আমি এথানে বেশ ছিলাম; এথন বোগার চীৎকার আর মান্লা মোকদমার কথা উদয়ান্ত আমি ভনি। এই জন্মই কি আমি এখানে আছি ? শালা অন্ধ, মুককু! কচি-কচি ছেলেওলোকে যোগ-শিকা নিচ্ছে আর বলে 'পরমহংসজী পরমহংসজী'!" এইপ্রকার নানা কথা গোঁসাইকে বলিয়া, আমাদের সাধনের কুৎসাও করিতে লাগিলেন। আমি সেসব কথা ভনিয়া কাঁদিয়া ফেলিলাম; তথনই চলিয়া আমিতে প্রস্তুত হটলাম। ব্রহ্মচারীর কথায় অতঃপর আহারাস্তে বেলা ১২টার পর ঢাকায় রওনা হইলাম।

#### ব্রহ্মচারীর সঙ্গ মানা।

গেণ্ডারিয়ায় আম গাছের নীচে গোঁ সাইকে নির্জনে পাইল ব্রহ্মচারীর বিষয় সমস্ত কথা বিল্লাম। গোলামী মহাশয় শুনিয়া বলিলেন—

এখন তোমাদের যে কেহ ক্রক্ষারার নিকটে যাবেন, তাঁকেই তিনি একবার 'নাড়া-চাড়া' কর্বেন। আমাকে তিনি আক্ষেপ ক'রে বলেছিলেন—" মূনি-খাষি-দের 'কল্জে' তুই শেয়াল কুকুরগুলোকে বিলাচিছ্স্!" আমি বল্লাম, যেমনু

প্রমহংসজী আদেশ করেন তেম্নি আমি করছি। তিনি বল্লেন—"আচ্ছা, আমি একবার বেশ ক'রে দেখব!" তাই এখন তিনি আরম্ভ করেছেন। এতে তোমাদের আর কি 

৽ আমাকেই পরীক্ষা করছেন 

! তিনি বলেছিলেন—তোর 'নাডি-ভুঁডি' আমি টেনে বের করব। এখন তিনি তাই করছেন। যত পারেন করুন। তবে, তোমরা এখন কেহ সেখানে গেলে ক্ষতিগ্রস্ত হবে। একণা সকলকেই বলে দেওয়া ভাল।

গোস্বামী মহাশ্যের একথা আমাদের সকলের ভিতরেই প্রচারিত হইল। প্রায় সকলেই অতঃপর অক্ষারীর নিকটে যাতায়াত ছাড়িয়া দিলেন। কিন্তু, যাহারা অক্ষারী মহাশয়ের নিকটে যাতায়াত বন্ধ করিলেন না, তাঁহারা অলকাল মধ্যেই প্রায়ন্ধবাদী হইয়া সাধ্য ভক্তন প্রিত্যাগ পূর্বক, বিষম হ্রবস্থাপন্ন হইয়া পড়িলেন।

> বড় দাদার অ্যাচিত দীক্ষালাতে আমার আক্ষেপ্। ঠাকুরের সান্ত্রনা দান।

বড দাদার নিকট্হইতে একথানা পত্র পাইলাম। তাহাতে তিনি লিথিয়াছেন-"দীকুল লাভের জন্ম অতান্ত ব্যাকুল অবস্থায় গোস্বামী মহাশয়ের কুপার উপর তাকাইয়া অপেকা করিতেছিলাম। ইতিমধ্যে একদিন শ্রীযুক্ত রামানন্দ অব্রোহায়ণ। স্থামী (রামকুমার বিভারত্ব, এক্সাধর্ম প্রচারক মহাশয়) হঠাৎ করজাবাদে আ দিয়া আমাকে পরের কিছমাত না বলিয়া, গুপ্তার ঘাটে বেড়াইতে নিয়া গেলেন। দেখানে তিনি নামার অনিচ্ছাসত্তেও কানে নাম দিয়া বলিলেন.— 'আমি তোমাকে দীকা দিলাম। এই নাম জপ কর। ' আমি ইহা দৈবনির্বন্ধ ভাবিয়া, দীক্ষা বলিয়াই মানিয়া নিয়াছি: এবং নিয়মমত অপ করিতেছি, উপকারও পাইতেছি।"

দাদার পত্রথানা পাইয়া মাথা ঘুরিয়া গেল। প্রাণে অসহ যাতনা হইতে লাগিল। আমি অবিলম্বে গোলামী মহাশয়ের নিকটে পৌছিয়া পত্রথানা তাঁছার ছাতে দিলাম। তিনি উহা প'জ্য়া একটু হাসিমুখে আমাকে বলিলেন,—এ তো বেশ হয়েছে! যাক্, হ'য়েইড গেল। ভগবান কভপ্রকারেই লোকের মঞ্চল করেন।

আমি। আপনি আগে আশা দিয়া দাদাকে একটু জানালে বোধ হয় এরপ হইত না। গোঁগাই। কেন ? এ মন্দ কি হয়েছে ? ঈশ্বেচ্ছায় যা হয় তা कि कथन মুন্দ হ'তে পারে ? এ ত ভালই হয়েছে।

আনমি। তাঁকে যদি আগপনি কপানাকরেন তাহ'লে হবে না। আমি একাই আপনার কপাভোগকরতে চাই না।

গোপাই। কেন ? তাঁর কাজ তিনি করন্, তোমার কাজ তুমি কর। যাঁর যাঁর কাজ তাঁর তাঁর কাছে।

আমি ইহার পর আর কিছু না বলিয়া কাঁদিতে লাগিলাম। পুন: পুন: মনে মনে গোসাইকে প্রণাম করিয়া, প্রার্থনা করিতে লাগিলাম—"দাদাকে যদি দরা করিয়া প্রীচরণে টানিয়া না আনেন তাহা হইলে আমারও কিছুই প্ররোজন নাই। দাদাকে ছাড়িয়া মুক্তিলাভেও আমার আকাজ্জানাই।" গোঁসাই আমার পানে একটু সময় তাকাইয়া থাকিয়া তােখ্ বৃজ্জিন। কিছুক্ষণ পরে আবেশ অবস্থায় ধীরে ধীরে বলিতে লাগিলেন—একটি বৈছা গাছের শিকড়ের সহিত কোনও বস্তু মিলায়ে রোগীকে ঔষধ দিয়ে থাকেন, রোগী আন্রোধা হয়। কোলকে উম্পের মধ্যে মাত্র শিকড়টাই দেখে; সত্য বস্তু দেখে না। একব্যক্তি ভাব্ল, 'এ ত শিকড়েরই গুণ। তিনি বস্তুটি বাদ দিয়ে একটি রোগীকে সেই শিকড় মাত্র সেবন করতে দিলেন। স্কুতরাং রোগের আবোগ্য নাই। ইত্যাদি।

কিছুল পুৰে আবার বিশতে লাগিলেন—এক ব্যক্তি ধানগাছ জন্মাবে স্থির কর্লে।
আতি কুলা একটি উর্পবরা ভূমি পেয়ে মনে কর্লে চাধার। অসুর্বরা অপরিকার
ভূমিতে ধান ছড়াইয়া রাখে, তাতেই কেমন স্থানর ধান হয়। আমি এই স্থানর
ভূমিতে ধান বুনিতে দিব না; যেমন স্থানর সার মাটি তেমনি স্থানর ধানের
সার বুন্বো। সে তুষ কেলে চাল বুন্ল। ধান বুন্লে অতি স্থানর ফলল
জন্মতা। চালে তা কিছু হবে না। ইতাদি।

অপ্টেন্ডাবে এই প্রকার আরও অনেক কথা বলিলেন। পরিকার ব্রিতে পারিলার না বলিরা লিখিলাম না। এই সময়ে গোস্বামী মহাশয়ের চকু দিরা খুব জল পড়িতে লাগিল। কির্থকাল পরে চোথ মুছিয়া, মাথা তুলিয়া, আমার দিকে তাকাইয়া বলিলেন— তোমার ছঃখিত হবার কোনও কারণ নাই। তাঁকে আমার নিকটেই আস্তে হবে। এই সাধনে ফল পাবেন না; তৃস্তি ও লাভ কর্বেন না। এখন সাময়িক একটু শাস্তি পেতে পারেন। এখন উনি এ সাধনই কর্ফন; ওতে বেশ শিক্ষা ছবে। পরে অল্প সময়েই বেশ ফল পাবেন। তুমি কখনও তাঁকে নিরুৎসাহ ক'রোনা। থুব উৎসাহ দিয়ে পত্র লিখ।

আমি। দাদার আদ্তে হবে, তবে অনেকটা সময় নষ্ট হইল।

গোঁদাই। না, এ নফ নয়। এতে তাঁর উপকারই হবে। আর এ ঘটনায় তোমারও খুব উপকার হবে। তা তুমি শীশুই জান্তে পার্বে। নির্দিষ্ট সময়টি অতীত হ'লেই বুঝবে, এ ঘটনায় তোমার দাদারও কত উপকার হয়।

বিন্যারত্ব মহাশয় দাদাকে দীকা দিয়া সময় নির্দেশ করিয়া বলিয়াছেন—'ছয় মাসে তুমি সিজ হইবে।'

#### একমাসে সিদ্ধিলাভের উপায় নির্দেশ।

থুব অল্লসমসমধ্যে সিদ্ধাবস্থা লাভ করিবার একটি প্রণালী আন্ধ গুরুদেব আমানি সন্ধিব বিলিয়া দিলেন। একমাসকাল কেই ব্যবস্থাস্থ্যক নির্মিন নানিই প্রিণালী অস্পারে সাধন করিলে নিশ্চয়ই তিনি সিদ্ধিলাভ করিবেন। শীঘ্র দেহত্যাগ বংশে অগ্রহারণ, ১৯৯৫, মঙ্গলনার; হইবে, যদি কাহারও প্রাণে এইজপ আশকা হন্ত, সিদ্ধিলাভের পূর্বেই সলা ডিসেম্বর, দেহত্যাগ হইতে পারে বলিয়া যদি কাহারও অস্তরে আক্ষেপ আসে, আনায়াসে তিনি ইচ্ছা করিলে একমাসকাল নিয়মে থাকিয়া এই প্রণালী ধরিয়া সাধন করিতে পারেন; সিদ্ধিলাভ কর্বেন। নিয়মগুলি অত্যক্ত বলিয়া, কাহাকেও গুরুদেব জেল করিলেন না, "বাহার ইচ্ছা হয় এই মত সাধন করিতে-পারেন" ইহাই মাত্র বলিলেন। নিয়মগুলি এই—-

- ১। লোকসঞ্চত্যাগ। বিশেষতঃ দ্রীলোকের দর্শন, স্পর্শন, তাঁহাদের সম্বন্ধে শ্রবণ ও চিস্তাদি সম্পূর্ণরূপে বর্জ্জনীয়।
  - ২। নির্জ্জনে শুটিশুদ্ধভাবে দিবসে একবারমাত্র স্বপাক আতপাল্ল-আহার।
- ৩। শয়নত্যাগ। অত্যস্ত অবসাদ বোধ হইলে নিভান্ত আবশ্যক্ষত, বাহুমাত্র উপাধানে ভূমিশয়ন।

বাহিরে এইসকল নিয়ম পালনের সঙ্গে সঙ্গে, নির্দিষ্ট প্রকারে মুজাবন্ধন এবং অহনিশি সিন্ধাসনে উপবেশনপূর্বক প্রাণায়াম, কুন্তকসংযোগে প্রণালীমত নামসাধন ক্রিতে হইবে।

এই প্রকার নিয়ম অবলম্বন করিয়া, একমাসকাল কেহ সাধন করিলে, নিশ্চয়ই তিনি সিন্ধাবস্থা লাভ করিবেন। অন্তঃ তিনটি দিনও যদি কেহ করেন, তিনি সাধারণের চূর্লভ কোনও একটি বিশেষ অবস্থা লাভ করিবেন, ইহাতে আর কোনও সংশয় নাই।

মুলাটি দেখাইয়া বলিলেন— এই প্রাকার মুদ্রাবন্ধন ক'রে আসনে বসা অভ্যস্ত হ'লে কামক্রোধাদি রিপুগণ নিস্তেজ হয়; শরীর রসশৃহ্য, সাধনোপযোগী সবল ও স্তন্থ হ'য়ে থাকে।

## গেণ্ডারিয়া-আশ্রমে ঠাকুরের কুটীর।

গণ্ডারিয়ার আশ্রম সঞ্চারের কিছুদিন পরেই গোস্বামী মহাশয়ের আসনকূটার নির্দ্মিত হয়। সোলাইনের শিশ্ব সিত্তক কল্পনার মহাশয় ইহা প্রস্তুত করাইয়া দেন। আদ্রবক্ষের উত্তর-পূর্ব্ধ কোণে, ৮ হাত অস্তরে ঐ ঘরটি অবস্থিত।

ছোট ক্টারথানা দক্ষিণবারী, পূর্ব-পশ্চিমে লখা। দৈর্ঘ্যে ১০ হাত, প্রন্থে ৮ হাত মাত্র। মৃত্তিকার প্রাচারে নির্মিত; চোচালা, ছনের (থড়ের) ছাউনীতে আর্ত্ত। কুটারের স্থাকামীঝি দক্ষিণদিকে মাত্র একটি দরজা এবং উহার পশ্চিমাংশে উত্তর-দক্ষিণের দেওয়ালে আড়াআড়ি হটি ছোট ছইটি (১ ফুট প্রস্থান্ত এই লখা আয়তনের) গবাক্ষ। কুটারের ভিত্তনে ইইটি প্রকোঠ। দরজার পূর্ব্ধার ঘেঁইয়া উত্তর-দক্ষিণে লখা, একটি উচ্চ প্রাচার সমস্ত ঘরধানাকেই পূর্ব-পশ্চিমে ছইভাগে বিভক্ত করিয়ছে। পূর্ব্দিকের যোগপ্রকোঠে প্রবেশের একটিমাত্র ও কুট লখা ২ ফুট প্রস্থ চৌকাটহীন সক্ষ পথ; উহা ভিতরের দেওয়ালের উত্তরদিকে রাখা হইয়াছে। এই প্রকোঠে বেলা হই প্রহরের সময়েও আলো প্রবেশ করে না; অয়কারময়। ইহারই দক্ষিণের দেওয়াল সংলগ্ধ, উত্তরমূথে গোস্বামী মহাশরের আসন বহিষাছে। সন্মূথে মাত্র ধুনী; খবে আর কিছুই নাই।

সাধারণতঃ, গোপামী মহাশয় পশ্চিমদিকের অর্থানাতেই বসিরা থাকেম। পূর্কদিকের অর্কার্ময়র কুঠ্নীতে গোপামী মহাশয় পঞ্মুও আসন ক্রিবার সহল করিয়াছিলেন—আসন রচনার আরোজনও হইয়াছিল। কিন্ত হঠাৎ সে সহল ত্যাগ করিলেন। শুনিলাম, তিনি বিলিয়াছেন বে—'পঞ্মুপ্তাসন করিয়া উহাতে একবার বসিলে, এই হান ত্যাগ করিয়া, অভ্যত্ত আর কোথাও যাওয়ার উপায় থাকিবে না। স্ক্তরাং উহাতে আর প্রয়োজম নাই!' কিজ

পঞ্চমুগ্রাসন না করিলেও দিবসের কোন কোন নির্দিষ্ট সময় ধরিয়া ঐ আসনেই বসিতেনু।
'গোবানী মহাশয়ের আশ্রমকুটীরের উত্তরদিকের দেওয়ালের বহির্গাতে ব্রুহতে তিনি নিশান আঁকিয়া তহুপরি শ্রীঞীক্ষটতেঞ্চ মহাপ্রভূব নাম এবং আসন্বরের ভিতরে ঐ দেওয়ালের গাতে ক্ষেক্ট উপদেশ চক্ধড়ির ছারায় পিথিয়া রাধিয়াছেন।

(ক) কুটীরের উত্তর দেওয়ালের বহির্গাত্তে—

# ওঁ প্রীকৃষ্ণতৈতন্যার নসঃ।



# (খ) কুটারের অভ্যস্তরে দেওয়ালের গাত্রে— এইছা দিন নাহি রহেগা।

- ১। আত্মপ্রশংসা করিও না।
- ২। প্রনিন্দা করিও না।
- ৩। অহিং দা পরমো ধর্মঃ।
- ৪। সর্বজীবে দয়া কর।
- ে। শাস্ত্র ও মহাজনদিগকে বিশ্বাস কর।
- ৬। শাস্ত্র ও মহাজনের আচারের সঙ্গে যাহা মিলিবে না তাহা বিষবৎ ত্যাগ কর।
  - ৭। নাহংকারাৎ পরে রিপুঃ।

## 

# ७ क्रिक्टिइस्माच महाहा

# ্ৰটি ব্টিডাৰ শভাৰত বংশালনালৰ বাচিল প্ৰস্তুত দিনা নিয়ালি স্থানিক চ

A MATERIAL WAS A CO.

TOP TO THE TOP TO THE

8 1 2 基本代表 中国1 老年。

WIND THE REPORT PROOF FRESH WY

कित का अन्य च व्यवस्थित आस्ट्रिस म्हे के प्राप्त भिलिद्ध स

্ ্ ক্রিক বিলবং ত্যাস কর।

अ। इ.स. १४०० व्यव विभूश।







J (+ 3)

### সাধকের পক্ষে, প্রাত্যহিক প্রতিপাল্য বিধি।

আৰু আমার সাধন-জীবনের তৃতীয় বংসর আরম্ভ হইল। অপরাছে গেণ্ডারিরা-আশ্রমে রান্ত্রান, ১২৯৫; উপস্থিত হইলাম। গোস্থামী মহাশয় সমাধিস্থ রহিরাছেন, দেখিলাম রিবিনার। ক্রেকটি গুরুলাতা তাঁহার সমূথে স্থিরভাবে উপবিষ্ট আছেন। কিছুক্ষণ পরে গোস্থামী মহাশয়ের বাহুন্দৃর্তি হইল। তিনি ধীরে থীরে আমাদিগকে বলিতে লাগিলেন—প্রাণায়ামের কাজ তোমাদের প্রায় শেষ হ'য়ে এসেছে। এখন সঙ্গে কয়েকটি নিয়ম রক্ষা ক'রে চল্তে চেইটা কর্বে।

- ১। ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম—এই প্রঞ্ছতে প্রণালীমঠ দৃষ্টি-সংখন অভ্যাস করবে।
- <u>শ্রু সামেরেজি</u>য়ের <u>শ্যুভার ৮ জিলের</u> প্রশান্ততা সর্বদা রক্ষা ক'রে চল্বে।
- ৩। দম-ইন্দ্রিরে বিষয়হ'তে বেসমস্ত কুঅভ্যাস জন্মে, তা হ'তে মনটিকে নির্ভ রাখ বে।
- করে। তিতিকা---সকল প্রকার ছঃখের অবস্থায়ই ক্ষমা, সহিষ্ণুতা অবলম্বন করবে।
- উপরতি—মৃত্যু ও পরলোক-চিন্তা কর্বে। দেহ, বিষয়, সংসারাদি সমস্তই অনিত্যু অসার—প্রতিদিন ভাববে।
- ৬। দ্বন্দ গহিষ্ণু তা সুখ ছঃখ, সান অপমান, নিন্দা প্রশংসা—সমস্ত বিরুদ্ধ অবস্থাতেও চিত্তের অবস্থা অবিচলিত, একই প্রকার স্থির রাখ্তে চেফী করবে।
- ৭। স্বাধ্যায়—ঋষিপ্রণীত গ্রন্থ-পাঠ। মহাভারতের মোক্ষ-পর্ব্ব, শ্রীমদ্-ভগবদগীতা—এসবহ'তে অস্ততঃ চু'একটি শ্লোকও প্রত্যহ পাঠ কর্বে।
  - ৮। সাধুসঙ্গ—প্রত্যহ সাধু-দর্শন বা ধর্ম্ম-বিষয়ে একটু আলাপ কর্বে।
  - ৯। দান-যার যেরূপ সাধ্য, অন্ততঃ একটি সৎকথাও, দান কর্বে।
  - ১০। তপশ্চা—সাধন, যা ক'রে থাক।
    - প্রতিদিনই এ সকল নিয়ম রক্ষা কর্তে চেষ্টা কর্বে।

প্রতাহ এইসকল নিয়ম প্রতিপালন করিয়া চলা তো আমার পক্ষে একেবারেই অস্তব মনে হয়। প্রতিদিন এ নিয়মগুলি অস্ততঃ বেন একবার মরণও কর্তে পারি, এই আশির্কাদ প্রথম। করিয়া গুরুদেবকে প্রণাম করিলাম। কীর্তনাত্তে আজ রাত্রি প্রায় ন্টার সমরে বাদার আসিলাম।

# স্কুলের পড়াত্যাগ ও পশ্চিমে যাওয়ার আদেশ। ধ্যান ও আসনের উপদেশ।

কিছকাল্যাবং আমার বেদনা-রোগ অতিশয় ৰুদ্ধি পাইয়াছে। দিন রাত অবিশান্ত তঃসচ যদ্ধা আর আমি স্ফু করিতে পারিতেছি না। শ্রীরের বিষ্মু গুরুবস্থা দেখিয়া, শ্রীযক্ত রামকুমার বিভারত মহাশয় আমাকে পড়া-শুনা ছাড়িয়া পশ্চিমে যাইতে বলিতেছেন। পড়াওনার, আমারও একেবারেই উ<del>ল্লেহ্</del> নাই। কিন্তু বহুকাল বাড়ীতে থাকার স্থান, কিছুদিন যাবৎ আবার লেখাপড়া আরম্ভ করিয়াছি। অবন পড়-ওনা বন্ধ করিলে দাদারা কি বলিবেন—সর্বদা ইছাই মনে হইতেছে। **আজ অক্**মাৎ বড় দাদার একথানা পত্র আম্সিয়াপ্তিল। বিভারত মহাশয় দাদার গুরু; জানি না তিনি আমার সম্বন্ধে দাদাকে কি বলিয়াছেন। বিভারত মহাশয়ের কথা উল্লেখ করিয়া, দাদা আমাকে লেখাপড়া বন্ধ করিয়া অবিলখে পশ্চিমে বাইতে লিথিয়াছেন। আমার বর্তমান গুরবস্থায় ভগবানের আশ্চর্য্য সকরুণ ব্যবস্থা দেথিয়া আমি একেবারে অবাক হইলাম। বিভারত্ব মহাশয়ের থিকটে দাদার দীক্ষাগ্রহণের সংবাদ ওনিয়া, মনে বড়ই ছঃখ পাইয়াছিলাম : গোস্বামী মহাশয় তথনই আদ্বাক্র বলিরাছিলেন—'এতে তোমারও থুব কল্যাণ হবে। তা তুমি শীন্তই জানতে পারবে।' গুরুদ্ধেরের এট কথা পুন: পুন: এখন মারণ হওয়ার, আমার সংশয়পূর্ণ অবিশাসী চিত্তকেও তাঁহার শান্তিপ্রদ এচরণে সংক্ষ করিয়া দিতেছে। গুরুদেবের এচরণোদেশে বারংবার প্রণতিপূর্বক প্রার্থনা করিলাম-- দয়াল ঠাকুর, এবারেই ধেন চিরকালের মত লেখাপড়ার জলাঞ্জলি দিয়া, কুল-কারাগারহইতে উদ্ধার পাইতে পারি এবং তোমার সঙ্গ সভত লাভ ক্রিতে পারি, ইহাই ক্রিও।

দানার পত্র পাইরা অর্ক বণ্টার মধ্যেই লেখাপড়ার পুত্তকগুলি গুছাইরা আঁটিরা বাঁধিরা চেলিলাম; বাসার সকলে কুল কলেজে যাওয়ার উদ্যোগ করিতে লাগিল, আমি পশ্চিমে যাওয়ার অনুমতির কল্প গেণ্ডারিয়ায় গোবামী মহাশরের নিকটে চলিলাম। শ্রামারকা পণ্ডিড মহাশর পথে পাইরা আমাকে বলিলেন—'' এ সময়ে গোবামী মহাশরের দর্শনলাভ সহজ

ইবৈ না।" কারণ জিজ্ঞাসা করায় তিনি কহিলেন—"দিন রাতই আজকাল তিনি
মাসনের ঘরে বন্ধ থাকেন। পঞ্চমুণ্ডাসনে একমাস কাল বসিয়া অতি তীব্র কঠোর সাধন
করিবেন। এই সমরের মধ্যে বাহিরের লোকে তাঁহার দর্শন বন্ধ পাইবেন না। সাধনের
ভক্তরে বাঁহারা আছেন তাঁহারাও নির্দিষ্ট সমরেই মাত্র দেখা পাইবেন।" জিজ্ঞাসা করিলাম—
গোঁসাইয়ের আবার পঞ্চমুণ্ডাসনে নাধন করিবার প্রয়োজন কি ?' প্রদ্ধের পণ্ডিত মহাশয়
বিলেন—"তিনি বলিয়াছেন, পরমহংসজীর আদেশ।" গোঁসামী মহাশয় প্রায় সর্কানাই
এখন সমাধিত্ব থাকেন। পঞ্চমুণ্ডাসনে সিন্ধ হইলে, গাঁচাট পরলোকগত মহাত্মা গোঁসাইয়ের
দেহ রক্ষণাবেক্ষণের জক্ত প্রতিনিয়ত নিযুক্ত থাকিবেন, গ্রেসকল আ্মা সকলপ্রকার
লাপদ্ বিপদে ও প্রাকৃতিক হুর্ঘটনা হুন্দির ইইতে দেহটিকে রক্ষা করিবেন। বক্সী দানার
ক্রিনা বিত্রিত হুর্ঘটনা। গোঁসাইয়ের এই অত্ত সাধনচেন্তা নাকি শুরুলাতারাও
ক্রিনা বিত্রিত হুর্ঘটনা বিশ্বিত গ্রামানিক প্রস্তারার।
ক্রিনা ক্রিনার বিশ্বিত হুর্ঘটনের গেণ্ডা বিশ্বাকানি তালটি পরিষ্ঠানর অবগত আছেন।
এসম্বন্ধে পরিষ্কার্যপে জানিতে আমারি অত্যন্ত ক্রিত্রণ রহিল।

আদি গোঁদাইয়ের দর্শন-প্রত্যাশা মনে মনে প্রার্থনা করিয়া গেণ্ডারিয়া-আশ্রমে উপস্থিত ইলাম। ৫। মিনিট ভন্ধন-কুটারের কাছে বসিতেই গোঁদাই ঘরহইতে বাহিরে আসিলেন। মানাক্রে দেখিয়া আপনাহইতেই ডাফিয়া বলিলেন - তোমার শরীর তো খুব কাতর দেখ্ছি। এখন কি কর্বে, স্থির করেছ ?

আফ্রি দাদা পশ্চিমে যেতে শিথেছেন। তাই কি কর্বো ?

র্গোসাই। হাঁ! এখন তোমার পক্ষে তাই তো করা উচিত। এবার বুঝি পরীক্ষা ? তাকি করবে ? শরীর খারাপ ক'রে লেখাপড়াও তো ঠিক নয়।

আমান। এবাবেও যদি পরীকণনা দেই তাহইলে আর কথনও দিব না। এখন আগসনি গবলেন।

গোঁসাই। স্কুলে প'ড়ে কি হবে ? ভূমিও যেমন ! শরীরটি নফ্ট হ'লে পাশ দিয়ে কি কর্বে ? বিভালাভই উদ্দেশ্য ; সেটি হ'লেই তো হ'লো। যত বড় বড় লোকের কথা শুনা যায়—মিল-প্রভৃতি—অনেকেই স্কুলে পড়েন নাই। স্কুলে না প'ড়েও বিভালাভ করা যায় ; ভূমিও তাই কর। স্কুলের পড়া তোমার পক্ষে ছবিধার নয়। যাদের শরীর স্কুন্থ নয়, স্কুলের পড়া তাদের পক্ষে আমি তো ভাল মনে করি না। আমাদের দেশে যেসব ছেলেপিলের ব্যারাম দেখা যায়

অধিকাংশেরই ক্লেপ ডে। আহার ক'রে অমনিই 'ভাতে-মুখে' কুলে দেড়ি সারাদিন অনিয়মিত পরিশ্রাম করে, তার উপরে পরীক্ষার চিন্তায় মাথা নষ্ট করে। এসব কারণেই এত রোগ, এত অকাল জরা। তুমি তোমার দাদার কাছে চলে যাও—সেখানে তোমার শরীর মন সবই ভাল থাকবে। ওদিকে মধ্যে মধ্যে থব ভাল ভাল লোকের দর্শনও পাবে। তোমার তাই ভাল। একটু থামিয়া পরে আবার বলিলেন—তোমার দাদাকে এই সাধনের ভিতরের কোন কথা ব'লো না। ওসব বলতে নিষেধ আছে। আর তাঁকে আমাদের সাধনের ভিতরে আনতে কোন চেইটাক রোনা। তাঁর জন্ম তুমি কোন চেইটাই ক'রো না। তাঁর সময় হ'লে তিনি আসবেন। তোমার কোন চেফ্টারই দরকার নাই। আমাদের এ সাধন প্রচারের বস্তু নয়। যাঁর প্রয়োজ<del>ন, ভগবানুই স</del>ময়মত তাঁ<u>র নিকটে প্রচার করে</u>ন। এই বলিয়া গোস্থামী মহাশয় কয়েকটি লোকের অলোকিকভাবে দীক্ষাগ্রহণের কথা অতি সংক্ষেপে বলিলেন। তাঁহাদের নিজেদের মূথে দেসব কথা সমন্বান্তরে স্থবোগমত বিস্তারিতরূপে ভনিরা যথায়থ শিথিবার ইচ্ছা রহিল। জিজ্ঞাসা করিলাম — রামকুমার বাবু কিরক্ম ৭ তিনি কি ব্ৰাহ্মসমাজের সাধনছাড়া অন্ত কোন প্ৰকার সাধন করেন গ

গোঁসাই। হাঁ, তিনি অন্য সাধন করেন। কিন্তু শক্তি পাব নাই। শক্তি পেলে গোপন করতে পারতেন না। তা প্রকাশ হ'য়ে পড়ত।

আমি। রামকুমার বাবু সেদিন বলিলেন, "ভোমাদের সাধনে কোন দোবই নাই, ভবে বড়বেশী প্রকাশ হ'য়ে পড়েছে, এই বা। সাধন গোপনেই রাথ তে হয়।

গোঁসাই। তা তো ঠিক কথা : কিন্তু শক্তি গোপনে থাকে না। আর সত্যের প্রকাশ পাবে। উনি যখন শক্তি পাবেন তখন দেখবেন উহা গোপনে থাকে না। রামকুমার বাবুকে খুব ভক্তি শ্রন্ধা ক'রো: তিনি ভাল লোক। আমাদের এ সাধনে সকলকেই ভক্তি করতে বলে। রাস্তার মুটে মজুরকেও ভক্তি করবে। সকলেই ভক্তির পাত্র। অবিচারে যিনি যত সকলকে ভক্তি করতে পারবেম তাঁরই তত উপকার।

জিজ্ঞাসা করিলাম—সাধনের নৃতন নিয়ম ধা ব'লেছেন তা কি আমি কর্বো ?

ুংগোদাই। হাঁ, তুমিও কর্বে, আসন এইরূপ ক'রো; আর এইখানে দৃষ্টি স্থির রেখে ধ্যান ক'রো। এই বলিয়া, আসনটি করিয়া দেখাইলেন, এবং ধ্যানের স্থানটিও বলিয়া দিলেন।

আমি। ধ্যান কি ? ধ্যান কাহাকে বলে ? আমি তো কিছুই জানি না। কি ধ্যান দৰ্ব ?

গোঁসাই। তাচ্ছা, আসন ক'রে ব'সে ব'সে নাম ক'রো, আর চোখ বুল্লে দৃষ্টিটি এখানে স্থির রেখো। পরে আপনি সব জানতে পারবে।

জিজ্ঞানা করিলাম — চোখ বুজে আবার ওথানে দৃষ্টি হির রাথ্ব কি প্রকারে ? গোঁসাই। চোখ বোজা থাক্বে, মনটিকে ঐস্থানে হির রাখ্বে।

আমি। কিছু না পেণ্ডে গুণু খুৰু মন একটা স্থানে ভিত্ৰ থাকুৰে ?

গোসাই। প্রভাসে কর্লেই কিছুকলি পরে নানারকম জ্যোতি ও রূপাদি দেখতে পাবে। মনটিকে একটা স্থানে এখন স্থির রাখ্তে চেফটা কর। পরে তোমার পক্ষেয়। যা প্রয়োজন জান্তে পার্বে।

ঐপ্রকার আসনে বসা অভ্যাস হ'লে কি উপকার হয় জানিতে চাহিলাম। গোসাই । লাললেন—আম, উদরী, শোথ, বাত, পৈতিকাদি এই আসনে বস্লে দূর হয়; মারও অনুনক উপকার হয়। অভ্যাস কর্লে ক্রমে জান্বে।

### গুরুশিষ্য সম্বন্ধ।

## এক গুরুশক্তিই সমস্ত বিশ্বে ব্যাপ্ত।

বড় দাদার আঞ্চ একখানি পত্র লইয়া গোস্থানী মহাশয়ের নিকটে গেলাম। আশ্রমে 
রবেশমাত্রই শ্রীধর ও লাল-প্রভৃতি সকলে বলিলেন—'গোসাই থুব অক্সন্থ। ছরে মাণা
ধরায় প্রায় বেছঁস্ অবস্থার শয়াগত আছেন। আঞ্চ দেখা হইবে না।
হঠাপোর,
কামি কিছু না বলিয়া, বাহিরে আনগাছের ধারে চুপ করিয়া বনিয়া
রহিলাম। মনে মনে গোসাইকে অরণ করিয়া দর্শনের প্রার্থনা করিতে
বিলাম। গোসাই ভিতর বাড়ীতে কোঠাখরে ছিলেন। গুহের গার রুছ, মা ঠাকুরাণী
শ্রীমুক্তা বোগমায়া দেবী মাত নিকটে ছিলেন। আমার থবর কেইই গোঁসাইকে দেন নাই।
বেচ মা ঠাকুরাণী অকস্মাৎ দরকা খুলিয়া শ্রীধরকে বলিলেন—'শ্রীধন, গোঁসাই বল্লেন—

'কলদা বাহিরে অপেকা করছে: তাকে ডেকে দাও।' আমি ধবরটি পাইয়াই কোঠালরে গেলাম: গোঁলাই বিচানাহইতে উঠিয়া বদিলেন। বাম হত্তে নিজের 'কপাটি' (কপালটি টিপিয়া ধরিয়া আমাকে জিজাসা করিলেন—' কি জন্ম এসেছ 🤊 '

আমি দাদার পত্রথানা পডিয়া শুনাইলাম। মোট কথা এই লিখিয়াছেন—"মহাত্মা ল্যাঙ্গা বাবা আমাকে বড়ই ভাল বাসেন। এক দিন তিনি আমাকে ডাকিয়া পাঠাইলেন। আমমি দ্রহইতে তাঁহাকে নমন্তার করিয়া বলিলাম 'বাবা, আমার বড় অবিশাস। দয়া করিয়া আমাকে বিশ্বাস দিন। ' ল্যাঙ্গা-বাবা তাঁর মাথার জটাগুলি সম্মুথের দিকে কপালের উপর দিয়া ফেলিয়া, তাহার ভিতর দিয়া আড়ে আড়ে খুব সল্লেছ দৃষ্টি করিয়া, আমাকে বলিলেন---'আচ্চা, বাচ্চা, আব হো গিয়া। তমহারা বিশ্বাস বন গিয়া। চলা যাও।' আমি অমনি বাবাজীকে নমস্তার করিয়া চলিয়া আসিলাম। ঐদিনচটতে ভগবানের নাম পাওয়ার জন্ম আমার প্রাণ সর্বদাত ট করিছে-লাগিল। আমি তেই কত শত নামই জানি: কিল্প তাহাতে কিছুই হইবে না. মনে হইল। কেহ আসিয়া যদি আমাকে 'গাঁছ গাছ ' বলিয়াও জ্বপ করিতে বলেন, তাহাই ভগবানের উদ্দেশ্রে জ্বপ করিয়া আমি কতার্থ হইব, মনে হইতে লাগিল। এই সময়ে বিদ্যারত্ব মহাশয় আসিয়া অ্যাচিতভাবে নাম দিলেন। ভগবানেরই ইচ্ছামনে করিয়া, উহা আমি গ্রহণ করিলাম। এপন নাম জপ করিতে গিয়া আমি বাডী, ঘর স্ত্রী, পুত্র, এমন কি নিজের দেহ পর্যাস্ত ভূলিয়া ঘাই। এ রাজ্য ছাড়িয়া অক্ত একটা রাজ্যে প্রবেশ করি, আর আনন্দে ডবিয়া অজ্ঞানের মত হইয়া পড়ি। ইহা কি নামেরই গুণ, না ল্যাক্সা বাবার কপারই ফল, জানি না।" ইত্যাদি। পত্রথানি শুনিয়া গৌসাই বলিলেন—সুন্দর অবস্থা। শুনে বড আনন্দ হ'লো। গতবারে তমি তাঁকে বড ভাল চিঠি লেখ নাই। ঐ চিঠি আমি তোমাকে যে ভাবে লিখতে ব'লে-ছিলাম সেকপ হয় নাই। ঐ সময়ে তোমার মন যেরকম ছিল তাতে ঐরপ না লিখে পার না, তা ঠিক। যাক, এখন গিয়ে তাঁকে থব উৎসাহ দিয়ে পত্র লেখ। তিনি যে সাধন করছেন তাই করুন, তাতেই তাঁর মক্ষল হবে। ল্যাক্সা বাবা একজন খুব উঁচু দরের সিদ্ধপুরুষ : তাঁর দৃষ্টির ফল অবশ্যই পাবেন। বিশাস লাভ হ'লেই অনেকটা হ'য়ে গেল। বিখাসে অনেক দূর পর্যান্ত পৌছান যায়। শেষ অবস্থায় শক্তির প্রয়ে**!**জন হয়। শক্তির আবশ্যকতা বোধ হ'লে তথন অন্যের কাছে যেতেই হবে। কিন্তু সে অবস্থাও ত সহজ নয়।

্গোস্থামী মহাশ্যের শিরংপীড়ার ক্লেশ দেখিয়া আমি উঠিতে উদ্যোগ করিলাম। আমার দামা পাইতে লাগিল। বলিলাম—'ভিতরে দারুণ গুরবস্থা! এতকাল আপনার কাছে ' ছলাম; এখন কোথায় কি অবস্থায় গিয়া পড়িব! কখন কি ক'রে ফেল্ব!'

গোগাই আমার কথা শেষ না ইইতেই বলিতে লাগিলেন—তুমি ত এখন গর্ভন্থ সন্তান! তোমার আর চিন্তার কি আছে ? মা যেমন গর্ভন্থ সন্তানের অবস্থা টের পান, সন্তান নড়াচড়া কর্লে অমনি বুঝ্তে পারেন, গুরুত্ত সেইপ্রকার শিস্তোর সমস্ত অবস্থা, সমস্ত চেন্টা সর্বাদা জান্তে পারেন। সন্তান যতকাল ভূমিষ্ঠ না হয়, ততকাল তার কোন ক্ষমতাই ত থাকে না। মা যা কিছু আহার করেন তারই একটু একটু রস নাড়ীর ভিতর দিয়ে সন্তানের দেহে স্পারিত হয়; শুধু তাতেই গর্ভস্থ শিশুর পুপ্তি হ'তে থাকে। সেইরূপ গুরু যা কিছু লাভ করেন, শিষ্য শুধু তারই অংশ প্রাম্থাজনমত পেয়ে থাকে। শুরুর উন্ধৃতির সঙ্গে সঙ্গেই শিষ্যেরও উন্ধৃতি। তার পর, ছেলে ভূমিষ্ঠ হ'লেও মা-ই তাকে আহার দেন; প্রয়োজনীয় সমস্ত যোগাড় করে, মা-ই তাকে লালন পালন করেন। যেপর্যান্ত তার চলাফেরার খাওয়া দাওয়ার তেমন ক্ষমতা না জন্মে. ততকাল মা তাকে চোথের আড় করেন না, সর্বাদা চোথে চোথে রোখেন। কিন্তু শিষ্য সিদ্ধ অবস্থা লাভ কর্লেও সদ্গুরু তাকে ছাড়েন না, গুরু তাকে তাকে তথনও শিশুর মত কোলে নিয়ে থাকেন, সর্বাদা সকল বিষয়ে গুরু শিয়ের স্থাবিধা দেখেন।

একটু থামিয়া আবার বলিলেন—সংসারে যে সব মেয়ের সপ্তান হয় তাদের গর্ভন্থ সন্তান আপন আপন মা'র গর্ভে থেকে সকলেই প্রয়োজনমত মা'র ভুক্ত বস্তুর অংশ পায়। ছেলে ভূমিষ্ঠ হ'লেও সকল মা-ই যত্নের সহিত সন্তানের প্রতিপালন করেন। এখন তোমার মা'র গর্ভে না জন্মালে কোন ছেলে আর বাঁচ্বে না, তার অস্ত্রিধা হবে, অকল্যাণ ঘট্বে—এরূপ যদি মনে কর, তা ঠিক হবে না। মা যদি তেমন হন, তোমাদের মা অপেক্ষাও অধিক স্থৈছ যত্নে সন্তানকে লালনপালন কর্তে পারেন। তা হ'লে তোমাদের অপেক্ষাও ভালাই হওয়ার কথা। মা'র শুক্রায়াই সন্তানের বৃদ্ধি। মা'র গর্ভে জন্মে খুব ভাল শুক্রায়া পেলে, সন্তান খুব ভাল হবে না কেন ? সকলেরই যে এক মা হবে, এমন কিছু নয়।

ভিন্ন ভিন্ন মা'র গর্ভে সন্তান জন্মে স্তথে সম্ভন্দে থাকুক—ভগবানেরও এই ইচ্ছা। ক্তমি ফয়ক্সাবাদে যাও, বেশ উপকার পাবে। মধ্যে মধ্যে খুব ভাল ভাল লোকের দর্শনও মিলবে। সকলকেই খুব ভক্তি শ্রন্ধা ক'রো। সাম্প্রদায়িকভাব রেখো না।

বিজ্ঞাসা করিলাম- ওরুতে তেমন নিষ্ঠা না জ্মান পর্যান্ত অস্তু সাধুর সঞ্চ করা ভাল ?

গোঁসাই। অন্য কি ? অন্য ভেবে অন্যের সঙ্গ করবে না। এক গুরুশক্তিই সমস্ত বিশ্বে ব্যাপ্ত হ'য়ে রয়েছে—এই ভেবে সঙ্গ করলে, সকলের সঙ্গেই উপকার পাবে। রক্তাধারে রক্ত থাকে : তাই ব'লে কি শরীরের অন্য স্থানে রক্ত নাই ৭ রক্তের আধার—মূল স্থানই—রক্তাধার। সেইস্থানহ'তে রক্ত সঞ্চারিত হ'য়ে, সমস্ত শরীরে ব্যাপ্ত হ'য়ে পড় ছে। সমস্ত শরীরে যে রক্ত তাহা ঐ রক্তাধারেরই রক্ত। কিন্তু এ ঠিক যে, রক্তাধারে রক্ত না থাক্লে শরীরের কোণাও রক্ত থাক্তে পারে না। সমস্ত বিশ্বব্যাপী এক গুরুশক্তি। সঙ্কীর্ণভাব কিছ নয়। সঙ্কীর্ণভাবে বড় অনিষ্ট হয়।

জিজ্ঞাসা করিলাম—গুরুতে একনিষ্ঠতাও কি সন্ধীর্ণ ভাব নয় **প** 

গোসাই। না, ওকে সঙ্কীর্ণ ভাব বলে না। যে রক্তাধারটি ভাল ক'রে জানে সে ইহাও জানে যে, এক রক্তাধারেরই রক্ত নানা পথ দিয়ে সর্ববশরীরে ব্যাপ্ত হ'য়ে পড ছে। সে সর্বত্ত একই বস্তু দেখে।

গোঁসাই একটু থামিয়া আবার বলিলেন---

ওখানে গিয়ে সাধনটি গোপনে ক'রো। আর দাদাকে গুব উৎসাহ দিও। আপনাপন সাধন ভজনে নিরুৎসাহ কাহাকেও করতে নাই। ওরূপ করা বড দোষ। যিনি যে পথেই চলুন না কেন. উৎসাহই দিতে হয়: কারুকে এই সাধন গ্রহণ করতে অমুরোধ ক'রো না। তোমার দাদাকেও প্রয়োজনমত ভগবানই এর ভিতরে আনবেন।

আমি। সমস্ত সাধনই কি গোপনে করতে হবে প

গোসাই। যত দূর পারা যায়। এসব গোপনেরই 🖨 নিস। খুব সাবধানে থেকো ।

গোনাই এক হাতে মাথা টিপিয়া ধরিষা কর্ম ঘণ্টারও অধিক সময় আমার সঙ্গে কথাবার্তা

ক ছিলেন। দারুণ অবে, অসহ শিবঃপীড়ায়, আশুরুণ ছিরভাব দেখিয়া আমি অবাক্ ছইলাম। বাসায় আসিয়া ঠিক করিলাম, নীজই বাড়ী বাইব।

## স্বপ্ন ।—সাধন পাইতে মেজ দাদার ব্যস্ততা।

বাড়ীতে আদিয়া তিন দিন থাকিলাম। একটি স্বপ্ন দেখিলাম—বেন মেজ দাদার নিকটে উপস্থিত হইয়াছি; তাঁহাকে দেখিয়া মনে হইল তিনি অন্তরে হঃসহ কোনও যন্ত্রণায় অহনিশি জলিয়া যাইতেছেন। আমাকে দেখিয়া বলিলেন—'শান্তি কিসে হয়, দিবার।

হয়। তিনি দীক্ষা দিলে সমস্ত যন্ত্রণার মূল কাটিয়া যায়।' মেজ দাদা গোলাইয়ের আশ্রেয় লইতে বাস্ত হইয়া বলিলেন—'তিনি কি আমার মত লোককে সাধন দিবেন ?' আমি বলিলাম—'তিনি কি আমার মত লোককে সাধন দিবেন ?' আমি বলিলাম—'তিনি বড় দয়াল; প্রাণ্ড্রী হ'লে নিশ্চয়ই দিবেন।' এইটুকু বলার পরেই নিজাভঙ্গ হইল।

### মুঙ্গের যাইতে আদেশ।

জাগামী কল্য পশ্চিমে যাইব। গোস্থামী মহাশ্যের নিকট হুইতে অন্তমতি লইতে ১০ছ শৌন, গেণ্ডারিয়া-আশ্রমে জাসিয়া পৌছিলাম। গোসাই অস্তস্ত । শুনিলাম, বুধবার। তুংকালে কোঠাখ্রে ধ্যানত আছেন।

আমি গিয়া দরকার বাহিবে প্রণাম করিতেই, তিনি চোথ্ মেলিয়া চাহিলেন। নিজ আসনের একপাশ দেখাইরা বলিলেন—'এথানে ব'সো'। আমার সক্ষোচ বোধ হওরায় মেঝেতেই বসিলাম কিন্তু তিনি বারংবার জেদ্ করিতে লাগিলেন দেখিয়া, আসনের একধারে অন্ত একথানা আসন নিয়া বসিলাম। তিনি আবার ধ্যানক হইয়া পড়িলেন, কথা বলিবারও অবসর পাইলেন না। এ সময়ে আর কথাবার্তা বলাও ঠিক নয় ভাবিয়া, আমি বাহিরে আসিবার উত্যোগ করিলাম। প্রণাম করামাত খ্যানভক্ক হইল। আমাকে বলিলেন—কি ০ কবে যাবে স্থির ক'রেছ ?

আমি। আৰু রাতে।

গোলাই। তা হ'লে এখানেই এসে থাক না ? দোলাইগঞ্জ ষ্টেশন খুব নিকটে; এখান থেকে যাবার স্থবিধা হবে।

আমি। একেবারেই টিকিট করিয়া যাইব। এথানহইতে সে স্থবিধা নাই।

গোপাই। এখানথেকে নারায়ণগঞ্জে গিয়ে না হয় টিকিট্ কর্বে, সময় যথেষ্ট পাবে: তাতে আর অস্ত্রিধা কি ?

আমি। আর কথনও ওরাস্তার চলি নাই; তাই একেবারে সোন্ধা টিকিট্ করিয়া যাংয়াই স্থবিধা মনে করি।

গোসাই। তোমার আশক্ষা যথন হ'চেছে, তথন তাই কর। একটু তাড়াতাড়ি ফুল্বেড়ে যেতে চেফা ক'রো;—ট্রেণ 'মিস্' হ'তে পারে। কল্কাতা গিয়ে বেশী দিন থেকোনা; একদিন বিশ্রাম ক'রো; নাহ'লে রাস্তার অস্ত্বিধা হ'তে পারে। তোমার মেজ্লা বুঝি মুস্পেরে আছেন দু মুস্পের বড় ফুল্বর স্থান। এখন কিছুকাল গিয়ে তারই কাছে থাক; সেখানেই এখন তোমার থাকা প্রয়োজন। বেশ গাক্রে, উপকুলি পারে। পরে কয়জাবাদ যেও। উৎসাহের সহিত সাধন ভজন ক'রো; তাহ'লে সব বুঝ্তে পারবে। কোনও চিন্তা ক'রোনা। ভয় কি দু

আমি এই সময়ে একশিশি জলে গোঁসাইয়ের পদাস্কৃতি স্পশ করাইয়া চরণামূত করিয়া লইলামা। চরণামূত দিতে দিতেই গোঁসাই বাজজ্ঞানশৃত হইলেন। গোঁসাইকে স্মাধিত্ব দেবিয়া, আমি প্রণাম করিয়া চলিয়া আসিলাম।

অতি প্রভাষে উঠিয়া ফুলবেড়ে (টাকা) টেশনে রওনা হইলাম। নবাবপুরপ্রাপ্ত পৌছিতে গাড়ী ছাড়িল দিল; টেুণ মিদ্'হইল। গোঁদাইয়ের কথাতে কাজ করিলে আর এছভেগি ঘটিত না।

#### একটি মেমের মহত্ব।

শেষ রাত্রিতে দোলাইগঞ্জ ষ্টেশনে পৌছিয়া গাড়ীতে উঠিলাম। নারায়ণগঞ্জ ষ্টামারে ১,৪ই পৌর, একটি মেমের আশ্চর্যা দয়া দেখিয়া অবাক্ ছইলাম। স্টামার সারাদিন শুক্রবার। পল্লানদীর উপর দিয়া চলিয়া, সয়্যার সময়ে গোয়ালন্দ পৌছিবে। সহসা পথিমধ্যে একটি অসহায়া নীচজাতীয়া অত্যক্ত দরিদ্রাবহাপয়া বৃদ্ধার বিহম ওলাইঠা ছইল। আহাজের কর্তারা তাহাকে চড়ার উপরে ফেলিয়া যাইতে পরাম্শ ছির করিল। বালালী বাব্ লাতারা অবিলম্পে সংক্রামক রোগীকে সরাইতে উৎসাহ দিতে লাগিলেন। একটি মেম তথ্য কাহাকেও কোনও কথা না বলিয়া, রোপিনীকে কোলে তুলিয়া লইয়ানীচে চলিয়া

গেলেন। দাত্তবমিজাভিত ময়লা কাপড় চোপড় ফেলিয়া দিয়া, আপন মূল্যবান্বস্তাদি তাহার ব্যবহারে দিয়া, স্বহন্তেই দেবা শুক্রাষা করিতে লাগিলেন। ফার্চালের কর্তাদের নানাপ্রকারে ব্যাইয়া, তাহাদিগকে তাহাদের সংল্লেইডে বিরত করিলেন। মেমের সেবা-ভঞাষাও ঔষধাদির ফলে রোগিণী ক্রমে অনেকটা ফুল্ড হটল : দেশীয় লোকের যে অবভায় সহায়ত্ততি হইল না. উচ্চবংশীয়া, অবভাপরা থাসবিলাতী মেমের দেভলে এরপ অসামাত দয়া দেখিয়া আশ্চর্যাহিত হইলাম। মেম্টির স্ঠিত আলাপ করিতে বভ ইচ্ছা ছইল। আমি উহার কাছে গিয়া দাঁডাইলাম। বোগিণীর সেবা করিতে কভিতে মেম আমাকে বলিলেন—'ভাই. তমি যীভগ্ৰীষ্টকে মুক্তিদাতা বলিয়া বিশ্বাস কর ?' আমি বলিলাম—'হাঁ, তিনি মহাপুরুষ, মুক্তি দিতে পারেন। তাঁহার উপরে আমার খবট উচ্চ ভাব আছে।' মেম বলিলেন—'তমি যাহাকে উচ্চভাব বলিতেচ, তাহা অপেক্ষা নীচ ভাব যীঞ্জীপ্লের উপরে কথনও মামুষের হওয়া সন্তব কি ? তমি তাঁকে মহাপ্রুষ বল। ' যীক্ষঞীষ্টের প্রতি মেমের এই প্রেগার নিষ্ঠা দেপিয়া বড়ই আনন্দ হইল। কিন্তু তব আনি তাথার সংল ত্রই জড়িয়া দিলাম। মেমটি বিশেষ কোনও তক না করিয়া কহিলেন— 'লাই, সতা ব্যাবার জল বছকাল আমি তর্ক করিয়া অষণা সময় নষ্ট করিয়াছি; কিছুই ব্রিম নাই; শাবিও পাই নাই। স্তাবস্তঃ কথনও ভধু তকেঁর ধারা নিরূপিত হয় না। অসতাকেও তকেঁর ধারা সভা বলিয়া বঝাইয়া দেওয়া যায়। একমাত্র বিশ্বাসের ছারাই সভাকে জানা যায়। যীক্ষকে বিশ্বাস কর। ভাঁহার কপাৰ জাঁহাকে জানিতে পাৰিবে। ' মেমের এই কথা কয়টি আমার থব ভাল লাগিল।

### সতীশের প্রতি গোঁদাইয়ের রূপা।

প্রত্যুবে কলিকাতার আসিয়া পৌছিলাম। খ্রীযুক্ত বিধুভূষণ মজুমদার, জ্ঞানেক্সমোহন ১০ই পৌর, দত্ত, এবং সতীশচক্র মুণোপাধ্যায়ের সহিত সাক্ষাৎ হইল। ইহারা শনিষার। সাধারণ ব্রাক্ষসমাজের 'গোড়া' ব্রাক্ষ ছিলেন, কিছুকাল্যাবং গোষামী মহাশ্রের কাছে সাধ্য প্রহণ করিয়াছেন। অলদিনের ভিতরেই গোষামী মহাশ্রের উপরে ইহাদের অসাধারণ নির্ভৱ ও ভক্তি জ্মিয়াছে, আলাপে জানিলাম। সতীশের ব্যক্তিগত জীবনের একটি ঘটনা তাঁহারই মুখে প্রবণ করিয়া অবাক্ হইলাম। সতীশ বলিলেন—'ভাই, যৌবনের প্রারম্ভহৈতেই রিপুর উত্তেজনার গড়িয়া কত কাওই না করিয়াছি। সাধন প্রহণ করিয়া ভাবিলাম, এবারে সকল উৎপাত্হইতে নিজ্বতি পাইলাম। কিন্তু কাজে তাহার কিছুই হইল না, বরং ওসব আরও বছওণ বৃদ্ধিই পাইল। গোষামী মহাশ্রের

উপরে আমার ভয়ানক অভিযান আসিতে লাগিল। এট সময়ে একদিন সাধন করিতে বসিয়াছি, অবস্থাৎ অদম্য উত্তেজনায় অধীর হইয়া পড়িলাম। তথন 'সাধন আর করিব না', 'গোসাইয়ের কাছেও আর ঘাইব না' এইপ্রকার ভাবিতেছি, এমন সময়ে অভ . ঘরহইতে গোঁসাই পুন: পুন: আমাকে ডাকিতে লাগিলেন। নিকটে ঘাইবামাত তিনি আমাকে খুব স্লেহের সহিত বলিলেন— "সতীশ! আমার মাথায় একট তেল দিয়ে দেও তো '। আমি, নিজের হুদশার কথা ভাবিয়া, অভিমানের সহিত একটু তেজ করিয়া বলিলাম—'না, তা আমি পারবো না।' গোঁদাই একট হাদিয়া আবার বলিলেন— 'রাগ করছ কেন ৭ মাথাটা আনমার জ্ব'লে যাচেছ, একট তেল দিয়ে দেও না, এসো। ' আমি এক গণ্ড্য তেল লইয়া গোঁসাইয়ের মাথায় দিতে লাগিলাম। মাথায় তেল দেওয়া গোঁসাইয়ের কোন কালে অভ্যাস নাই: অথচ, আমাকে বলিতে লাগিলেন- 'দেও দেও। আমার মাথা ঠাণ্ডা হ'য়ে যাচেছ। দেই সময়ে আমার যে একটা কি অবস্থা হইল জানি না-শ্বীর পুন: পুন: বোমাঞ্চিত হইতে লাগিল, আমি কাঁপিতে লাগিলাম। সম্মথে চাহিয়া দেখি, আজপর্যান্ত যতগুলি স্ত্রীলোকের উপর আমার কভাব হইয়াছে, একটি একটি করিয়া তাহারা কামোনাতা হইয়া আমার দিকে আসিতেছে এবং পাশ কাটাইয়া চলিয়া যাইতেছে। ভয়ে ও লজ্জায় আমি জড়সড় হইতে লাগিলাম। তথন গোসাই বলিতে লাগিলেন—'দেও, বেশ ক'রে দেও : যতটা তেল আছে সবটাই বেশ ক'রে ধীরে ধীরে ব'সিয়ে দেও। ' স্ত্রীলোকগুলি কি ভাবে কোন দিক দিয়া আসিয়া কোথায় যে গেল তাহা লক্ষ্য করিবারও অবসর পাইলাম না। একটা কেমন যেন নেশার আছের ছিলাম। সকলে চলিয়া গেলে পরে গোঁসাই বলিলেন-'সবটা তেল শুষে গেছে ? তা হ'লে যাও।' জাগ্রত অবস্থায় এইপ্রকার অন্তত স্থাবৎ ব্যাপার দেখিয়া আমি হতবন্ধি হইয়া গেলাম। তেলের দিকে বা গোঁসাইয়ের মাধার দিকে মনোযোগ একেবারেই তথন ছিল না। গোঁসাইয়ের কথা শুনিয়া আমার চমক ভাঙ্গিল। তথন মাথার দিকে চাহিয়া দেখি-একবিন্দুও তেল নাই। সেইদিনছইতেই কিন্তু আমার কামভাব একেবারেই নষ্ট হইয়া গিয়াছে, কথনও যে ছিল তাহাও এখন করনা করিতে পারি না। এই ঘটনা মনে পড়িলেই আমার কারা পার। কেবল ইহাই মনে হয়, আমার ষ্মণা দেখিয়া দলা করিয়া গোঁসাই আমার সমস্ত কুভাবগুলি নিজেই মাথা পাতিয়া নিলেন।

### আদেশ-লজানে ছার্ভোগ।

ছই দিন কলিকাতার থাকিয়া হাবড়া টেশনে গিয়া মুক্লেবের টিকিট্ করিলাম।

অমনই গাড়ীর বানী বাজিল, উর্ন্ধানে দৌড়িয়া গাড়ীর সমূথে গেলাম।

গাড়ীর দরজা পুর্বেটি বন্ধ ইইয়াছিল। টেল কেল ইইলাম ব্রিয়া,

হতব্জি হইয়া দাড়াইয়া রহিলাম। একটি ভদ্রলোক আমার সেই হুদ্দা দেখিয়া, চীৎকার
করিয়া বলিলেন—'উঠুন, শীঘ উঠে পড়ন; দরজা খুলে দিছিছ।' আমি অমনই চলস্ক
গাড়ীতে লাফাইয়া উঠিলাম। বাত্রি ১২টার সময়ে মুক্লের পৌছিলাম।

একথানা একাগাড়ী ভাড়া করিয়া মেজদাদার বাসায় চলিলাম। উপস্থিত ছটয়া জানিলাম-- 'মেজ দানা অভাবাসায় উঠিয়া গিয়াছেন। সহরে একবণ্টা কাল হারিয়াও মেজ দাদার নৃতন বাসার কোনও গোঁজ থবর পাইলাম না। একাওয়ালা বিরক্ত ইইয়া আমাকে জোর করিয়া পথের মধ্যে একটা স্থানে নামাট্যা দিল। তাহাকে আমামি একটি প্রসাও দিলাম না। মোট গাঁঠরী ও বিছানা ইত্যাদি লইয়া বড় রাস্তার উপরে. দেই অন্ধকার রাজিতে অর্দ্ধণটা কাল একটা স্থানে ব্যিয়া রহিলাম। গুরুদেবের কথামত একদিন মাত্র কলিকাতায় অপেকা করিয়া আসিলে এই হুর্ভোগ হইত না, মেজ দাদাকে পুরাতন বাদাতেই পাইতাম, পরে বুঝিলাম। যাহা হউক, রাত্রি ২টার সময়ে বিপন্ন হুইয়া গুরুদেবকে স্মরণ করিতে লাগিলাম। তাঁহার অপরীদীম রূপার গুণেই হুউক, অথবা আক্সিক ঘটনাবশতঃই হউক, এই সময়ে একটি লোক আসিয়া আমাকে বলিল, — 'ক্যা বাবু৷ হিয়াঁ কাহে বৈঠা হ্যায় গুমুজুরা চাহি গুজামি মে**জ দাদার নাম ও** প্রিচয় দিয়া তাহাকে বলিলাম— আমাকে তাঁহার নুত্ন বাদায় পৌছাইয়া দিতে পার ? মুটে বলিল—'বাবুকো হাম পচানতা হাায়। চলিয়ে!' অতঃপর আমি তাহার প\*চাৎ প×চাৎ চলিয়া মেজ দাদার বাসায় পৌছিলাম। মজুরকে প্রসা দেওয়ার সময়ে অনুসন্ধান ক্রিয়া দেখি, টাকার থ'লেটি নাই। বুকের উপরে আঁটা কোটের পকেটে ৮টি টাকা ছিল: উহার উপরে হুইটি জামা গায়ে থাকা সবেও থ'লেটি কি করিয়া যে হারাইয়া, গেল বঝিলাম না। মনে হইল, একাওয়ালার উপর অতিরিক্ত অত্যাচার করায় গুরুদেবই কুপা ক্রিয়া আমাকে এই দণ্ড দিলেন। সমস্তটি রাস্তায় অন্ত একটা শক্তির ধেলা ভট্না গেল, দেখিয়া গোঁসাইয়ের উপরে আমার চিত্ত অধিকতর আক্রষ্ট হইঃ। পড়িল। কুদ্র কুদ্র ঘটনার ভিতর দিয়া নানাপ্রকার অবস্থায় কেলিয়া যে ভাবে তিনি তাঁহার চরণে এই চিত্রটিকে টানিয়া লইতেছেন, ভা বিয়া মবাক হইতেছি।

১ম স্বপ্ন—কন্ট্রারিণীর ঘাটের সংলগ্ন গ্রুপ্ত পর্থের রহস্ত। গত কলা বিকালবেলা মেজ দাদা আমাকে কটছারিণীর ঘাটে লইয়া গিয়াছিলেন। গঙ্গার উপরে এমন স্থান স্থান চক্ষে না দেখিলে আমি কর্মনাও ৯ নাখ পৌল করিতে পারিভাষ না। খাটটি যেন গলার মধোই রহিয়াছে। ঘাটের বহুম্পতিবার: দক্ষিণে বামে ও সন্মুখে কলকল রবে নির্মাল জলরাশি বেগে প্রবাহিত 13656 হইতেছে। বিশাল গলার অপর পারে কেবল কাল মেঘের মত পাহার্ড-শ্রেণী দেখা যায়। ঘাটে বসিয়া এত ভাল লাগিল যে রাত্রিটি ওথানেই কাটাইতে ইচ্ছা হইল। স্লেছ-বশতঃ মেজ দাদা আমার সে সঙ্কলে সম্মতি দিলেন না। রাত্রি প্রায় ১টার সময়ে বাদায় कां जिलांच।

শেষরাতে ত্বপ্ন দেখিলাম-- বেলাবসানে কট্টারিণীর ঘাটে উপস্থিত হইলাম: ঘাটের ধারে বছকালের একটি পুরান পাকা পথ গঙ্গার ভিতর দিয়া কোথায় যেন চলিয়া গিয়াছে, উপর হইতে দেখিলাম। নদীর তলা দিয়া রাস্তা; উহার মধ্যে প্রেশ করিতে বডট কৌতহল জন্মিল। আমি ধীরে ধীরে ঐ পথ ধরিয়া চলিলাম। কিচ্দর অগ্রসর ছইয়া অন্ধকারে কিছুই আর দেখিতে পাইলাম না। চক্র স্থ্যের আলো ওথানে প্রবেশ করে না। হাতে একটি মশাল লইয়া চলিতে লাগিলাম। রাস্তা ভয়ত্কর জুর্গম: কল কাদায় আমার উরুপর্যান্ত বসিয়া ঘাইতে লাগিল। নানাপ্রকার ধ্বনি ও ভয়ানক গালুগোল শুনিতে লাগিলাম। সন্মধে কি যেন একটা ভয়াবহ ব্যাপার ঘটিতেছে, মনে ছটল। বোধ হইল বিস্তৃত গঙ্গার এক-চতুর্থাংশ পথ আসিয়াছি। রাস্তার ক্রেশে ও বিভীষিকার আত্ত্তে আমার শরীর মন অবসর হইয়া পড়িল; আমি আর অগ্রসর ছটতে পারিলাম না। ছঃথিত মনে কট্টছারিণীর ঘাটে আসিয়া বসিলাম। এই সময়ে বারদীর ব্রহ্মচারী মহাশয়কে দেখিতে পাইলাম। তিনিও ঐ পথে প্রবেশের উজোগ করিতেছিলেন। তিনি আমাকে দেখিয়া বলিলেন—" তুই এখানে কেন ?" আমি জিজ্ঞান করিলাম— "এই রাস্তাটি কোথায় শেষ হয়েছে ? আপনার সঙ্গে গিয়া দেখ্ব। " ব্লহারী মহাশম কহিলেন-- তুই তা পার্বি কেন ? বেশী দুরে এ পথে যাওয়া যার না--বন্ধ: আর ভয়ও আছে।" আমি বলিলাম—"এ পথ বন্ধ হ'ল কেন ? কে বন্ধ করেছে ?" ব্ৰহ্মচামী—" এই পথট সোভা গলার মধ্যপর্যান্ত। তার পর ওদিকে গিয়েছে।" পথটি কোথায় গিয়েছে সমস্ত জানিবার জন্ম ইচ্ছা প্রকাশ করায় তিনি কুপাপুর্বাক জামাকে একথানি ডিঙ্গী নৌকার ভূলিয়া নিয়া ঘাটের সোজা গলার মধ্যত্তল গেলেন। পাবে, পশ্চিমোন্তর কোণে কিছুদ্র অগ্রসর হইয়া, নৌকা থামাইয়া বলিলেন—"করেকটি মহর্ষি এবং প্রধান প্রধান বালি পাহাড়ের পাশে গঙ্গার নীচে এইস্থানে একটি আশ্রম করিয়া রহিয়াছেন। আশ্রমটি থুব নিভূত, বহুস্থান গইয়া বিভূত। মহাপুরুষদের কয়েকজন শিষ্যমাত্র সঙ্গে আছেন। এই আশ্রমটির সহিত ঐ গঙ্গারধারের পথটির যোগ আছে। এথানহইতে ভিতরে ভিতরে একটি গুপ্ত পথ গিয়া ঐ স্থানে ঐ পথে মিশিয়াছে। পাছে কেহ সেই গুপ্ত পথ দিয়া আশ্রম আসিমা প্রবেশ করে, এই আশিয়ার কর্তারা বড় রাজ্যার স্থানে স্থানে কালা জল দিয়া বিষম তর্গম করিয়া রাথিয়াছেন; মধ্যে মধ্যে ভয়ানক বিষধর সর্পের আবাস্ও হইয়াছে। ঐ বড় রাজ্যার ধরিয়া, এই কারণে, কাহারও আর অধিকদ্র অগ্রসর হওয়ার যো নাই।"

আমি। "আশ্রমে প্রবেশর কি অন্ত পণ নাই ?"

ব্ৰাজাচাৰী। আনও ছ'ট পৈথ আছে, তা জানে তোৰে লাভ কি ? ওপণে প্ৰেবেশ করিতে তোৰ এখনও চেবে দিনী।

আমি। আপনি দয়াক'রে একটি পথ আমাকে দেখা'য়ে দিন। আমি এখন প্রবেশের চেষ্টাকর্বনা; পথটা শুধু জানা থাকুক্।

আমার কথা শুনিয়া ব্রহ্মচারী, নৌকাহইতে নামিয়া, গঙ্গার উত্তর পারে ঘাটের বিপরীত দিকে পাহাড়ে লইমা চলিলেন; বলিলেন—"এই যে স্থান্দর পাথরগুলি দেখিতেছিস্, ইহার নীচ দিয়া উহাদের আশ্রামের দিকে একটি রাস্তা আছে। চল্, দেই পথে প্রবেশের দার তোকে দেখাইয়া দি।" এই বলিয়া, কতকদ্র অগ্রাসর হইয়া, চান ফুট লখা, অর্দ্ধ হস্তেরও কম প্রাশস্ত, একটি ফাটা হান দেখাইয়া বলিলেন—"এই যে পাথরের চটাঙ্গের ভিতর দিয়া ফাক্ দেখ্ছিস্ এই একটি পথ।" আমি উহার ভিতরে দৃষ্টি করিয়া দেখিলাম, কোনও হান অত্যন্ত গভীর অন্ধলারময়, কোন কোন হানে অলগত কয়লার মত অগ্রি অলিতেছে; আবার কোন কোন হানে অনবরত ধুম নির্গত ইইতেছে। ব্রন্ধারী বলিলেন—"এই পথটি সহজে কাহারগু নজরে পড়ে না। দিনের বেলায় সামান্ত সামান্ত ধোঁয়া উঠিতেই মাত্র দেখা যায়। যতই রাত্রি অধিক হয়, এই সমন্তটা চটাঙ্গের জার্মিয় হইয়া যায়। বছদ্রহইতেও এই অগ্রি লোকের চক্ষে পড়ে। তোর যদি ইচ্ছা রয়, এই আগ্রনের ভিতর দিয়া আশ্রমে গিয়া প্রবেশ কর্!"

আমি দেই অমি দেখিয়া ভর পাইয়া বলিলাম—'এর ভিতরে আমি যাইতে পারিব না। আন্ত পথ বলিয়া দিন।' ব্রহ্মচারী আমার এ কথার অত্যন্ত বিরক্ত হইরা বলিলেন—"বটে ? পথের নাবর্ত বোঁজ নিচ্ছিলি, যা এখান হ'তে চলে যা?" এই বলিয়া তিনি আর তিলার্ক্ষ বিশ্ব না করিয়া গলার পারে যাইয়া নৌকায় চড়িলেন এবং নৌকা ছাড়িয়া দিলেন। নৌকা যেদিকে যাইতে লাগিল, তীরে তীরে, আমিও সেইদিকে ছুটিলাম। অন্ধচারী চীৎকার করিয়া বলিলেন, " এখন চলে যা, চলে যা।"

এই শব্দ শুনিয়াই আমার নিডাভঙ্গ হইল। স্বল্লাষ্ট বিষয়গুলি পরিকার যেন চক্ষে ভাসিতে লাগিল। সকাল বেলায় উঠিয়া মেজ দাদাকে জ্বিজ্ঞাসা করিলাম-- কষ্ট্রহারিণীর খাটের নিকটে কি কোন পুরাতন গুপ্ত রাস্তা আছে ?' মেজ দাদা বলিলেন- "ইা, নবাবী আমলের একটি পথ আছে। তা বছকাল একেবাবে বন্ধ।" আমার বড়ই কৌতৃহল জ্মিল। পথটি দেখিতে বিকাল বেলা মেজ দাদার সঙ্গে কট্টছারিণীর ঘাটে গেলাম। দেখিয়া কতকক্ষণ একেবারে অবাক হইয়া বসিয়া রহিলাম। কটহারিণীর ঘাটের প্রায় ৫০।৬০ হাত দক্ষিণে এই পথটি রহিয়াছে। ক্রমশঃ নীচ হইয়া রাস্তাটি একেবারে গঙ্গার ভিতরে গিয়া প্রবিষ্ট হইয়াছে। জল এ সময়ে কম বলিয়া, রাস্তাটির উপরকার প্রকাও থিলান ক্রমশঃ যে লখাভাবে গলার গর্ভে গিয়া প্রবেশ করিয়াছে, ঘাটহইতে বেশ স্পাষ্টই দেখা যায়; কিন্তু এই থিলান রাস্তা কোথায় গিরা যে শেষ হইয়াছে. কেছ বলিতে পারিল না। ভানিলাম, কিচকাল পর্বের জেলার ম্যাজিটেট 'ডিয়ার' সাহেব বহু অর্থবায়ে এই পথটি খুলিতে চেষ্টা করিয়ানিক্ষল হন। নানাপ্রকার ভয় ও বিভীষিকা দর্শন করিয়া এবং বছবিধ বাজনার আবাওয়াজ ভানিয়া, মুজুরেরা নাকি কাজ ছাড়িয়া পলায়ন করে। বড়বড় বিষধর সর্প উহায় ভিতরে আছে, মনে করিয়া সাহেবও অসম্ভব সহলে কান্ত হন। আনেকেই বলেন যে, নবাবদের তঃসময়ে পলাইবার জন্ম ইহা ওপ্ত পথ ছিল: আবার কেহ কেছ এরপ্ত অনুমান করেন যে থিলানের অন্সরে আবরণের ভিতরে থাকিয়া নিরাপদে ও স্বচ্ছনেদ বেগমদের স্থানের জন্ম কোনও নবাব একটি নিভত ও গুপ্ত ঘাট করাইয়াছিলেন। যাগা হউক. এ সম্পর্কে নিশ্চিত কোনও সংখাদ কেইই বলিতে পারিল না।

## পীরপাহাড় ও দীতাকুণ্ড।

এই স্বপ্নদর্শনের প্রহুইতে মেজ দাদার সঙ্গে প্রায়ই ক্টছারিণীর ঘাটে যাইতেছি।

১০লে পৌন, সন্ধার পরে ঘাটের বিপরীত দিকে, গলার অপর পারে, পাহাড়ের উপরে,
রবিবার। একটা চঞ্চ অগ্নি নিত্যই দেখিতেছি। অগ্নিট হির নয়; মনে হয় যেন
৮।১০ হাত হান ব্যাপিয়া ছুটাছুটি করিতেছে। সহরের বাব্দিগকে এ বিষয়ে ক্লিজানা
করার তাঁহারা বলিলেন— এ অগ্নি অধিক রাত্রে, অন্ধকার-পক্ষে বেশ পরিফার দেখা ঘার।

আম্মরা বহুকাল্যাবং এই অগ্নি দেখিয়া আদিতেছি। কিসের অগ্নি, কোথায় অগ্নি, তাহা

আম্মরা জানি না। ' আশ্চর্যের বিষয় এই যে বুলে ব্রহ্মচারী মহাশয় ঠিক ঐ পাহাড়ের যে হানে ফাটা চটাল দেখাইয়াছিলেন, এই অ্যি ঠিক সেই স্থানেই দেখিতেছি।

মেজ দাদার সঙ্গে এক দিন পারপাহাড়ে বেডাইতে গোলাম। মুঙ্গেরছইতে পীর-পাহাড় বেশী দরে নয়। পীরপাহাড়ে উঠিয়া একটি কবর দেখিলাম। মুদলমান ফকির ওথানে নমাজ পড়িতে আসিয়াছিলেন: তাঁহাকে কবরটির বিধরে बिक्छामा করায়, তিনি বলিলেন—'বছকাল পূর্বে এখানে কোনও একটি ফ্কির ছিলেন। ধর্মের জন্ম ব্যাকুল হইয়া তিনি গৃহ পরিবার ও বিপুল সম্পত্তি পরিত্যাগপুর্বকে এখানে আসেন। এখানে দীর্ঘকাল থাকিয়া, তিনি কঠোর সাধন ভজন করিয়া পীর হন। দেহত্যাগ করিলে এথানেই ওাঁহাকে কবর দেওয়া হয়। সেই অবধি ওাঁহারই নামে এই পাছাড়কে পীরপাহাড় বলে। পীর সাহেব অভতশক্তিশালী দিন্ধপুরুষ ছিলেন।' স্থানটি দেথিয়াবেশ আহাম বোধ হইল। প্রায় এক ঘণ্টা কাল পীর সাহেবের কবরের পার্বে ব্দিয়া নাম ক্রিলাম। গুরুদের একবার ক্থাপ্রদঙ্গে এই পীর সাহেবের প্রভাব সম্বন্ধে বশিয়াছিলেন—' একদিন পীরপাহাড়ে বেড়াতে গিয়েছিলাম। অকস্মাৎ চারিদিক্ অন্ধকার ক'রে ভয়ঙ্কর ঝড বৃষ্টি এল। বিষম বিপদ। চেয়ে দেখি কোথায়ও মাথা রাখবার একট স্থান নাই। কি আর করবো ? পীর সাহেবের কবরের পার্মে স্বির হ'য়ে বসে রইলাম। ফকির সাহেবের অদ্বত প্রভাব! রৃষ্টিতে আমার চার দিকু ভেসে গেল, কিন্তু আমার শরীরে এক ফোঁটা জলও পড়লো না।' পীরপাহাড়ের কথা গুরুদেবের মূথে পুর্বেই গুনিমাছিলান, এখন প্রত্যক্ষ করিয়া ক্লতার্থ ছটলাম। ফকির সাচেবের কবর প্রদক্ষিণ ও নমস্বার করিলাম। বড়ই ভাল লাগিল। এস্থানে ভগবানের নাম করিয়া একটু বিশেষ্য অন্তুতি হইল। ওকদেশকে একান্ত মনে অরণ করিয়া প্রার্থনা করিলাম—যেন এইরূপ নির্জ্জন পাহাড পর্বতে থাকিয়া সাধন ভজন করিবার স্থােগ তিনি ঘটাইয়া দেন।

পীরপাহাড়ছইতে সীতাকুও অধিক দ্ব নয়। আমরা সীতাকুও গেশাম। শুনিশাম সীতাদেবা এই কুওে শ্রাদ্ভগণাদি করিয়াছিলেন বলিয়া কুওটির নাম সীতাকুও হইরাছে। কুওটি দৈর্ঘ্যে প্রস্থাদাক ১০১২ ফুট হইবে। কত গভীর বুঝিশাম না। স্থানে স্থানে স্থানে স্থানে স্থানে স্থানে স্থানে স্থান নীচে প্রস্তার দেখা যায়। অবিশ্রান্ত অত্যুক্ত কল টগ্বগ্ করিয়া উঠিতেছে, হাতে স্পর্শ করিবার যো নাই। কুওহইতে অভিরিক্ত কল নিকাশের ক্তা একটি বাধান নালা আছে। কেই কুওে ইঠাৎ পঞ্জিয়া গেলে তৎকণাৎ তাহার মৃত্যু অবধারিত।

এইজভ সেই চতুকোণ কুণ্ডের চারি ধারে লোহার 'রেলিং' (বেডা ) রহিরাছে। রামকুণ্ড .ও ভরতকুও দীতাকুণ্ডের কয়েক হাত তফাতে। এদৰ কুণ্ডের জল ঠাণ্ডা। দীতাকুণ্ডে উপস্থিত ছওয়ার পরই আমার পিতৃপুরুষদিগকে অকুত্মাৎ মনে পুডিল। জাঁহারা যেন আমার হাতহইতে এই কুণ্ডের জল পাইবার প্রত্যাশায় এথানে আসিয়া উপস্থিত হইয়াছেন. এই রকম একটা ভাবে আমাকে অন্থির, করিয়া তুলিল। ইহা কি স্থান প্রভাব না অস্থ কিছু জানি না। আদ্ধতর্ণাদি আমি চির্দিনই কুসংস্কার বলিয়া মনে করি; কিন্তু আমি স্থির থাকিতে পারিলাম না। রামকুণ্ডে ও ভরতকুণ্ডে অবগাহনপূর্বক, কিয়দ্ধের সীতাকুণ্ডের নালায় গিয়া সান করিলাম। স্নানে বড় আরাম বোধ হইল। পিড়-পুরুষদের অরণ করিয়া ২।৪ গণ্ডুষ জল দিতেই হুছ করিয়া আমার কারা আসিয়া পড়িল। ভিতরে একটা অপুর্ব শক্তি অমুভব করিতে লাগিলাম। যুগ-যুগান্তহইতে সরলবিশ্বাসী নিষ্ঠাবান অসংখ্য লোকের যে ভাবপ্রভাবে এ স্থানের অধঃ উর্দ্ধ চতুঃসীমা পরিব্যাপ্ত. আৰু বোধ হয় তাহাতেই আমার চিত্তকে এমন অভিভূত ও মুগ্ধ করিয়া ফেলিল। এই স্থানে গুরুদেবের রূপার বিশেষ নিদর্শনও পাইলাম।

স্বপ্রের সাফল্য। মুঙ্গের আগমনের সার্থকতা। মেজ দাদার সাধনপ্রার্থনা ও গোঁদাইয়ের সম্মতি।

মজেবে আসিয়া বড়ই আরামে দিন ঘাইতেছে। আজ মেজ দাদা আমাকে কথায় কথার কহিলেন— প্রোণে একটা শান্তি কিছুতেই আসিতেছে না। কি করিলে প্রাণে শাস্তি হয় १' আমি অমনই বলিলাম—'গোঁসাইয়ের আশ্রের নিলে, শাস্তি হয়। তিনি যে সাধন দেন তাহা গ্রহণ করিয়া সেইমত করিতে পারিলে, অস্তরে কথনও অশাস্তি আদে না। মেজ দাদা বলিলেন—'ভিনি কি আমার মত লোককে দীকা দিবেন ?' আমি বলিলাম— 'আপনি ভাল করিয়া একথানি পত্র ওাঁহাকে লিখিয়া দিন। নিশ্চয়ই তিনি সাধন দিবেন।'

আমার কথামত মেজ দাদা গোঁদাইকে পত্র লিখিলেন। অবিলয়ে উত্তর আদিল। গোঁদাই লিথিয়াছেন---

শ্ৰেদ্ধাস্পদেয়।

আপনার পত্র পাইলাম। আপনাদের মঙ্গল কামনা করিয়া থাকি। আপনার ইচ্ছা পূর্ণ হইবে। যেপর্য্যন্ত দেখা না হয়, মাঝে মাঝে কুশল সংবাদ জানাইবেন। কুলদাকে আমার আশীর্কাদ জানাইবেন। শুভাকাজগী

শ্রীবিজয়কফ গোসামী।

পোঁদাইয়ের সঙ্গে সাক্ষাৎ হইলেই মেজ দাদার আশা পূর্ণ হইবে, গোঁদাইয়ের এইপ্রকার আখাদানানী পাইয়া আমার আনন্দের আর সীমা রহিল না। পূর্বনৃষ্ট অপাটি আমার এইজাবে অক্ষরে সভ্যে পরিণত হইলা দেখিয়া বড়ই বিশ্বিত হইলাম। ফরজাবাদে যাওয়ার চেটা হইতে বিরত করিয়া গোঁদাই আমাকে তখন মুলেরে পাঠাইলেন কেন, তাহারও তাৎপর্যা এতদিনে ব্রিলাম। এখন তো দেখিতেছি দীক্ষাগ্রহণের পরহইতেই জীবনের বিশেষ ঘটনার অন্তর্গালে থাকিয়া গুরুত্ব করিছে। ঘটনাবলীর প্রারত কারণ নির্ণয়ে অক্ষমতা নিবন্ধন বিশেষবেশতাই আমার এরূপ সংস্কার জ্মিতেছে—না, যথার্থ ই এসব ব্যাপারে গুরুত্ব করিছে। ঘটনাবলীর প্রারত্ত্ব আমার এরূপ সংস্কার জ্মিতেছে—না, যথার্থ ই এসব ব্যাপারে গুরুত্ব করিছে। ব্রিল্ড পারিতেছি না। চিত্ত কিন্তু গুরুত্বদেবের দিকে আপনার আপনিত টানে।

মুঙ্গেরে আসিয়া জল-বায়ুর গুণে শরীর একটু হুস্থে আছে। প্রভাৱ গদ্ধান করিভেছি; সাধন ভন্ধনেও উৎসাহ যেন দিন দিন বৃদ্ধি পাইতেছে। শেষবাত্রে উঠিয়া প্রাণায়াম কুন্তক করি। অতি প্রভাৱে মুথ ধুইয়া আসনে বিস; বেলা গাটা পর্যান্ত ত্রাটক্ সাধন করিয়া, মেজ দাদার সঙ্গে চা পান করি। পরে ১॥ টা পর্যন্ত আবার নাম সাধন করিয়া কাটাই। ১০॥ টার মধ্যে আমাদের সানাহার সব শেষ হইয়া যায়। তৎপরে হিরভাবে আসনে অপরাক্ত ৪॥ টা পর্যান্ত বিসাধা থাকি। সুলের কাজ সারিয়া মেজ দাদা বাসায় ফিরিয়া আসিলো, উাহার সঙ্গে কথাবার্ত্তার দিন শেষ হইয়া যায়। সন্ধার পর রাত ১॥ টা পর্যান্ত বিশেষ আরে কোনও কাজ হর না। আহারান্তে নিজাবেশ না হওয়া পর্যান্ত সাধন করি। এইভাবে আমার সময় কাটিতেছে।

## ২য় স্বপ্ন । — ফুলগাছের অস্বাভাবিক মৃত্যু।

এই তুই বংসবের মধ্যে আমি কোনও বৃদ্ধের ভালা, পাতা, দূল বা দল ছি ডিয়াছি বলিয়া পৌৰস্ফান্তি, মনে পড়ে না। জীবস্ত বৃদ্ধের আমাদেরই মত অন্তব-শক্তি আছে—
১০৯৫। গোহামী মহাশ্যের মুথে ইহা ভনিয়া আমারও ভদবধি ঐবিবয়ে একটা দৃঢ়
সংস্কার জানিয়া গিয়াছে। গাছের ভালা পাতা কাহাকেও ছিঁড়িতে দেখিলে ভাল লাগে
না; বড়ই কঠ হয়। এমন কি, মেয়েরা যেখানে রামার জভ তরকারী কুটেন সে স্থানেও
থাকিতে পারি না; দেখিলে প্রাণে লাগে! মেল দাদা কতকগুলি ফুলগাছ বারেন্দার ছাদে
আমার কোঠীর সমুথে সাজাইয়া রাখিয়াছেন। প্রতিদিন সকালে বিকালে এই গাছগুলিকে

. আমানি নিজ হাতে জ্বল দেই। চাকরাণী খল দিতে চার: কিন্তু তাহাতে আমার তথি হয় না। আমাদের পার্যবর্তী বাজীর বাবেন্দার ছাদ আমাদেরই ছাদের একেবারে সংলগ্ন: উভয় বাড়ীর এক ছাদ বলিলেই হয়: মধ্যে সামাল্ল ১॥ হাত উচ্চ একটি প্রাচীর হারা পুথক করা আছে। পুলিশ ইনসপেকটার শ্রীয়ক্ত অধর বাব পাশের বাড়ীতে থাকেন। তিনিও কতকগুলি কুলর স্থানর ফুলগাছ আনিরা আমাদের ছাদের লাইন ধরিয়া সাজাইয়া রাথিয়াছেন। ছই ছাদের ফুলগাছের শোভা দেখিয়া বড়ই অহলাদ হয়। রাত্রি ৩ টার সময়ে নাম করিতে করিতে এক দিন নিদাবেশ হইল। স্বপ্নে দেখিলাম—আমাদের ফুলগাছে আমি জল দিতেছি: অন্ধর বাবর ছাদের ৩টি ফুলগাছ অকলাৎ নডিয়া উঠিল এবং আমাকে ডাকিয়া থব কাতরভাবে বলিল- 'ওছে। আমাদের দিকেও একবার তাকাও। আমাদের অবস্থা দেখিয়া তোমার কষ্ট হয় না ? জলপিপানায় আমাদের যে প্রাণ হায়। তোমার হাতে একটু জল চাই। না হ'লে আমেরাআরে বাঁচিব না।' অংগ দেখিয়াই ভাগিলাম। মনটি বডই অভির হইয়া পড়িল। নাম করিয়া কোন মতে ভোর পর্যস্ত কাটাইলাম। সকাল বেলা দেখি. সেই গাছ কয়টি বেশ সতেজ। ভাবিলাম এলোমেলো অপ্ল অনেক সময়েই ভো দেখা যায়, ইহাও বোধ হয় তাহাই।' যাহা হউক মনের ভিতরে একটা খটকা লাগায় অধর বাবুর চাকরাণীকে সকলগুলি গাছেই খুব প্রচর পরিমাণে জল দিতে বলিলাম। চাকরাণী তাহাই করিতে লাগিল। অপের বাড়ীর ছাদে যাইয়া নিজের হাতে জল দিতে আমার কেমন একটু সক্ষোচ বোধ হইল। স্বপ্ন দেখার প্রহইতে প্রত্যাহ সকালে উঠিয়া আমি ঐ গাছ কয়ট দেখিয়া আসিতেছি। আজ চতুর্থ দিন, সকালে উঠিয়া দেখিলাম, আশ্চর্য্য ব্যাপার—এক রাত্রিতে সেই ৩ টি তাজা গাছই একেবারে শুকাইয়া গিয়াছে। এ কি অন্তত ঘটনা, বুঝিতেছি না। কোন পারলোকিক আত্মা আমার হাতে জ্লপ্রত্যাশায় এই ফ্লগাছ কয়টি আশ্রয় করিয়া ছিলেন কি না জানি না। গাছ কয়টির অবস্থা দেখিয়া অনুতাপে আমার অস্তর যেন দগ্ধ হইয়া যাইতেছে। আমি গাছ ৩টির জীবনী-শক্তিকে উদ্দেশ করিয়া ৩ গুণুষ জল উর্জাদিকে ছিটাইয়া দিলাম ইহাতে আমার প্রাণের জালার কতক উপশম হইল।

তয় স্বপ্ন। গঙ্গাদাগরসঙ্গমে যাত্রা। গুরুনিষ্ঠার উপদেশ।

আৰু অধিকরাতে স্বপ্ন দেখিলাম—ত্রহ্মপুত্র নদের তীরে বছজনসমাকীণ একটি বাজারে ৮ই মাথ, ১২৯৫; তিপস্থিত হইয়াছি। নদীর পারে, বাজারের ধারে, অসংখ্য নানা রজের রবিবার। ছোট বড় নৌকা দেখিতে পাইলাম। গোস্থামী মহাশর একথানা প্রকাণ্ড বজরায় উঠিরা সমস্ত শিশুবর্গকৈ তাহাতে তুলিয়া লইজেন। গলাসাগরে যাওরাই আমাদের উদ্দেশ্য; গোষামী মহাশয়ের পূর্বকার বিশেষ বন্ধু কোনও একজন মহায়া আমাকে ইঙ্গিত করিয়া বলিলেন— তুমি আমার নৌকায় এস না ? খুব আরামে যাবে। আমিও তো গলামাগরেই যাইতেছি। আমি ওাঁহার কথা গ্রাহ্ম করিলাম না। তিনি শীল্ম যাইবেন বলিয়া ছোট নদীর সরল পথে নৌকা বাহিয়া চলিলেন। গোষামী মহাশয় স্থবিভূত ব্রহ্মপুত্রের অস্তুক্ল স্থোতে বজরাথানা ছাড়িয়া দিলেন। দেখিতে দেখিতে বাতাসও আমাদের সহায় হইল। গোসাই, 'পাল 'টি তুলিয়া দিয়া, হিরভাবে বসিয়া রহিলেন। প্রকাশু বজরাখানা শোঁ শোঁ করিয়া চলিল। গোঁসাইয়ের কথামত আমরা সকলেই এক একথানা বৈঠা হাতে লইয়া, নৌকা বাহিতে লাগিলাম। কিন্তু অভি ফ্রডগামী নৌকায় বৈঠা ফেলিয়া চাপ দিবার আর অবসর ঘটিল না—বৈঠা জল স্পর্শ করিতে না করিতে নৌকা কোথায় ছুটিয়া বাইতে লাগিল। গোবামী মহাশয় তথন খুব উৎসাহ দিয়া কৌতুক দেখিতে লাগিলেন। বৈঠা তোলা ফেলা মাত্রই সার, ইহা বৃরিয়া আমরাও অবশেষে হাত গুটাইলাম। নদীর তীরের সৌল্বর্য দেখিতে দেখিতে গ্রহ্মণের মধ্যেই গলসাগরের নিক্টবর্তী একটি চড়ায় গৌছিলাম। নৌকা সেগনে লাগান হইল। চড়ায় নামিয়া সকলে আনন্দের সহিত লানাহার করিলাম।

এই সময়ে দেখি সেই মহায়াও আসিয়া উপস্থিত হইলেন। সোজাক্স শীঘ্র আসিবেন ভাবিয়া যে নদীপথ ধরিয়া আসিলেন, ছরদৃষ্টক্রমে তাহাতে বিয় ঘটয়াছিল। প্রতিকৃদ স্রোতে ও উণ্টা রাট্কা বাতাসে তাঁহার নৌকাখানি বিষম বিপন্ন হইয়ছিল। গতাস্তর নাদেখিয়া, প্রাণপণে 'দাড়' টানিয়া ঘয়াক্ত-কলেবরে হাঁপাইতে হাঁপাইতে তিনি আসিয়া আমাদের বজরা ধরিলেন; এবং তাঁহার সেই ছোট 'ডিক্লী' নৌকাটি উহাতেই বাঁধিয়া দিলেন। 'এখন নিশ্চিম্ভ হইলাম,' বলিয়া পরে তিনি আমাব সঙ্গে ধ্র্মালোচনা আরম্ভ করিলেন। এদিকে গোসাইয়ের আদেশে আমাদের বজরা ছাড়িয়া দেওয়া ছইল।

আমি মহামাটিকে জিজ্ঞাস। করিলাম,— 'ভগ্<u>থান্কে লাভ করার সহজ্ঞ উপায় কি ৭'</u> সাধু বলিলেন—" ভগ্যানের যথাগ নামে নিয়ত তাঁহাকে ডাক্লেই সহজে তাঁকে <u>লাভ</u> করা যায়।"

অামি। ভগবানের আবার যথার্থ নাম নকল নাম আছে নাকি ?

সাধু। যে নামে ডে'কে কেছ ওাঁহার দর্শনলাভ ক'রেছে তাঁর মূথে সেই নামই ভগবানের যথার্থ নাম।

আমি। বস্তুষত দিন অজ্ঞাত ছিল, ভার একটা নাম হইবে কি প্রকারে? আগে বস্তু, পরে তোনাম?

সাধ। কোন এক সময়ে ভগবানেরই বিশেষ ক্রপায় এক শ্রেণীর লোক জনেছিলেন, যার। তাঁরই কুপায় তাঁকে লাভ ক'রেছিলেন। তাঁরা, সাধারণের জন্ত, ভগবানকে লাভ করার যে স্কল উপায় নির্দেশ ক'রে গেছেন, আমাদের মাত্র তাই অথলম্ব। সহজে ভগবানকে লাভ কর্তে হ'লে সে সকল প্রণালী অমুসরণ ব্যতীত আর উপায় নাই।

আমি। আমার এখন কি কর্ত্তব্য, ব'লে দিন। গুরুকরণ তো আমার হ'রেছে; প্রবাদীও পেয়েছি।

সাধ। "তোমার আর চিন্তা কি ? সদগুরুর আশ্রয় পেয়েছ। তাঁর উপদেশ মত চল্লেই সহজে ভগবানকে লাভ কর্বে। তোমার গুরুদেবের কিছুই অজ্ঞাত নাই।"

অপ্ন দেখিয়া জাগিয়া উঠিলাম। কি অন্তত স্বপ্ন। মহাআরাও এই ভাবে স্বপ্রযোগে দয়া করিয়া গুরুনিষ্ঠার উপদেশ দেন। জানি না কবে অবিচারে গুরুর আদেশ-পালনে আমার মতি হইবে।

## কফ্টহারিণী ও মুঙ্গের নামের সার্থকতা।

প্রায় প্রত্যুহই মধ্যাকে আহারান্তে কট্টহারিণীর ঘাটে ঘাই। সন্ধ্যাপ্র্যান্ত সেথানে থাকিয়া নাম করি। ঘাটটি বড়ই মনোরম। একটু সময় বসিলেই ১১ই মাঘ. গঙ্গার হাওয়ায় ও স্থানের প্রভাবে দেহমনের সমস্ত জালাই যেন বধবার ৷ একেবারে নিবিয়া যায়, চিত্ত বিনা চেষ্টাতে আপনা আপনিই স্থির জ্মাট হইয়া পড়ে। গলার উপরে এমন সুন্দর ভঙ্গস্থান আর কোণাও আছে কিনা জানি না। ঘাটটি ঠিক যেন গঞ্চার মধ্যে রহিয়াছে। দক্ষিণে বামে ও সমূথে গঞ্চার দুখ্য অতি চমৎকার। সাধ-সন্নাসীদের থাকিবার জন্ম ছোট ছোট ভলনালয় ঘাটের উপরেই রহিয়াছে। এ শ্ব কুটারে সর্বাদাই সাধু-সন্ন্যাসীরা ধ্যানময় অবস্থায় বসিয়া আছেন, দেখিতে পাওয়া যায়। चारित देशत कहेरातिनी व्याजिष्टिजा। देरातर नाम वह चारित नाम कहेरातिनी হইয়াছে। বিভিন্ন সম্প্রদায়ের সাধু ও উদাসীনেরা এই স্থানে নির্ব্বিবাদে আপন আপন আসনে ভলনে নিবিষ্ট হইয়া আছেন। এই স্থানে আসিলে আর বাসায় ফিরিয়া যাইতে ইচ্ছা হয় না। এপথাত্ত যে সব স্থান দেখিয়াছি তক্মধো এই স্থানটি সাধন ভক্ষনের পক্ষে সর্ব্বোৎকৃত্র মনে হয়। সাধু-সজ্জনদের ভজনগুণে এই স্থানে ভগবচ্ছজির এমনই একটি আশ্চর্য্য প্রভাব জাগ্রত রহিয়াছে যে খাটে উপস্থিত হইলে যথার্থই অন্তরের সমস্ত সম্ভাপ বিদ্রিত হটয়া বায়। 'কটহারিণী ঘাট' এই নামটি সার্থক বলিয়া অরুভূত হয়।

ভূনিতে পাইলাম প্রাচীনকালে এখানে 'মলু' ঋষির আপ্রম ছিল বলিয়া সহরের নামও মুদের হইরাছে।

### ৪র্থ স্বপ্ন । — গুরুর আদেশ পালনে সক্ষোচ।

আবাজ ভোর রাত্রিতে আনার একটি জন্দর স্বপ্ন দেখিলাম। সহস্র গুরুভাতার সঙ্গে গঙ্গাল্পান করিতে একটি বাঁধান ঘাটে সমবেত হইয়াছি। সকলেই আপনার ১৭ই মাঘ, ১২৯৫ ৷ মনে লান করিতেছেন। আমি ঘাটের সিঁভির উপরে দাঁডাইয়া রহিলাম। এ সময়ে দেখি, গুরুদেব একদিকহইতে জতপদ্ধিক্ষেপে শন শন করিয়া আসিতেছেন। উভয় পার্শেও সম্মধে চঞ্চল দৃষ্টি নিক্ষেপ করিয়া আমাদেরই মধ্যে কোন কোন ব্যক্তিকে লক্ষপ্রদানপূর্বক ধরিতেছেন; তাঁহাদিগকে ধরিয়া কি বলিতেছেন বা কি করিতেছেন, কিছুই বুঝিলাম না। গুরুদেব ক্রমে যতই আমার নিকট্রতী হইতে লাগিলেন, আমার ততই ভয় হইতে লাগিল, পাছে আমাকেও ধরেন। অকমাৎ দক্ষিণে বামে ও সম্মুখে সকলকে অতিক্রম করিয়া আসিয়া আমাকেই ধরিয়া ফেলিলেন এবং বলিলেন—' শীঘ্র ত্যাংটা হও. তোমার সর্বাক্ষে আমি একবার হাত বুলা'য়ে দি। একটা তুর্লভ অবস্থা লাভ করবে।' গুরুদেব এই কথা বলামাত আমার সর্বাদ শিহরিয়া উঠিল, উপস্থ চঞল হইল। হঠাৎ তুর্দম কামের উত্তেজনায় আমি অভির হইয়া পড়িলাম। তথন গুরুদেবের চরণে প্রণত হইয়া বলিলাম—' আমাকে হু'মিনিট কাল একটু অবসর দিন, আমি স্থির হ'য়ে নি।' ি গোঁদাই পুন: পুন: ভাংটা হইতে বলিয়াও যথন দেখিলেন কথামত কাল করিতে পারিলাম না, সঙ্কোচ করিতেছি, তথন বলিলেন - 'এবার আর হ'লো না ৷ তিন দিন পরে আমি আবার আস্ব।' এই বলিয়াই অমনি অদৃগু হইলেন।

আমিও জাগিয়াপড়িলাম। স্বপটি দেখিয়ামন অত্যস্ত অভির হইল।

# মুঙ্গেরের বিশেষত্ব।

প্রান্ন ছইমান কাল মূলেরে বাস করিলাম, অনেক দিন হয় প্রচারক অবস্থায় গোৰামী মহাশয় কিছুকাল এহানে অবস্থান করিয়াছিলেন। তাঁহার স্নেহের কভা সন্তোবিণীর মৃত্যু এই মূলেরে হয়। ভানিয়াছিলাম তথন তিনি শোকে উন্মন্তবৎ হইয়াছিলেন।, "শোকোপহার" নামক একথানি প্তকে তিনি সেই সময়ের সমস্ত মানসিক অবস্থা বিভূতরূপে লিথিয়াছিলেন। এই মুদ্দেরেই একজন মহাপুরুষের সাক্ষাৎকারে গোস্বামী মহাশরের ধর্মজীবনের আম্ল পরিবর্তনের ফুচনা হয়। 'আশাবতীর উপাধ্যানে'-ও গোস্বামী মহাশয় তাহার কিছু কিছু পরিচয় দিয়াছেন। এই স্থানের মহাতীর্থ কটছারিণী যথার্থই যেন মান্সিক সকল কট গঙ্গাল্পলে প্রকাশিত করিয়া শান্তি প্রাদান করেন। ঘাটের সৌন্দর্যোর তলনা নাই। প্রতাদিকে কেলাটিও যেন একথানা স্থাদর ছবি মনে হয়।

তৃ'মাস কাল এখানে থাকিয়া সাধন ভজনে বিশেষ উপকার অনুভব করিলাম।

### ভাগলপুরে অবস্থান।

বি. এল প্রীকা দেওয়ার স্থবিধার জন্ত মেজ দাদা মুঙ্গেরহইতে কলিকাতা হেয়ার সুলে বদলী হইলেন। আমি ভাগলপুরে আসিলাম, ভাগলপুরে এ অঞ্চলের ফালন ও চৈটে. ক্ষণ ইনস্পেকটার মনীয় ভগিনীপতি শ্রীযক্ত মথবানাথ চট্টোপাধাায় 32 a c 1 মহাশরের বাসায় রহিলাম। ভাগলপুরও বড় ভাল লাগিল। মণুর বাবুর থাকিবার বাটীট আরও মনোরম। এই বাড়ী বর্দ্ধানের মহারাজাব, স্থবিস্ত-ভানব্যাপী। খঞ্চরপুরে ঠিক গঙ্গার উপরে অবস্থিত। এইজ্ঞ বাড়ীটির নাম পুলিনপুরী । ছইয়াছে। 'পুলিন-পুরীর' সম্বাধস্থ রোয়াক প্লাবিত করিয়া গঙ্গা প্রবাহিত ইইতেছেন। স্তানটি যেমন নির্জ্জন, তেমনই আনন্দদায়ক। গঙ্গার উপরেই আমাদের থাকিবার ঘর হইল। কিছুদিন এখানে থাকিয়া থব সাধন ভল্লন ও সময়ে সময়ে সংস্কৃত করিতে লাগিলাম। কিন্তু কিছুকাল পরে এখানেও আমার শরীর অন্ধৃত হুইরা পড়িল: বেদনাও অতিশয় বন্ধি পাইল।

### অযোধ্যায় গমন। সাধুসঙ্গ।

সকলের পরামর্শ মতে আমি আর কালবিলম্ব না করিয়া বৈশাথের প্রারত্তে ফ্রজাবাদে বড দাদার নিকটে চলিয়া আসিলাম। অযোধ্যার ৫।৬ মাইল অন্তরে বৈশাপ চইতে ফরজাবাদে বড় দাদা হীযুক্ত হরকাস্ত বন্দ্যোপাধ্যায় মহাশয় সরকারী হাসপাতালে আসিট্যাণ্ট সার্জ্জন। প্রকাণ্ড হাসপাতাল ভ্রমির অন্তর্গত ৰুম্পাউণ্ডের এক পাশে স্থান প্রকাশনা দোতালা বাড়ীতে দাদার বাসভবন। দাদার সঙ্গে আমি প্রমানন্দে দিন কাটাইতে লাগিলাম। হাসপাতালের কাজ বাদে অবশিপ্ত সময় দাদা ধর্মালোচনা লইয়াই थारकन। मामात मनीता मकरमहे एक भन्छ ७ हे बाजी बतर प्रामिक हहेरमह, সজ্জনাশ্রিত বলিয়া, নিষ্ঠাবান্ ও ধর্মগত্পাণ। ইহারা ধর্মপ্রবাস্কে বড়ই আনন্দ ও প্রাণের আগ্রহ প্রকাশ করেন। বড় দাদা করেকদিন ধরিয়া আমার রোগের অবস্থাওলি পরীক্ষা করিয়া দেখিলেন। ওবধাদিতে এ ব্যাধির উপশম অসম্ভব বৃদ্ধিয়া, সদাচারে স্বভাবের উপরেই থাকিতে পরামর্শ দিলেন। বেদনা একটু কম থাকিলে, সকালে বিকালে আমি রাজার একটু বেড়াইয়া থাকি। অযোধ্যা ফয়জাবাদে সাধু-সয়াাসীর অস্ত নাই। ওরুদেব বিলয়াছিলেন—মহাপুরুষো ছলাবেশে সর্পন্তই বিচরণ করেন। কাশী, রুন্দাবন, অযোধ্যাদি তীর্থে অনেক সময়েই তারা থাকেন। তাদের চেনা শক্ত। মুটে মজুরের বেশেও তারা খুরে বেড়ান। ওরুদেবের একথা অরণ করিয়া, প্রতাহ হু'বেলা আমি পথে পথে পুরি; এবং হ'পাশে ও সয়্বে বাহাদের দেখিতে পাই, মনে মনে তাঁহাদিগকে প্রণাম করি। ওগবানের রুশায় ক্রমে এ সময়ে ক্রেকটি মহায়ার দর্শন পাইলাম। অ্যাচিতভাবে তাঁহাদের অমধ্যরণ রুপা লাভ করিয়া, অযোধ্যায় আগমন আনার মার্থক মনে হইতেছে। এথানে সাধ্যর ভ্রম করিতে থুব একটা ইছা হয়— মন্টি খেন সর্বনাই উদাস উদাস থাকে। এস্থানের সাধু মহায়াদের সজ প্রভাবে, ওরুর প্রতিই চিত্রের আকর্ষণ ও নিষ্ঠা বর্দ্ধিত হয়, দেখিতেছি।

### কলিকাতায় গোঁসাইদর্শন। সাধুমহাতাদের সঙ্গবিবরণ।

করেক মাস এখানে থাকার পর গুরুদেবকে দেখিতে প্রাণ বড়ই অছির ইইনা উঠিল।

আবন মাস, এ সময়ে ভগবংকপায়, পারিবারিক কোনও বিশেষ প্রয়োজনে লালাও

১৯৯৬। আমাকে বাড়ী পাঠাইতে ব্যন্ত ইইলেন। আমি বাড়ী রওনা ইইলাম।

কলিকাভায় আসিয়া শুনিলাম গোস্বামী মহাশয় কলিকাভায়ই আছেন। গুরুদেবের সঙ্গান্তের লোভে কয়েকদিন কলিকাভাতেই থাকিয়া যাইতে ইচ্ছা ইইল। ঝামাপুকুরে মেন্দ্র লালার বাসায় রহিলাম।

আলা অপরাক্তে গোস্থানী মহাশয়ের দর্শন-মান্দে বাহির হইলাম। স্থাকিয়া ছীটের উপরে ছোট একথানি দোতালা বাড়ীতে তিনি রহিয়াছেন। গ্রীধর, শ্রামাকান্ত পণ্ডিত মহাশয়-প্রভৃতি শিষ্যগুলু এবং গোস্থানী পরিবার সঙ্গে আছেন।

গোঁদাইয়ের কাছে পৌছিয়া দেখি, লোকে ঘর পরিপূর্ণ; ভক্তিভালন বান্ধধর্ম প্রচারক, শ্রীমুক্ত শিবনাথ শাস্ত্রী, শ্রীমুক্ত নগেজনাথ চটোপাধাায় প্রভৃতি গণ্য মান্ত ব্যক্তিবর্গ গোঁদাইয়ের সহিত ধর্মালাপ করিতেছেন। শিবনাথ বাবু তাঁর একটি অবহার বিষয় ব্যক্ত করিলেন্। গোত্থামী মহাশার তানিরা বলিলেন,— ষট্চক্রেভেদী মহাত্মারা যে অবস্থায় থাকেন, শিবনাথ বাবু উপাসনাকালে কথনও কথনও সহস্রারে অবস্থান ক'রে ভাহা ভোগ করেন। এটি বড সহজ নয়।

আমি।—হাঁ, কয়েকজন মহাত্মার দর্শন পেয়েছিলাম। গোসাই।—তাঁদের সম্বদ্ধে যা যা তোমার জানা শোনা আছে বল। আমি সকলের সাক্ষাতে বিভূতরূপে বলিতে লাগিলাম।

#### लाका वावा।

ফয়য়বাদে আমি কয়েক মাস ছিলাম। এইসময়মধ্য ৩।৪ টি মহাআর দর্শন পাইয়াছি। আমার অয়োধ্যা যাওয়ার পূর্বে দাদার পরে ল্যান্ধা বাবার কথা ভানিয়া আপনাকে জানাইয়াছিলাম। আপনি তথন বলিয়াছিলেন—"ইনি একজন খুব শক্তিশালী সিদ্ধ পুরুষ।" ফয়য়াবাদে যাইয়া আমি প্রথমেই এই মহাআকে দর্শন করি। 'গুপ্তার ঘাট' হইতে ১॥ কি ২ মাইল অস্তরে, সয়য়য় পারে, জনমানব শুশু স্থবিত্তী পয়দানের মধ্যে ইনি থাকেন। রাশক্ত মাটা পাহাড়ের মত ততুপীক্ষত করিয়া দেশিলমঞ্চের ভায় ৩ টি থাক্ করিয়াছেন। সর্বোচ্চ থাক্ সমতলভূমিহইতে প্রায় ৫০ কূট উচ্চ হইবে। তাহারই উপরে মৃত্ত আকাশের নীচে ল্যান্ধা বাবার আসন। এইয়ানইতে বছদ্র প্রাপ্ত গাছ পালার কোনও সম্পর্ক নাই। চতুর্দিকে ঘাসের ময়দান মাত্র দেখা যায়। গুপ্তার ঘাট বা ক্যাণ্টন্মেন্টের নিকটহইতে ঐ দিকে তাকাইলে মোটা থামের উপরে বাবানীকে একটি পক্ষীর ভায় দেখা যায়। উহার প্রায় তই দিকেই সয়য়ু নদী; অপর ছ'দিকে 'ধু ধু' প্রকাণ্ড মাঠ। এই মাঠ সয়য়য়য় চড়াও হইতে পারে। একটি সয় খাল সয়য়য় একদিক্ছইতে আসিয়া, ল্যান্ধা বাবার আসনহানে বেইনপূর্বক অপর দিকে গিয়া আবার সয়য়্তেই মিলিয়াছে। উহাতে জল খুব অয় থাকে। গুলিনা—একবার এই থালের আেত রুদ্ধি হওয়ার, উহা প্রশাস ভ্রাম্ব অলিক বিললেন—

"মান্তি, ইধাৰ মথ আও।" কিন্তু থালটি ক্রমশংই বৃদ্ধি পাইতে লাগিল। পরে বাবাজী বিষক্ত হইলা বলিলেন—'হাঁ! ন্তাসা? আছো, বন্ধ হো যাও।' সেইহইতেই নাকি খালটি একেবাবে বন্ধ হইলা গিলাছে। সহবের লোকে সকলেই বলে, 'বাবাজী সিদ্ধপুরুষ, উাহার বাকোই খালের ঐ দুশা ঘটিয়াছে।'

শীত ও গ্রীম ফরজাবাদে অত্যন্ত বেশী। প্রের মাঘ মাসে কোঠাঘরের ভিতরেও শীতের সময়ে আগুন তাপিতে হয়: আবার গ্রীল্লের সময়ে বৈশাথ জ্যৈষ্ঠ মালে বেলা ৯ টার পরে ঘবের বাহির হওয়া যায় না: ৫ মিনিট রৌজে থাকিলেই মনে হয় যেন শরীর পুড়িয়া ফোকা পড়িয়া গেল। ল্যাকা বাবা 'ধুধ' ময়দানের মধ্যে অনাবৃত স্থলে দারুণ শীত গ্রীমে কিছুমাত অবলম্বন না করিয়া কি প্রকারে উল্লাবস্থায় অহনিশ থাকেন, ভাবিয়া অবোক হইলাম। লোকালয়হইতে এত ভদাতেই বা কেন আদন করিলেন, জানিতে কৌতুহল জন্মিল। এক দিন বাবাজীকে জিজ্ঞাদা করায়, তিনি তাঁহার জীবনের অনেক কথা বলিলেন। শুনিলাম, তিনি বত্কাল তীর্থপর্যাটন করিয়া, অবশেষে ফয়জাবাদে গুঞ্জার ঘাটে আসিয়া উপস্থিত ছন। লোকালয়হইতে দ্বে থাকা ভাঁহার নিয়ম বলিয়া এ ময়দানেই গিয়া তিনি আনসন করিয়াবদেন। একদিন গভীর রাত্রে স্মাথে ধনি রাথিয়ানাম করিতে করিতে তল্লাবেশে জ্ঞান্ত আগুনের উপরে পডিয়া যান, তাহাতে শরীরের কয়েকটি স্থান সাংঘাতিকরূপে দগ্ধ ছইয়া যায়। বাবাজী পোড়া ঘায়ের জালায় ছটফট করিতে করিতে চীৎকার করিয়া কাতর-ভাবে রাম্মীকে ডাকিয়া বলেন—'হা বে রাম্মিন, তোহার লিয়ে মে এংনা কিয়া, আওর ত মেরা এতি ছাল কিয়া। বাবাজী এইকথা বলামাত্র দেখিতে পাইলেন আকাশপথে ভীষণাকার একটা কি যেন শোঁ শোঁ শব্দে আসিতেছে। দেখিতে দেখিতে সেই মর্তি বাবাজীর সম্মুখে আসিয়া পড়িল এবং বাবাজীকে সবলে ধরিয়া জলস্ত আগুনের উপরে ফেলিয়া ঘষিতে লাগিল: অগ্নি একেবারে নির্বাণ হইলে পর, ধুনির বিভৃতি তুলিয়া বাবাজীর সর্বাজে মাথাইয়া দিল। অতঃপর সেই শক্তিশালী নভশ্চর বলিল—ইছাই রহ: আবসন কভি মং ছোড়না। কোণি উপাধি পরশ নেহি কবেগা। সিদ্ধ বনু যাও।' বাবাজী সেইহইতে আসন ছাড়িয়া আর কোণাও যান নাই। এজভ বাবাজীর উপর ভ্ৰমন পৰীক্ষাও গিয়াছে।

গোসাই বলিলেন-সে কিরকম প

আমি। বাবাজী যে ময়দানে থাকেন, ফয়জাবাদের ক্যাণ্টন্মেণ্ট তাহারই এক পালে। বিস্তৃত প্রকাণ্ড মাঠ বলিয়া, উত্তর-পশ্চিমাঞ্লের গোলন্দার সেনাদের গোলা-

বাদী সেই মাঠেই হইয়া থাকে। গোলাগুলি ছুঁড়িবার পূর্বে ময়দানের সমীপবর্তী প্রাম-্সমতে নোটিশ দেওয়াহয়। ছ'চার দিনের জয়ত তথন সকলকেই অহাত্র স্রিয়া যাইতে হয়। একবার এইরূপ গোলাবাজীর পূর্বে নোটিশ পড়িল। সকলে বাড়ীঘর ছাড়িয়া অন্তত্ত গেল: কিন্তু ল্যাঙ্গা বাবা আসন ছাড়িলেন না। সরকারী তরফ হইতে তাঁহাকে ঐস্থান ত্যাগ করিয়া যাইতে পুনঃপুনঃ বলা হইল। বাবাজী বলিলেন—'বাচ্চা লোক, থেলা কর। আসন হামারা সিদ্ধ হাায়, ছোড়নে নেহি সেকতে। কুছ হোগা নেহি; তম-সব থেলা কর।" শুনিলাম অতঃপর সরকারছইতে অনেক ভয়ও প্রদর্শন করা ছইল: কিন্তু বাবাজী, আসন ছাড়িলেন না। পরে তকুম হইল—নির্দিষ্ট সময়ের মধ্যে বাবাজী না সরিলে তাঁহার মতার জন্ত সরকার দায়ী হইবেন না। যথাকালে গোলাগুলি ছোঁড়া আরম্ভ হইল—সমগ্র ময়দানটা অধিময় হইয়া গেল, বাবাজী আপেন আসনে স্থিরভাবে ধুনি জালিয়া বদিয়া রহিলেন। করনেল ক্রলী কিছুক্ষণ অন্তর অন্তর দুর্বীক্ষণধারা এক একবার দেপিতে লাগিলেন বাবালী জীবিত আছেন কি না। অসংখ্য গোলাগুলি ছোড়া হইতে লাগিল. এদিকে বাবাজী ভাধু নিজের বামহস্তথানা চালেরমত সমূথে ধরিয়া বহিলেন ৷ গোলাগুলি সমস্ত বাবাজীর দক্ষিণে বামে ও মস্তকের উপর দিয়া অবিশ্রান্ত চলিয়া বাইতে লাগিল; কিন্তু বাবান্ধীর কিছতেই কিছ হইল না। ইহা দেখিয়া করনেল ক্রলী স্তম্ভিত হইলেন। পরে সব শেষ হুইয়া গেলে. তিনি বাবাজীর নিকটে আসিয়া সময়মে পুনঃপুনঃ সেলান করিয়া বলিলেন—'বাবা, অলৌকিক শক্তির পরিচয় সাজ তুমি যাহা দেখাইলে, এজীবনে তাহা ভলিব না। আমি যত বার লক্ষ্য করিয়াছি তত বারই তোমাকে একই অবস্থায় স্থির থাকিতে দেখিয়া স্তম্ভিত হইরাছি।' শুনিলাম, অলোকিক ঘটনা সরকারের যে প্রতকে লেখা পাকে ক্ষাধ্যে এই ঘটনাগুলি সাহেব লিথিয়া রাণিয়া গিয়াছেন।

গোঁসাই।—ল্যাঞ্চা বাবা 'মহাশক্তিশালী পুরুষ; কামানের গোলায় তাঁর কি করবে ? আজকাল ওরকম শক্তিশালী লোক বড় দেখা যায় না।

জিজাসা করিলাম—ওভাবে ল্যান্ধা বাবার নিকটে কে এমেছিলেন ? কে এসে তাঁহাকে সিদ্ধ করে গেলেন ?

গোঁসাই। ভক্তরাজ মহাবীর এসেছিলেন। তাঁরই 'বরে' ল্যাঙ্গাণাণা সিদ্ধ হন। প্রস্রা। মহাবীর এলেন কেন ?

গোঁদাই। রামের নামে দীর্ঘনিখাস! রামভক্ত মহাবীর কি স্থির থাক্তে পারেন ? বাবাজী তোমাকে কিছু বল্লেন ? ু আমি। বাবালীকে দর্শন করিতে আমি প্রায়ই যাইতাম; সাধারণতঃ বিখাস ভক্তিলাভ ছউক এই আনীর্কাদেই প্রার্থনা করিতাম। আনীর্কাদ চাহিলে বাবালী চমকিয়া উঠিতেন; মাধার হাত বুলা'য়ে খুব স্নেহের সহিত বল্ডেন— "আরে তোম তো ভগবান্কা আশ্রম লিয়া হ্যায়। গুরুজী তোম্বা বড়া দয়াল, বড়া দয়াল! মালিক তো ওহি হ্যায়। বিখাস ভক্তি দেনেওয়ালা ওহি হ্যায়। পুরা বন্ যায়েয়া। আনক্ কর্, আনক্ কর্। "

বাবাজীর শরীরের চর্ম হাতীর চামড়ার মত দৃঢ় ও থস্থসে। দেখিতে কুন্তিলীর পালোয়ানের মত বীরপুরুষ।

### পতিতদাস বাবাজী।

ফরজাবাদে যাইরাই নাদার মুথে শুনিলাম—বহুকালের একটি প্রাচীন মহাপুরুষ অবোধ্যার পথে কোনও একটি নির্জ্জন কুটারে আছেন; কিন্তু তাঁহার দেখা পাওয়া বড় কঠিন। পূর্ব্বে কথনও কথনও একজমে ছয় মাদ কাল তিনি একাদনে আহার নিজা ত্যাগ করিয়া সমাধিত থাকিতেন; অপর ছয় মাদের মধ্যে কোনও কোনও নির্দিষ্ট সময়ে সাধারণে তাঁহার দর্শন পাইত। আজ কাল তিনি তিন মাদ অস্তর তিন মাদ সমাধিতে থাকেন। আমি লোকপরস্পরায় জানিলাম বাবাজী এখন সমাধিতে নাই; স্ক্তরাং তাঁহাকে দেখিতে বাস্ত ইইলাম। দাদা আমাকে বাবাজীর দর্শনে বাইতে পুন: পুন: বাধা দিতে লাগিলেন; কারণ বাবাজীর ভজনকুটারের থার প্রায়ই বন্ধ থাকে এবং নিজ হইতে কাহারও সঙ্গে দেখা করিতে ইছুক না হইলে সচরাচর কেহ তাঁহার দর্শন পার না। যাহা হউক, অতঃশব আমার অত্যধিক আগ্রহ দেখিলা দাদা আমাকে সম্মতি প্রদান করিলেন এবং আমি উৎফ্কচিতের বাবাজীর দর্শনে বাহির হইয়া পড়িলার। ক্ষরজাবাদহইতে অবোধ্যা ঘাইতে প্রকাণ্ড মরদানের সম্মুথে রাস্তাটি তুই নিকে গিরাছে। একটি দক্ষিণে দেওকালীর দিকে, অপরটি বাদে রাগুণালীর দিকে। এই রাগুণালীর রাস্তার বামপাধেই বাবাজীর আশ্রম।

আমি ধীরে ধীরে আশ্রমে প্রবেশ করিয়া দেখি বাবাজীর ভজনকূটীরের বার বর। বাবাজীকে উদ্দেশ করিয়া বাহিরহইতে আমি একটি সাষ্টাঙ্গ প্রণাম করিলাম। মাথা তুলিতেই দেখি বাবাজী দরজা পুলিয়াছেন। আমাকে থুব সরেহে ডাকিয়া বলিলেন—'আও বাচনা, আও, ইহা বৈঠো। থোড়া আগাড়ী হামারা মালুম পড়া, তোম ইহা আওগে, তবুলে হাম্ভি তোমারা ওয়াতে বৈঠা রহা!' বাবাজী একদুটে আমার দিকে চাহিয়া

রহিলেন। কিছুক্ষণ অন্তর অন্তর এক একবার শিহরিরা উঠিরা বলিতে লাগিলেন—
"আং! ধন্ধ হো গিরা! ধন্ধ হো গিরা! ছর্লন্ধ সদ্প্তক্ষণ আশ্রর পারা! ধন্ধ হো গিরা! লবানীর উচ্চাস একটু কমিলে আমি বলিলাম—'বাবা, আমার কল্যাণ কিসে হইবে ?'
বাবানী পুব উল্লাসের সহিত আমার মাথার হাত বুলাইরা বলিলেন—'আউর্ক্যা বাচাণ স্ব্ তো পূরণ হো গিরা। ওহি কালাকো ধ্যান কর্। পুব আমনদ্ কর্।' অনেকক্ষণ বাবানীর নিকটে বসিয়া ছিলাম। তিনি অবিশ্রান্ত কেবল কাদিলেন, আর থামিরা থামিরা ঐ
একই কথা বলিতে লাগিলেন। বাবানীর শরীরটি পুব প্রাচীন, বরস প্রার দেড়েশত বৎসর;
আরুতি অত্যন্ত দীর্ঘ; বর্ণ গৌর, মুখটি গোলাপের মত লাল; দাড়ি গোঁফ্ চুল সমন্ত
সালা; ছাতপারের নথগুলি লখা হইয়া বঁড়শীর মত বাকিয়া গিরাছে। কথার কথার
টিস টস করিরা চক্ষের জল পড়ে। দেখিরা বড় আনন্দ হইল।

গোলাই বলিলেন,—"পতিতদাস বাবাজী তান্ত্রিক সাধন ক'রে সিন্ধ। ইনি মহাপ্রেমিক। তান্ত্রিক সাধন ক'রেও, দেখ, লোক কেমন প্রেমিক হয়! এ সব লোকের, দর্শন সহজ নয়। রক্ষমহলে হনুমান্ গৌরীতে কোন সাধুর দর্শন পেয়েছ ?"

#### (गांभानमां वावा।

একদিন অক্সাৎ একটি সাধু আসিয়া দাদাকে বলিলেন, "বাবু সাহেব, রক্ষমহলে একটি সাধু কাণের যন্ত্রণার কট পাইতেছেন। আপনাকে জানাইলাম; এখন উাহাকে দেখা না দেখা আপনার ইচ্ছা। সাধুর টাকা পরসা নাই। আপনার 'ভিলিট্' বা অবোধ্যা বাওরা আসার গাড়ীভাড়া তিনি দিতে পারিবেন না।" দাদা এ কথা শুনামান্ত্র সাধুর নিকট ঘাইতে অহির হইলেন; অমনি একথানা গাড়ী আনাইয়া আমাকে সঙ্গে লইয়া অলেধ্যা রওনা হইলেন। অরক্ষণের মধ্যেই আমরা বথাছানে পৌছিলাম, এবং রক্ষহলে অনেকগুলি কাম্রা ঘুরিয়া আমরা একটা অক্ষরের কুঠুরীতে প্রবেশ করিলাম। ঐ ঘরের পার্থবর্ত্তী মাটার নীচে একটি গোকা হইতে একজন বৃদ্ধ সাধু বাহির হইয়া আসিলেন। কাণের ভিতরে তাঁহার অনেক মরলা জিলিয়াছিল; দাদা ভাহা সাফ্ ক্রিয়া দিতে ব্রশার উপশম হইল।

বাবালীকে দেথিয়া বড়ই বিশ্বিত হইলাম। শনীর অভিশব ক্লশ, মনে হর বেন অফ্রির উপর চর্মমাত রহিয়াছে। চর্মের রং অস্বাভাবিক সাদা—ঠিক তুথের মত। মুখ্ঞী কিছে বেশ পুঠ, খুব উজ্জন ও তেজঃপুণ। সর্কাল। ঈবৎ হাসি মুখে লাগিয়া রহিরাছে। ভানিলাম বাবাজীর বরঃক্রম দেড়পতেরও অধিক। কত কাল বাবৎ যে তিনি, ঐ অক্ষকার গোকাতে আছেন, রলমহলের বৃদ্ধ সাধুরাও তাহা জানেন না। তিনি সমস্ত দিবদে একবার মাত্র, শোততে, শৌতার্থ বাহির হন। রলমহলের সাধুদের বংসরে একবার দর্শন ঘটিয়া উঠে না। সর্কালাই তিনি এ গোফার মধ্যে অবস্থান করেন।

আসিবার সময়ে বাবাজীকে নমস্কার করিয়া আশীর্কাদ চাহিলাম। বাবাজী করজোড়ে গদগদ ভাবে কহিলেন, "রামজী বড়া দ্যাল, বড়া দ্যাল। উন্হিকা নাম লেকে উন্হিকা হানমে পড়া রহা হাায়। আবৃ যো করে রামজী। বাচ্চা, বহুৎ ভাগুমে রামজীকা আশ্রয় পায়া। আবৃ নাম করো, আওর্ আনন্দ করো।"

## তুলদীদাস বাবা।

আমি আবার বলিতে লাগিলাম— অযোধাতে সর্যুর তীবে একটি মন্দিরে বাবা জুলদীদাস্থাকেন। অযোধার বর্তমান সাধুদের মধ্যে ইনি থ্ব প্রসিদ্ধ। দর্শন করিতে যাইয়া দেখি, বাবাজী নামন্দপে ময় হইয়া আছেন। সমুগে ও উভর পার্যে বহু লোক হিরভাবে বসিয়া বাবাজীকে দর্শন করিতেছেন, কিন্তু বাবাজীর কোনও দিকে জক্ষেপ নাই। এক একবার যেন ওক্রাহইতে চমকিয়া উঠিয়া সকলের প্রতি মেংদৃষ্টি করিতেছেন, আবার চলিয়া পাজতেছেন। বাবাজী দাদাকে দেখিয়া থ্ব আদর করিয়া সমুখে বসিতে ইন্দিত করিলেন, এবং খ্ব প্রসার মুথে 'আনন্দ্ হাায় ৪' জিজাসা করিয়া আবার জপে ময় হইলেন। বাবাজী মালা জপ করেন; কিন্তু মালার সঙ্গে মাত্র করেরই সম্বন্ধ, মনে হইল; মনটি যেন কোথায় ভ্বিয়া গিয়াছে। বাবাজী কাহাকেও নাকি কোনও উপদেশ দেন না। তথ্ 'নাম কর, নাম কর 'এইমাত্র বলেন।

### অন্ধ বাবাজী।

গোঁদাই জিজ্ঞানা করিলেন – আর কোথাও কাহাকে দেখ্লে 📍

আমি। ফরজাবাদে বেগমগজে গোপনে একটি মহাত্মা আছেন—জেল-লারোগা নল বাব্ আমাকে জানাইলেন। তিনিই অনুগ্রহ করিয়া আমাকে সাধু বাবার নিকটে লইরা গোলেন। এই সাধুটিও খুব বৃদ্ধ; পুর্বে তিনি এক রাজার মন্ত্রী ছিলেন। রাজ্য-সংক্রান্ত কোন বিষম অনথের স্ক্রনা দেখিয়া ইনি পলায়ন করেন। পথে কোনও আফে মিক বিপদে ইহার ছইটি চকুই নই হয়। একটি ভদ্রলোকের কুপায় পরে ইনি অবোধ্যাতে আসেন, তাঁহারই আশ্রে

খাকিয়া বহু কাল সাধন ভজন ক্রিয়া আসিতেছেন। শুনিলাম ইনি আগাধ পশুত। বহু শশুত্র পুরাণ-দর্শনাদি ইহার কঠছ। বাবাজী আমাকে বলিলেন—'কঠোর সাধন ও তীত্র বৈরাগ্য না হ'লে কিছুই হর না। চর্মচকু না থাকিলে কোনও ক্ষতি নাই। সাধন প্রভাবে দেবদেবীদর্শন, চিত্রদর্শন, জ্যোতির্দর্শনাদি সমস্তই হয়। সদাচারে থাকিয়া শুরুর আশ্রয়গ্রহণপূর্বক শাত্রপ্রণালী অহুসারে কেছ সাধন ভজন করিলে, গুরুর কুপার ইহলোক পরলোক তাহার এক হইরা বায়।' দর্শনবিজ্ঞানহারা বাবাজী এসকল কথার প্রমাণ দিতে কাগিলেন।

গোগাই বলিলেন— অযোধ্যাতে হনুমান্ গোরী বড়ই জাগ্রত স্থান। ওখানে প্রায়ই মহাপুরুষেরা আসেন। কিন্তু তাঁরা আপনাহ'তে পরিচয় না দিলে কেউ তাঁদের ধরতে ছুঁতে পারে না। গুপ্তার ঘাট আর হনুমান্ গোরী এই ছুটি স্থানই এখন পর্যান্ত ঠিক আছে। প্রাচীন অযোধ্যার আর সবই সরযু গ্রাস করেছেন।

গোৰামী মহাশয়ের সঙ্গে কথাবার্তার পরে আমি বাসায় চলিয়া আসিলাম। করেক দিন কলিকাতার থাকিয়া, এইরূপে তাঁহার সঙ্গলান্ত প্রত্যাহ করিতে লাগিলাম।

### যোগজীবন ও শাস্তিস্থধার পরিণয়োৎসব।

গত করেক মাস আমি গোস্বামী মহাশয়ের নিকটে ছিলাম না। স্থতরাং ওৎকালীন উচিহার কার্য্যকলাপের বিবরণ আমার এ ডায়েরীতে বাদ পড়িয়া গিয়াছে। কলিকাতা ও গেণ্ডারিয়ায় কিছুকাল থাকিয়া গুরুলাতাদের মুখে যাহা যাহা গুনিলাম, তাহা সংক্রেপে এফামে লিখিয়া রাখিতেছি। যদি কুখনও গোস্বামী মহাশয়ের নিজমুথে ঐ সকল বিবয় গুনিতে পাই, বিতারিতরূপে লিখিয়া যাইব।

গোৰামী মহাশন্ন তাঁহার প্ত ও কজা শ্রীযুক্ত বোগজীবন গোৰামী ও শ্রীমতী শান্তিহ্বধা দেবীর পরিপন্ন কার্য্য শ্রীমতী বসস্তকুমারী দেবী ও ভদীর জ্যোষ্ঠ সহোদর শ্রীযুক্ত জগন্ধ মৈতের সহিত ১২৯৫ সনের ২৬শে ফাস্কুন শুক্রবার সম্পন্ন করিয়াছেন। আধুনিক ভাবের স্থাশিকিত ও আপেক্ষাকৃত সক্ষতিসম্পন্ন কোন বিদ্ধি পরিবারে উহাদের বিবাহ দেওরা গোৰামী মহাশন্তের পক্ষে কিছুই কঠিন ছিল না কিছু বীর গুরু পরমহংস্কীর আদেশে তিনি কোন দিকে দৃক্পাত না করিয়া বহু আত্মীয় স্থানন ও নিজ পরিবারবর্গের ঘোর প্রতিবাদ এবং আপত্তি সংস্থেও এ কার্য্য আননন্দের সহিত স্থাপন্য করিয়াছেন। জানাতা পূর্কেই

গোখামী মহাশরের নিকট দীক্ষালাভ করিয়াছিলেন। সাধারণ প্রাক্ষামাজের পদ্ধতি অহুসারেই এই বিবাহ-কার্য নিশার হইরাছে। ঢাকার অসিদ্ধ উবিল প্রীযুক্ত ঈর্বরচন্দ্র ঘোর মহাশর গোঁসাইকীর ভক্ত ছিলেন। গোখামী মহাশরের একজন শিল্পকে সঙ্গে লইরা ভিনি একদিন আসিদ্ধা বিলিলেন, 'এখন আর অভ্যাতে বিবাহ দেওরা কেন ? হিন্দুবিবাহ অহুর্ভানে ঋষিদের গদ্ধ আছে, অভএব হিন্দুরতে বিবাহ দিলে হয় না ?' গোখামী মহাশর ভাহাতে বলিলেন, "ভাল কথা," কিন্তু হই দিন পরেই ভাঁহাদিগকে ডাকিয়া বলিলেন, "আমি বুঝে দেখলাম যে হিন্দুর্মতে ইহাদের বিবাহ হ'তে পারে না। আক্ষাণের একটি সংক্ষারও যোগজীবনের হয় নাই; জগর্ম্বুও নানারূপ অনাচার ক'রেছে। ইহাদের প্রায়শিচন্ত ভওয়া কঠিন, আর ভাহার সময়ই বা কোথায় ? ভোমরা কিছু মনে ক'র না। আক্ষাপদ্ধতিমতে, রেজেপ্রী ক'রে ইহাদের বিবাহ দিতে হবে।

ভক্তিভালন প্রীযুক্ত নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ও রজনীকান্ত ঘোষ মহাশয় থথাক্রমে গোঁদাইলীর পুত্র ও কভার বিবাহে পৌবোহিত্য করিয়ছিলেন; বিবাহস্থলে গোস্বামী মহাশয় উপস্থিত ছিলেন; গার্হস্থা ধর্মাসম্পর্কে তিনি যেদকল অপূর্দ্ধ সারগর্ভ ও হৃদরস্পর্শী উপদেশ প্রদান করেন, তাহা প্রবণ করিয়া সকলেই উপক্ষত ও বিমুগ্ধ হইয়ছিলেন। পুত্রকে তিনি একবংসর কাল ব্রহ্মচর্য্য পালনের আদেশ করিলেন। গেণ্ডারিয়া-আপ্রমে এতত্পলক্ষে গয়ায় আকাশগঙ্গা পাহাড়ের রঘুবর বাবার এবং অপর করেকজন সিদ্ধপুক্ষের আগমন হইয়ছিল। বিবাহের পরদিন বিবাহ বেজেয় হয়। এই বিবাহে সাধু সজ্জনের সমাগমে কয়েক দিন আনম্পেংসর চলিয়ছিল, এবং তাহাতে প্রীযুক্ত গোস্বামী মহাশরের কয়েকটি লোকবিমারকর যোগৈশ্বর্য অকলাং প্রকাশিত হইয়া পড়ে। তাহা প্রমাণ সহিত ভবিস্ততে লিখিতে আমার ইচ্ছা রহিল।

# শ্রীধরের পাগলামী ও ঠাকুরের শাসন।

গোণ্ডারিয়া-আশ্রমে অবহানকালে কিছুদিন শ্রীধরের পাগণামী অঙিশয় হৃদ্ধি পাইরাছিল। দে সমরে গোণ্ডারিয়াবাদী সকলেই তাঁহার লোকাচামবিরুদ্ধ, কাণ্ডজ্ঞানশৃন্ত, গার্হিত অনুষ্ঠানে অভিশর উত্তথ্য হইয়াছিলেন। অহনিশি উদ্বোগ্রন্ত কভিপর অসহিন্ত্ লোক শ্রীধরের উৎপাত একেবারে শাস্ত করিতে বিষম বড়ব্যের স্টেই করেন। গোশ্বামী মহাশ্র দেসকল এভিহিংসাপরায়ণ ব্যক্তিদের নিদারণ চক্রান্ত বতঃই জানিতে পারিয়া, উহাহইতে তাঁহাদিগকে বিরত করিতে ভক্ত শ্রীধরের উপরে ভরন্ধর কঠোর শাসন করিয়াছিলেন; এমন কি, শ্রীধরকে স্থানাজ্ঞরিত করিবার ক্ষণ্ঠ, গেণারিয়ার সকলকে উহার সঙ্গ ত্যাগ করিতে এবং আহার না দিতে আদেশ করিয়াছিলেন। শ্রীধর, কথনও বা আনাহারে, কথনও বা বেহময়ী শ্রীযুক্তা যোগমায়া ঠাকুরাণীর গোপনে প্রদেভ ছই এক মৃষ্টি অর আহারে, গাছতলায় পড়িয়া থাকিয়া, কোন প্রকারে দিনের পর দিন কাটাইতে লাগিলেন; কিন্তু তথাপি গোস্থামী মহাশরের আশ্রয় ত্যাগ করিলেন না। দণ্ড অতিশয় তাত্র হওয়াতে শ্রীধর বাচিয়া গেলেন। শ্রীধরের ছর্দনা দেখিয়া তাহার শত্রগণের দয়া হইল। উাহারাই শেষে গোস্থামী মহাশয়ের নিকটে আগিয়া এ যাত্রা শ্রীধরকে ক্ষমা করিতে তত্রবোধ করিলেন।

### ধূলটোৎসব।

( আমার অনবধানতা প্রযুক্ত নিম্নলিখিত ঘটনাটি যথাছানে সল্লিবেশ করিতে পারি নাই ।)

এক রামপুরের বাদার এক দিন গোস্বামী মহাশগ্ন কথায় কথায় বলিয়াছিলেন — 'এবার ধুণাট উৎদব করিলে হয়।' গুরু ভ্রাতাদিগের মধ্যে জনেকেই ধুণাট, উৎদবের নাম পর্যাস্ত গুনেন নাই। প্রীপ্রীমহৈত প্রভূত্ব আবির্ভাব তিথি নাবী-স্পুমীতে শান্তিপুরে প্রতি বৎদর প্রায় একমাদ কাল এই উৎদব হইয়া থাকে। দোলের সময়ে ফাগ যে ভাবে ব্যবহার হয় এই উৎদবে সংকীর্তনকালে রাভার ধূলিরাশি সেইরূপে উড়ান হয় বলিয়া ইহার নাম 'ধুলাট' হইয়াছে।

ক্ষেকদিন পরে খ্রীযুক্ত কুঞ্জবিহারী খোষ মহাশ্যের বাড়ীতে গুরুভাতাদের একদিন নিমন্ত্রণ হইরাছিল। ভোজনান্তে খ্রীযুক্ত হুর্গাচরণ রায় মহাশ্য বলিলেন 'ঠাকুর যথন ধ্লটের ইচ্ছা প্রকাশ করিয়াছেন, তথন এই উৎসব করাই চাই। ব্যর নির্বাহের জন্ত সকলে কিছু কিছু করিয়া দিন।' তথনই অর্থ সংগ্রহের চেষ্টা হইতে লাগিল এবং গোষামী মহাশয়কে জানান হইল যে এবার ধূলট করা হইবে। এই সময়ে খ্রীষ্ট হইতে অন্ধ বাবাজী আসিয়া ঢাকাতে উপন্থিত হইলেন। তিনি গোখামী মহাশয়ের আবাসেই অবস্থান পূর্ব্ধক স্থাধুর গান-বাজনার মাধুর্য্যে সকলকে মৃদ্ধ করিতে লাগিলেন। বাবাজী পদাবলী গান করিতে ক্রিতে আশ্রুণ্ট প্রকাশের নিজেই থোল ও করতাল একসলে বাজাইয়া থাকেন। মাটাতে একখানা করতাল চিৎ করিয়া রাখিয়া অপর খানা বাছতে ঝুলাইয়া দেন, পরে থোলের তালের সঙ্গে সঙ্গে নাড়ার কৌশলে করতালও তালে তালে বাজিতে থাকে। ধুল্ট উৎসবের ক্ষেকদিন পূর্ব্ধইতেই অন্ধ বাবাজীয় অপূর্ব্ধ কীর্ত্তন গানে আপ্রমে সর্ব্ধনাই আননেক্লাছাস চলিতে লাগিল।

, এদিকে মাণী-সপ্তমী তিথি আদিয়া পড়িল। বেলা প্রায় আটটার সময়ে প্রীযুক্ত কুঞ্জ বাবু বিধুবাবু এবং প্রসন্ন মকুমদার-প্রভৃতি বাদার অপর পার্ছের কদম্ভলায় \* গৌদাইকে সন্মুখে রাখিয়া গান আরম্ভ করিলেন—

> ছবি বল্ব মুখে, যাব স্থাথে ব্ৰজধাম কলিতে তাবক ব্ৰহ্ম ছবিনাম।—ইত্যাদি

গোষামী মৃহাশর রান্তার পড়িয়া সাষ্টাক্ত প্রণামান্তে ধ্বার গড়াগড়ি দিতে বাগিলেন। পরে উঠিয়াই হই হতে ধ্লি লইয়া 'জয় সীতানাথ' 'য়য় সীতানাথ' বলিতে বলিতে উহা চড়ুর্দিকে নিক্ষেপ করিতে লাগিলেন। শক্তি সংযুক্ত ধ্লির সংস্পর্শে মৃহুর্ত্ত মধ্যে সকলেরই ভিতরে এক অভ্তপুর্ব্ব ভাবের সঞ্চার হইল। দেখিতে দেখিতে তাঁহারা ভাবোন্মন্ত অবহায় হকার, গর্জন ও ধ্লি উংক্ষেপন পূর্ব্বক উদন্ত নৃত্য করিতে করিতে গোঁসাইয়ের সঙ্গে সঙ্গে অগ্রার হইতে লাগিলেন। এই সময়ে কয়েকদল কীর্ত্তন অকমাৎ স্থাদিয়া সংকীর্ত্তনে যোগদান করিল। তথন মৃদক্ষ করতালের ধরনি সংকীর্তন-কোলাহলে মিলিত হইয়া চতুর্দ্দিক কাঁপাইয়া তুলিল। গোঝানী মহাশার উচ্চ উচ্চ লক্ষ প্রদানপূর্ব্বক নৃত্য করিয়া চলিলেন কিছু ভাবাধিক্য হেতু কয়েক পদ অগ্রসর হইতে না হইতেই তিনি কদ্বগতি হইয়া পড়িয়া যাইতে লাগিলেন। এই সময়ে উচ্চাস আনন্দের এক হুলঙ্গল কাণ্ড আরম্ভ হইল। প্রথল ভাবের প্রঘুর্ব তুদান উত্তরোত্তর বৃদ্ধি পাইয়া অপুর্ব্ব ধূলিরালির সংস্পর্ণে দর্শক মণ্ডলীকে অভিভূত করিয়া ফেলিল। জীলোক পুরুষ, বালক রুয়, মুটে মছ্বুর, বাবসাদার প্রভৃতি যিনি যে অবহায় ছিলেন য়ান্তার উভয় পার্যে ভাবাবেশে তিনি সেই অবহায়ই ময় মুয়বৎ রহিয়া গেলেন। কোন কোন অট্টালিকার উপরে মহিলারা দিশাহারা হইয়া সংকীর্তন স্থলে লাফাইয়া পড়িতে উত্তাগ করিতে লাগিলেন, শিশুগুলিও হানে হানে মৃচ্ছিত ইইয়া পড়িল।

এই মহাসংকীপ্তন এতই ধীরগতিতে অগ্রসর হইতে লাগিল যে গাঁচ সাত মিনিটের পথ
শীবিহারীলালজীউর মন্দিরে উপস্থিত হইতে তিন ঘণ্টাকাল কাটিয়া গেল। এই প্রকারে
সংকীপ্তন স্ত্রাপুর, ফরাসগঞ্জ, বাললাবাজার, পাটুয়াটুলি, শাঁথারিবাজার এবং লক্ষীবাজার
ঘূরিয়া অপরাত্ন তিনটার সময়ে একরামপুরে আসিয়া উপস্থিত হইল। তথন বাটীর বারে
অক্ষ বাবাজী আসিয়া গান ধরিলেন—'নগর ভ্রমণ ক'রে আমার গৌর এলো ঘরে, আমার

ক কৰিত কাছে বে আমিনিত্যালন অভ্যুব পূত্ৰ আহিত্ব বলভাৱ ঠাকুর ঐ ছানে একটি কদন গাছের তলার উছিরে আসেন ছাপেন করিয়া কিছুকাল সাধন ভজন করেন। সময়ে ঐ পুরতিন কদৰ বৃক্ষ নই ছইলে সেই ছালেই অভ্য একটি কদৰ বৃক্ষ জয়িল। এই ভাবে অভাপি বলতছের আসেন-ছান রকিত হইয়া আসিতেছে।

নিতাই এলো ঘরে—' এই সময়ে উদ্দীণিত ভাবের অভিনব উচ্ছাবে সকলেই পুনরায় উন্নত্তবৎ হইলেন এই ভাবে বহুক্ষণ চলিয়া গেল। ক্রমে সংকীর্তন থানিলে জ্বনসমূহ চুলু ছবু আবহায় শাস্ত ভাব ধারণ ক্রিল।

এট বিচিত্র ভাবোমাদকারী ধলটোৎসবের নগর-সংকীর্তনে ঢাকাবাসীরা অতিশর মুগ্ধ হটয়াছিল। একটি অলবয়ক্ষ বালক ১০।১২ ঘণ্টাকাল সংজ্ঞাশুভাবস্থায় থাকায় তাহার পিতামাতা উহার জীবনাশার হতাশ হইয়া পজিলেন। তাঁহারা গোঁদাইয়ের নিকটে আসিয়া আকুল হইরা কাঁদিতে লাগিলেন। গোস্থামী মহাশর তথন তাঁহাদের বাড়ীতে বাইরা স্পর্ণ মাতে ছেলেটিকে স্তম্ভ করিয়া চলিয়া আসিলেন। আর একটি কগরাথ স্কুলের ১৪।১৫ বংসবের ছাত্র ধুলটোৎসবের সংকীর্তনে ভাষাবেশে এতই মাতিয়া গেল যে ৬।৭ দিন পর্যান্ত দে থাকিয়া থাকিয়া রাস্তায় রাস্তায় 'আমার ক্লফ কই' 'আমার ক্লফ কই' বলিয়া কাঁদিয়া ছুটাছুটি করিয়াছিল। দিবদের অধিকাংশ সময়ই তার বাহাজান বিলুপ্ত থাকিত। ছেলেটির নাম ঐতাধানীকুমার মিত্র। ৰাড়ী বিক্রমপুর। উহার আত্মীয় স্বন্ধনগণ, দীর্ঘকালব্যাপী এই প্রকার অবস্থা দেখিয়া ভীত হইলেন এবং গোস্বামী মহাশয়ের নিকটে আসিয়া কাতর ভাবে উহার প্রতীকারের উপায় জিজ্ঞাসা করিলেন। গোঁসাই বলিলেন—"ভক্ত বৈষ্ণুবগণের নিকটে থাকিলে এই ছেলেটির ভাবের আদর হইত। সে যাক: হুগলি জেলার অন্তর্গত কোন পল্লীগ্রামে একটি ভদ্রলোকের কুলবধুর হরিসংকীর্ত্তনে এই প্রকার ভাব হ'য়েছিল। বাড়ীর সকলেই তাতে অস্থির হইয়া পড়িলেন। তখন একটি ব্রাহ্মণ আসিয়া বলিলেন কোন যাজনিক আক্ষণকে নিমন্ত্রণ করিয়া ভোজন করাইয়া তাঁহার উক্তাবশিষ্ট বউটিকে খাওয়াইয়া দিন ভাব ছটিয়া যাইবে। গুহস্বামী ঐ প্রকার করাতে বউটির ভাবাবেশ ছটিয়া গেল।"

শুনিলাম অখিনী সথদ্ধেও নাকি ঐ প্রকার করার তাহার খাতাবিক জ্ঞান লাভ হইরাছিল। প্রীযুক্ত কুঞ্জলাল নাগ মহাশ্য এই মহাসংকীর্তনে প্রধান গায়ক ও বাদক ছিলেন। কি শক্তি প্রভাবে তিনি অবিপ্রামে উৎসাহের সহিত ছয় ঘণ্টাকাল গান বাজনা করিয়াছিলেন জ্ঞানিয়া অনেকে বিন্মিত হইলেন। কিছুকাল পূর্ব্ধে এই কুঞ্জ বাবৃক্তে এক্দিবস পোখামী মহাশ্য বৃক্তে জড়াইয়া ধরিয়া বলিয়াছিলেন— গনাতন গোখামীকৈ আলিঙ্গন ক'রে মহাপ্রভু যে হৃথ অনুভব ক'রেছিলেন আজ ইহার স্পর্শে আমি সেই হৃথ লাভ করিলাম।

## লালের যোগৈশর্য্য গুরুজাতগণের মুগ্ধতা।

শান্তিপুরনিবাদী বালক দাশক লালবিহারী বস্তব জাতিমরত ও ধর্মজীবনের আশ্চর্যা উংকর্গণভের সঙ্গে সঙ্গের প্রবীণতা ও যোগৈর্যা চতুর্দ্দিকে রাট্র হইয়া পড়িয়াছে। গুরুলাতারা অনেকে উহার প্রভাবে মুগ্র হইয়া গোস্বামী মহাশারর প্রতিও যেন দৃষ্টি করিতে তেমন অবসর পাইতেছেন না। গোস্বামী মহাশার সাধনসিক, আর লাল নিত্যসিদ্ধ—এইপ্রকার সংস্কারও কাহারও কাহারও মনে জন্মিয়াছে। লালের অসাধারণ শক্তিও প্রতিপত্তি গুরুলাতাদের মধ্যে বিস্তৃত হইয়া পড়ায় কাহারও কাহারও গুরুনিষ্ঠার থকাতা ও শোচনীয় পরিণামের ত্রপাত হইয়াছে।

#### ভাগলপুরে পুনরাগমন।

কলিকাতায় কিছুদিন থাকিয়া বাড়ী গেলাম। বাড়ীতে আমার বেদনারোগ ক্রমশঃ অগ্রহায়ণের ১ম বৃদ্ধি পাইতে লাগিল। স্থতরাং দেখানে আর অধিককাল বিলম্ব না সপ্তাহ, ১২৯৬। করিয়া আবার ভাগলপুরে চলিয়া আদিলাম।

থঞ্জরপুর পুলিনপুরীতে ঠিক গলার উপরে আমার থাকার ঘর। যতকাল রোগ আবোগ্য না হইবে এই স্থানেই থাকিব, সঙ্কল করিলাম। গোস্বামী মহাশন্ত্রের সঙ্গ ছাড়া হওয়াতে এত কালের ভারেরী লেগার উৎসাহ একেবারে নিবিল্লা গোল। আমার কুৎসিত জীবনের চিত্র আঁকিয়া কোন লাভই নাই; বরং যিনি তাহা দেখিবেন তাঁহার অপকারের আশেক্ষা আছে। যদি ওক্দেবের হুর্লভ সঙ্গ ক্যনও আমার আবার লাভ হয়, তথন প্রাণ গুলিয়া তাঁহার সেই তীর্থবিদ্ধপ পাবন-লীলা ভাগেরীতে লিখিয়া কুহার্থ হইব। আজ্বইতে আমার ভাগেরী লেগা বলা করিলাম।

# বছদিন পরে ডায়েরী লেখার প্রবৃত্তি।

আফ বছকাল হইল নিয়মিতরূপে ডায়েরী লেখা বন্ধ করিয়াছি। এই এক বংসরে কত
মাঘ মাদের প্রথম প্রকার ক্ষরত্বা আসিল পেল, ভাবিলে স্বপ্ন মনে হয়। গুরুদেব ও
ভাগ, ১২৯৬। বারদীর ব্রস্কচারী মহাশয় ডায়েরী লিখিতে আমাকে উৎসাহ দিয়াছিলেন।
এখন তাহা স্মরণ করিয়া কট হয়। আমার কল্যপূর্ণ জীবনের ঘটনা লিপিবদ্ধ করিবার
আবশ্রক্তা যে কি, তাহা আমি জানি না। তবে মনে হয় আমার জীবনের বিশেষ বিশেষ
ঘটনা আলোচনায় আমারই হয় ত কোনকালে কল্যাণ হইবে। সময়ে সময়ে সভাবের বিশেষ
বিক্তিও চরিত্রের চঞ্চলতা দেখিয়া ভবিশ্বও উরতির আশা একেবারে বিস্ক্তন দিতে হয়।

চারিদিকেও দেখিতেছি বাঁহারা পর্ম পবিত্র নিঃস্বার্থ ধার্ম্মিক বলিয়া এক সময়ে দেশশান্ত ভিলেন, অবস্থায় পভিয়া তাঁহারাও কালক্রমে অভ্যথকার হইয়া গিয়াছেন। তাঁহাদের গত জীবনের তলনার আমার এ জীবন কি ছার। অতি তুক্ত ভাবিয়া যে সকল সামান্ত প্রলোভনকে সাধারণ লোকেও অগ্রাহ্ম করে, দেখিতেছি মহাতেলস্বী পবিত্রাত্মা ব্যক্তিরাও বিধির চক্রে পজিলা তালাতে ঘরপাক থাইতেছেন। স্নতরাং আমার আর ভরসা কি ? যতই ভাল ছট না কেন, পতিত হওয়া থবই সহজ : অথচ পতিত হইলে আবার স্বস্থানে আসা সহজ নয়। আমি নিশ্চর জানি, বতদিন আমার গুরুদেবের মমতাপূর্ণ পবিত মৃত্তি আমার অন্তরে জাগরক থাকিবে, তাঁচার মেহদষ্টি আমার মৃতিতে প্রকাশিত থাকিবে, ততদিন আমার পতন নাই: মছাত্মাদের বাকো অবিশ্বাস ও গুরুদেবের কুপা-বিশ্বতিই আমার অধংপতনের হেতৃ হইবে। নিজেকে বড় মনে করিয়া যথন সকলকেই তুচ্ছ করিব, তথন আর আমার উরতি কি প্রকারে হইবে ? কিছুকাল্যাবং এই সব চিস্তায় আমি বড়ই উদ্বেগ ভোগ করিতেছি। কিন্তু এইরূপ তুর্গতি ও অবনতি ঘটিলে, হয় ত এই ডায়েরীই আমার চেতনা সম্পাদন ও স্কাতির হেতু হইবে। আমার নিজ জীবনের ব্থার্থ ঘটনা তো আর আমি ক্থনও অবিশ্বাস ক্রিতে পারিব না। এই মলিন আবর্জনাময় জীবন-পঙ্কে আমার দ্যাল গুরুদেবের স্নেহদৃষ্টিতে সময়ে সময়ে যে মনোছর পদ প্রাক্টিত ছইয়া উঠে, এই ডায়েরীই তাহা এক সময়ে আমার চক্ষের সমক্ষে আনিয়া ধরিবে। ছদিনে গুরুদেবের শ্বতি এই ডারেরীই আবার ফুটাইয়া ভলিবে, এই মীমাংসায় উপনীত হইয়া, আবার ডায়েরী লিখিতে সংকল্প করিলাম। শ্ৰীশ্রীগুরুদেবের শ্রীপাদপল্ল মন্তকে রাখিয়া, বারদীর ব্রহ্মচারী মহাশয়ের পবিত্র মূর্ত্তি শ্বরণ করিয়া, এবারে আবার জীবনের বিশেষ বিশেষ ঘটনা লিপিবদ্ধ করিতে প্রবত হইলাম।

#### সংস্কৃত্যভ। গঙ্গামাহাত্ম ও তপ্ণে আন্থা।

ভাগলপুৰে আসিরাও আমার রোগের যক্ত্রণা কমিল না। মনে একটা ধারণা স্বাল্পিল, আর অধিক দিন বাঁচিব না। সংসারে আসা আমার ত্থা হইল; আকাজ্জামত ভগবানের নাম করিতে পারিলাম না। এইরূপ উবেগ ও ছন্টিস্তার আমার বিষম অশাস্তি হইতে লাগিল। আমি তথ্ন নির্দ্ধি একটা নিরম নির্দ্ধারণ করিয়া সারাদিন কাটাইতে লাগিলাম।

গুরুদেবের কুপার ভজনানলী সংস্থাও আমার সহজেই লাভ হইল। গুনিরাছিলাম ঢাকা কলেজিরেট স্থলের মাষ্টার প্রীযুক্ত হরিমোহন চৌধুরী মহাশর গুরুদেবের নিকটে সন্ন্যাসের কৃতকৃগুলি নির্ম-পদ্ধতি গ্রহণ করিরাছিলেন। তীত্র বৈরাগ্য স্ববশ্বস্থাক সর্বত্যাগ্য উদািদীর মত পদরক্ষে বহদেশ পর্যাটন করিয়া, কিছুকাল হয় তিনি এই ভাগলপুরে আদিয়া উপস্থিত হইরাছেন; পথে পথে তিনি হরিসন্ধীর্তনে ভাবোচ্চ্বানের তরঙ্গ তুলিয়া জনসাধারণের প্রাণে ধর্মের স্রোত প্রবাহিত করিয়াছেন। ভাগলপুরের হরিসভায় হরিনামসন্ধীর্তনে স্বামীজীর অসাধারণ ভাবাবেশ দেখিয়া সকলেই বিমুদ্ধ হইয়া গেলেন। সকলেই তথন স্বামীজীকে ভাগলপুরে কিছু দিন থাকিতে অন্থরোধ করিলেন। জনৈক প্রাসিদ্ধ উকিল থুব আদর যত্ন করিয়া স্বামীজীকে নিজ বাড়ীতে লইয়া আসিলেন।

ইংরাজীশিক্ষিত লোকের ভগবানের নামে মহাভাব হয়, সংজ্ঞা বিল্পু হয়, ভাগলপুরের শিক্ষিতসম্প্রদারের ইহা বড়ই আদ্রহা বোধ হইল। তাঁহারা স্বামীজীকে থুবই শ্রদ্ধা ভক্তি করিতে লাগিলেন। দিরুপুরুষ বলিরা স্বামীজীর নাম সহরের সর্প্রেই রাষ্ট্র ইইয়া পড়িল। এক দিবসের অধিককাল স্বামীজীর কোগাও থাকিবার নিয়ম নাই; উাহার উপরে গুরুদেবের এটি বিশেষ আদেশ। কিন্ত হরিসজীর্তনের লোভে মন্ত ইইয়া স্বামীজী ঐ আদেশ লজ্মম করিয়া ফেলিলেন। "আমি সয়াগী, আমার আবার বিধিনিষেধ কি ?" এইরূপ ধারণায় স্বামীজী গুরুবাকা উড়াইয়া দিয়া উকিল বাবুর বাড়ীতে আসন করিলেন। এক দিকে প্রত্যুহ হরিসজীর্তনে ভাবাবেশের উচ্ছাসে যেমনই তিনি সকলকে স্বাস্থিত করিতে লাগিলেন, অপর দিকে তেমনই কুসংসর্গে পড়িয়া, মাংস ও উচ্ছিটাদির সংশ্রেষে গুরুবাকা লজ্মন করিয়া, ভিতরে ভিতরে দিন দিন মলিন ইইয়া বাইতে লাগিলেন।

অতংপর এক দিন স্বামীজী অজ্বিস্থ অবস্থায় হঠাৎ আমার নিকটে আসিয়া বলিলেম—
"ভাই, আমাকে রক্ষা কর। আমার সর্জনাশ হইয়াছে। সয়্যাসভাবের সঙ্গে সঙ্গে ওক্লেবে
আমাকে যে অবস্থা কপা করিয়া দিয়াছিলেন, তাহা আমার ছুটয়া গিয়ছে। হায়, হায়!
আমি একটি নৃতন রাজ্যে প্রবেশ করিয়াছিলাম, নিত্য আমার নিকটে নৃতন নৃতন দৃত্য প্রকাশিত হইত। দর্শনের দিক্ আমার এতই পরিকার হইয়াছিল যে, সারা দিনে আধ ঘণ্টা
সময়ও দর্শনের একটা কিছু না পাইলে অস্থির হইতাম। সজীর্তনে এই দর্শন আরও পরিকৃট
হইত; স্থতরাং কোথায় সজীর্তন ? কোথায় সংজীর্তনে ও বিলয়া ঘুরিয়া বেড়াইতে
লাগিলাম। গুরুদ্বে বিলয়াছিলেন— নিয়ত নাম করিও, এই নামেই সব হবে। '
কিছু ইইনাম অপেকাও আমার সংজীর্তনের কোঁকে বেশী হইল। এই সজীর্তনের লোভেই
শুক্ষবাক্য ও সয়্যাসের নিয়ম অগ্রাছ করিয়া উকিল বাব্র বাড়ীতে আসন ক্রিলাম। কীর্তনে
মিত্য নৃতন দর্শন হইবে এই লোভে গুরুদ্দেবের একটিগাত্র আদেশ শত্যনেই আমি বিপর
হিরাছি। একটি আদেশ লভ্যনেই সঙ্গে সঙ্গে দশটি নিয়মে শিথিগতা আসিয়া পড়িল। পরে. অনাচারে স্বেচ্ছাচারে সবই ক্রমে হারাইয়াছি। কিছু দিন ঘাইতে না ঘাইতে আমার সন্ধীর্তনের সে ভাব ভক্তিও শুকাইরা গেল। এখন কীর্তনে যাওরা বন্ধ করিয়াছি: আমার দে ভাব নাই, আমার প্রতি এখন আর কাহারও শ্রদ্ধা নাই, বরং সাধারণের অবজ্ঞাই জারিতেছে। আমি এখন উকিল বাবর ছেলেদের গৃহশিক্ষক হইয়া দিন কাটাইতেছি। আমার উপায় কর।"

স্বামীজী পঠদশার ঢাকা কলেজে মথুর বাবুর খুব প্রিয় ছাত্র ছিলেন। মথুর বাবুকে স্বামীজী অকপটে স্বীয় গুরবস্থার কথা বলায়, ভিনি দয়া করিয়া, স্বামীজীকে স্থানাদের সঙ্গে রাথিবার জন্ত নিজের ছেলেদের মাষ্টার নিযুক্ত করিলেন। বেতন মাসিক ২৫১ টাকা; আহারাদির ব্যবস্থা আমাদেরই সঙ্গে হইল। সকালে সন্ধ্যায় ৩ ঘণ্টা করিয়া ছেলেদের প্রভাইয়া, অবশিষ্ট সময় স্থামীজী নিয়মিতরূপে সাধন তজনে প্রবৃত্ত হইলেন। আমরা মাসাস্তে স্থামীজীর বেতনের টাকা কয়টি তাঁহার স্ত্রীকে পাঠাইতে লাগিলাম। নিয়মে চলিয়া কঠোর শাধন ভঙ্গনে কিছুদিনের মধ্যেই স্বামীজী স্বীয় তরবস্থা শোধরাইয়া লইলেন। এখন স্বামীজীর সঙ্গে বডট আনন্দ পাট।

মথুর বাবুর কেরাণী প্রীযুক্ত মহাবিষ্ণু যতি আমাদেরই বাদায় থাকেন। যতিবংশ বলিয়াই বোধ হয় তাঁহার প্রকৃতিটি স্বভাবতঃই সান্তিক। আফিদের কর্ত্তব্য যথারীতি সম্পন্ন করিয়া, তিনি অবশিষ্ট সময় শুধ ধর্মামুষ্ঠানে অতিবাহিত করেন। ত্রিসন্ধাদি ব্রাহ্মণের নিত্যক্রিয়া এবং গঙ্গালান, স্বপাকে আহার বছকালহইতেই মহাবিষ্ণু বাবুর অভ্যন্ত। রাধারুষ্ণ বলিতে তাঁহার চক্ষে অবল আনে। প্রায় প্রতিদিন রাধারুফ লীলাবিষয়ে তিনি ফুলর কুলর সঞ্জীত রচনা করেন। আফিনের কাজ করিতে করিতেও অহৈতুক ভাবোচ্ছানে কথনও কথনও অবশ হুইয়াপড়েন; তখন আংফিদের কাজ বন্ধ থাকে। এই মহাবিফু বাবু আমার সঙ্গে এক খবেই থাকেন। স্থতবাং ভাগলপুরে আসিয়া, ভগবানের রূপায়, আমার সংস্কীর অভাব রহিল না।

আমাদের বাসার পর্বাদিকে স্থবিস্তৃত গলা—আজ কাল চড়া পড়াতে কিঞ্চিৎ অন্তরে স্বিল্লা গিলাছেন। গলার ঠিক উপরেই রহিলাছি, বিশুদ্ধ বায়ু সতত সভোগ করিতেছি, কিন্তু গলাজলে সান করি না। বন্ধ জল স্থির হতরাং অধিক নির্মাল—এই যুক্তি ধরিয়া আমি কুপোদকে লান করি। এত্রের স্বামীজী ও মহাবিষ্ণু বাবু আমাকে পুণ্যতোরা জাহ্নবীর কত মাহাত্মা বলেন। আমি তাহা কুসংস্কার বলিয়া উড়াইয়া দেই। যাহা ছউক, উহাদের আত্তরিক আগ্রহ ও অত্বোধ ঠেলিয়া ফেলিতে না পারিয়া, একসঙ্গে সকলে অভুদয়ে, মান্তের

শীতে. গঙ্গালান আরম্ভ করিলাম। কয়েক দিন গঙ্গালান করিয়াই শরীরটি বেশ হাল্কা, · ঝরঝ'রে বোধ হইতে লাগিল : দেখিলাম অফুদয়ে গঙ্গালানে শরীরের সমস্ত গ্লানি ও অবসাদ দুর করে এবং মনটিকেও খেন স্লিগ্ধ করিয়া দেয়: প্রফল্লতা ও পবিত্রতা স্লানের সঙ্গে সঙ্গেই অন্তরে আসিয়া পড়ে: ভগবানের নাম সরসভাবে আপনা আপনি চলিতে থাকে। এসকল পরিকার অন্তত্তব করিতে লাগিলাম। এক দিন গঙ্গালান করিতে করিতে অক্সাৎ আমার জাতিও বংশগত সংস্কার আসিয়া আমাকে অভিভূত ক্রিয়া ফেলিল। মনে হইল, এই গদার জল স্পর্শ করিয়া আমার পিতা পিতামহ প্রভৃতি পূর্ব্ব পুরুষগণ উদ্ধার হইলাম মনে ক্রিয়া কত আনন্দই ক্রিয়াছেন! পুষাকালে যোগী ঋষিগণ এই গঙ্গাঞ্চলে ভগবানের কতই আরাধনা উপাসনা করিয়াছেন! নাজানি কি গুণ প্রতাক্ষ করিয়া তাঁহারা ইংাকে পতিত-পাবনী মোক্ষণায়িনী বলিয়া স্তবস্তুতি করিয়া গিয়াছেন। পরলোকে থাকিয়া, এই গঙ্গাঞ্জল পাইলে. এথনও তাঁহাদের কত আনন হইবে। আমি তাঁহাদের উদ্দেশে আছ অঞ্জলি ভরিয়া গঙ্গাজল দেই। ইহা ভাবিতেই আমার কালা আদিয়া পড়িল। মনে হইল যেন কত যোগী ঋষি, দেব দেবী এবং আমার পূর্বপুরুষগণ আমাকে আছু আকাশে থাকিয়া আশীর্বাদ করিতেছেন। আমি হ'হাতে জল তুলিয়া তাঁহাদের অরণ করিয়া উর্দ্ধাকে নিক্ষেপ করিতে লাগিলাম। ইহাতে আমার বড়ই আনন্দ হইল। দেব দেবী, ঋষি মুনি ও পিতৃপুরুষগণ আজ আমার কার্যো দন্তই হইয়াছেন—এই প্রকার কল্পনায় সারাদিন আমার উৎসাহ-আনন্দে কাটিয়া গেল। কল্পনা হইলেও এই আনন্দের লোভ আমি ছাডিতে পারিলাম না। প্রতাহ গঙ্গাল্পানের সময়ে উহাদের উদ্দেশে জল দিতে লাগিলাম। পরে আর এক দিন মনে হইল---জ্ঞলট যথন দিতেছি তথন নিৰ্দিষ্ট প্ৰাণালী ধ্রিয়াই দেই না কেন্ শাস্ত্রোক্ত প্রণাশীমত উহাদের নাম ধরিয়া জল দিলেই তো উহাদের অধিক তৃথ্যি ও আনন্দ হইবে। এই ভাৰিয়া, আমি নিতাকমেঁর তর্ণাপ্রণাণী কণ্ঠন্থ করিলাম। সেই সময়হইতে আমি প্রতাহ প্রধানীয়ত নিয়মিত তর্পণ করিয়া আসিতেছি।

## তন্দ্রাবেশে চক্রশক্তির অমুভূতি।

রাত্রে আহারাস্তে আরু স্বামীজীর সহিত একত এক বিছানায় শগন করিয়া গুরুদেবের মাঘমান, প্রসঙ্গে তক্তাবেশ হইল। দেখিলাম—স্বামীজী পদাকুঠধারা আমার ১২৯৬। অধোদেশ টিপিয়া দিয়া বলিলেন—"এই স্থান মূলাধার; প্রাণায়ামধারা এথান্সইতে শক্তি আকর্ষণ করিয়া উর্জনিকে সহস্রারে লইয়া যাও; সমাধি হইবে।" আমি তাঁহার কথামত ২।৪ বার প্রাণায়ামে দম দিতেই মুলাধার চক্র থিচিয়া উপরের এদিকে সক্ষচিত হইরা উঠিল। অমনই ঐ চক্রহৈতে একটা শক্তি মেরুদণ্ডের ভিতর দিয়া সর্ সর্ করিয়া উর্দ্ধানিক চলিল। সে শক্তির হর্কার গতির সঙ্গে সঙ্গে আমার শিরা, ধমনী যেন চিডিয়া বাইতে লাগিল। ভরত্বর একটা ষত্রণা অনুভব করিতে লাগিলাম। এসময়ে প্রাণায়াম থামাইতে চেষ্টা করিলাম, কিন্তু পারিলাম না। একটা অনম্য শক্তি আমাকে অবশ করিয়া মন্ত্র প্রাণায়ামের দম চালাইতে লাগিল। দমে দমে শক্তি উর্জগামী হইরা উপর উপর করেকটা চক্রের আবরণ ছিঁড়িয়া ফেলিল। মনে হইল বেন নাড়ী-ভুঁড়ীর সঙ্গে সঙ্গে আমার ভিতরের যাকিছ সমস্তই ছিল্লভিল হইয়া গেল। 'উত উত্ত' ছাড়া আমার তথন আবার কোন বাক্য-ক্রণেরও শক্তি বহিল্না। যাতনার অভির হইরা আমি ক্রনে মুর্চিছত-প্রায় হইলাম। একটু পরেই এই শক্তি, পথ না পাইরা, পাক খুরিয়া হঠাৎ নীচে আসিয়া পজিল। এসময়ে খুবই আরাম বোধ হইল, কিন্তু এ অবস্থা মুহুর্তকালমাত্র অন্তর করিলাম। পরক্ষণেই আবার সেই শক্তি আরও যেন অধিকতর প্রবলবেগে সর সর করিয়া উর্জনিকে ছটিল। পুন:পুন:, কিছকাল ধরিয়া, এইভাবে শক্তির অধ: উর্দ্ধ গ্তাগতিতে আমি একেবারে অবসর চটরা পড়িলাম। অকমাৎ একবার মহাবেগে উভিত হট্যা, এই শক্তি স্বস্তানে গিয়া সহসা সম্পূর্ণ বিরাম লাভ করিল। তখন প্রমানন্দ সাগ্রে আমি বেন একবারে ডুবিয়া গেলাম। ইহার পর আমার কিছুই বলিবার নাই। কতকণ যে এ অবস্থাটি হানী হইল জানিনা। পরে, আবার এই শক্তি মূলাধারে নামিয়া আসামাত্র আমার জ্ঞান হইল। সমস্ত শরীর ঘর্মাক্ত ও অবসর হইরা পড়িয়াছে, দেখিলাম। অতিসংক্ষেপে প্রত্যক্ষ অমুভূতির ক্রমটি মাত্র সংস্কৃতে লিখিয়া রাখিলাম। এই সময়ে হঠাৎ স্বামীজী জাগিয়া উঠিলেন এবং বলিলেন-- "ভাই. এ কি স্থা দেখিলাম দ গুরুজী খেন ভোমার ভিতরে কি একটা প্রক্রিয়া করিতেছেন। কিছকণ চেষ্টার পর, আক্ষেপ করিয়া, হাতের কবজা নাড়িয়া তিনি বলিলেন-'আহাহা। স্বটাহ'ল না, একটুর'য়ে গেল।'"

# অপূর্বে সূর্য্যমণ্ডল দর্শন।

এখন প্রভাহ আমি রাভ ৩ টার সমরে উঠিরা শৌচাদি কার্যা সমাপনাতে, ৩॥ টা হইতে তোর ৬ টা পর্যন্ত নাম, প্রাণারাম ও কুস্তক করি। স্বানের পর স্বামীকী ও বিষ্ণু বাবুর স্হিত অল্যোগ ও চা-পান ক্রিয়া ৭ টা হইতে ১০ টা প্রাপ্ত নির্জ্জন বাগানে বসিয়া ' তাটক ' সাধন করিয়া থাকি। আহাবের পর বাসাছইতে কিঞিৎ ব্যবধানে, গলাতীরের জনমানবশৃত্ত লিবমন্দিরে গিয়া প্রত্যন্থ বেলা ১২ টা হইতে ৫ টা পর্যন্ত নির্জ্জন সাধনে কাটাই। বিকাল বেলার আমাদের বাসার বহু ভদ্রলোকের সমাগম হয়। সন্ধ্যাপর্যন্ত মহাবিষ্ণু বাবু ও স্বামীঞ্জী তাঁহাদের লইয়া ধর্মালোচনা ও সন্ধীতন করেন। রাত্রে আহারান্তে নিদ্রিত না হওয়া পর্যন্ত আমাদের ধর্মপ্রস্কের বিরাম হয় না। মধ্যে মধ্যে আমরা রাত্তিতে বাগানে তমালতলায় বাইরা বসি। গভীর রাত্তিতে জললের ভিতরে সন্মুথে ধুনি রাখিয়া নাম ক্রিতে করিতে বড়ই আরাম পাই। সারা দিনরাতই আমাদের বেন একটা ধর্মেণ্ডেস্ব চলিয়াছে।

পূর্ব্বোক্ত স্বগ্রঘটনার পরহইতে সাধন ভলনে উৎসাহ আমার আরও রৃদ্ধি পাইল। নাম করার সলে সলে অলক্তিভাবে গুরুদেবের রূপ মনে আসিয়া পড়িতে লাগিল। গুরুদেব বিলিয়াছিলেন—'কল্পনা কথনও কর্বে না। নাম কর্তে করতে সভ্যবস্তু আপনা আপনি প্রকাশিত হবে।' আমি করনা কথনও করি না; অগচ একটুকু হির হইরা নাম করিলেই অমনি অজ্ঞাতসারে গুরুদেবের রূপটি আপনা আপনি অস্তরে আসিয়া পড়ে। তথন উহাতে এতই আনন্দ পাই যে, করনা হইলেও উহা আর ত্যাগ করিবার যোথাকে না।

ইতিমধ্যে এক দিন ভোরবেলা গণান্ধান করিয়া, নাম করিতে করিতে স্থামীজীর সঙ্গে বাসায় আসিতেছি, মনটি ওকদেবের মনোহর রূপে আবিট রহিয়াছে—অকস্থাৎ ললাটদেশে স্থনীল আকাশে অসংখ্য বৈত্যতিক তেজােময় শুল্র জ্যোতিঃ-সমন্থিত অপূর্ব স্থামশুল ঝক্ ঝক্ করিয়া উদিত হইল। ক্ষেক সেকেশু মাত্র উহার দিকে দৃষ্টি করিয়াই আমি 'জয় শুরু, এয়য় শুরু' বলিতে বলিতে অবশাঙ্গ হইয়া বালির উপরে পড়িয়া গোলাম। • • • সাধন রাজ্যে কত কি আছে, জানি না। এসব দেখিয় অবাক হইতেছি!

## সাধনে অক্ষমতাহেতু কৌশলবুদ্ধি।

গলা-লানের গুণে অথবা দর্শনের লোভে সাধনে উৎসাহ আমার রৃদ্ধি পাইল। প্রতি খাস-প্রখাসে অবিপ্রান্ত নাম করা গুরুদেবের আদেশ; কিন্তু বহু চেটা করিয়াও দেখিতেছি তাহা আমি পারিতেছি না। প্রত্যহ নিজাহইতে উঠিয়, খাস প্রখাসে নাম করিব বলিয়া দৃঢ়তার সহিত গাগিয়া যাই; কিন্তু একটুকু সময় উহাতে লক্ষ্য ছির হইতে না হইতেই দেখি অজ্ঞাতসারে মন কোথায় চলিয়া গিয়াছে। প্রংশুনঃ এই প্রকার চেটায় হয়য়ান হইয়া পড়িতেছি। খাস প্রখাস ধরিয়া নাম করা কিছুতেই অভ্যাস করিতে পারিতেছি না! বছু

চেষ্টা করিয়াও যথন উহা পারিলাম না, তথন অছ এক কৌশল অবলম্নপূর্বক গুরুদেবের আদেশ প্রতিপালন করিব, স্থির করিলাম। দিনে রাত্রে যতসংখ্যক খাদ প্রখাদ হইয়া থাকে গুতুসংখ্যক নাম করিব সকল করিলাম। পরে গুরুদেব কুপা করিয়া প্রত্যেকটি খাদ-প্রখাদের মাথার উহা বদাইয়া নিলেই আমার প্রতি খাদ-প্রখাদে নাম করা হইবে। এইরূপ বৃদ্ধি করিয়া ২১৬০০ শত নাম করিতে লাগিলাম। যদি খাদ প্রখাদের সংখ্যা বৃদ্ধিই ইয়া পড়ে, এই আশলায় নামের সংখ্যারও বৃদ্ধি করিয়া প্রায় ৩০।৩২ হাজার নাম করিতে লাগিলাম। কর ও মালায় নাম লপ এত অভ্যন্ত হইয়াছে যে, নিজিত অবস্থায়ও আপনা আপনিই আমার কর বৃরিয়া আদে, অপরের মুখে গুনিতে পাই। সংখ্যা পূর্ণ করিতে গিয়া সারাদিনে কাহারও সঙ্গে এখন আর কথা বিশিবারও অবসর পাই না। বাহিরে খুব স্থির থাকিলেও, সংখ্যাপুরণচেটায় ভিতরে অতিশয়্ম চঞ্চল হইয়া পড়ি। অনেক সয়য় এই জন্ত মাথা গরম হইয়া যায়। গুরুদেব বিলয়াছিলেন— 'আমাদের সাধনে খাদ প্রখাসই নামের জপমালা।' যথন কিছুতেই তাহা আমি ধরিতে পারিলাম না, তথন স্থবিধা বৃঝিয়া বাহিরের মালা গ্রহণ না করিয়া আর কি করিব ? জানি না, গুরুদেব আমার এই কৌশলপুর্বক সাধারণপ্রণালীমত সাধনে অন্তর্থানে করিবেন কি না।

#### ত্রাটক সাধনে দর্শনের ক্রম।

ত্রাটক সাধন অনেক কাল করিয়া আসিতেছি। গতবৎসরহইতে এই সাধনের সময়ে নানাপ্রকার দর্শন আরম্ভ হইয়াছে। এ প্র্যান্ত যত প্রকার যাহা দর্শন হইয়াছে ক্রমান্ত্রসারে ভাহা ভূলিয়া এই স্থানে লিখিয়া যাইতেছি।

- (১) সাধনসময়ে লক্ষ্যস্থলে ৪।৫ ইঞি পরিমিত, ঘড়ীর জ্ঞাংএর মত, বহস্তরবিশিষ্ট গোলাকার, অতিশয় চঞ্চল, নিবিত্ব রুফাবর্ণ ৪।৫ টি চক্র অবিচ্ছেদ গতিতে বামাবর্ত্তে এবং তাহাই আবার মুহুর্ত্তকাল মধ্যে দক্ষিণাবর্ত্তে অভ্যস্ত ক্রভবেগে ঘুর্ণায়মান হইতেছে। কিছুদিন দর্শন করিলাম।
- (২) দৃষ্টি হির করিতে করিতে পরে দেখিলাম উক্ত চক্রগুলির আয়তন কমিয়া গেল। পরে, উহারা পরস্পর সংলয় হইয়া একটিমাত্র হির মঙলাকারে পরিণত হইল, এবং ঐ মঙল মধ্যে সরিবার মত কুদ্র কুদ্র অসংখ্য জ্যোতির্বিন্দু প্রকাশিত হইল। উহার চতুপ্পার্থে ৪ টি উজ্জ্বল হীরকথগুবং খণ্ডজ্যোতি ঝিকি মিকি করিতে লাগিল। মগুলের মধ্যত্বলে অপেক্লাক্কত বৃহদাকার অত্যুক্তল জ্যোতির্বিত্ব অবিরাম জ্যোতির্বিত্ব দুল উলিগরণ করিতে লাগিল। প্রায় ৩০৪ মাস কাল সাধনসময়ে এইরূপ দর্শন হইতে লাগিল।

- (৮) নাথ মাসের প্রথমইইতেই ঐ দর্শনটি অন্তপ্রকার ইইয়া পড়িল। গাঢ় ক্লঞ্চবর্ণ ৬ ইঞ্চি পরিমিত একটা মণ্ডলের মধ্যস্থলে একটি খেতোজ্জন, তেজঃপূর্ণ বলর প্রকাশ পাইল। অর্জ ইঞ্চি পরিমাণ ঘাদশটি শুল্র জ্যোতিঃ সমন্তিত অঙ্গুরী মণ্ডলাস্থ্যস্তেরে সমান অন্তরে থাকিয়া উহাকে বেষ্টন কবিয়া রহিয়াছে। প্রায় ৩ মাস কাল এইরূপ দর্শন করিলাম।
- (৪) উহাতে দৃষ্টি হিন্ন রাথিতে রাথিতে বর্তমানে উহা অন্ত আকার ধারণ করিরাছে। চক্ষু করেক সেকেণ্ডের জন্ম একটু হিন্ন ও পলকশ্ন্ত হইলেই ৫।৬ ইঞ্চি পরিমিত, জ্যোতির্মার খেতোজ্জ্বল সমচতুর্ভু জ বন্ধ, বৃত্তাকার মণ্ডলের মধ্যে দৃষ্ট হয়। কিছুক্ষণ উহাতে তীব্র দৃষ্টি রাথিলেই উহা একটি মটরের আন্তরতন সকীর্ণ হইরা অধিকতর খন ও উজ্জ্বল রূপে প্রকাশ পাইতে থাকে। বেথানে সেথানে, যে কোন অবস্থায় দিনে ও রাত্রে যথন তথন এই জ্যোতি একটু দৃষ্টি হিন্ন রাথিবামাত্রই দর্শন হইতেছে।

ত্রটিক সাধনের প্রথম উচরে কিভিতেই এপর্যান্ত দৃষ্টি স্থির করিয়া ফাসিতেছি। গুরুদেবের ব্যবস্থানত সেই সঙ্গে এখন ব্যোদে দৃষ্টি রাণিতে আবস্ত করিলান।

## তর্পণে ছায়ারূপদর্শন। কুকুরের কাও।

অতি প্রত্যুবে যথন গলালানে যাই, পথে প্রতাহই আমার মনে হর যেন দেবগণ, ঋৰিগণ ২০লে মাঘ, ও পিতৃপুক্ষগণ আমার হাতে গলালল পাইবার জন্ম সলে সেলে যাইতেছেন।
১২৯৬। সান করিয়া উর্জন্থ করজোড়ে তাঁহাদের আহ্বানেই আমার কালা পার।
পিতৃত্পণ কালে প্রতিগঞ্য জল দেওয়ার সলে সলে ঐ জলের উপরে অকুষ্ঠপরিমাণ অম্পষ্ট
মুস্ফাক্তির চঞ্চল ছালা দশন করি। দেবতর্পণ ও ঋষিতর্পণ কালে এইলপ ছালা ক্রীনা
ক্রিয়াও দৃষ্টিতে আনিতে পারি না। পিতৃত্পণ শেষ হইলা গেলে, মুহুর্কিলেও উহা আমার
থাকে না।

আরু দেবতর্গণ ও ঋষিতর্গণ শেষ করিয়া পিতৃতর্পণ করিতেছি, গাচ হাত অন্তরে গলার পাছে একটি প্রকাণ্ড কুকুর সতৃষ্ণ দৃষ্টিতে আমার দিকে তাকাইয়া রহিয়াছে দেখিলাম। ভর্মার শীতে অন্থ্যমান কুকুরটি অলে নামিয়া ধীরে ধীরে আমার দিকে আদিতে লাগিল। স্থামীলা ও মহাবিষ্ণু বাবু উহাকে তাড়াইতে চেষ্টা ক্রিলেন; কুকুরটি তথন ক্ষীণকঠে অতি কাতর্ম্বরে এমন একটি ক্লেশস্চক শক্ষ করিল যে, তাহা ভানিয়া উহায়া আরে তাহাকে বাধা দিলেন না। ভরা মাধ্যের ভোবের শীতে গলায় অবগাহনে মান্ত্র অবশ হইয়া পড়ে, আর

আনারাদে কুকুরটি গলাপণান্ত ডুবাইরা আমার দক্ষিণ দিকে জলমধ্যে প্রার একহাত ক্মন্তরে আসিয়া লাজাইল; তৎপরে তর্পপের জল গলার স্রোতে পড়িয়া যেমন বহিয়া যাইতে লাগিল, কুকুরটি মুধবাদান করিয়া প্রাণুন: আএহের সহিত তাহাতেই ছোঁ মারিতে লাগিল। কিছুক্ষণ এই প্রকার করিয়া কুকুরটি উপরে উঠিল। আমিও তর্পণ শেষ করিয়া তথনই পাড়ে উঠিলাম; কিছু আক্ষেতাের বিষর এই যে, তিন জনেই চতুর্দিকে লৃষ্টি করিয়া বিভ্তবালির চড়ার কুকুরটিকে আব দেখিতে পাইলাম না! ক্রতগামী আছও এত অল সমস্বে এই প্রেক্তিও চড়া পার হইয়া অদ্গু ছইতে পারে না। সমস্তাদিন কুকুরটির কথা মনে হইতে লাগিল।

**ф**"ф

## ভাগলপুরে দাধু পার্বতী বারু। ইন্টদেবকে হুন্থ রাথাই দাধন ও সদাচারের উদ্দেশ্য।

ভাগলপুরের বারোরারীতে প্রীযুক্ত পার্কভীচরণ মুখোপাধ্যার নামে একজন সদাচারদম্পন্ন, নিষ্ঠাবান ব্রাহ্মণ আছেন: সহরের হিন্দু, মুসনমান, খ্রীষ্টান-প্রভৃতি সকল শ্রেণীর লোকেই তাঁহাকে পরম ধার্ম্মিক মহাত্মা বলিয়া শ্রদাভক্তি করে। স্বামীজী ও মহাবিফু বাবুর সহিত তাঁছাকে দর্শন করিতে গেলাম। পুরাকালে ঋষিদের তপোবনের যেপ্রকার বর্ণনা ভনিয়াছি, পাৰ্বতী বাবৰ আশ্ৰমটি যেন তাহাই দেখিলাম। নিজৰ বাগানট নানাপ্ৰকাৰ ফলফুলে কুশোভিত: শৃত্মলাব্দ্ধ বিবিধপ্রকার বুকে পরিবৃত। উপস্থিত হওয়ামাত্রই ইচ্ছা হইল উহার যে কোন ভানে বসিরা ভগবানের নাম করি। বৃক্ষণতা সহিত সমস্ত আশ্রমট যেন ভগবদভাবে পরিপূর্ণ রহিয়াছে। লোকালয়ে এমন ফুল্লর তপোবন কোথাও দেখি নাই। পার্ব্বতী বাবর ভন্নকূটীরথানা বিস্তৃত বাগানের এক প্রাস্তে। পার্ব্বতী বাবুকে দেখিরাও মনে হইল যেন একটি ঋষিকে দর্শন করিলাম। রক্তাভ গৌরবর্ণ তেজঃপুঞ্জ শরীরে তেজবিতা এবং প্রিক্তভা যেন মাখা রহিয়াছে। তিনি বারমাস তিশদিন অফুদরে গলামান ও সন্ধা তর্পণাদি করিরা আশ্রমে প্রবেশ করেন, পরে শালগ্রাম ও পঞ্চদেৰতার পূজা করিরা চণ্ডী, গীতা, উপনিবদাদি ধর্মপাল্ল পাঠ পূর্বক হোম করিয়া থাকেন: ১১ টার সমত্তে আঁসন হইতে উঠিয়া অপাক হবিয়ার প্রহণ করেন: অতঃপর এক ঘণ্টা কাল বিশ্রামান্তে কুটারের বারেনার বনেন; এবং ভগবন্ভাবে অভিভূত হইরা সারাদিন ধান ধারণার অভিবাহিত করেন। রাত্রিতেও অতি অরসমর নিজা বাইলা, অবশিষ্ট নিশা ইইসরণে কাটাইলা দেন। আৰু ৪২ বংসর কাল তিনি এই নিয়মে আছেন: শুনিলাম, একটি দিনের আভ নিষ্কালিত কার্যে তাঁহার বাধা হর নাই। বড়দশনে ইনি অগাধ পণ্ডিত; পুরাণ উপনিবৎ প্রভৃতি শাস্ত্রএছে ইহার অসীম বিখাস; আবার বাইবেল কোরাণাদিও ইনি শ্রদ্ধার সহিত্ত পাঠ করিয়া থাকেন। এখানকার শিক্ষিত সম্প্রদার ইহাকে 'থিরোসফিট' বলেন। 'থিরোসফীর' সংবাদ-প্রাদি ইহার আসনের ধারে স্তুপীকৃত রহিয়াছে দেখিলাম। আপন ভঙ্গনাচারে নিরত ও নিষ্ঠানা থাকিয়া সকল সম্প্রদারের ধর্মার্থীদিগকে কিরুপে এমন শ্রদ্ধান্তিক করেন, ইহা বড়ই আশ্রুণ্টা বোধ হইল। পার্বতী বাবু ভক্ত কি জ্ঞানী, বুঝিলাম না। ভক্তির কথা বলিতে বলিতেও তিনি কান্দিয়া আকুল হন। আবার জ্ঞানের আলোচনা সমরে বয়ং বন্ধ হইয়া বদেন। সরল প্রাণে, বিনয়ের সহিত জ্ঞাতিনির্বিশেষে করজাড়ে সকলকে নমস্বার করেন। পার্বাতী বাবুর সক্ত আমার বড়ই ভাল লাগিল। প্রতি সপ্তাহেই আমি ছই দিন করিয়া ভাহার সক্ত করিতে লাগিলাম। পার্বাতী বাবুরও অসাধারণ রেহ আমার উপরে পড়িল। তিনি আমাকে উপনিষ্পরের মর্ম্ম বুঝাইতে ইচ্ছা করিয়া অতি সংক্রেপে সাংখ্য পাত্ঞাল প্রভৃতির মত, উপদেশ করিতে লাগিলেন।

ঋষিপ্রণীত গ্রন্থের আনলোচনায় আমার শাস্ত্র-স্লাচারে নিষ্ঠা বৃদ্ধি পাইল। ভারারই ফলে. প্রতিপদে প্রত্যেক ব্যাপারে আমি বিচার করিয়া চলিতে লালিলাম। গুরুষ্টারে থাকিয়া নিয়মনিষ্ঠাপুৰ্বক আগ্ৰহসহকারে সাধন ভজন করার ফল গুরুদেবের ক্লপায় আশ্চর্য্য-ক্রপেই প্রত্যক্ষ করিতেছিলাম: কিন্তু কিছুকাল পরে এই দর্শন শাস্তের ব্যষ্টি, সমষ্টি ও ঘটপটাদির বিচার বিতর্কে আমার অস্তর ধীরে ধীরে শুক্ত ও সংশরপূর্ণ হইয়া উঠিশ। প্রক্রেবের অসাধারণ রূপার উপরেও আমার বিচার আসিতে লাগিল। তথন তাঁহার প্রান্ত অপ্রাক্ত সাধনরাজ্যে ভূমিকম্প উঠিয়া মহাপ্রালয়ের প্রচনা করিল। নিজের স্মরণার্থে এসব অবস্থার আন্ভাগ লিখিয়া রাখিতেছি। ছ'চার খানা পুরাণ পাঠ করিয়াও দুশুন শাস্ত্রের একট্ আধট্ আলোচনা গুনিয়া, 'সাধন করার প্রয়োজন কি ?' এই সন্দেহ জন্মিল। পুরুষকারের অফুষ্ঠান বা প্রারন্ধের ভোগ লইয়াই এই সমস্ত সংসার চলিতেছে পুরাণাদিতেও ইছাই তো দেখিতেছি। কিন্তু পুক্ষকারের দারাই যদি প্রারন্ধের উদ্ভব অবশুভাবী হয়, তাহা চটলে উত্তার ফলাফল যে বড়ই অনিশ্চিত হইয়া পড়ে। কারণ অসদস্ভানে হুর্ভোগ, সদস্ভানে মির্ভ হইলে, প্রার্কের কোন ভোগ নির্দিষ্ট বা ছির নিশ্চিত হইতে পারে না। আবার এট প্রায়ন্ধট যদি কার্য্যের প্রবৃত্তি বা তদমুষ্ঠানের হেতু হয় তাহা হইলে পুরুষকার তো সর্ব্বথাই অব্পৃষ্ট কথা হইয়াপড়ে। আনবার পুরুষকার দারা ডোগের স্ষ্টি হয় একথা স্বীকার না ক্রিলে ভোগই বা আসিল কোণাহইতে ? আর যদি প্রারক্ষ বাবতীয় কাব্য ও ভোগাদির হেতৃ হয়, তাহা হইলে সেই প্রারন্ধের অর্থ মূলতঃ ভগবদিছোব্যতীত আর কি বলিব ? তাঁহারই ইচ্ছার প্রারন্ধের সৃষ্টি হইরাছে এবং কার্যা ও ভোগ হইতেছে। জীবের প্রারন্ধবাতীত একটা বতর বা স্বাধীন ইচ্ছা আর নাই। স্থতরাং মনে হর সমস্তই ভগবদিছোর হইতেছে: জীব ভধু দ্রতাও ভোক্তামাতা। তাহা হইলে সাধন ভলন আর করি কেন; নিরম নিষ্ঠার এবং সদাচারে থাকিতে এত অশাস্তি উদ্বেগই বা ভোগ করিতেছি কেন? গুরুদেব নিজেই বলিরাছিলেন যে আমার আর কোন স্বাধীনতাই নাই, আমি তাঁহার গর্ভন্থ সন্তান, তথ তালা হইলে যালা আমার ভিতরে সঞ্চারিত হইতেছে তালাই আমি ভোগ করিতেছি। গর্ভন্থ সম্ভানের দেহপৃষ্টি ও জীবনধারণ কিছুই তাহার স্বীয় চেষ্টাসাধ্য নহে; উহা সাধারণ ভাবে গর্ভধারিণীর স্বাস্থ্য ও সম্পূর্ণরূপে ভগবদিচ্ছার উপরে নির্ভুর করে। সম্ভানের অঙ্গসঞ্চালনে গর্ভধারিণীর ক্লেশ হয়, ইছা প্রভাক্ষ সতা; নিয়ম, স্দাচার, সাধন ভজন এবং গুরুবাক্যের অফুঠানদ্বারা দেহ মন স্থির থাকে; স্থতরাং গর্ভিণী তাহাতে শান্তিতে থাকেন; আর যেমন তেমন চলিতে, যাতা ইচ্চা তাতাই করিলে দেহ ও মনের চঞ্চলতার সঙ্গে সঙ্গে গর্ভধারিণীর যন্ত্রণা ভোগ হইয়া থাকে। স্থতরাং দেখিতেছি নিয়ম, সদাচারে থাকার এবং সাধন ভন্ধন করার আর কোন প্রয়োজনই নাই; শুধু নিজে স্থির থাকিয়া আধার স্বরূপা জননীকে সুস্থ রাধাই এই সকলের উদ্দেশ্য। অনিয়মে স্বেচ্ছাচারে চলিয়া, উচ্ছ এল ভাবে হাত পা নাড়া চাড়া করিলে জননীর বিষম বন্ত্রণা হইবে, এই ভাবটি অন্তরে আসিয়া পড়িল; সঙ্গে সঙ্গে এই প্রকার সংস্কারও বন্ধমূল হইল যে আমার প্রতি কার্যা, প্রতি পদক্ষেপ শ্রীওফদের অমুভব ক্রিভেছেন। যতই নিয়মে ও স্লাচারে থাকিব এবং সাধন ভত্তন করিব ততই তিনি স্কল্ড থাকিবেন ও আনন্দ পাইবেন। নিজের উরতির জন্ম সাধন ভজন নয় : গভ্ধারিণী জননীকে আরামে রাখাই নির্ম নিষ্ঠা ও সাধন ভলনের উদ্দেশ্র।

## কৰ্মই ধৰ্ম।

আমার গুরুদেবের অঙুত রুণাতে বেসকল করনাতীত ভাব আমার ভিতরে সঞ্চারিত বাব মানের এর্থ সপ্তাহ- হইরা প্রমোৎসাহে আমাকে তাহাতে নিযুক্ত করিতেছে, আমার আক্ত হইতে কাল্পনের ১ম বুদ্ধিকে গুরুদেবের সেইভাবের অনুগামী করিরা বিচারহারা তাহা সপ্তাহ পর্যন্ত এতিপর করিতে চেষ্টা করিলাম, জ্ঞানের অক্র না ক্লিডে ক্লিডেত তল্পের নিরূপণ বা মীমাংসার প্রয়াস যদিও মূর্থতা বা বাচালতা বই আার কিছুই নয়, তথাপি বে সকল এলো মেলো জল্লনা করনাতে, আমি আমার গুল্পদেবের ইচ্ছামত চলিতে ধিধাশুক্ত হইতেছি, সেই সক্ষেক্র সহিত এই জীবনের বিশেব সম্বন্ধ হেতু এই ক্লে ভাহা
আতি সংক্রেপে লিখিরা রাখিতেছি; এখন আমার মনে হইতেছে—কর্মাই সার। কর্মাই ধর্ম;
কর্মানা করিলে কিছুই হইবে না। কর্মারাই জীবের বাসনা পূর্ণতৃপ্ত হইয়া ক্ষর প্রাপ্ত হয়
এবং ভাহাতেই পরিণামে জীবের হয়প অবস্থা লাভে মুক্তি হয়। এখন কোন্ প্রকার
কর্মারারা কাহার বাসনা ক্ষর হইবে ভাহা কি প্রকারে জানা বাইবে? কর্মোতে বন্ধন হয়,
শাল্লে এইরপ উপদেশও ত দেখিরাছি। শাল্রবাক্য যখন অভ্যান্ত, তখন ভাহার সঙ্গে আমার
এই সিদ্ধান্তের সামঞ্জ কোথার স

বাসনাহ্যায়ী কর্মের ফলভোগেই যথন জীবের পুর্গ তৃথিতে স্বরূপতা প্রাষ্ঠি, তথন সেই বাসনাহ্যরূপ কর্মাই তাহার পকে কল্যাণকর বা স্বভাবধ্যা। জীব বাসনাহ্যরূপ ভোগের নিমিন্ত কেই সম্বত্তণের আশ্রায়ে সাধুক্র্মারার ভোগের পরিস্মান্তিতে স্বরূপাবস্থা লাভ করিতেছে, আবার কেই বা ভিররণ ভোগের কর্মায় তদন্যায়ী রক্তম: সহায়তায় ভোগের তৃথিসাধনাস্তেম্প অবস্থায় উপনীত হইতেছে। কোন্ জীব যে কি ভাবে কোন্ কর্মারায়া আপন বাসনাক্ষ্মজনিত মুক্তির পথে অগ্রসর ইইবে তাহার কোনই স্থিরতা নাই। সাধু কর্মারায়ার বেমন সম্বত্তশাশ্রীর কল্যাণ ইইতেছে, অসাধু বা অসৎ কর্মারায় সেইপ্রকার রক্ত্যোহি ক্রিয়া বেমন এক জনের পরম মঙ্গণ সাধিত ইইতেছে, সেইপ্রকার হয় ত তাহার সম্পূর্ণ বিরুদ্ধাহান ক্রমার অঞ্চ কার্যার অস্ত্র কল্যাণ ঘটিতেছে। কোনও জীবের মুক্তির জন্ম যেমন কেবল সংকর্মাই প্রয়োজন সেইপ্রকার কোন জীবের মুক্তির জন্ম বেমন কেবল সংকর্মাই প্রয়োজন সেইপ্রকার কোন জীবের মুক্তির নিমিত্ত অসৎকর্ম্মের আবেশ্রকতা থাকিতে পারে। গীতার বণিরাছেন—

" ক্স-ধন্মে নিধনং শ্রেয়ঃ পরধন্যোভয়াবহঃ "

বাসনাপ্রায়ী ভোগের জন্ত যেসকল গুণকে অবলখন করিয়া জীব কার্য্যে প্রস্তুত হয় তাহাই জীবের অধর্ম, জীবের ব্যক্তিগত ধন্ম। এই ধন্মে প্রস্তুত হইয়া জীব সম্পূর্ণ কু কর্মা না হইয়াও যদি বিনাশ প্রাপ্ত হয় তাহা হইলেও তাহা কল্যাণকর; কারণ, বাসনার আংশিক তৃথিতে জীব তাহার অরপ অবস্থার দিকেই কথ্ঞিং অগ্রসর হইল; কিন্তু স্বাভাবিক গুণ প্রার্থির বিকল্পস্টান মহাসাহিক হইলেও, তল্পারা জীবের কোন কল্যাণই নাই। উহাতে জীবের বাসনাম্যায়ী ভোগের তৃথি হয় না, মুজিও হয় না। লোকে যাহাকে অধন্ম বলে, পাপ বলে, অপ্রাধ বলে, কেহ তাহাই অফ্টান করিয়া অরপ চৈত্ত পাভের পথে অগ্রসর

হইতে পারে; আবার প্রক্ষতিবিক্ষ সদর্শ্ব কাল্যাপন করিরা, পূজা, বন্দনা ও পরোপকারাদি করিয়া, পরধর্শাস্থটানের ফলে, তাহার স্বরূপ অবস্থাহইতে আরও দূরে বাইয়া, কর্মানাতে আরও আবছ হইয়া পড়িতে পারে। জীববিশেবের গকে সাধারণ পাপও ধর্ম হয়, আবার সাধারণ ধর্মও পাপ হয়। স্থতরাং পাপ পূণ্যের দিকে কোনরূপ সংকার না রাখিরা ভধু অন্তনিহিত অদম্য বাসনাম্ররূপ কর্মা বাই, তাহাতেই ক্রমে বাসনার পূর্ণ তৃত্তিতে অন্তর্থানের নিতৃত্তি হইবে, মুক্তিলাভ ঘটিবে। বারদীর ব্রহ্মচারীকে জীবস্থুক্ত মহাপুক্ষর বলিয়া ভানিয়াছি; তাঁহার গুরুদের তাঁহাকে বাসনাম্র্যায়ী ভোগের নিতৃত্তি ঘটাইতে লোকাচারবিক্ষ কার্ঘ্যে কৌশলপূর্ক্ক নিরোগ করিয়াছিলেন। অহনিশি তাহাতে যথেছে অন্তর্মক থাকিয়াও অতি অয় দিনের মধ্যেই তাঁহার ঐ আকাজ্ঞার সম্পূর্ণ নিরুত্তি ঘটরাছিল। এইপ্রকার বহু দৃষ্টান্ত আরও রহিয়াছে। বাসনাহইতেই দেহের উৎপত্তি; দেহ শুধু কর্ম্মেরই যয়; কর্মের জন্তই আসা। কর্মাই ধর্ম এবং এই কর্মেই মৃক্তি।

সংস্কার রহিত বৃদ্ধিতে এইপ্রকার সিদ্ধান্ত করিয়া অবিপ্রাম করা করার প্রবৃত্তি জন্মিল; তদমুসারে খুব কর্মা করিতে লাগিলাম। কি প্রকার কর্মে আমার বাসনা ফুর্রি পাইবে তাহা ধরিবার জন্ম নানাপ্রকার কর্মা আরম্ভ করিলাম। মধ্যাহ্নে আফিনে বাইরা কাজ শিথিতে লাগিলাম, অপরাহ্নে মথুর বাবুর প্রকাণ্ড সংসারের সর্ক্রিধ শৃঙ্গলাবিধানে নিমুক্ত হুইলাম। ইহাতে এত কর্মের চাপ আমার উপরে পড়িল যে, সারাদিনে আমার আর তিলান্ধ অবসর রহিল না। প্রাতে ও রাত্রে নামজপের নির্দ্ধিষ্ট সংখ্যা পূর্ণ করিতে লাগিলাম। অবিপ্রান্ত অপরিমিত প্রশ্নে আমার বেদনারোগ বৃদ্ধি পাইল। ক্রমে শরীরের অতিরিক্ত অবসর্যতার সঙ্গে সঙ্গে আমার কর্মের প্রভাতি কমিতে লাগিল; যে সকল কর্মে আমার বলবতী আকাজলা, প্রাণে উৎসাহ আমাল ছিল, তাহাতে ধীরে ধীরে নিক্তেজ ভাব, বিরক্তি ও ক্রেশ বোধ হইতে লাগিল। আমি আফিনে বাওরা বন্ধ করিলাম, সংসারের বাবতীয় কর্মেও উদাসীম হইলা পড়িলাম। ঠিক এই সময়ে একটি সাধুর নিকাম অনুষ্ঠান দেখিয়া আমার ভিতরে কর্ম্মপুর্ব্ধে আর এক ভীবণ আলোলন উপহিত হইল।

## পাগলা সাধুর নিক্ষাম কর্ম।

আমানের বাসার সমূথে গলার পারে বালুর চড়ার একটি লোক সারাদিন পড়িরা থাকে।
সকলে তাহাকে 'পাগলা' বলিরা ডাকে। পাগলা কথনও গলাতীরে বসিরা থাকে,
কথনও উত্তও বালুর উপরে শুইরা থাকে, আবার কথনও বা আপন মনে চড়ার উপরে

দৌজাদৌজি করে। পাগলাকাহারও সঙ্গে কথা বলে না। রাত্রে গলাতীরে শিবমন্দিরে গিলাপজিলাথাকে।

একদিন দেখি পাগলা একটি গাছের কাটা ভাল কোথাছইতে সংগ্রহ করিয়া আনিরাছে। বালুর চড়াতে গঙ্গাহইতে ২।৩ মিনটের পথ ব্যবধানে উহা পুতিরা রাখিয়াছে: এবং বছ একটা ঘড়া ভরিয়া গলাহইতে জল আনিয়া ক্রমাগত উহার গোড়ার ঢালিতেছে। প্রাত:কালহইতে স্ক্রা প্রান্ত পাগলার এ কার্য্যের বিরাম নাই। এক একবার দম নিতে একট ব্যিতেছে, আবার অমনই যেন পিছনে কাহারও তাড়া থাইয়া ঘড়া কাঁধে লইয়া উর্দ্ধানে দৌভিতেছে এবং গলাহইতে জল আনিয়া ডালের গোড়ায় ঢালিতেছে। সূর্যোদয়ত্টতে সূর্যান্ত-পর্যান্ত তিন দিন এই ভাবে কঠোর শ্রম করিয়া, পাগলা যথন দেখিল ডালটি আর বাঁচিল না, শুকাইয়া গিয়াছে, তথন ঘড়া ছুঁড়িয়া ফেলিয়া. পাগলা এক দিকে ছুটিতে ছুটিতে অদুশু হইল। পাগলাকে আর চড়ায় দেখিতে পাই না: কোথায় যে গেল তাহাও কেই বলিতে পারে না। পাগলা আমার পানে বড়ই সেহভাবে তাকাইত! পাগলার ঐ কাটা ভালটির গোড়ায় জল ঢালা যেন বড়ই জরুরি কাল. এই প্রকার ভাব দেখাইত। পাগলা যে একজন ভাল সাধু, তাহার কয়েকটি নিঃসার্থ কার্য্যে তাহার নিদর্শন পাইয়াছিলাম। চাউল, ছোলা বা ভূটা ইত্যাদি সে ধাহা কিছু পাইত, পাথীদের ছডাইয়া দিও: শামুক ঝিফুক প্রভৃতি যাহা তরঙ্গাঘাতে পাড়ে উঠিয়া আদিত. পাগলা ভাছা খঁজিয়া নিয়া গঙ্গায় ফেলিয়া দিত—ইত্যাদি। পাগলার উপবোক্ত কার্যাট দেখিয়া আমার ভিতরে কর্মদঘদ্ধে আর এক সমস্তা উপস্থিত হইল।

### নিকাম কর্মাই ধর্ম।

মনে হইল—গুণত্রের ক্রিয়া ভূত সংযোগে সম্পাদিত হওরার নামই কর্মা, এই কর্মে ভোগাকাজ্বলা হইলে বা বাসনা জড়িত হইলেই তাহা সকাম; আর, ভোগালালা পরিশ্রত বা বাসনা বর্জিত হইলেই উহা নিকাম হয়। জীব বাসনাকে গুণে মিলিত করিয়া গুণাহার ভূত সম্পাদিত সকামকর্মাহারা জীবের স্বরূপ অবস্থা লাভ বছাই কঠিন ব্যাপার, সামাভ স্থেবে চেষ্টার কত হথে পাইতে হয়, কিঞ্চিং ভোগের পথে কত হুর্যোগ ঘটে—জীব ইহা দেখিরা, বদি ভোগাকাজ্বলা পরিত্যাগ করে, তাহা হইলে আসক্তি পরিশ্রত গুণাত্রমহারা বি কার্য্য নিম্পাদিত হইবে তাহাই নিকাম কর্মা; এই নিকাম কর্মাহারা জীব অন্তর্ম্ম বী হইরা স্বরূপ অবস্থাব দিকে উরত হইতে থাকিবে।

এইভাবে একমাত্র নিভাম কর্মকেই আমি মুক্তি লাভের সহজ উপায় ভির করিলাম। যে কার্য্যে আমার কোন প্রকার স্থার্থ বা আস্তিক নাই, বরং দারুণ বির্তিক, উৎসাছের স্থিত তাহা করিতে লাগিলাম। মুখুর বাবর বহুৎ সংসারের যাবতীয় ভার আমার নিজের উপরে লইলাম। তাঁহার সেই মাতৃহীন কচি কচি ছেলে মেয়েগুলিকে চু'বেলা মংস্থাদি-দারা নিজ হাতে আহার করাইতে লাগিলাম। মধ্যাকে আফিলের কাজে মহাবিঞ বাবুর সাহাত্য করিতে লাগিলাম। বাগানে মালীদের সঙ্গে সঙ্গে থাকিয়া তাহাদের সব কাজ-কর্মের তদারক করিতে প্রবৃত্ত হইলাম। অপরাছে প্রত্যহ বহুসংখ্যক ফুলের ছেলেদের 'ভিম্লাষ্টিক্স' শিকা দিতে লাগিলাম। কিছকাল এইপ্রকার করার পর আমার বারংবার মনে উদ্ভব চইতে লাগিল, যদি আমি নিষাম কার্যাই করি তাতা চইলে ইতাতে এত উৎসাত ক্ষেত্র উৎসাত্তর মলে, বাসনা ক্ষয় করা, কর্মা শেষ করা, মক্তির পথ পরিষ্কার করা, এইপ্রকার সংস্কার অন্তরে রহিয়াছে পরিষ্কার বঝিলাম। নিষ্কাম কর্ম্ম করিব সন্ধলে যে কোন কার্যা করি না কেন, ভাষাও সকাম অর্থাৎ মলে নিছাম কর্মের উদ্দেশ্য রাথিয়া, নিঃস্বার্থ কর্ম করিলেও কর্মের প্রতি চেষ্টায় নিকাম কর্ম করিতেছি, এই সংস্কার ধীরে ধীরে ভাসিয়া উঠে। স্তত্তাং সংস্থারবর্জিত না হইলে নিজাম কর্ম্ম করিব কিরপে গুলস্থ, ভাল মন্দ বৃদ্ধি থাকিতে কথনও সংস্কার ত্যাগ হয় না। কার্য্যকেতে এসকল বিচারবৃদ্ধি কি প্রকারে লোপ পাইবে ৭ মনে হয়-সদাচায়ে বছকাল থাকিয়া যদি তাহা প্রকৃতিতে অভ্যন্ত হইয়া যায়, ভাছা ছইলে, স্নানাছার ও মল মূত্র ভ্যাণের মত, সক্ষমশন্য স্বাভাবিক অভ্যন্ত ক্রিয়া বলিয়া. উচা কথঞিৎ নিকাম হইতে পারে।

এসকল ভাবিয়া আমি পূর্ববং আবার ঘড়ী ধরিয়া দৈনিক কার্য্য করিতে আরম্ভ করিলাম। উদ্দেশ্য এসকল কার্য্য অভ্যন্ত হইলেই একমত নিজাম হইবে।

## জ্যোতির্দর্শন।

অবিচলিত একাগ্রতার সহিত অনিমেষ সাধন করিতে করিতে গুরুদেবের রুপার, ধীরে ধীরে, এক একটি অভূত দর্শন খুলিয়া ঘাইতে লাগিল। যথাক্রমে তাগা লিপিয়া যাইতেছি—

(১) প্রথমে কিছুদিন বির, খেত প্রভাগরিমন্তিত, বহু খণ্ড ঘননীল জ্যোতি কণে কণে কণে সংলগ্ধ ও বিচ্ছির হইরা, বামাবর্ত ও দক্ষিণাবর্তক্রমে, ক্রন্তগতিতে, ধীর তর্তেক প্রতিক্ষিত চক্রবিবের প্রায়, চঞ্চল দৃষ্ট হইতে লাগিল। ময়ুরপ্তেছর ক্রেন্তইতে বিতীয় স্তর কতকটা এই জ্যোতির বর্ণের অন্তর্কণ।

- (২) ক্রমণ: পরিবর্ত্তিত হইয়া উহা অভ্যপ্রকার হইল। বলয়াকার খেত প্রভা পরিবেষ্টিত উজ্জ্বল, গাঢ় নীল জ্যোতি ঘন আবর্তে ঘূর্ণন ও কম্পান সহকারে চঞ্চল দৃষ্ট হইতে লাগিল। পরিব্যাপ্ত মণ্ডল ৩।৪ ইঞ্চি পরিমিত দেখিতে লাগিলাম।
- (৩) কিছু দিন পরে ধীরে ধীরে উহাও পরিবর্তিত হইল। পীতাভ খেত জ্যোতির্ম্মগুলনধ্যে, অত্যুজ্জল হরিছর্গ স্থোতি দেখিতে লাগিলাম। নিকটে এই জ্যোতি নধপরিমিত খণ্ডাকারে উজ্জল মণিবং হিরভাবে প্রকাশিত; আবার, দূরত্ব অসুসারে অপেক্ষাকৃত বৃহত্তর আকারে কম্পানসহকারে দৃষ্ট হইতে লাগিল। চক্ষের অমুদ্রিত মুদ্রিত সকলপ্রকার অবস্থায়, স্থানে অস্থানে বেথানে সেথানে ইহা পরিষাররূপে প্রতিভাত হইতে লাগিল। ভিতরহইতে ম্যুরপুচ্ছের চতুর্থ ভ্রের সহিত এই বর্ণের কতক উপমা হইতে পারে।
- ি (৪) তৎপরে জমে জমে শ্রেচমণ্ডলাট বিল্পু হইয়া গেল। নিয়ত মটারের মত আক্লোভিবিশিষ্ট, হরিৎ ও নীল মিশ্রিত, অত্যুজ্জন জ্যোতি নিকটে ও পূরে একই আকারে নিশ্চনরূপে প্রকৃষ্ণ পাইতে লাগিল। মিশ্রিত বলিয়া, ময়ুবপুচ্ছের রন্ধের কোনও স্তরের সহিত ইহার সাদৃত্য বুঝা গেল না।
- (৫) এথন কণাচিৎ বিহাতের মত চঞ্চল, অতাস্থৃত দীপ্তিসম্পন গাঢ় নীল জ্যোতি, কণে কণে বিশ্ব প্রভাবিক করিয়া মুহুর্ত্তনথা অস্তর্জান হইতেছে। এই জ্যোতির তুলনা নাই। প্রকাশে বেমনই আনন্দে দিশাহারা ইইতেছি, অস্তর্জানে তেমনই চিত্তে হাহাকার উঠিতেছে।

#### কর্মতাগেই ধর্ম।

আমার কোন কর্মেই ভাল লাগিতেছে না। নিয়ত আসনে বসিয়া থাকিতে ইচ্ছা হয়।
লোকে যাছাকে সং কার্য্য, পুণ্য কার্য্য বলে, আত্মার কল্যাণের পক্ষে তাহাও বেন অস্তরায়
মনে হইতেছে। প্রবৃত্তির অন্তর্কুল বিচারবৃদ্ধিতে এখন আমাকে সমস্ত কর্মেই নির্ত্ত
করিতেছে। মনে হইতেছে, সমত কর্মই ধর্মবিরোধী। জীবাআার অরুপাবস্থায়
ভগবানের সহিত সংলগ্ন থাকাই ধর্ম। চিংকণা বা জীবাআার ক্রুমবিকাশের গভিই কর্ম।
স্থতরাং কর্ম সর্কালাই জীবের বহিন্মুখ অবস্থা। ইহার পরিণাম চিংকণের অরুপাবস্থাহইতে খালিত হইয়া ক্রমশ: সুলহইতে স্থল-তরে পরিণতি। যে স্থলে জীবাআার কর্মের
সমাপ্তি তথার তাহার বিকাশেরও নির্ভি। স্থতরাং দৈহিক স্থল কর্মহিইতে ক্রমে
ক্রেমে স্ক্র মানসিক কর্মেরও বিরতি ঘটিলে জীবের দেহাআবৃদ্ধির বা স্থলতাপ্রাধির

মল বিলয়াতে স্কুল মানস্ক্রপেরও অবসান হইবে। তৎপরে জীব যতই স্কুলতর কর্ম ত্যাগ করিয়া নিজিয় বা দ্বির হইতে থাকিবে, ততই বাসনাবর্জিত স্বরূপাবস্থার দিকে উপনীত ছটবে। এজন্ত যাবতীয় কর্মের মূল বাসনাকেও ত্যাগ করিয়া— 'আত্মসংস্থং মনঃ ক্রতা না কিঞ্জিলপি চিল্লয়েং।' নিবুতিই বথার্থ ধর্ম, যাবতীয় কর্মাই জীবাত্মার বিকাশক্রম বলিয়া ধর্মবিরোধী।

গুরুদেবের অন্তত রূপা। ভিতরে ভিতরে জ্ঞানের আলোচনার কর্মের অনুষ্ঠান সম্বন্ধে আমাকে একেবারে উদাসীন করিয়া তলিল। আমার এখন মনে হইতেছে, কর্ম করা মহা অনেথ। কিছদিন্যাবং আমি বাহিবের যাবতীয় কর্মাই ত্যাগ করিয়াছি। নিত্য আবশ্যকীয় অভ্যস্ত আহার নিজা বাদে, অবশিষ্ট সময় নির্জ্জনে বসিয়া বিধিমত ইষ্ট নাম সাধনে পুনঃপুনঃ মনঃসংযোগের চেষ্টা করিতেছি। ঐপ্রকার নাম করার সঙ্গে সঙ্গে গুরুদেবের রূপ আপনা আপনি চিত্তে উদিত হইতেছে। আমার দেহে গুরুর দেহ. আমার প্রকৃতিতে গুরুর প্রকৃতি, এই প্রকার ধারণা নাম শ্বরণের সময়ে প্রবলবেগে অস্তরে আসিয়া পড়ে। আমার প্রতি অঙ্গপ্রতাঙ্গ, আপাদমন্তক সর্কাবয়ব যেন এতিরুদেবেরই কলেবর: তিনি আমাকে আচ্ছাদন করিয়া যেন এই দেহে রহিয়াছেন। নাম জপের সঙ্গে সঙ্গে এই প্রকার অভাবনীয় ধারণা চিত্তে উদয় হয়। আমি সাধনকালে তফাৎ থাকিয়া, নিজের ভিতরে নিজেকে না পাইয়া গুরুদেবকেই দর্শন করি। ইহাতে আমার এতই আনন্দ হয় যে, তাহা প্রকাশ করিবার ভাষা নাই। নামরূপী সচিচ্চানন্দ্ররূপ গুরুদেবকে নিজের ভিতরে তন্ময়ভাবে ধ্যান করিতে করিতে আমার বাহজ্ঞান যেন বিলুপ্ত হটয়া যায়: সর্বাঞ্গ অবসর হটয়া পড়ে; অবিরামধারে অঞাবর্ষণ হটতে থাকে। গুরুদেবের প্রম ফুল্বর মনোহর ক্লপের স্থৃতিমাতে আমার ভিতরে যে কি হয় তাহা আর বলিতে পারি না।

শুফ জ্ঞানের আলোচনায় সাধনরাজ্যে একপ্রকার যুগপ্রলয় অবস্থা ঘটিরাছিল। জ্যোতির্দর্শন কিছুকালের জন্ম অন্তহিত হইয়াছিল। নৃতন উৎসাহে, নৃতন ভাবে, আবার যথন সাধন করিতে আরম্ভ করিলাম, বিলুপ্তপ্রায় সবুজ আলো, খেত আলোর সহিত মিলিত হইরা প্রকাশ পাইতে লাগিল। অল্লকালের মধ্যেই মিশ্রিত আলোক্ষর থও থেও জ্যোতিঃ-সম্পন্ন হইয়া পড়িল। ২রা ফাল্লন অপরাছে, খেত জ্যোতির মধ্যে নথপরিমাণ নিবিদ্ধ কালবর্ণ একটি আক্তি দর্শন ক্রিলাম। ৩রা ফাল্কন তারিখেও নিজিত না ছওয়া পর্যান্ত ঐকপ দর্শন হইতে লাগিল। পরে ধীরে ধীরে যেমন খেত জ্যোতি ছাস পাইতে আরম্ভ ছইল, কালকপটিও তেমনই ক্রমণ: স্পষ্ট ছইতে লাগিল। কালকপটি দেখিলা মনে করিলাম বুঝি বা ক্রফক্রপই প্রকাশ পাইবেন; কারণ উহার মাথাল চূড়ার মত দেখিতে লাগিলাম। হাত পাও আকৃতির গঠন দেখিলা পরিকার মনে হইল ক্রফই প্রকাশিত ছইবেন। কিন্তু এখন দেখিতেছি কাল আকৃতি ক্রফ নয়। পূর্বে যেরপ দাঁড়ান ছিল, এখন দেখিতেছি তাহা উপবিষ্ট। পূর্বে যাহা ক্রশ ছিল, এখন দেখিতেছি তাহা ছল। মাথাল চূড়া নয়, উহা জমাট চূল; আকৃতিও গঠনে ঠিক গুরুদেবেরই অক্রমণ। তবে খুব পরিকার নয়, অস্পষ্ট। এই রূপের উপরে অনিমের দৃষ্টি করিলাও মন ছিল রাখিলা খুব তেজের সহিত নাম করিতে লাগিলাম। এখন দেখিতেছি আকৃতির বর্ণ ক্রমেই ঘন হইতেছে। স্থানে অস্থানে সর্বাক্ত সর্বাধ্যার হিলাভে। নামেতে রূপের ফুর্রি, রূপেতে নামের স্মৃতি, এই এক অফুত যোগাযোগ দেখিতেছি। এই দর্শন খুলিলা দিলা, অহানিশ ঠাকুর জানাকে বিমল আনন্দে ডুবাইলা রাখিলাছেন। জানি না, এই স্থ্য আমার কত দিন!

#### দশনিবিষয়ে বিচার।

প্রকৃতি যাহার সংশ্রপুর্ণ, প্রত্যক্ষবিষয়েও তাহার নানাপ্রকার বিচার বিতর্ক উপস্থিত হয়। আমি যাহা পরিদার দেখিতেছি, তাহাও ভালরপে বাজাইয়া লইতে ইচ্ছা হইল।
দর্শনের ক্রম অনুসন্ধান করিয়া বিচার করিতে লাগিলাম। কালবর্ণ যে আক্রতিটি প্রায়
সর্বাহি চক্ষে রহিয়াছে, ইহা কি ? কোথায় ইহা দর্শন হয় ? আর এই দর্শনে আমার আত্মার
কি কল্যাণ হইতেছে ? দেখিতেছি, অসীম আকাশের দিকে যথন তাকাই, অস্পষ্ট অতি বৃহৎ
কালছায়া নভোমওল ব্যাপিয়া রহিয়াছে। একটু সময় উহার দিকে দৃষ্টি হির করিলেই দেখিতে
দেখিতে উহা ছোট হইয়া পড়ে। ক্রমে অতি কুল নিবিড কালবর্ণ, মনুষ্মাকৃতিতে পরিণত হয়।
আর লীমাবক্ষানে দৃষ্টি হির করিলে, উহার বিস্তৃতি ক্রমণা থব্র হইয়া মধপরিমিত আয়তম
ধারণ করে। কোমও একটি নির্দিষ্ট স্থানে দৃষ্টি করিলে, প্রথমে স্মুস্পষ্ট জ্যোতি দর্শন হয়।
এই জ্যোতির সন্মুথে বা ভিতরে রূপের প্রকাশ। জ্যোতিটি কোন একটি বস্তুর উপরেই
দর্শন হয়। কিন্তু রূপটি জ্যোতিসেংলগ্ন অবস্থায় শ্রেই রহিয়াছে, দেখিতে পাই। এখন এই
রূপ বাহিরে কি ভিতরে দুর্শন হৈছে অনুসন্ধান করিয়া, কিছুই স্থির করিতে পারিতেছি
মা। কারণ চক্ষু যথন মেলিয়া রাখি, তখনও যেমন বাহিরে ইছা পরিষ্ণার দেখি, চক্ষু যথন

বুলিয়া থাকি, তখনও ঠিক সেই প্রকারই দৃষ্টিতে পড়ে। চকু মেণিরা ও বুলিয়া একই প্রকার দর্শন হয় বলিয়া ইহার আপ্রয় কি, তাহা ধরিতে পারিতৈছি না। নিয়ত কোন বন্ধ বা জ্যোতির উপরে রূপের প্রকাশ হইলে বন্ধ বা জ্যোতিই রূপের আধার বুঝিতাম। কিন্তু তাহা নয়। একবার ভাবিলাম বুঝি বায়ুই রূপের আপ্রয়। কিন্তু দেখিতেছি তাহা নয়। কারণ বায়ু ত নিয়তই চঞ্চল, কিন্তু রুড় তুফানেও রূপাট হির। জ্যোতি সম্বন্ধেও এই প্রকার। যদিও একটা বন্ধার উপরই জ্যোতির প্রকাশ দেখা যায়, তথাপি ঐ বন্ধতে জ্যোতি আ্বন্ধ নয়। কারণ বন্ধ চঞ্চল হইলেও জ্যোতি হির থাকে। প্রবেল রুড়ে ঘ্রন্ধার ভালা ঘন ঘন কাঁপিতে থাকে, অথবা নদীতে যথন প্রবল তরক্ষ ও প্রোত বহিয়া যায়, তথনও কম্পিত বৃক্ষভালে এবং চঞ্চল জ্বলে জ্যোতি একই স্থানে একই অবস্থায় অচঞ্চল ও হিরভাবে অবস্থিত দেখিতে পাই। স্বত্রাং স্থান বা বায়ু জ্যোতি এবং রূপের আধার নয়, বৃঝিতেছি।

চক্ষু মেলিয়াও বুজিয়া একই প্রকার দর্শন হয় কেন ? বাহিরে একটা বস্তু দর্শন হইলে, চক্ষের দোবে বা ঐ সংস্কারবশতঃ চক্ষু বুজিয়াও তাহা দেখা যাইতে পারে। কিন্তু বস্তু যথন দৃশ্যের আশ্রেম লয়, তথন বাহিরে উহা দর্শন হয় কি প্রকারে বলিব; তবে বাহিরেই হউক, আর ভিতরেই হউক, উহা যে দেখিতেছি দে বিষয়ে আর কোন সংশয় নাই। ইহা এতই যন ও স্থাপট যে প্রকাপ পড়িতে পারি না; কোনও ক্ষুত্র বস্তু পরিছার দেখিতে পারি না; দৃষ্টি স্থির হইলেই জ্যোতি ও রূপে বস্তুটিকে আবরণ করিয়া ফেলে। চক্ষু মেলিয়া ও বুজিয়া একই প্রকার দর্শন হয় বলিয়া, এই দর্শন কোথায় কি ভাবে হইতেছে নির্ণয় করিতে পারিতেছি না। দর্শনটি যে আমার কল্পনা নয় বা কোন সংস্কারের ফল নয়, তাহাতে আমার সংশয় নাই।

#### অনাদরে রূপের অন্তর্জান।

কিছুকাল্যাবৎ দর্শনেই আমি মুঝ হইয়া রহিয়াছি। আমার সমস্ত চিত্তবৃত্তি দর্শনের দিকেই আরুষ্ট হইয়া পড়িতেছে। কিন্তু এই দর্শনে আমার আত্মার কি যথার্থ কল্যাণ হইতেছে, না তাহা অনস্ত উরতির পথে বিম্ন ঘটাইতেছে ? এ সম্বন্ধে ভিতরে ভিতরে আমার আপনা আপনি বিষম আন্দোলন উপস্থিত হইল। দেখিতেছি রূপটির প্রতি আমার অভ্যস্ত আকর্ষণ। ক্ষণকাল উহা দেখিতে না পাইলে অন্থির হইয়া পড়ি। ক্লপটিকে আর্থ পরিকার-রূপে দর্শনি করিবার ক্ষণ্ড যেন এখন লাখন ভক্তন করিতেছি। এরূপ অস্তরের অবস্থা আমার কেন হইল ? সচিদানন্দ্ররূপ, পর্ম আনন্দ্রম্য, অন্ত, পর্বন্ধ যাহার লক্ষ্য, দে এখন

নধুপরিমিত একটি জ্যোতির্মল মছ্যাকৃতি রূপের ছটার দিশাহারা হইলা পঞ্জিল ৷ স্কুতরাং ছদিশার আবে বাকী কি আছে ? আধ্যাত্মিক উন্নতির সঙ্গে সালে সাধনরাজ্যে এসকল দৃশ্র যদি নির্দিষ্টই থাকে তাহা হইলে ইহাতে এত অন্তরাগ বা আকর্ষণের কারণ কি ? যে কেহ নিয়ম প্রণালী মত সাধন ভজন করিলেই ত তাহার এসব দর্শন হইবে। আর যদি ওক্লেদেবের কুপার ইহা আমার একটা দঞ্চারী অবস্থা হইয়া থাকে, তাহা হইলে কেবল দেখিয়া যাওয়া ভিন্ন ইহার সহিত আমার আর কি সম্বন্ধ; আরু যিনি দয়া করিয়া এই অবস্থা দিয়াছেন, কালই আবার তিনি আমার কোনও ক্রটি দেখিলে তাহা কাড়িয়া লইতে পারেন। যে বস্তু আমার স্বোপার্জ্জিত বা নিজস্ব নয় তাহা লইয়া আমি মমতায় আবদ্ধ হইতেছি কেন ? তার পর এই সব দ্বিভূক চতুভূকি বা অভাকোনরূপ দর্শনকে ত কোন কালে কেহ ধর্ম বলে নাই। সত্য, সরলতা, বিনয়, পবিত্রতা, দয়া, সস্তোষাদিকেই অবিবোধে সকল ধর্মাণাস্ত্র ধর্ম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। মানবাত্মার এই সকল সদস্তি যদি প্রশ্নটিত হট্যা না উঠিল, তবে এ সকল অলোকিক ছবি দেখিয়া আমার কি হইবে ? সাধনপথে ভ'চার পা চলিয়াই যদি এক বিন্দু জ্যোতির সৌন্দর্য্যে বা একটি রূপের মাধর্য্যে আরুষ্ট ও আবদ্ধ হট্যা পড়ি, এবং ভাহাতে অন্ত উন্নতির পথ অন্ধকার করিয়া ভগবানকে লাভ করিবার আকাজ্ঞা ও চেষ্টায় জ্বলাঞ্জলি দিয়া উহা লইয়াই স্তুষ্ট থাকি. তাহা হইলে ত আমার তৰ্দশার একশেষ হইল। গুরুদেবের মধ্র রূপথানি স্কুম্পষ্টরূপে নিয়ত আমার চক্ষের উপরে থাকিলে প্রমানদে থাকিব, ইছা নিশ্চয়: কিন্তু তাহাতেই বা আমার কি হইবে ? উহাকে কি ভগবদর্শন কল্পনা করিয়া পরিতপ্র থাকিতে পারি ৪ তাহা হইলে আর এই কল্ল শরীরে প্রাণপণে সাধন ভল্লন করিয়া. এত নিয়ম সংঘ্যে থাকিয়া কেশভোগ করিতেছি কেন্ সামান্ত রেলভাডাটা জুটাইয়া নিয়া এথনই ত সাক্ষাৎ ভগ্ৰৎসঙ্গ লাভ করিতে পারি। ওঞ্চই ভগ্ৰান, বিন্দুই সিন্ধু, এসকল কথার অর্থ আমি বৃঝি না। কোন অবস্থায় থাকিয়া মহাপুরুষেরা এদকল কথা সত্য বলিয়াসাক্ষ্য দেন জানি না৷ তবে আমি কিন্তু নিজের অতিত্ব থাকিতে প্রত্যক্ষ সভা অগ্রাহ্য করিয়া কল্পনাকে প্রতিষ্ঠিত করিতে পারিব না।

পুর্ব্বোক্ত ভাব অন্তরে আসাতে দর্শনের প্রতি তেমন মনোযোগ না রাথিয়া নির্মিতকপে সাধন করিয়া যাইতে লাগিলাম। কিছুদিন দর্শনসম্বদ্ধে একেবারেই উদাসীন রহিলাম। আব্দ্ধ সাধনকালে অক্সাথ রূপের কথা মনে পড়িল। ইতিমধ্যে কবে কথন রূপ অন্তর্জান হইরাছে, মনোযোগ না থাকায় কিছুই ধনিতে পারি নাই। এখন বেই মধুর রূপের স্থৃতি প্রাণে উদয় হওয়ার, উহার দর্শনের জন্ম ছট্কট্ করিতেছি; ভিতর আমার দগ্ধ হইয়া বাইতেছে। হার, হার, আমার এ কি হইল ? আনাদরে কাহাকে আমি বিসর্জন দিলাস ? বাধ হর, আমার প্রাণের ঠাকুর শুকদেবই দরা করিরা প্রকাশিত হইতেছিলেন, আমার অনাদর ও অপ্রাহভাব দেখিয়া অন্তর্জান করিলেন। শুনিরাছিলাম, 'এসব দর্শনের বন্ধকে ছেলেশিলের মত সর্জান চোথে চোথে রাখিতে হর, আদর্যত্ম করিতে হয়; না হ'লে থাকে না। ' ঠাকুর ! এবার তোমার দক্ষপ্রাণ কাতর সন্তানকে ক্ষম কর। সাধনগর্কে গর্কিত হইলা বহুবার স্পর্জার সহিত তোমার ক্ষপাকে প্রলোভন বলিয়া অপ্রাহ্থ করিয়াছি। হায়, হায়, এখন আমার গতি কি হইবে ?

এতকাল দর্শনে চিত্ত আবিই থাকার, সাধনকালে নামটি বড়ই রসাল হইরা বাহির হইত।
নাম করার সলে সলে সারবান্ একটা বস্ত লইরা নাড়াচাড়া করিতেছি, অস্কুত্ব করিতাম।
এখন আমার এই কিছুকাল্যাবৎ জার সেই অবহা নাই; এখন ক্লেশের সহিত নীরস ফাঁকা
মাম করিতেছি। খাস প্রখাসে লক্ষ্য রাখিতে গিয়া ২।৪ মিনিটেই ফাঁপের হইরা পড়িতেছি,
মনটা সর্বলাই উদ্ভাস্ত। একেবারে শৃক্তে পড়িয়া, ধরাছোঁয়ার কিছুই না পাইয়া, আসে ও
আতক্ষে অহির হইতেছি। হায়, আমার এ কি হইল ৭ এ যন্ত্রণা আর সহু করিতে পারিব না!
ভর্মদেব, প্রাণের ঠাকুর, দয়া কর।

### লালের প্রভাব ও যোগৈশ্বর্যা।

আরু সকালবেলা আসনে বসিয়া নাম করিতেছি, আর ভিতরের জালায় ছট্ফট্

ফায়নের কিনিধিক
করিতেছি; স্বামীলী (হরিমোহন) লালকে লইয়া সহসা আমার সমূধে
২য় সন্তাহ পর্যক্ত, আসিয়া দাড়াইলেন। আমি অমনই সাধন ছাড়িয়া উঠিলাম। বালকে
১২৯৬। নিজের খরে লইয়া গিয়া আমার বিছানার পাশে লালের আসন পাতিয়া
দিলাম। একট্ বিআমের পর লালকে ভিজ্ঞাসা করিলাম—'লাল, হঠাও তুমি এখন কোথা
হ'তে কিভাবে এখানে এলে ?' লাল বলিলেন—'শ্রীকৃদ্দাবনে গোসাইয়ের সঙ্গে ছিলাম।
একদিন হঠাও তোমাদের কথা হ'ল; আর, দেখ্তে প্রাণটা অছির হ'য়ে পড়ল। অমনই
মা ব'লে পায়ে হেঁটে চলে এলেছি। রাভায় কাণপুরে মন্মথ বাবুর বাসায় মাত্র হু'দিন
ছিলাম। রাভায় মধ্যে মধ্যে আমাকে কেহ কেহ গাড়িতেও তুলে নিয়ে ২০৫ টেশন
এলেছেন।

আমি। তোমার সদে ত একটি ঘট বা ছিতীর আর একথানা বহিকাস পর্যুক্ত নাই, মাত্র লৈ লেংটি ও কম্বলই দেখুছি। এতলুর এলে কি প্রকারে দুরাতার কোন কট হর নাই দু ু লাল। না, কট কি ? আমি ভোবেশ এসেছি। কোন কটই হয় নাই। গুরুদেব কি কারো কট দেথতে পারেন ?

নাবালক লাল কি প্রকারে স্থদ্র প্রীর্ন্দাবনছইতে এতদ্র পদর্জে, শুধু ঐ লেংটি ও কম্বলমাত্র সম্বল করিয়া, বিনাক্রেশে এখানে আদিলেন, ভাবিয়া অতান্ত বিশ্বিত হইলাম।

এই করেকমাস্থাবৎ আমাদের বাসায় সাধন ভদ্ধনের একটা স্থান্দর স্রোত চলিরাছে। ভাগলপুরের বহু গণ্যমান্ত লোক প্রতাহ অপরাছে আমাদের বাসার আসিয়া উপস্থিত হন। ধর্মার্থাদের সন্মিলনে নিতাই যেন এ বাসার উংসব লাগিয়া আছে। স্থায়ক মহাবিষ্ণু বার্র স্থানিত সকলেই মুগ্ধ হইরা পড়েন। লাল আসিয়া বেন ধর্মার্রোতে একটা প্রচণ্ড ভূকান তুলিয়া দিলেন। সংকীর্তনে লালের মহাভাব, আসনে বসা অবস্থার হির সমাধি ও অমুত বিকাশ এবং ধর্মালোচনার উহার অসাধারণ পাণ্ডিতা দেখিয়া সকলেই অবাক্ হইতে লাগিলেন।

এক দিন আমরা লালকে লইয়া শ্রদ্ধেয় পার্ব্ব তী বাবুর নিকটে গেলাম। পার্ব্বতী বাব লালের পরিচয় পাইয়া সম্ভষ্ট হইলেন, এবং ধর্মালোচনা প্রসঙ্গে লালের সম্মুখে সাংখ্য বেলান্তাদি শাল্পের মর্ম্ম উপদেশ করিয়া, শেষকালে 'অহং এক্ষা' এই মত স্থাপন ক্রুরিলেন। লাল চপ করিয়া সমস্ত শুনিলেন, কোনও কথা বলিলেন না। পার্কাতী বাবু তাঁহাকে ধর্ম বিষয়ে কিছু বলিতে অমুরোধ করিলেন। তথন লাল সাধারণ ভাবে লৌকিক ধর্মের ছু'চার কথা ভলিয়া, এত গভীর তত্ত্বে উপদেশ করিতে লাগিলেন যে, তাঁহার একটি কথারও আমি প্রবেশ করিতে পারিলাম না। দেবব্রতী, ব্রহ্মজ্ঞানী ও ভগবহুপাসক মহাত্মগণ একমাত্র গুরুর কুপাতেই প্রমত্ত লাভ করিয়া থাকেন-এই কথা প্রমাণ করিতে গিয়া, সংস্কৃত, পালী, ভিক্রতী, আরবী ও অভাভ ভাষার বিভিন্ন ধর্মশাস্ত্রহতে অনর্গল বচন উদ্ধত করিয়া প্রাচীন বৌদ্ধ মত, স্নাতন ধর্মশাত্তের সহিত মিলাইয়া, স্থাপন করিলেন। একমাত্র সদগুরুর এক পলকের দৃষ্টিস্ঞারে, একটি অঙ্গুলিসঙ্কেতে, অথবা এক মুহুর্তের ইচ্ছাশক্তিতেই অনুগত শিয়ের অন্তরে ব্রন্ধজান, তব্জান, তগব্ডক্তি সঞ্গরিত ও প্রতিষ্ঠিত হর. লাল ইছাই প্রিকাররূপে বুঝাইয়া দিলেন। পার্কাতী বাবু ভানিয়া স্তভিত হইয়া রহিলেন; পরে, ত্তির থাকিতে না পারিয়া, সাষ্টাঞ্চ হইয়া লালের পদতলে পড়িয়া বলিলেন—"আপনি আমাকে উদ্ধার করিতে আসিয়াছেন। কোথায় দাঁড়াইয়া আপনি এই প্রমণ্ডহতত্ত্বর কথা বলিলেন, আমার সীমাবদ্ধ সংকীর্ণ দৃষ্টি তাহার ত্রিসীমারও যায় না। আপাসনি জামাকে একটু দল্লা করুন।" ইহার পরহইতে পার্বাতী বাবু পুনঃপুন:ই লালের সঙ্গ

ক্রিতে আমাদের বাসায় আসিতে লাগিলেন। ইহাতে ভাগলপুরে লালের নাম স্কৃতি প্রচারিত হইয়া-প্রিল।

১৩ই ফান্ত্রন আমি একথানা পাত্রল দর্শন পড়িতেছি, লাল জিজ্ঞাসা করিলেন— "ও কি পড়িতেছি ?"

আমি। পাতঞ্ল।

লাল। এ হক্ষিয় ভোমার হ'ল কেন ? ও সবপ'ড়ে কি হবে ? একটি 'লাইন'-ও বুঝ্বে না; বৃথা সময় নই! নাম কর না, সকল শাল্ল গুলুর কুপায় নামের ভিতর দিয়া অন্তরে প্রকাশ পাইবে।

আমি। লেখাপড়া মোটে না কর্লে তুধু তুক্র রূপায়, তুক্র বরে সরস্তীর বরপুত্র হওয়া যায়, এ কথা এ যুগে নাবালককেত ব'লো না।

লাল। এটি আমার কুসংস্কার নয়। গুরুর রূপায় বাস্তবিক্ট সব জানা যায়। এটি আমি প্রাত্যক্ষ ক'রে বল্ছি।

আমি আবার লালের কথায় প্রতিবাদ আরম্ভ করিলাম। শাল তথন আমার হাত চ্চতে পাত্রঞ্জবানা টানিয়া নিয়া, গ্রান্থের প্রথম প্রচায়, মধ্যে ও শেষ প্রচায় মাত্র কয়েক সেকেণ্ডের জন্ম একবার একট দৃষ্টি করিয়া পুস্তকথানা নিজ মন্তকে কিছুক্ষণ ধরিয়া বহিলেন: পরে তথনই আবার উহা আমার হাতে ফিরাইয়া দিয়া বলিলেন—"আছা, এই নেও। আমি তো মাত্র শিশুশিকা—ততীয়ভাগপথ্যস্ত পড়েছিলাম: আমার বর্ণজ্ঞানে এ প্রন্তের উচ্চারণক্ষতাও কুলার না। ভাল, তুমি আমাকে এ গ্রন্থের যে কোন স্থানহইতে প্রশ্ন কর, যেখানে যে প্রকার আছে, আমি ঠিক সেইরূপই ব'লে দিছি।" আমি অত্যস্ত কৌতৃহলাক্রান্ত হটয়। এছের নানাস্থানহইতে ৭।৮টি প্রশ্ন করিলাম। টীকাটিপ্রনীসহ যে বিষয়ে যেমনটি মীমাংসা গ্রন্থে আছে, অক্ষরে অক্ষরে লালের মুখে ঠিক সেইপ্রকার উত্তর পাইয়া, আমি বিশ্বরে শুন্ধিত ও নির্বাক হইয়া রহিলাম: ভাবিলাম- 'এ কি কাও।' কিছুক্ষণ পরে লালকে জিজাসা করিলাম—'ভাই, এ অত্ত শক্তি তুমি কি প্রকারে লাভ করিলে ?' লাল বলিলেন—" গুরুত্বপা! এক দিন গুরুত্রাতা শ্রীযুক্ত স্থরেশ্চল্র সিংছ (ডিঃ ম্যাজিটেট ) মহাশরের সহিত তাঁহার বাসায় মনোবিজ্ঞানের আলোচনা করিতেছিলাম। হুরেশ বাবু হঠাৎ উঠিয়া বাড়ীর ভিতর গেলেন। আমি তাঁর বসার-ঘরেই ব'লে রইলাম। दिवित्नत छेशदत अकथाना हैश्त्राकि मत्नाविकात्नत शृष्ठक हिन। मत्न ह'न--- (नथा-भड़ा শিধি নাই। যদি শিথতাম, এ সব পুস্তকে কি কি বিষয়ের মীমাংসা আছে জান্তে

পাৰুতাম। এই তাবিয়া, গ্ৰহণানাকে প্ন:পুন: নমস্বার ক'বে মাথার উপরে রাধ্কাম, আর গুদদেবকে অবণ কর্তে লাগ্গাম। ঐ সময়ে হঠাৎ আমার মাথায় কেমন একটা অফুতব হ'তে লাগ্লো, তথন গ্রন্থে তিতরে যা কিছু বিচার মীমাংসা আছে, সমস্ত আমার মন্তিক্ষের ভিতরে প্রবেশ কর্ল। ইহা কেন হ'ল, জানি না। সেদিন-থেকে যে কোনও বিষর আমার আন্তে ইছা হয়, আপনা আপনি তাহা ভিতরে এসে পড়ে। গুমুকুপা ব্যতীত ইহার আর কি হেতু বলা যায় ? এপ্রকার আকাজ্ঞা করায় নাকি ধর্মজীবনের বিশ্বর ক্ষতি হয়। কোনও আকাজ্ঞা না ক'রে, হাবা হ'য়ে, গুরুদেবের দিকে তাকা'য়ে থাকাই ভাল। কিছু তা আর পারি কৈ ? মহাশন্তিযুক্ত নাম পেরেছ, নাম কর, গুরুদেবের কুপায় মুহুর্ভ-মধ্যে অথিল শাল্ল ভিতরে প্রকাশ হ'য়ে পড়তে পারে। এটি আমার কল্পনা নয়, সত্য বল্ছি। "

লাল গুরুদেবের সঙ্গ ছাড়িয়া অক্সাৎ কেন পদত্রজে ভাগলপুরে আদিলেন ভাগার হেতৃ অনুসন্ধান করিতে লাগিলাম। সামীজী সন্ন্যাসত্ত গ্রহণ করিয়াছিলেন, বিধির পাকে, সঙ্গদোবে আচারল্ট হইয়া এখন স্বেচ্ছাচারে দিন কাটাইতেছেন। লাল ইহা জানিয়া বড়ই ক্লেশ পাইতেছিলেন, এবং অচিরে ইহার প্রতিকারের জন্ম ব্যস্ত হইয়া পড়েন 💄 লাল প্রতাংই স্বামীজীকে সন্ন্যাসের নিষম প্রতিপালন পূর্ব্বক গুরুদেবের আদেশমত চলিতে জ্বেদ করিতে লাগিলেন: কিন্তু স্বামীজী লালের এসব কথায় কর্ণপাতও করিলেন না। লাল তথন সহজে হইবে না বুঝিয়া কিঞ্চিং যোগৈথ্যা প্রকাশ করিতে বাধ্য হইলেন। ১৫ই ফাল্পন রাত্রি প্রায় ১০ টার সময়ে ঘরের ভিতরে বসিয়া আমরা সকলে কথাবার্তা বলিতেছি, লাল পূর্ববং স্বামীজীকে সন্ন্যাদের নিয়ম অবলম্বন করিয়া চলিতে অনুরোধ করিলেন। স্বামীজী किरात कथाय উপেकाভाব मिथाहेवामाज, नान এकেবারে नाकाहेबा छेठिएनन अवर छेक्कमिटक ছাত নাডিয়া চীৎকার করিতে করিতে বলিতে লাগিলেন—" এসো না, এসো না, এসো না। কেন আসভ ? চলে যাও। চলে যাও।" ঠিক এই সময়ে আমাদের সম্মুধ দিয়া, ভরক্কর শোঁ শোঁ শব্দে কি যেন একটা চলিয়া গেল। আমরা অবাক্! একটু পরে নাল যেন চমকিরা উঠিলেন, আর বলিতে লাগিলেন—"হায়, হায়। এ কি হ'ল । একেবারে আত্ম-ছত্যা। উ: कि ভরানক। এ যে আর দেখা যায় না।" এই বলিয়া কাঁদিয়া ফেলিলেন: এবং কাঁদিতে কাঁদিতে আবার বলিলেন—" এখন আর আমার কাছে কেন ? আমার কাছে এসে কি হবে ৫ গুরুজীর কাছে যাও। আমার হারা কোন কল্যাণ্ট হবে না। আমার কাছে এলো না, এলো না। শুনছ না কেন ? আছো, তবে এলো।" লাল এই কথা কয়টি

বলামাত শোঁ শোঁ শব্দে কি যেন একটা আসিয়া আমাদের ঘরের গলার দিকের জানাগায় তভ্ম করিয়া পড়িল। জানালা ও দার্শির কপাট ভিতর হইতে বন্ধ ছিল: আশ্চর্যোর বিষয় এই যে, জ্ঞানালাটি অক্সাৎ খুলিয়া গেল এবং কাচের কপাটের তিন্থানা সার্শি চুর্মার হইয়া ভালিয়া গেল। আমরা সকলেই চমকিয়া উঠিলাম, অবাক হইয়া একে অভ্যের প্রতি তাকাইতে লাগিলাম। লাল কিছকণ চপ করিয়া থাকিয়া চীৎকার করিয়া উঠিলেন—" এ কি ? এ কি দেখছি প জাঝে মামুষ্টাকে চিতার চড়া'ল ৷ কি ভরকর ৷ উ:, কি ভরানক চিতা ৷ ঐ দেখ, के দেখ।" স্বামীজী তথন চীৎকার করিয়া বারেলায় গিয়া পড়িলেন: " हांत्र. हांत- এ কি হ'ল । এ কি হ'ল ।— জীবন্ত মামুষটাকে চিতায় জালালে। " কয়েকবার এইরূপ বলিয়া, তিনি কাঁদিতে কাঁদিতে মহ্চিত ছইলেন। প্রায় দেও ঘণ্টা পরে চৈত্তলাভ করিয়াও তিনি চিতার কথা মনে করিয়া অস্থির হইতে লাগিলেন। লাল তথন এক একবার শিহরিয়া উঠিয়া বলিতে লাগিলেন — 'ধামরাই গ্রাম আজ উৎসর হইল। হায়, হায়।'

স্থামীজী তথন বিনাবাক্যে নিজের গায়ের কম্বর্ণানা লালের গায়ে প্রাইয়া দিয়া তাঁছার কৌপীনট টানিয়া নিলেন; পরে, আমাকে হাতজোড় করিয়া বলিলেন-- ভাই, কিছ মনে ক'রো না, একট পাগলামী করি।" এইমাত বলিয়া, বারেন্দার রোয়াক হইতে লাফাইরা নীচে পড়িলেন, এবং উর্দ্ধানে গঙ্গার চড়ার উপর দিয়া দৌড়াইয়া অদুভ ছইলেন। রাত্রি প্রায় দেড়টা। কিছ পরে লাল বলিলেন—"আর স্বামীক্ষীর অনুসন্ধান নিও না। তিনি বুলাবনের দিকে ছুটিয়াছেন।" তথাপি মথুর বাবু ছ'দিন স্বামীজীর অফুসন্ধান করিলেন: কিন্তু কোনই খোঁজখবর পাইলেন না।

আমার ভগিনীপতি মথুর বাবু লালের অসাধারণ অবস্থা ও যোগৈখর্য্যের অনেক কথা লোকপরস্পরায় শুনিয়াছিলেন। তিনি লালকে নিজের বাসায় পাইয়া সেস্থলে কিছু প্রভাক্ষ করিতে লালের 'পিছ' লইলেন। লাল উহার অফুরোধ এডাইতে না পারিয়া, এক দিন মণুর বাবুকে নির্জ্জনে ডাকিয়া নিলেন; পরে আমার মৃত ভগিনীকে পরলোক ছইতে আহ্বান করিয়া আনিয়া অনেক আশ্চর্যা ও বিচিত্র গুহু কথা শুনাইলেন। কোন দুশ্চরিতা স্ত্রীলোকের কুচেষ্টার আভিচারিক ক্রিয়াবারা যে ভাবে অকালে আমার ভগিনীর অস্বাভাবিক মৃত্যু ঘটে, সে সমস্ত বিবরণ শুনিয়া মধুর বাবু স্তন্তিত হইলেন। 🐠 স্ত্রীলোকটিবারা আরও যে সমস্ত এই শ্রেণীর সাংঘাতিক অনর্থের স্থাষ্ট হইবে, তাহাও লাল পরিকার ক্রিয়া বলিলেন। মধুর বাবু বাতীত বাহা এ সংসারে আর কেছই জানে না. এমন কতকঞ্লি গুছ বিষয় লালের মূথে গুনিয়া তিনি বিশাষে অবাক হইয়া গেলেন। আমিদের বাসায় ভূত প্রেতের নানাপ্রকার গোলমাল দূর করিবার জন্ম প্রভাই হরিনাম সংকীর্তান ও তুলসীদেবা এবং সাধুসজ্জনদিগকে বাসায় রাখিয়া তাঁহাদের সাধন ভলনের স্থবাবস্থা করা আবিশ্রক, লাল এ বিষয় মথুর বাবুকে বিশেষ 'জেদ' করিয়া বলিলেন। মথুর বাবুও তাঁহার উপদেশ মত চলিতে সম্মত হইলেন।

পরে বাল এক দিন কাহাকেও কিছুমাত্র না বলিয়া হঠাৎ কোথায় চলিয়া গেলেন। তিনি চলিয়া যাইবার পর আমরা সকলেই বিষাদে মুহ্মান হইলাম। অহানিশি আমাদের বাদাতে ধর্ম্মের যে বহিং প্রজ্ঞানত থাকিয়া আমাদিগকে আলোক দিতেছিল, লাল চলিয়া গেলে আমাদের অন্তর শিথিল ও অবসর হওয়ায় সেই বহিং ধীরে ধীরে নির্বাপিত হইয়া গেল।

লাল ও স্বামীজী অক্সাৎ চলিয়া গেলে পর, আমার প্রাণ বড়ই অভির হইয়া পড়িল। বিষাদে সমস্তই যেন শুনাময় দেখিতে লাগিলাম। সাধন ভল্নের উৎসাহ উভ্য কিছকাল-যাবৎ একেবারে নিবিয়া গিয়াছে। নিয়মিত সাধন আর নাই। আসনে বসিলে অস্থিরভা আসিয়াপড়ে। শ্বাস প্রশ্বাস ধরিয়া আর নাম করিতে পারি না এ৪ মিনিটেট হয়বান হইয়া পড়ি: মনে হয় বেন সাধ্যাতীত বোঝা লইয়া টানাটানি করিতেছি। আসন তাাগ করিয়া উঠিয়া ঘাইতে ইচ্ছা হয়। গুরুদেবের গুর্লর্ভ রূপা ম্পদ্ধার সহিত আমি অগ্রাহ করিয়াছি, ইহা মনে হইলে আমার প্রাণ ফাটিয়া যায়। এখন এই অপরাধেরই দণ্ড ভোগ করি; সাধন ভজন আর করিব কি ? হাহাকারেই আমার অহর্নিশি কাটিয়া যাইতেছে। কয়েকদিন্যাবৎ রোগের যন্ত্রণা অভিশয় বৃদ্ধি পাইয়াছে: ইহাও আগর সহাকরিতে পারিতেছি না। শরীরে ও মনে এমন একট কিছ নাই, যাহা ধরিয়া তিলমাত্র আরাম পাই। নৈরাখ্যে ও যন্ত্রণীয় মৃত্যুর আকাজনা জন্মিতেছে। মহাপুরুষদের আশ্বাস্বাণী স্মরণ করিয়াই এ সময়ে কতকটা হিন্ন হইতেছি। আমার এই হুদশা ঘটিবে জানিয়াই বোধ হয় ল্যাকা বাবা বলিয়াছিলেন—"বাচ্ছা, ঘাব্ডাও মং। গুরুজী তোমকো বছং কুপা করেছে। উন্হিকো উপর তোমারা সাচ্চা ভক্তি বন যায়েগা।" পতিতদাস বাবা বলিয়াছেন--- থোড়া বোজমে তোসারা গুরুভক্তি লাভ হোগা ধয় হোঁ যাওগে।" গুরুদেবও বলিয়াছিলেন—"ছেলে বয়সে সাধন পেলে: জীবনে কত উন্নতি লাভ করতে পার্বে। ধন্ত হ'য়ে যাবে।"—ইত্যাদি। যদি এসৰ মহাপুরুষদের বাক্য সত্য হয়, যদি আজন্ম সত্যসকল্ল সত্যবাদী গুরুদেবের বাক্যও অভ্যথানাহয়, তবে আর আমার চিন্তা কি ? রোগে আমাকে যতই ক্লিষ্ট ও অবসর করুক্না কেন, বৈচ্ছাচারে আমি যতই ডুবিয়া যাই না কেন, পরিণামে আমার কল্যাণ অবশুস্তাবী।

#### আমার প্রতি লালের উপদেশ।

লাল আমাকে তিনটি কথা বলিয়া গেলেন—(১) ডায়েনী লেখা ছাড়িও না। ভবিদ্যতে ১৭ই ফারুন, ইহার বিশেষ প্রয়োজন আছে। (২) সাধন ছেড়োনা, থুব নাম ১২৯৬। কর; তুমি সন্ন্যাসী হবে। (৩) গুরুদেবের রূপাব্যতীত কিছুই হইবার যোনাই: গুরুতে একনিষ্ঠ হও; তাঁহার সঙ্গ করিতে চেষ্টা কর।

আমি তো কিছুকাল হইতে সাধন ভজন এক প্রকার ছাড়িয়া দিয়া বসিয়াছি। অনাবগুক কম্মের সৃষ্টি করিয়া, তাছাতে দিন রাত কাটাইতেছি। নিজের কিসে কল্যাণ ব্রিয়াও তাহা করিতে পারিতেছি না। বাজে কাজে, র্থা গল্পে দিনের অধিকাংশ সময় অতিবাহিত করিতেছি। ভিতরে আমার হা হতাশ ও জালা, বাহিরে আমার কথা মিষ্ট হইবে কি প্রকারে ? ব্যুরাও এখন আমার সঙ্গে উত্তপ্ত হইতেছেন। আমি বিষম ফাঁপরে পড়িয়াছি।

#### স্বপ্ন ।---বাক্যসংযম।

আ্জুরাতে এক বল দেখিলাম। গুরুদেবের সক্প্রত্যাশার ছুটিয়ছি। ঝড় তুফানে ২২শে দান্তন, বহু চুর্গম পথ অতিক্রম করিয়া, গুরুদেবের নিকটে পাছছিলাম। দেখিলাম, ১২৯০। গুরুদেব মৌনী। সলেহ দৃষ্টিতে যাহার পানে তাকাইতেছেনু সেই আনন্দে ডুবিয়া ঘাইতেছে। আমি গুরুত্রাতাদের সক্ষেহাসিগর তকবিত্তক করিতে লাগিলাম। গুরুদেব আমার দিকে একটু বিরক্তিগেবে তাকাইয়া বলিলেন—"উঃ, বাববা, তুমি এত কথা বহুতে পার!" কথাটি শুনিয়াই আমার নিদ্রাভক্ষ ইল। ব্রিলাম গুরুদেব আমার বেশী কথা পছল করেন না। জনাবশ্রক কথা আর কহিব না, ত্রির করিলাম।

#### স্বপ্ন ।—সন্তাদের অবস্থা সম্বন্ধে উপদেশ।

আমি ভজনসাধনশৃষ্ঠ, স্বেচ্ছাচারী ও ভর্ষর ছ্রবস্থাপর হইয়াও, গুরুদেবের এই অর্থুবৈশাধ মাহা, শাসনবাক্য ভূলিতে পারিলাম না। কথাবার্ডা বলিতে আরম্ভ করিলেই
১২৯°। গুরুদেবের সেই দৃষ্টি, সেই কথা করেকটি মনে আসিয়া পড়ে; আমি আর
কিছু বলিতে পারি না। লাল চলিয়া যাওয়ার পরে, ৪া৫ দিন অন্তর অন্তরই স্বপ্ন দেখিতেছি—
বেন আমি সয়্যাসী হইয়াছি। আমার সম্বদ্ধে লালের ভবিশ্ববাণী পোনার ফলেই এইরূপ
হুইতেছে মনে করিয়াছিণাম; স্বতরাং তেমন গ্রাহুও করি নাই। কিন্তু এখন দেখিতেছি—
ওসব স্বপ্নে আমার ভিতরে এক ভুমুল কাণ্ড চলিতেছে। স্বথাবস্থার নিজেকে বেপ্রকার

কঠে র-বৈরাগ্যপূর্ণ, উভ্তমশীল, ভজনানন্দী সন্ন্যাসীক্রপে দেখি, দিবসে উদয়ান্ত আমার সেই মূর্ত্তি যেন চোথে লাগিয়া থাকে. সর্ব্বদা উহাই ভাবিতে ভাল লাগে। ভিতরে যাহা নিয়ত ভাবিয়া আরাম পাই, বাহিরে সেই প্রকার হইতে না পারিলে ভাল লাগিবে কেন ? কিছুকাল হাত পা গুটাইয়া ছিলাম: কিন্তু বেণীদিন পারিলাম না। প্রাণে জালা আসিয়া পড়িল। ম্বতরাং স্বপ্নন্ত আমার সন্ন্যাসের আকৃতি প্রকৃতির অনুযায়ী অবস্থা লাভ করিতে প্রবল ইচ্ছা জন্মিল। আমি এবার কঠোর সাধনা আরম্ভ করিলাম। দিবলে একাছার ধরিলাম। শ্যায় শ্রন ত্যাগ করিলাম। একথানি ক্ললমাত্র ব্যবহারে রাখিলাম। কোঠা ঘরে বাস ছাড়িয়া দিয়া পুলিনপুরীর প্রকাও বাগানে তমালতলায় আসন করিলাম: লেংটি পরিয়া, ধুনি জালিয়া, তমালমূলে দারারাত্তি কাটাইতে লাগিলাম। অসাধারণ হান প্রভাবেই বোধ হয়, আমার সাধনে স্পৃহা ও কঠোরতায় ব্যাকুলতা দিন দিনই বৃদ্ধি পাইতে লাগিল। এই তমালতলা নাকি একটি সিদ্ধ মহাত্মার ভজনস্থান ছিল। গাছটি বছকালের এবং ছত্রাকার গোল। ঘনপত্রবিশিষ্ট সমস্তগুলি ডাল্ট চতদিকে বিস্তৃত হুইয়া ভ্রমিসংলগ্ন হুইয়াছে। বুক্ষের তলাটি বেশ পরিসার, মওলাকারে ১৫।২০ জন লোক অনায়াসে বসিতে পারে। একটি মাত্র সক পথ দিয়া বৃক্ষতলে যাইতে হয়, অভাকোন দিক দিয়া যাওয়ার পথ নাই√ গাছ-তলায় কেছ থাকিলে, বাছির ছইতে কোন প্রকারে তাছাকে দেখা যায় না। এমন স্থানর গাছ ইতিপুর্বে আমি আর কোথাও দেখি নাই। তমালমূলে বদিলে চঞ্চল মন আপনা আপনি যেন জমাট হইয়া আসে। গুরুদেবের কুপায় সাধনে আমার যে অপুর্বে দর্শনলাভ হইয়াছিল তাহা হইতে এই হইয়া আমি কিপ্তপ্রায় হইয়াছিলাম; সাধনে অপ্রদ্ধা, নামে অকচি জ্বয়িয়াছিল। জীবনে আর কথনও এই সাধন করিতে পারিব, করনাও করি নাই। কিন্ত জ্ঞানের প্রত্থনটে আমাকে স্বর্যোগে তেজাপুঞ্জ ভজনাননী স্মাসীর রূপ দর্শন করাইয়া, সাধন ভজন তপ্সায় আবার আমার প্রবণ আগ্রহ জ্যাইলেন। আশ্চর্য্য গুরুদেবের ८कोभन ।

4(0-41)

শরীর আমার দিন দিন কীণ হইয়া পজিতেছে। মনের উৎসাহে তমালতলায় রাত্রি
যাপন ও অনিয়্মিত জাগরণাদি অতিরিক্ত কৃচ্ছুতা করাতে অলকালের মধ্যেই জীণ শীণ,
কঙ্কালবং হইয়া পজিলাম। আত্মীয় স্বজন বন্ধবার আমাকে বারংবার সাবধান করিতে
লাগিলেন; কিন্তু, মনের অনিবাধ্য আবেগে কাহারও কথাতেই আমি কর্ণপাত করিলাম না।
ভাবিলাম—গুরুদেবের কুপায় যথন আমি বঞ্চিত হইয়াছি, হর্ক্, দি দাভিকতায় যথন ত্রভি

সাধনফল হারাইয়াছি, তথন এইবার নিজে শেব চেষ্টা করিয়া দেখিব ; অকৃতকার্য হই, দেহ পাত করিব।

আমি মাদাধিক কাল অবাধে যথারীতি নিয়মাদি প্রতিপাদন করিয়া চলিলাম। ভিতরে ভিতরে থ্ব ভরদা জ্বিলা রেবাগমুক্ত হইলে, নিজ চেষ্টার দাধনবলে আনারাদেই সন্ন্যাদের উপযোগিতা লাভ করিতে পারিব। এই সমরে একটি আশ্চর্য স্বপ্ন দর্শনে আমার অভিমান চুর্ব ছইল। বুঝিলাম সন্ন্যাসলাভের চেষ্টা আমার পক্ষে বিভ্রমামাত। আমি বিষম অবস্থায় প্রভিলাম।

আমার থৃত্তুত জাতা মনোমোহন আমা অপেকা নয় দিনের বড়। একই তুমিতে জন্মএহণ করিয়া আমরা একই সংসারে প্রতিপালিত। ত্রেদিশ বৎসর বয়ঃক্রমকালে মনোমোহন ব্রাক্ষধর্ম অবলম্বন করিয়া সত্যনিষ্ঠ উপাসনাশীল জীবন্যাপনপূর্বক, অকালে মৃত্যুগ্রাসে পতিত হইল। তাহার দেহত্যাগের তিন দিন পূর্বে স্বল্প দেখিয়ছিলান, মনোমোহন আমাকে আদিয়া বলিল—"ভাই, আমাকে দেখতে ইচ্ছা হয় ত শীল্ল এস; এবার আমি চলাম।" আশ্চর্যা এই যে, ঘটনায়ও তাহাই হইল।

বছকী । পরে গত রাতে স্বপ্ন দেখিলাম—ভাই মনোমোহন সন্নাসিবেশে আমার নিকটে আসিন্না উপস্থিত। উহাকে দেখিলা খুব উল্লসিত হইলা বলিলাম—"বা:, তুমি সুন্নাসী হ'লেছে? বেশ! আমিও সন্নাসী হ'লে ভোমার সঙ্গে থাক্ব।" সন্নাসী ভাতা বলিল—
"সন্নাস তো ভেক নম; উহা যে অবস্থা; জিতকাম ন! হ'লে সিদ্ধিলাভ হয় না। যত সহজ্ঞাব্ছ, ভত সহজ্ঞ নয়।"

আন্। কামিনীসজেও আমার চিত্তবিকার হয় না। সন্থাসের উপযোগিতা আমার রভাবেই আছে।

সন্ন্যাসী ভ্রাতা বলিল—" বটে ? আছো, একবার ল্যাংটা হও দেখি।"

আমি অমনই উলক হইলাম। আমাকে দেখিয়া, ঈষং হাসিয়া, সন্ন্যাসী হাতা বলিল—" হ'লেছে, হ'লেছে; এবার কাপড় পর। এই উপযোগিতা নিয়ে সন্ন্যাসী হবে? এখন ঐ সক্ষল ছেড়ে দাও। উপস্থ থাক্তে যথার্থ সন্ন্যাস হয় না। সাধন ভক্ষনের প্রভাবে উপস্থকে সংযত ক'রে দেহেই লয় কর্তে হবে। না হ'লে হবে না। এখন সাধন কর, খুব নাম কর। ভারুর কুপা হ'লে সবই হবে। ব্যক্ত হ'লো না। আমি চলাম।"

আমি বলিলীম—" সর্যাসের লক্ষণ যা বলে ভোমার তা কভদূর হ'য়েছে, দেখ্তে চাই।" ুনয়াদী লাভা অমনই উলল হইল। তাহার প্রন্থাল নাই দেখিয়া আমি বিত্মিত হইয়া বলিলাম—"এ কি, ভাই ? এ যে জীলোকের মত দেখিছা" সয়াদী লাভা বলিল—"না, তা না। কামভাব-দমনের সলে সলে উপত্তের চঞ্চলভা নই হ'য়ে যায়; ক্রমে উই সমূচিত হ'য়ে থকায়তি ধারণ করে; পরে উইটভাবে উর্জন্থে অবহান ক'বে মূলসহিত সমত্ত ভিতর দিকে টানিতে থাকে। তাহাতেই ঐ স্থানের আকার ঐপ্রকার হ'য়ে যায়। দেখতে উহা জীচিছের মতই দেখায়, কিন্তু বাত্তবিক উহা বাহিরে প্রন্থাকেরই সম্পূর্ণ অভাব মাত্র। এটি তো সয়াদীর শুধু একটা বাহ্ন লকণ, কিছুই নয়। সয়াদীর অভ্যেরর অসাধরণ হর্লভ অবহা একমাত্র গুরুপ্রদাদেই লাভ হয়।" এই বলিয়া সয়াদী ভাতা অস্তর্হিত হইদেন; আমিও জাগিয়া উঠিলাম।

অগটি দেখিয়া বড়ই বিমিত হইলাম। সন্ধানীর এপ্রকার লক্ষণ আমি পুর্বের কথনও শুনি নাই। অগটিকে আমি স্বগ্ন ভাবিয়া, অলীক বলিয়া, উড়াইয়া দিতে পারিলাম না। উহার প্রত্যেকটি কথা সত্য বলিয়া আমার মনে ছাপ্ পড়িয়া গেল। অগ্ন-দৃষ্ট অবহা লাভ করিতে প্রাণে আগ্রহ জ্মিল। ্রামি গুব কুচ্ছ্তার সহিত সাধন করিতে লাগিলাম।

#### পাপপুরুষের আক্রমণ।

মহাস্থাদের মূথে গুনিয়াছি, নিজেও বহুণার প্রত্যক্ষ করিয়াছি, উভ্নসহকারে ক্ষিত্র দান, সাধন ভজন তপ্রভা আরম্ভ করিবাই দেই সঙ্গে অলফিত ভাবে ১২৯৭। সাধকের অভিনানকে আশ্রয় করিয়া ভয়ন্তর একটা পিশাচশক্তি তাহার পশ্চাৎ পশ্চাৎ চলিতে থাকে। সাধকের আভ্রিক কাতরতা বা বাহিক দীনতার, কিঞ্চিয়াত অভাব হইলে, অথবা নিয়ন নিষ্ঠার বেড়া অস্তুর্ক্তাবশতঃ জ্ঞাত বা অজ্ঞাতসারে সামায় শিথিল হইয়া পড়িলে ঐ নিদারণ পিশাচ অমনই প্রবল বেগে সাধককে আক্রমণ করে এবং নানাপ্রকার হর্জমনীয় হুর্ম্মতি চিত্তে উদ্রিক করিয়া কদাচারে ও ব্যক্তিচারে সাধককে অভি অব্যক্ত ইনি অব্যায় উপনীত করে।

অন্ধ কিছুকাল কঠোরতার পথে চলিয়া একটু সাধন করিতেই ভিতরে ভিতরে আজিমান জ্মিল—বৃথি আমি জিতকাম হইয়াছি। অস্তরে এই ভাবের উদর হওরাতেই দর্শহারী ভগবান আমার দর্শ চূর্ণ করিতে অভ্ত উৎপাতের সৃষ্টি করিলেন। জনমানবশৃত্ত নির্জ্জন বাগান উপাসনার পক্ষে সর্ক্পপ্রকারে উৎপাৎশৃত্ত মনে করিয়াছিলাম; তাই একাস্ক

প্রাণে সাধন করিব আশার, পুণা বৃক্ষ তমালতলে দিল্প মহাত্মার ভলনস্থলে, সংযমপুঞ্জিক সাধনের বলে অচিরেই আমি সঙ্কলিত বিষয়ে ক্লতকার্য্য হটব, নিরাপদ অবস্থা লাভ করিব আশা করিয়াছিলাম। কিন্তু প্রতিষ্ঠা ও অভিমানের মোহে অন্ধ হইয়া এখন আমি বিষম অন্ধ-কূপে পড়িয়াছি। এ আপদে আমার আর উপায় নাই।

নানাপ্রকার আভিচারিক ক্রিয়ার জঞ্চ ভাগলপুর প্রসিদ্ধ। ইতর লোকদের মধ্যেই এই ভয়ক্ষর ত্রজিয়ার প্রচলন অভ্যক্ত অধিক। 'আভিচারিক' বিভা সময়ে সময়ে প্রযুক্ত না হইলে উহার শক্তি নাকি হাস পাইরা যার: এই জন্ত, ঐ কার্য্যে বাহারা ওস্তাদ নিয়ত তাহার। লোক খুঁজিয়া বেড়ায়। উপযুক্ত যজমান জুটলে, হ'পয়শা রোজগারও হয়। কাহারও প্রতি সামায় কারণে কাহারও বিছেবাদি জামিলেই, ঐ সব লোকের হারা একে অভ্যকে অবদ করিতে বাণমারা, ফুল ছোড়া, ধুলাপড়া ইত্যাদির চেষ্টা করে। এই উৎকট শক্তি পাত্র বিশেষে প্রযুক্ত হইলে নাকি তাহার জীবননাশও ঘটিতে পারে।

আমাদের বাগানের সংলগ্ন উত্তর প্রান্তে একটি ভদ্রলোক আসিয়া একথানা বাসা ভাড়া হাইয়া আছেন। লোকটি সাধুপ্রকৃতি ও ধার্ম্মিক বলিয়া প্রতিবাসী হিসাবে তাঁহার সঙ্গে আমাদের বিশেষ একট ঘনিষ্ঠতা জন্মিয়াছে। কিছু দিন হয় তাঁহার একটি পঞ্চদশবর্ষীয়া যুবতী কন্তা এই আভিচারিক উৎপীড়নে বিপন্না হইরাছেন। মেয়েটির একটি ক্লসম্ভান জনিয়াছিল, কিন্তু ওঞ্চাভাবে অনাহারে মারা পড়িয়াছে। যুবতী আরও নানা প্রকার উৎপাত ভোগ করিতেছেন। অসাধারণ রূপ লাবণাই উহার এই উৎকট বিপত্তির হেড হইয়াছে। নিৰ্জ্জন তমালতলায় অহনিশি আমি ধনি জালিয়া বদিয়া থাকি; অতএব নিশ্চয়ই আমি একজন শক্তিশালী মহাপুরুষ, এই রকম একটা কুসংস্কার এখানে অনেকেরই ভিতরে জন্মিরাছে। আমার ওধু একটু কুপানৃষ্টিতেই মেরেটির এই সব 'উপরি 'উপদ্রবের শান্তি হইবে. এই প্রকার ধারণায় মেয়েটর পিতা জেদ ক্রিয়া আমাকে তাঁহার বাড়ীতে লইয়া গেলেন। পরে সেই স্থলরী ক্সাকে নির্জন হরে একাকী আমার হাতে অর্পণ করিয়া সরিয়া পড়িলেন ! উদ্দেশ্য—মন থুলিয়া মেরেটি তাঁছার সব তঃথের কাছিনী আমাকে বলিবেন। শোকাতুরা সরলা যুবতী অতি কাতর ভাবে আমাকে কহিলেন—" আপনি দয়া করিরা আমাকে রক্ষা করুন। কোনও হুষ্ট লোকের कु महिएक अमरदा करतक मिन भूटर्साई आमात्र धकाँ छन धरकवादा कुकाईना निवादह ; অপরটিতেও একটি ফোঁটা হধ নাই। তাই, বুকের হধ সভাবে, অনাহারে ছেলেটি

আমার মারা পড়িগছে।"—এই বলিয়া, শোকবিহবলা বালা অসকোচে বুকের বল্পঃ থুলিয়া আমাকে দেখাইলেন। যুবভীর বুকে বাম দিকের স্তনের কোনও চিক্ত নাই। দেখিয়া আমি অবাক্ হইলান। অপরটি স্বাভাবিক, তুল ও স্থগঠন। আমার দৃষ্টিতে ও করম্পর্শে কুগ্রহের দৃষ্টি ছুটিয়া যাইবে, মেয়েটিরও এইরূপ ধারণা। উহার প্রাণের হুংসহ বাতনা ও অস্তরের আগ্রহ আমার চিত্তকে ম্পর্শ করিল। আমি স্কেন্দ্রতাবে ও অসকোচে উহার সর্বালে হাত বুলাইরা আশীর্কাদ করিয়া চলিয়া আশিলাম। ইহার প্রহুইতে সেই নির্জ্জন বাগানে আমার দর্শনাকাজ্জায় মেয়েটি প্রভাহ আসিতে লাগিল। আমি দূর হুইতে উহাকে আশীর্কাদ করিয়া আপন কার্যো নিযুক্ত রহিলাম।

করেকদিন পরে দেখি, কোন দিন মেয়েটি যথাসময়ে না আসিলে আমার মন অন্থির হইয়াপড়ে, উহার রূপের স্থাতিতে আমার চিন্তকে চঞ্চল করিয়া তুলে। আমি আর তথন আসনে হির থাকিতে না পারিয়া, সেই বাগানে ইতস্ততঃ ঘূরিয়া বেড়াই। আবার কথন কথন উহাকে দেখিতে উহাদের বাড়ীর পাশে বাইয়া দাড়াইয়া থাকি। হায়, হায়—এ আমার কি দশা ঘটল? আমি কোথা হইতে কোথায় আসিয়া পড়িলাম ? আচরণ সম্মন্ধ গোড়ায় সাবধান না হইয়া অন্তর্নিহিত হুম্মরুত্তির স্ক্র আকর্ষণে ধীরে ধীরে পা ফেলিয়া, যেন নরকক্তে আসিয়া পড়িয়াছি। আমার সমস্ত যেন নই হইয়া স্থিলিছে, সর্ক্রাশ হইয়াছে। এথন নিজেকে অতি জবস্তু বিলয়া অন্তর্ভত বিরত্তিছি। নিয়ত হা ছতাশে উষ্ণ দীর্ঘ নিখাদে আমার দিবারাত্রি অতিবাহিত হইতেছে। স্থান ভজন সমস্ত ছুটিয়া গিয়াছে।

40

আমি তমালতলা ত্যাগ করিয়াছি, নাম প্রাণায়াম ছাড়িয়া দিয়াছি। সন্মূণে ঘোর অক্কলার দেবিয়া আতক্ষে কিপ্তপ্রায় হইয়াছি। গুরুদেব, এ সময়ে তুমি কোণায় ?

#### কে তুমি ?

অভাবনীয় ঘটনা জীবনে যাহা ঘটতেছে, ভাবিলে গুন্তিত হইয়া পড়ি। গতরাতে কি যে আমি দেখিলাম, বলিতে পারি না। জীবনে কথনও আমি এরপ দৃষ্ঠ দেখি নাই। ঘটনাটি গুরুদেবকে শুনাইবার জন্ম থণাসাধ্য লিখিয়া রাখিতেছি।

রাত্রি ১২টা বাজিয়া গেল। বিছানার পড়িরা আছি; ঘরের জানালা দরলা সমস্ত খোলা। উজ্জ্বল চন্দ্রকিরণে বিছানার অর্জেকটা আলোকিত। বেদনার যন্ত্রণার ও

মনের মাগুনে মামি ছটফট করিতেছি। আকুল প্রাণে গুরুদেবের চরণে প্রার্থনা করিলাম, "ঠাকুর, আমি তো আর পারি না। এবার তুমি দয়া কর। আমি তোমার ট্র মমতাপূর্ণ প্রিথা দৃষ্টি অন্তরে রাখিয়া চিরকালের মত সমস্ত উৎপাতের শান্তি করিব।" প্রার্থনাক্তে শুরুদেবের পবিত্রমূর্তিগানের সঙ্গে সঙ্গে ইষ্ট নাম ৰূপ করিতে লাগিলাম। জানি না কথন অজ্ঞাতসারে, ধীরে ধীরে কামিনীকরনা \* চিত্তে আসিয়া পড়িল। ভাছাতেই আমি অভিভত হইয়া রহিলাম। জাগ্রত কি নিদ্রিত অবস্থায় ছিলাম, জানি মা: অকলাৎ আমার পারের দিকে কামিনীর কণ্ঠত্বর শুনিতে পাইলাম। কীণ কণ্ঠে, কাতর স্বরে জামাকে বলিল-- ও কি ভাবছ । এই যে আমি এসেছি। এখন ভোমার যা ইচছা।" অংরেভে খুব আপেনার মনে হইল। কিন্ত চিনিতে না পারিয়া জিল্লাসা করিলাম-- "তুমি কে ? এ সময়ে এখানে কেন ?"

রমণী কহিলেন - " তুমি বে আমার স্থির হ'তে দিচ্ছ না-টেনে নিয়ে এলে। যথেষ্ঠ ভগেছি—আর ক্লেশ দিও না। পায়ে পড়ি, আমায় মুক্ত ক'রে দাও।"

আমি বিশ্বিত হটয়া বলিলাম—কথন আমি তোমাকে ডেকেছি ? কে তুমি ? এখানে (कन ?

কামিনী বলিলেন—" ভোমার অদম্য কামভাবে আমার উর্জগতি কল হ'য়েছে, তোমার কামকল্লনা ও উত্তেজনার সঙ্গে সঙ্গে আমি তোমার দিকে আরুষ্ট হ'লে পড়ি। তোমার বিকার থাকতে আমার নিস্তার নাই । এখন বাসনার পরিতৃত্তি কর—ঠাণ্ডা হও। আমিও वैंकि। "

আমি বলিলাম—কে তুমি ? তোমার কথা ভন্ছি, অথচ তোমাকে দেখতে পাছি না। আমি কামিনীকল্লনা করি -- তাতে তোমার কি ? তুমি আরু ই হও কেন ?

যুবতী অস্পষ্ট ছারার মত কিঞিৎ প্রকাশিত হইয়া তক্তপোষের ধারে আমার পারের দিকে আদিলা দাঁডাইলেন। পরে বিছানার উপরে অর্থারিত অবস্থায় পড়িরা আমার পা হ'ট অস্তৃটিয়া ধরিলেন। উহার অকম্পর্শে আমার শরীরে আমনন্দের ধারা সঞ্চারিত হুটতে লাগিল, আমি পুনংপুনং শিহ্রিয়া উঠিতে লাগিলাম।

যুবতী তথন আমাকে বলিলেন, "ছি! এই তোমার দশা? কামভাব, কামিনী-করনা—এ ভূমি ছাড়তে পার্লে না ? নিজের যে সর্কনাশ কর্লে ৷ আর এতে আমারও কত তুর্গতি, দেখ দেখি। পরমানলে সমাধিতে ছিলাম। সবিকর অবস্থা অতিক্রম ক'রে

अ मन्नादक ठाक्टबंत कथा भूक्यकानिक ' मन्कलमन ' ( ১२৯৮ मार्कित ) अख्यानात २० भृक्षेत्र छक्त रहेतारह ।

এত দিনে নির্কিকর সমাধি লাভ কর্তাম। শুধু তোমার সঙ্গে অভেদসন্থকতে আবদ্ধ ব'মেছি। ভোমার বিষম উত্তেজনার টানে আমাকে উঠ্তে দিছে না। আমি নির্দ্পার হ'রে এসেছি। এবার আমায় মুক্ত ক'রে দাও। ভোমার আকাজ্ঞা মিটিয়ে নেও।"

আৰি অমনই উঠিয়া বদিলাম- বলিলাম, "তুমি কৈ, বল না কেন ి " রমণী তথন অকল্মাৎ তক্তপোবের ধারে বাম পার্মে আসিয়া দাঁড়াইলেন, এবং মধুর ভাবে, বিনয় সহকারে বলিলেন একবার আমাকে ধ'রে আলিঙ্গন কর না !---পরিচর পাবে এখন। " আমি উহাকে ক্রোড়ে বসাইবার অভিপ্রায়ে যেমন উহার কটিদেশে করসংযোগ করিলাম. রমণীর অলৌকিক রূপ দেখিয়া অমনই বিশ্বরে অবশাল হট্যা পভিলাম। আমার শিথিল হত্ত থসিয়া পডিল। উহার সেই অনঙ্গমথন কমনীয় অঞ্জের কেবল মাত্র নাভিদেশ পর্যান্ত স্থাপট্রপে আমার নিকটে প্রকাশিত হইল। দেখিলাম, নীল্চাভিসম্পরা, ক্রন্দরী ভাষা উলঙ্গ বেশে সম্মথে দাঁড়াইয়া রহিয়াছেন। গুল, অলপরিসর, স্কল বস্তাবরণে উহার তুল উক্তরের স্কিত্ত আর্ত। যোড়ণীর নাভিদেশহইতে প্রাঞ্চ প্রাঞ্জ অসংখ্য ঘন নীল বিভাৎ ফুটিয়া উঠিতেছে। আমশ্চৰ্য্য ক্লপ দেখিয়া চমৎকৃত হইয়া. উহাকে ধরিতে আবার আমি হাত বাড়াইলাম। রমণী তথন পশ্চান্দিকে কিঞিৎ স্বিয়া আমাকে বলিলেন—" আৰু কেন্ গু যথে হ'য়েছে; আৰু কামকল্পনা ক'ৰো না. আমাকে টেনো না। এবার ভেবে দেও আনি কে। এখন ঘাই।" এই বলিয়া উলিগিনী কামিনী শ্রামাপের উজ্জল ছটায় দিগত আলোকিত করিয়া উদ্দিকে উথিত হইলেন। তথন উহার প্রতি অবস প্রত্যঙ্গ হইতে নীল বিচাৎফ লিঙ্গ অবিরল আলিত চইল বিশাল নভোমগুল উদ্থাসিত করিয়া তুলিল। দেখিতে দেখিতে জ্যোতিশ্বরী শ্রামপ্রতিষা অনস্ত নীলাকাশে স্বরূপ মিলাইয়া ধীরে ধীরে বিলীন হইল্লেন। 'হায়, হায়, কোথায় গেলে ? কোথায় গেলে ? বলিয়া চীংকার করিয়া, আমি বাহিরে আসিয়া পজিলাম।

অবশিষ্ট রাত্রি আকাশের দিকে তাকাইয়া কিভাবে যে কাটাইলাম, তাহা আঁর লিখিবার যোনাই।

এই অপ্রাক্ত দৃশ্য দেখার পর অস্তরে আমার সর্বদ। ঐ রপ উদয় হইতে শাগিল। দিবানিশি আমি উহারই ধ্যানে রহিলাম। আবার কথন কিরপে সেই অস্থপমা প্রতিমার দর্শন পাইব—এই চিন্তায় প্রাণ অন্থির হইতে লাগিল। অনিষ্টকর যে সকল দ্বণীয় করনায় এত কাল স্থ পাইরাছি, তাহাতে আর কচি নাই, বরং বিষক্তিই অস্মিতেছে। সাধন ভজন ক্রিলে আবার সেই মনোমোহিনী অপ্রাক্ত রমণীকে দেখিতে পাইব এই ভাবিয়া সাধনে

আমার প্রবৃত্তি জালাল। কিন্ত লোভে পড়িরা সাধন করিতে উৎসাহী হইলেও চেটা করিবার আর আমার সামর্থ্য নাই। দারুণ পিত্তপুল বেদনার অসত যন্ত্রণার আমি একেবারে শহাগত হইয়া পড়িরাছি। প্রাত্তাহ ছেই তিন বার বমি করি; কণ্ঠনালীতে কত হইরাছে অহুমান হইতেছে। গণ্ড যমাত জল পান ক্রিলেও পেট প্রান্ত জলিয়া যায়। দিন রাত.একটানা ছঃসহ বেদনার আমার আহার নিজা গিয়াছে। চব্বিশ ঘণ্টা বিছানায় পড়িয়া আহা উত্, উঠা বসা করিতেছি। মানসিক যন্ত্রণা যতই তীত্র হউক না কেন, কারিক ক্লেশের তুলনায় উহা কিছুই নর, এবার ইহা পরিকার ব্ঝিতেছি। উৎকট দৈহিক মন্ত্রণার উপশবের অভ মনে হয়, এমন অধর্ম অনাচার বা অকর্ম নাই যাহা করিতে না পারি। এই তো অবস্থা।

প্রথম গণ্ড সমাপ্ত।